CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

2·3

लय
सी-५

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitization by eGangotri

সূচীপত্র

অধ্যায় বিষয় **প্রথম অংশ** পৃষ্ঠা

১ম। মঙ্গলাচরণ, সূতসমীপে শৌনক প্রভৃতি মহর্ষিগণের ভবিষ্যপ্রশ্ন, শুকের কল্কিপুরাণ-প্রাপ্তি-বিবরণ, কলির উৎপত্তি, কলিবিবরণ, কলিকালে আচারভ্রংশ পৃথিবীর সহিত দেবগণের ব্রহ্মলোকে গমন ও ব্রহ্মলোক বর্ণন ১—৯

২য়। ব্রহ্মসমীপে কলির দোষ কীর্ত্তন, ব্রহ্মার সহিত দেবগণের গোলোকে গমন, বিষ্ণুসমীপে নিবেদন, বিষ্ণুযশার গৃহে বিষ্ণুর অবতারাঙ্গীকার, বিষ্ণুযশার পত্নী সুমতীর গর্ভ, বিষ্ণুর জন্মে দেবগণের আনন্দ, বিষ্ণুর চতুর্ভুজমূর্ত্তি পরিহার ও মানবরূপ ধারণ, রাম কৃপ ব্যাস প্রভৃতির কল্কি দর্শনার্থ গমন, কল্কির নাম করণ, কল্কির উপনয়নে পিতৃ-উপদেশ ১০—১৮

৩য়। কল্কির গুরুকুলবাসার্থ যাত্রা ও জামদগ্ন্যের সহিত সমাগম, কল্কির বেদাধ্যয়ন ও ধনুর্ব্বেদ শিক্ষা, কল্কির গুরুদক্ষিণাদানাভিলাষ, কল্কির বিল্বোদকেশ্বর দর্শন ও স্তব, হরপার্ব্বতীর আবির্ভাব ও বরদান, শঙ্কর দ্বারা করবাল শুক ও তুরঙ্গমপ্রাপ্তি, কল্কির গৃহপ্রত্যাগমন ও কল্কির আশ্রম ধর্ম্মোপদেশ ... ... ১৯—২৭

৪র্থ। কল্কির ধর্ম্মকথন, ব্রাহ্মণলক্ষণ, শুক কর্ত্তৃক সিংহলদ্বীপ বর্ণন, রাজ-কন্যা পদ্মার বিবরণ, শিবের নিকট পদ্মার বরলাভ ২৮—৩৬

৫ম। পদ্মার স্বয়ম্বরোদ্‌যোগ, সমাগত রাজগণের স্ত্রীত্ব প্রাপ্তি ৩৬—৪২

৬ষ্ঠ। পদ্মার বিলাপ, কল্কির আদেশে শুকের পদ্মাসমীপে গমন ও পদ্মা-শুক-সংবাদ ... ... ৪৩—৫০

৭ম। বিষ্ণুপূজা-প্রকরণ ... ... ৫১—৫৭

দ্বিতীয় অংশ

১ম। পদ্মার নিকট অচ্যুতাবতার কথন, শুকের শম্ভলে গমন, কল্কি-শুক-সংবাদ, কল্কির সিংহলে গমন ... ৫৮—৬৬

২য়। পদ্মার কল্কিদর্শনার্থ গমন ও কল্কির সহিত আলাপ ৬৭—৭৪

৩য়। পদ্মার বিবাহাভিলাষ, কল্কিদর্শনে রাজগণের পুরুষত্ব প্রাপ্তি ও স্তব ... ... ৭৪—৮১

৪র্থ। অনন্তের আগমন, অনন্তোপাখ্যান ... ৮২—৯৩

৫ম। অনন্তের সহিত হংসের সাক্ষাৎকার ... ৯৩—১০১

৬ষ্ঠ। কল্কির আদেশে শম্ভলে বিশ্বকর্ম্মার পুরীনির্ম্মাণ, সস্ত্রীক কল্কির শম্ভলে গমন ও কল্কির সুতোৎপত্তি ... ১০২—১০৯

৭ম। বৌদ্ধগণের সহিত যুদ্ধ, জিন বিনাশ বৌদ্ধজয় ১১০—১১৯

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তৃতীয় অংশ

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
১ম।	ম্লেচ্ছজয়, ম্লেচ্ছরমণীগণের সহিত কল্কির সংগ্রাম	১২০—১২৮
২য়।	বালখিল্যাদি ঋষিগণের আগমন, নিকুম্ভ দুহিতার উপাখ্যান, কুথোদরী বধ	১২৮—১৩৭
৩য়।	নারদাদি মহর্ষিগণের আগমন, মরুর আত্মপরিচয়ার্থ সূর্য্যবংশবর্ণন, শ্রীরামচরিত, রাবণবধ, সীতা-পরিত্যাগ, সীতার পাতাল প্রবেশ, রামের স্বর্গারোহণ	১৩৭—১৫২
৪র্থ।	রামের বংশাবলী, মরুর উৎপত্তি-বিবরণ, চন্দ্রবংশে দেবাপির উৎপত্তি-বিবরণ, দেবাপি ও মরুর দিব্যরথপ্রাপ্তি	১৫২—১৫৯
৫ম।	কৃতযুগের আগমন, মন্বন্তর বর্ণন, কলির সহিত সংগ্রাম	১৬০—১৬৩
৬ষ্ঠ।	কল্কির দিগ্বিজয় যাত্রা, ধর্ম্মের সহিত কল্কির সমাগম, ধর্ম্মের আত্ম-পরিচয়, কলির সহিত কল্কির সংগ্রাম, মরু দেবাপি প্রভৃতির খশকাম্বোজ বর্ব্বরচোল প্রভৃতির সহিত সংগ্রাম	১৬৩—১৭২
৭ম।	কলিসহচরগণের পরাভব, কোকবিকোক বধ	১৭২—১৭৯
৮ম।	কল্কির ভল্লাটনগরে গমন, শশিধ্বজের সমরায়োজন	১৭৯—১৮৮
৯ম।	মূর্চ্ছিত কল্কিকে লইয়া শশিধ্বজের গৃহে গমন	১৮৮—১৯৩
১০ম।	সুশান্তার গীত, শশিধ্বজ-কন্যার সহিত কল্কির বিবাহ	১৯৩—২০০
১১শ।	শশিধ্বজের হরিভক্তি, পূর্ব্বজন্ম বৃত্তান্ত ও ভক্তিলক্ষণ	২০০—২০৯
১২শ।	হরিভক্ত ব্যক্তির সংগ্রাম প্রবৃত্তির কারণ	২১০—২১৫
১৩শ।	দ্বিবিদোপাখ্যান, কৃষ্ণাবতার বৃত্তান্ত	২১৬—২২২
১৪শ।	কল্কির কাঞ্চনপুরীতে প্রবেশ, বিষকন্যাসংবাদ, কল্কির অনুচর-গণের পৃথক্ পৃথক্ রাজ্যাভিষেক, কল্কির শম্ভলে প্রতিগমন ও সত্যযুগ-প্রবৃত্তি	২২৩—২২৯
১৫শ।	মায়াস্তব	২৩০—২৩৩
১৬শ।	বিষ্ণুযশার রাজসূয় যজ্ঞারম্ভ, নারদের আগমন, মায়া ও জীবের কথোপকথন, বিষ্ণুযশার বনগমন, পরশুরামের আগমন	২৩৩—২৪৩
১৭শ।	রুক্মিণীর ব্রতকথন	২৪৪—২৫১
১৮শ।	কল্কির পত্নীগণের সহিত বিহার ...	২৫২—২৫৭
১৯শ।	শম্ভলে দেবগণের আগমন, কল্কির স্বর্গারোহণ	২৫৭—২৬৪
২০শ।	গঙ্গাস্তোত্র	২৬৪—২৬৯
২১শ।	কল্কিপুরাণ শ্রবণাদির ফল ...	২৬৯—২৭৫

সূচীপত্র সমাপ্ত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সানুবাদ-

কল্কি-পুরাণম্

প্রথমোঽধ্যায়ঃ

ওঁ নমো ভগবতে বাসুদেবায়।

সেন্দ্রা দেবগণামুনীশ্বরজনা লোকাঃ সপালাঃ সদা,
যং সর্ব্বার্থসুসিদ্ধয়ে প্রতিদিনং ভক্ত্যা ভজন্ত্যুত্তমাঃ।
তং বিঘ্নেশমনন্তমচ্যুতমজং সর্ব্বজ্ঞসর্ব্বাশ্রয়ম্,
বন্দে বৈদিকতান্ত্রিকাদিবিবিধৈঃ শাস্ত্রৈঃ পুরোবন্দিতম্॥ ১

নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্।
দেবীং সরস্বতীঞ্চৈব ততো জয়মুদীরয়েৎ॥ ২

যদ্দোর্দণ্ডকরালসর্পকবলজ্বালাজ্বলদ্বিগ্রহাঃ,
নেতুঃ সৎকরবালদণ্ডদলিতা ভূপাঃ ক্ষিতিক্ষোভকাঃ।

দেবেন্দ্র সহ অমরবৃন্দ, শ্রেষ্ঠ শ্রেষ্ঠ মুনিশ্বরগণ ও লোকপালবর্গ সর্ব্বার্থ-সুসিদ্ধির জন্য প্রত্যহ ভক্তিসহকারে যাঁহার ভজনা করিয়া থাকেন. সেই বিঘ্নবিনাশন, অনন্ত, জন্মরহিত, সর্ব্ববিৎ, সর্ব্বাশ্রয়ভূত এবং বৈদিক-তান্ত্রিকাদি নানাশাস্ত্রে সর্ব্বাগ্রে সম্পূজিত অচ্যুতদেবকে বন্দনা করি॥ ১

নরোত্তম, নর, নারায়ণ ও দেবী সরস্বতীকে নমস্কার পূর্ব্বক জয় উচ্চারণ করিবে ॥ ২॥ কলিযুগে অত্যাচারপরায়ণ নৃপতিগণ যাঁহার দোর্দ্দণ্ডরূপ করালভুজঙ্গের কবলে নিপতিত হইয়া বিষদহনে জলিতকায় ও করবাল-দলনে বিদলিত হইবেন, যিনি বিপ্রগৃহে অবতীর্ণ হইয়া

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শশ্বৎ সৈন্ধববাহনো দ্বিজজনিঃ কল্কিঃ পরাত্মা হরি,
পরাৎ সত্যযুগাদিকৃৎ স ভগবান্ ধর্ম্মপ্রবৃত্তিপ্রিয়ঃ ॥ ৩
ইতি সূতবচঃ শ্রুত্বা নৈমিষারণ্যবাসিনঃ।
শৌনকাদ্যা মহাভাগাঃ পপ্রচ্ছুস্তং কথামিমাম্ ॥ ৪
হে সূত! সর্ব্বধর্ম্মজ্ঞ! লোমহর্ষণপুত্রক।
ত্রিকালজ্ঞ! পুরাণজ্ঞ! বদ ভাগবতীং কথাম্ ॥ ৫
কঃ কলি? কুত্র বা জাতো জগতামীশ্বরঃ প্রভুঃ।
কথং বা নিত্যধর্ম্মস্য বিনাশঃ কলিনা কৃতঃ? ॥ ৬
ইতি তেষাং বচঃ শ্রুত্বা সূতো ধ্যাত্বা হরিং প্রভুম্।
সহর্ষপুলকোদ্ভিন্নসর্ব্বাঙ্গঃ প্রাহ তান্ মুনীন্ ॥ ৭

সূত উবাচ।

শৃণুধ্বমিদমাখ্যানং ভবিষ্যং পরমাদ্ভুতম্।
কথিতং ব্রহ্মণা পূর্ব্বং নারদায় বিপৃচ্ছতে ॥ ৮

সৈন্ধব-বাহনে আরোহণ পূর্ব্বক সেনানীরূপে সত্যযুগের পুনঃসৃষ্টি করিবেন, সেই নিত্য ধর্ম্ম-প্রবর্ত্তনপ্রিয় পরমাত্মা ভগবান্ কল্কিরূপী হরি সকলের রক্ষাবিধান করুন ॥ ৩

নৈমিষকাননিবাসী শৌনকাদি মহাভাগ ঋষিবৃন্দ সূতপ্রমুখাৎ এই কথা শুনিয়া তাঁহাকে জিজ্ঞাসা করিলেন,—হে রোমহর্ষণ পুত্র সর্ব্বধর্ম্মজ্ঞ সূত! হে ত্রিকালবিশারদ! হে পুরাণজ্ঞ! তুমি ভাগবতী কথা বর্ণন কর ॥ ৪—৫

কলি কে? কোন্‌স্থানে তাঁহার জন্ম হইয়াছিল? তিনি কি প্রকারে জগতের প্রভু হইলেন? কি প্রকারেই বা তাঁহার দ্বারা নিত্যধর্ম্মের বিনাশ হয়? ৬॥ মহর্ষিগণের এই কথা শ্রবণ করিয়া সূত আনন্দে রোমাঞ্চিতকায় হইয়া প্রভু হরিকে ধ্যান করত সেই সকল ঋষিবৃন্দকে বলিতে লাগিলেন ॥ ৭

সূত কহিলেন,—আমি ভাবী পরমাশ্চর্য্য আখ্যান বর্ণন করিতেছি,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নারদঃ প্রাহ মুনয়ে ব্যাসায়ামিততেজসে।
স ব্যাসো নিজপুত্রায় ব্রহ্মরাতায় ধীমতে॥ ৯
স চাভিমন্যুপুত্রায় বিষ্ণুরাতায় সংসদি।
প্রাহ ভাগবতান্ ধর্ম্মান্ অষ্টাদশসহস্রকান্॥ ১০
তদা নৃপে লয়ং প্রাপ্তে সপ্তাহে প্রশ্নশেষিতম্।
মার্কণ্ডেয়াদিভিঃ পৃষ্টঃ প্রাহ পুণ্যাশ্রমে শুকঃ॥ ১১
তত্রাহং তদনুজ্ঞাতঃ শ্রুতবানস্মি যাঃ কথাঃ।
ভবিষ্যাকথয়ামাস পুণ্যা ভাগবতীঃ শুভাঃ॥ ১২
তাঃ শৃণুধ্বং মহাভাগাঃ সমাহিতধিয়োঽনিশম্।
গতে কৃষ্ণে স্বনিলয়ং প্রাদুর্ভূতো যথা কলিঃ॥ ১৩
প্রলয়ান্তে জগৎস্রষ্টা ব্রহ্মা লোকপিতামহঃ।
সসর্জ্জ ঘোরং মলিনং পৃষ্ঠদেশাৎ স্বপাতকম্॥ ১৪

অবধান করুন! দেবর্ষি নারদের প্রশ্নানুসারে পূর্ব্বে ভগবান্ পদ্মযোনি ইহা কীর্ত্তন করিয়াছিলেন॥ ৮॥ অনন্তর নারদ অমিততেজা ব্যাস ঋষির নিকট এবং ব্যাসদেব নিজপুত্র মহামতি ব্রহ্মরাতের নিকট ইহা বর্ণন করেন॥ ৯॥ ব্রহ্মরাত অভিমন্যুনন্দন বিষ্ণুরাতের সভামণ্ডপে অষ্টাদশ সহস্রশ্লোকপূর্ণ এই ভাগবতধর্ম্ম কীর্ত্তন করিয়াছিলেন॥ ১০॥ সপ্তাহ পরে প্রশ্নশেষ থাকিতে থাকিতেই নরপতি ইহলোক হইতে প্রস্থান করিলেন। তৎপরে মার্কেণ্ডেয়াদি ঋষিবৃন্দ পবিত্রাশ্রমে ঐ প্রশ্নের শেষাংশ জিজ্ঞাসা করিলে শুকদেব তাহা বর্ণন করেন॥ ১১॥ আমি তৎকালে তথায় শুকের আদেশে তৎসমস্ত আকর্ণন করিয়াছিলাম। অধুনা সেই সকল পুণ্যজননী, কল্যাণময়ী, ভাবী ভাগবত-কাহিনী বর্ণন করিতেছি॥ ১২

হে মহাভাগ! আপনারা সমাহিতমনা হইয়া সর্ব্বদা তাহা শ্রবণ করুন। শ্রীকৃষ্ণ (পৃথিবী হইতে) স্বধামে প্রস্থিত হইলে যে প্রকারে কলি প্রাদুর্ভূত হয়, তাহা অবধান করুন॥ ১৩

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স চাধর্ম্ম ইতি খ্যাতস্তস্য বংশানুকীর্ত্তনাৎ।
শ্রবণাৎ স্মরণাল্লোকঃ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ১৫
অধর্ম্মস্য প্রিয়া রম্যা মিথ্যা মার্জ্জারলোচনা।
তস্য পুত্রোঽতিতেজস্বী দম্ভঃ পরমকোপনঃ ॥ ১৬
স মায়ায়াং ভগিন্যান্তু লোভং পুত্রঞ্চ কন্যকাম্।
নিকৃতিং জনয়ামাস তয়োঃ ক্রোধঃ সুতোঽভবৎ ॥ ১৭
স হিংসায়াং ভগিন্যান্তু জনয়ামাস তং কলিম্।
বামহস্তধৃতোপস্থং তৈলাভ্যক্তাঞ্জনপ্রভম্ ॥ ১৮
কাকোদরং করালাস্যং লোলজিহ্বং ভয়ানকম্।
পূতিগন্ধং দ্যূতমদ্য-স্ত্রীসুবর্ণকৃতাশ্রয়ম্ ॥ ১৯

প্রলয়াবসানে বিশ্বস্রষ্টা সর্ব্বজনপিতামহ পদ্মযোনি স্বীয় পৃষ্ঠদেশ হইতে ঘোররূপী অসিতবর্ণ পাপের সৃষ্টি করিলেন ॥ ১৪ ॥ সেই পাপের নাম অধর্ম্ম। অধর্ম্মের বংশাবলী (ভক্তি সহকারে) অনুকীর্ত্তন করিলে, শ্রবণ করিলে অথবা স্মরণ করিলে লোক পাতকপুঞ্জ হইতে তৎক্ষণাৎ মুক্তিলাভ করিতে পারে ॥ ১৫

মার্জ্জারনয়না, মনোরমা, মিথ্যা অধর্ম্মের প্রিয়তমা এবং কোপনস্বভাব মহাতেজা দম্ভ তাঁহার পুত্র ॥ ১৬ ॥ মায়া দম্ভের ভগিনী, দম্ভের ঔরসে মায়ার গর্ভে লোভনামা পুত্র ও নিকৃতিনাম্নী কন্যা জন্মগ্রহণ করে। নিকৃতির গর্ভে ক্রোধ নামে লোভের একটি পুত্র হয় ॥ ১৭ ॥ হিংসা ক্রোধের ভগিনী, সেই ভগিনীর গর্ভে ক্রোধ কলি নামে পুত্র উৎপাদন করে, এই কলি নিরন্তর বামকরে স্বীয় উপস্থ ধরিয়া অবস্থান করিতেছেন। ইহার দেহকান্তি তৈলাভ্যক্ত অঞ্জনের তুল্য ॥ ১৮

জঠরদেশ বায়সের ন্যায়, বদন ভীষণদৃশ্য, জিহ্বা লোল, আকৃতি ভয়াবহ এবং পূতিগন্ধে পরিপূর্ণ। ইনি সর্ব্বদাই দ্যূতক্রীড়া, সুরাপান, বেশ্যা ও সুবর্ণব্যবসায়ীর সংসর্গে অবস্থিত ॥ ১৯

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভগিন্যান্তু তুরুক্ত্যাং স ভয়ং পুত্রঞ্চ কন্যকাম্।
মৃত্যুং স জনয়ামাস তয়োশ্চ নিরয়োঽভবৎ॥ ২০
যাতনায়াং ভগিন্যান্তু লেভে পুত্রাযুতাযুতম্।
ইত্থং কলিকুলে জাতা বহবো ধর্ম্মনিন্দকাঃ॥ ২১
যজ্ঞাধ্যয়নদানাদিবেদতন্ত্রবিনাশকাঃ।
আধিব্যাধিজরাগ্লানিদুঃখশোকভয়াশ্রয়াঃ॥ ২২
কলিরাজানুগাশ্চেরুর্যূথশো লোকনাশকাঃ।
বভূবুঃ কালবিভ্রষ্টাঃ ক্ষণিকাঃ কামুকা নরাঃ॥ ২৩
দম্ভাচারদুরাচারাস্তাতমাতৃবিহিংসকাঃ।
বেদহীনা দ্বিজা দীনাঃ শূদ্রসেবাপরাঃ সদা॥ ২৪
কুতর্কবাদবহুলা ধর্ম্মবিক্রয়িণোঽধমাঃ।
বেদবিক্রয়িণো ব্রাত্যা রসবিক্রয়িণস্তথা॥ ২৫

ইনি স্বীয় ভগিনীর দুরুক্তির গর্ভে ভয় নামে একটি পুত্র ও মৃত্যুনাম্নী একটি কন্যা উৎপাদন করেন। মৃত্যুর গর্ভে ভয়ের নিরয় নামে পুত্র এবং স্বীয় ভগিনী যাতনার গর্ভে নিরয়ের অযুত অযুত পুত্র জন্মে। এই প্রকারে কলির বংশে অসংখ্য ধর্ম্মনিন্দুক সমুদ্ভুত হইয়াছে॥ ২০-২১॥ এই সকল পুত্র যজ্ঞ, অধ্যয়ন ও বেদতন্ত্রাদি শাস্ত্রের লোপকারী এবং আধি, ব্যাধি, জরা, গ্লানি, দুঃখ, শোক, ভয় প্রভৃতির আস্পদ॥ ২২॥ ইহারা নৃপবর কলির আদেশানুবর্ত্তী হইয়া লোকসংহারার্থ দলবদ্ধভাবে বিচরণ করিতেছে। উহারা কালবিভ্রষ্ট ক্ষণবিধ্বংসী, কামাতুর, দম্ভাচার, দুরাচার ও মাতৃপিতৃহিংসক। উহাদের মধ্যে যাহারা দ্বিজাতি বলিয়া পরিচিত, তাহারা বেদবিহীন, দীনভাবাপন্ন ও সদা শূদ্রের পরিচর্য্যায় নিরত॥ ২৩—২৪॥ এই অধমগণ কুতর্কপরায়ণ, ধর্ম্মবিক্রয়ী, বেদ-বিক্রয়ী ব্রাত্য-রসবিক্রেতা, মাংসব্যবসায়ী, নিষ্ঠুর, শিশ্নোদরতৎপর, পরস্ত্রীসনাসক্ত, প্রমত্তপ্রকৃতি, বর্ণসঙ্করোৎপাদক,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মাংসবিক্রয়িণঃ ক্রূরাঃ শিশ্নোদরপরায়ণাঃ।
পরদাররতা মত্তা বর্ণসঙ্করকারকাঃ ॥ ২৬
হ্রস্বাকারাঃ পাপাচারাঃ শঠা মঠনিবাসিনঃ।
ষোড়শাব্দায়ুষঃ শ্যালবান্ধবা নীচসঙ্গমাঃ ॥ ২৭
বিবাদকলহক্ষুব্ধাঃ কেশবেশবিভূষণাঃ ॥ ২৮
কলৌ কুলীনা ধনিনঃ পূজ্যা বার্দ্ধুষিকা দ্বিজাঃ।
সন্ন্যাসিনো গৃহাসক্তা গৃহস্থাস্ত্ববিবেকিনঃ।
গুরুনিন্দাপরা ধর্ম্মধ্বজিনঃ সাধুবঞ্চকাঃ ॥ ২৯
প্রতিগ্রহরতাঃ শূদ্রাঃ পরস্বহরণাদরাঃ।
দ্বয়োঃ স্বীকারমুদ্বাহঃ শঠে মৈত্রী বদান্যতা ॥ ৩০

খর্ব্বকায়, পাপাচারী, শঠতাপূর্ণ, মঠবাসী, ষোড়শবর্ষমাত্র পরমায়ুধারী, নীচসংসর্গপ্রিয় এবং ইহারা একমাত্র শ্যালককেই বন্ধু বলিয়া বিবেচনা করে॥ ২৫—২৭॥ ইহারা সর্ব্বদা বিবাদ ও কলহপরায়ণ এবং কেশ, বেশ, অলঙ্কার ধারণেই উৎসুক॥ ২৮॥ কলিযুগে ধনী হইলেই কুলীন বলিয়া পূজনীয় হয়; দ্বিজাতিরা বার্দ্ধুষিক* হইলেই পূজনীয় হইয়া থাকে। কলিযুগের সন্ন্যাসীরা গৃহাসক্ত এবং গৃহীরা বিবেকবিবর্জ্জিত। এই যুগে মানবগণ গুরুনিন্দাপরায়ণ, ধর্ম্মধ্বজী ও সাধুবঞ্চক হয়॥ ২৯॥ শূদ্রগণ প্রতিগ্রহরত ও পরস্বহরণে তৎপর হইয়া উঠে। এই যুগে পাত্রপাত্রীর পরস্পর সম্মতিমাত্রেই পরিণয়ক্রিয়া সমাহিত হয়; লোকে শঠের সহিত সৌহার্দ্দ ও প্রতিদানসময়ে বদান্যতাপ্রদর্শন করে; অনিষ্ট করিতে অক্ষম হইলেই ক্ষমাশীল হয়; অসমর্থ ব্যক্তির প্রতিই বিরক্তিপ্রদর্শন করে; পাণ্ডিত্য প্রকাশার্থ বাচাল হয়, যশঃপ্রাপ্তির আশায় ধর্ম্মসেবা করে; ধন থাকিলেই

---

* বার্দ্ধুষিক—যাহারা টাকা ধার দিয়া সুদ গ্রহণপূর্ব্বক জীবিকা নির্ব্বাহ করে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রতিদানে ক্ষমাশক্তৌ বিরক্তিঃ করণাক্ষমে।
বাচালত্বঞ্চ পাণ্ডিত্যে যশোঽর্থে ধর্ম্মসেবনম্ ॥ ৩১
ধনাঢ্যত্বঞ্চ সাধুত্বে দূরে নীরে চ তীর্থতা।
সূত্রমাত্রেণ বিপ্রত্বং দণ্ডমাত্রেণ মস্করী ॥ ৩২
অল্পশস্যা বসুমতী নদীতীরেঽবরোপিতা।
স্ত্রিয়ো বেশ্যালাপসুখাঃ স্বপুংসা ত্যক্তমাসনাঃ ॥ ৩৩
পরান্নলোলুপা বিপ্রাশ্চণ্ডালগৃহযাজকাঃ।
স্ত্রিয়ো বৈধব্যহীনাশ্চ স্বচ্ছন্দাচরণপ্রিয়াঃ ॥ ৩৪
চিত্রবৃষ্টিকরা মেঘা মন্দশস্যা চ মেদিনী।
প্রজাভক্ষা নৃপা লোকাঃ করপীড়াপ্রপীড়িতাঃ ॥ ৩৫
স্কন্ধে ভারং করে পুত্রং কৃত্বা ক্ষুব্ধাঃ প্রজাজনাঃ।
গিরিদুর্গং বনং ঘোরমাশ্রয়িষ্যন্তি দুর্ভগাঃ ॥ ৩৬

সাধু বলিয়া গণনীয় হয়; দূরদেশস্থ সলিলকেই তীর্থ বলিয়া পূজা করে; গলদেশে সূত্র থাকিলেই দ্বিজাতি বলিয়া গণনীয় হয়; দণ্ডধারী হইলেই পরিব্রাজক নামে পরিচিত হয়; বসুন্ধরা স্বল্পশস্যা হইয়া উঠেন; নদী তীরগত হইয়া যায়; কুলবধূরা বেশ্যাবৎ সম্ভাষণাদি করিতে যত্ন করে; পতির প্রতি তাহাদের মন আসক্ত থাকে না; দ্বিজাতিগণ পরান্ন প্রয়াসী হইয়া উঠেন,—চণ্ডালের যাজক হইতেও বিমুখ হন না; নারী-জাতি স্বেচ্ছাচারিণী হয়, সুতরাং তাহাদিগকে বিধবা হইতে হয় না; জলদজাল অনিয়মিত বারিবর্ষণ করে; মেদিনী মন্দশস্যা হইয়া পড়েন; নৃপতিরা প্রজানাশক হন; লোকে করভারে প্রপীড়িত হইতে থাকে; মন্দভাগ্য প্রজাপুঞ্জ স্কন্ধে ভার ও করে পুত্রকে ধরিয়া ক্ষুব্ধমনে গিরি-দুর্গ ও ঘোরকাননে আশ্রয়লাভার্থ প্রবেশ করে; সকলেই মধু, মাংস, ফল, মূল প্রভৃতি ভক্ষণ পূর্ব্বক জীবিকানির্ব্বাহ করে এবং সকলেই

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মধুমাংসৈর্মূলফলৈরাহারৈঃ প্রাণধারিণঃ।
এবং তু প্রথমে পাদে কলেঃ কৃষ্ণবিনিন্দকাঃ॥ ৩৭
দ্বিতীয়ে তন্নামহীনাস্তৃতীয়ে বর্ণসঙ্করাঃ।
একবর্ণাশ্চতুর্থে চ বিস্মৃতাচ্যুতসৎক্রিয়াঃ॥ ৩৮
নিঃস্বাধ্যায়-স্বধা-স্বাহা-বৌষড়োঙ্কারবর্জ্জিতাঃ।
দেবাঃ সর্ব্বে নিরাহারাঃ ব্রহ্মাণং শরণং যযুঃ॥ ৩৯
ধরিত্রীমগ্রতঃ কৃত্বা ক্ষীণাং দীনাং মনস্বিনীম্।
দদৃশুর্ব্রহ্মণো লোকং বেদধ্বনিনিনাদিতম্॥ ৪০
যজ্ঞধূমৈঃ সমাকীর্ণং মুনিবর্য্যনিষেবিতম্।
সুবর্ণবেদিকামধ্যে দক্ষিণাবর্ত্তমুজ্জ্বলম্॥ ৪১
বহ্নিং যূপাঙ্কিতোদ্যান-বন-পুষ্প-ফলান্বিতম্।
সরোভিঃ সারসৈর্হংসৈরাহ্বয়ন্তমিবাতিথিম্॥ ৪২

কৃষ্ণনিন্দুক হইয়া উঠে। কলির প্রথমপাদে জগতে এইরূপ দৃষ্ট হয়॥ ৩০—৩৬॥

এই যুগের দ্বিতীয়পাদে লোকে কৃষ্ণের নামও উচ্চারণ করে না, তৃতীয়পাদে বর্ণসঙ্কর হয় এবং চতুর্থপাদে মনুষ্যগণ একবর্ণ হইয়া উঠে ও বিষ্ণুক্রিয়া একেবারে বিস্মৃত হইয়া যায়॥ ৩৭

এই প্রকারে কলিযুগে ধরাতলে বেদপাঠ, স্বধা, স্বাহা, বৌষট্ ওঙ্কার, ইত্যাদি বিলুপ্ত হইলে অমরবৃন্দ নিরশনে ক্লিষ্ট হইয়া পিতামহ পদ্মযোনির শরণ গ্রহণ করিলেন॥ ৩৮॥ ক্ষীণকায়া দীনভারাপন্না ধরণী সতীকে পুরোবর্ত্তিনী করিয়া তাঁহারা ব্রহ্মধামে গমনপূর্ব্বক দেখিলেন, বেদপাঠ-শব্দে ব্রহ্মলোক প্রতিধ্বনিত হইতেছে, যজ্ঞধূমে সমন্তাৎ সমাকীর্ণ হইয়া পড়িয়াছে, মুনীশ্বরগণ তথায় সমাসীন রহিয়াছেন, কাঞ্চনময়ী বেদিকার উপরিভাগে প্রদীপ্ত দক্ষিণাবর্ত্তনামা বহ্নি বিরাজ করিতেছেন, ফল-ফুল-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বায়ু-লোললতাজালকুসুমালিকুলাকুলৈঃ।
প্রণামাহ্বানসৎকার-মধুরালাপমীক্ষণৈঃ ॥ ৪৩
তদ্‌ব্রহ্মসদনঃ দেবাঃ সেশ্বরাঃ ক্লিন্নমানসাঃ।
বিবিশুস্তদনুজ্ঞাতা নিজকার্য্যং নিবেদিতুম্ ॥ ৪৪
ত্রিভুবনজনকং সদাসনস্থং সনক-সনন্দন-সনাতনৈশ্চ সিদ্ধৈঃ।
পরিসেবিতপাদকমলং ব্রহ্মাণং দেবতা নেমুঃ ॥ ৪৫

ইতি শ্রীকল্কিপুরাণেঽনুভাগবতে ভবিষ্যে কলিবিবরণং
নাম প্রথমোঽধ্যায়ঃ ॥ ১

সলিলবিরাজিত উদ্যানে যজ্ঞীয়যূপসমূহ প্রোথিত রহিয়াছে, হংসকারণ্ডব-রবচ্ছলে সরসীগুলি যেন পান্থগণকে আহ্বান করিতেছে এবং হংস-সারসাদি বিহঙ্গকুল পবনভরে সঞ্চালিত লতিকাপুঞ্জের পুষ্পস্থিত ভ্রমর দ্বারা আকুলিত হওয়াতে বোধ হইতেছে যেন, উহারা পান্থগণকে প্রণাম, আহ্বান ও সৎকার করিতেছে এবং তাহাদের সহিত মিষ্টসম্ভাষণ ও তাহাদিগের দর্শনার্থ উৎসুক হইতেছে ॥ ৩৯—৪৩

তদনন্তর দেবেন্দ্রপ্রমুখ অমরবৃন্দ দুঃখিতচিত্তে ব্রহ্মধামে উপস্থিত হইলেন এবং প্রজাপতির আদেশে স্বীয়কার্য্য নিবেদনার্থ ব্রহ্মসভায় প্রবেশ করিলেন ॥ ৪৪ ॥ সনক-সনন্দ সনাতনাদি সিদ্ধবৃন্দ কর্ত্তৃক যাঁহার চরণকমল নিষেবিত, দেবগণ সেই ত্রিভুবনস্রষ্টা যোগসমাসীন ব্রহ্মাকে প্রণাম করিলেন ॥ ৪৫

কলিবিবরণনামক প্রথম অধ্যায় সমাপ্ত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দ্বিতীয়োঽধ্যায়ঃ

—:*:—

স্থত উবাচ।

উপবিষ্টাস্ততো দেবা ব্রহ্মণো বচনাৎ পুরঃ।
কলেদোষাদ্ধর্ম্মহানিং কথয়ামাসুরাদরাৎ॥ ১
দেবানাং তদ্বচঃ শ্রুত্বা ব্রহ্মা তানাহ দুঃখিতান্।
প্রসাদয়িত্বা তং বিষ্ণুং সাধয়িষ্যাম্যভীপ্সিতম্॥ ২
ইতি দেবৈঃ পরিবৃতো গত্বা গোলোকবাসিনম্।
স্তুত্বা প্রাহ পুরো ব্রহ্মা দেবানাং হৃদয়েপ্সিতম্॥ ৩
তৎ শ্রুত্বা পুণ্ডরীকাক্ষো ব্রহ্মাণমিদমব্রবীৎ।
শম্ভলে বিষ্ণুযশসো গৃহে প্রাদুর্ভবাম্যহম্।
সুমত্যাং মাতরি বিভো! কন্যায়াং ত্বন্নিদেশতঃ॥ ৪
চতুর্ভির্ভ্রাতৃভির্দেব! করিষ্যামি কলিক্ষয়ম্।
ভবন্তো বান্ধবা দেবাঃ স্বাংশেনাবতরিষ্যথ॥ ৫

স্থত কহিলেন,—তদনন্তর সুরবৃন্দ পিতামহের আদেশে তদীয় পুরোভাগে উপবেশন পূর্ব্বক কলির দোষে যে ধর্ম্মলোপ হইতেছে, সযত্নে তাহা নিবেদন করিলেন॥ ১॥ প্রজাপতি বিষাদিত সুরগণের কথা শুনিয়া কহিলেন "চল, আমরা বিষ্ণুর নিকটে উপস্থিত হইয়া অভীষ্টসাধনার্থ তাঁহাকে প্রসন্ন করি"॥ ২॥ এই বলিয়া পদ্মযোনি সুরগণ সমভিব্যাহারে গোলোকধামে উপস্থিত হইলেন এবং গোলোকপতি হরির স্তুতিবাদ করিয়া সুরগণের অভিপ্রায় ও প্রার্থনা অবগত করাইলেন॥ ৩॥ পদ্মপলাশলোচন হরি সমস্ত শ্রবণ পূর্ব্বক পদ্মযোনিকে কহিলেন, "ব্রহ্মন্! আমি তোমার অনুরোধে অবনীতলে শম্ভলগ্রামে বিষ্ণুযশা নামক বিপ্রের আলয়ে তৎপত্নী সুমতীর গর্ভে জন্মগ্রহণ করিব॥ ৪॥ আমি চারিভ্রাতা সহ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইয়ং মম প্রিয়া লক্ষ্মীঃ সিংহলে সংভবিষ্যতি।
বৃহদ্রথস্য ভূপস্য কৌমুদ্যাং কমলেক্ষণা।
ভার্য্যায়াং মম ভার্য্যেষা পদ্মানাম্নী জনিষ্যতি ॥ ৬
যাত যূয়ং ভুবং দেবাঃ স্বাংশাবতরণে রতাঃ।
রাজানৌ মরুদেবাপী স্থাপয়িষ্যাম্যহং ভুবি ॥ ৭
পুনঃ কৃতযুগং কৃত্বা ধর্ম্মান্ সংস্থাপ্য পূর্ব্ববৎ।
কলিব্যালং সংনিরস্য প্রয়াস্যে স্বালয়ং বিভো ॥ ৮
ইত্যুদীরিতমাকর্ণ্য ব্রহ্মা দেবগণৈর্বৃতঃ।
জগাম ব্রহ্মসদনং দেবাশ্চ ত্রিদিবং যযুঃ ॥ ৯
মহিম্না স্বস্য ভগবান্ নিজজন্মকৃতোদ্যমঃ।
বিপ্রর্ষে! শম্ভলগ্রামমাবিবেশ পরাত্মকঃ ॥ ১০
সুমত্যাং বিষ্ণুযশসা গর্ভমাধত্ত বৈষ্ণবম্।
গ্রহ-নক্ষত্র-রাশ্যাদি-সেবিত-শ্রীপদাম্বুজম্ ॥ ১১

কলিকে সংহার করিব। হে সুরবৃন্দ! তোমরা (স্বর্গবাসিগণের হিতার্থ) নিজ অংশে জন্মগ্রহণ পূর্ব্বক আমার সহিত সৌহার্দ্দ স্থাপন করিবে ॥ ৫

আমার প্রণয়িনী কমললোচনা কমলাদেবীও পদ্মা নাম ধারণ পূর্ব্বক সিংহলপতি বৃহদ্রথের পত্নী কৌমুদীর গর্ভে অবতীর্ণ হইবেন ॥ ৬

হে সুরবৃন্দ! তোমরা আশু নিজ নিজ অংশে ধরাতলে গমন কর। আমি পুনরায় মরু ও দেবাপি নামক নৃপতিদ্বয়কে ধরায় শাসনভার অর্পণ করিব ॥ ৭ ॥ আমি পুনরায় কৃতযুগের সৃষ্টি করিয়া পূর্ব্ববৎ নিত্যধর্ম্ম প্রতিষ্ঠিত করিব ও কলিরূপী ভুজঙ্গকে বিদূরিত করিয়া বৈকুণ্ঠে উপস্থিত হইব ॥ ৮ ॥ লোকপিতামহ পদ্মযোনি হরির এই কথা শ্রবণপূর্ব্বক সুরগণ বেষ্টিত হইয়া নিজধামে উপস্থিত হইলে অমরবৃন্দও সুরলোকে গমন করিলেন ॥ ৯ ॥ হে বিপ্রর্ষে! ভগবান্ পরমাত্মা হরি নিজ মহিমাবলে নররূপে ধরাতলে অবতীর্ণ হইতে কৃতোদ্যম হইয়া

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সরিৎ সমুদ্রা গিরয়ো লোকাঃ সস্থাণুজঙ্গমাঃ।
সহর্ষা ঋষয়ো দেবা জাতে বিষ্ণৌ জগৎপতৌ ॥১২
বভূবুঃ সর্ব্বসত্ত্বানামানন্দা বিবিধাশ্রয়াঃ।
নৃত্যন্তি পিতরো হৃষ্টাস্তুষ্টা দেবা জগুর্যশঃ ॥ ১৩
চক্রুর্বাদ্যানি গন্ধর্ব্বা ননৃতুশ্চাপ্সরোগণাঃ ॥ ১৪
দ্বাদশ্যাং শুক্লপক্ষস্য মাধবে মাসি মাধবঃ।
জাতো দদৃশতুঃ পুত্রং পিতরৌ হৃষ্টমানসৌ ॥ ১৫
ধাত্রী মাতা মহাষষ্ঠী নাভিচ্ছেত্রী তদম্বিকা।
গঙ্গোদকক্লেদমোক্ষা সাবিত্রী মার্জ্জনোদ্যতা ॥ ১৬
তস্য বিষ্ণোরনন্তস্য বসুধাঽধাৎ পয়ঃসুধাম্।
মাতৃকা মাঙ্গল্যবচঃ কৃষ্ণজন্মদিনে তথা ॥ ১৭

শম্ভল গ্রামে প্রবিষ্ট হইলেন ॥ ১০ ॥ অনন্তর বিষ্ণুযশার ঔরসে তৎপত্নী সুমতীতে বৈষ্ণব গর্ভের উদয় হইল। গ্রহ নক্ষত্র, রাশি প্রভৃতি সকলেই সেই গর্ভগত বালকের চরণাব্জ সেবা করিতে প্রবৃত্ত হইলেন ॥ ১১ ॥ যথাসময়ে জগন্নাথ হরি ভূমিষ্ঠ হইলে নদনদী, সাগর, ভূধর, অমরনিকর, ঋষিবৃন্দ ও স্থাবরজঙ্গমাত্মক নিখিল লোকই আনন্দিত হইয়া উঠিলেন ॥ ১২ ॥ জীবমাত্রেই নানারূপে হর্ষ প্রকাশ করিতে আরম্ভ করিল; পিতৃগণ আনন্দে নৃত্যপরায়ণ হইলেন; অমরবৃন্দ প্রীতচিত্তে হরির কীর্ত্তিগানে প্রবৃত্ত হইলেন; গন্ধর্ব্বেরা বাদ্যবাদন এবং অপ্সরাগণ নৃত্য করিতে আরম্ভ করিল ॥ ১৩—১৪ ॥ ভগবান্ হরি এইরূপে বৈশাখ মাসের শুক্লা দ্বাদশীতিথিতে ধরাধামে অবতীর্ণ হইলেন। তাঁহাকে দেখিয়া তদীয় জনক জননী বিষ্ণুযশা ও সুমতীর চিত্ত নিরতিশয় আনন্দে পরিপূর্ণ হইল। (এইরূপেই হরি কল্কিরূপে অবতীর্ণ হইলেন) ॥ ১৫

মহাষষ্ঠী ভগবানের-ধাত্রীমাতা ও অম্বিকা নাভিচ্ছেত্রী হইলেন। সাবিত্রী-দেবী উপস্থিত হইয়া গঙ্গাসলিল দ্বারা দেহ মার্জ্জন করত তদীয় অঙ্গক্লেদ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব্রহ্মা তদুপধার্য্যাশু স্বাশুগং প্রাহ সেবকম্।
যাহীতি সূতিকাগারং গত্বা বিষ্ণুং প্রবোধয় ॥ ১৮
চতুর্ভুজমিদং রূপং দেবানামপি দুর্ল্লভম্।
ত্যক্ত্বা মানুষবদ্রূপং কুরু নাথ! বিচারিতম্ ॥ ১৯
ইতি ব্রহ্মবচঃ শ্রুত্বা পবনঃ সুরভিঃ সুখম্।
সশীতঃ প্রাহ তরসা ব্রহ্মণো বচনাদৃতঃ ॥ ২০
তৎ শ্রুত্বা পুণ্ডরীকাক্ষস্তৎক্ষণাৎ দ্বিভুজোঽভবৎ।
তদা তৎপিতরৌ দৃষ্ট্বা বিস্ময়াপন্নমানসৌ ॥ ২১
ভ্রমসংস্কারবত্তত্র মেনাতে তস্য মায়য়া।
ততস্তু শম্ভলগ্রামে সোৎসবা জীবতাতয়ঃ।
মঙ্গলাচারবহুলাঃ পাপতাপবিবর্জ্জিতাঃ ॥ ২২

অপসারিত করিয়া দিলেন ॥ ১৬ ॥ শ্রীকৃষ্ণ যেদিন ভূমিষ্ঠ হন, সেই দিন যে প্রকার হইয়াছিল তদ্রূপ অনন্ত হরি কল্কি-অবতার গ্রহণপূর্ব্বক অবতীর্ণ হইলেও ধরণী সতী বারিরূপ সুধা ধারণ করিলেন এবং মাতৃকাবৃন্দ (পুলকিত চিত্তে) আসিয়া মাঙ্গল্যবচনে শ্রীহরির প্রতি আশীস প্রয়োগ করিতে আরম্ভ করিলেন ॥ ১৭

তখন লোকপিতামহ পদ্মযোনি শীঘ্রগামী সেবক বায়ুদেবকে বলিলেন,—'তুমি আমার অনুরোধে সূতিকাগৃহে গমন পূর্ব্বক ভগবানকে বল যে, হে বিশ্বপতে! আপনার এই চতুর্ভুজ রূপ নিরীক্ষণ করা সুরগণের পক্ষেও দুর্লভ; অতএব আপনি এ-রূপ সম্বরণ পূর্ব্বক নররূপ পরিগ্রহ করুন ॥ ১৮-১৯ ॥ প্রীতিপ্রদ, সুগন্ধপূর্ণ, স্নিগ্ধভাব পবনদেব পিতামহের এই কথা শুনিয়া তাঁহার প্রার্থনানুসারে দ্রুতগতিতে প্রধাবিত হইলেন এবং আশু সূতিকা গৃহে প্রবিষ্ট হইয়া ভগবানকে সমস্ত কথা নিবেদন করিলেন ॥ ২০ ॥ পদ্মপলাশলোচন হরি সেই কথা শুনিয়া তৎক্ষণাৎ দ্বিভুজমূর্ত্তি পরিগ্রহ করিলেন। তদ্দর্শনে তাঁহার জনক জননীর নিরতিশয়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সুমতিস্তং সুতং লব্ধা বিষ্ণুং জিষ্ণুং জগতপতিম্।
পূর্ণকামা বিপ্রমুখ্যানাহুয়াদাৎ গবাং শতম্॥ ২৩
হরেঃ কল্যাণকৃদ্বিষ্ণুযশাঃ শুদ্ধেন চেতসা।
সামর্গ্ যজুর্বিদ্ভিরগ্র্যৈস্তন্নামকরণে রতঃ॥ ২৪
তদা রামঃ কৃপো ব্যাসো দ্রৌণির্ভিক্ষুশরীরিণঃ।
সমায়াতা হরিং দ্রষ্টুং বালকত্বমুপাগতম্॥ ২৫
তানাগতান্ সমালোক্য চতুরঃ সূর্য্যসন্নিভান্।
হৃষ্টরোমা দ্বিজবরঃ পূজয়াঞ্চক্র ঈশ্বরান্॥ ২৬
পূজিতাস্তে স্বাসনেষু সংবিষ্টাঃ স্বসুখাশ্রয়াঃ।
হরিং ক্রোড়গতং তস্য দদৃশুঃ সর্ব্বমূর্ত্তয়ঃ॥ ২৭

বিস্ময়ের পরিসীমা রহিল না॥ ২১॥ তখন বৈষ্ণবী মায়ায় বিমোহিত হইয়া তাঁহারা পূর্ব্বদৃষ্ট চতুর্ভুজ মূর্ত্তি দর্শন ভ্রান্তি বলিয়া বিবেচনা করিতে লাগিলেন। এদিকে শম্ভলপুরে যাবতীয় প্রাণীই উৎসবে নিযুক্ত হইল, সকলেই পাপতাপবিরহিত হইয়া অবিরাম মঙ্গলানুষ্ঠান করিতে লাগিল॥ ২২

বিশ্বপতি জয়শীল হরিকে পুত্র প্রাপ্ত হইয়া সুমতি পূর্ণকামা হইলেন; তিনি দ্বিজাতিবৃন্দকে আহ্বান পূর্ব্বক একশত ধেনু দান করিলেন॥ ২৩ বিপ্রবর বিষ্ণুযশা হরির মঙ্গল কামনায় পবিত্রমনা হইয়া ঋক্, যজু ও সামবেদী বিপ্রশ্রেষ্ঠগণ দ্বারা পুত্ররত্নের নাম করণে প্রবৃত্ত হইলেন॥ ২৪

তখন রাম, কৃপ, ব্যস ও অশ্বত্থামা, ইহাঁরা ভিক্ষুদেহ ধারণ করিয়া বাল্যভাবাপন্ন প্রভুকে দর্শনার্থ উপস্থিত হইলেন॥ ২৫॥ বিপ্রবর বিষ্ণুযশা ভাস্করসন্নিভ সেই ভিক্ষুচতুষ্টয়কে আগমন করিতে দেখিয়া পরম আনন্দিত হইলেন এবং যথাবিধানে তাঁহাদের অভ্যর্থনা ও অর্চ্চনা করিলেন॥ ২৬॥ বিবিধরূপধারণে সুনিপুণ রামকৃপাদি চারিজন বিষ্ণুযশা কর্ত্তৃক অর্চ্চিত হইয়া স্ব স্ব আসনে উপবেশন পূর্ব্বক পিতৃক্রোড়স্থ হরিকে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তং বালকং নরাকারং বিষ্ণুং নত্বা মুনীশ্বরাঃ।
কল্কিং কল্কবিনাশার্থমাবির্ভূতং বিহুর্বুধাঃ॥ ২৮
নামাকুর্ব্বংস্ততস্তস্য কল্কিরিত্যভিবিশ্রুতম্।
কৃত্বা সংস্কারকর্ম্মাণি যযুস্তে হৃষ্টমানসাঃ॥ ২৯
ততঃ স ববৃধে তত্র সুমত্যা পরিপালিতঃ।
কালেনাল্পেন কংসারিঃ শুক্লপক্ষে যথা শশী॥ ৩০
কল্কের্জ্যেষ্ঠাস্ত্রয়ঃ শূরাঃ কবি-প্রাজ্ঞ-সুমন্ত্র(ন্ত)কাঃ।
পিতৃমাতৃপ্রিয়করা গুরুবিপ্রপ্রতিষ্ঠিতাঃ॥ ৩১
কল্কেরংশাঃ পুরো জাতাঃ সাধবো ধর্ম্মতৎপরাঃ।
গার্গ্যভর্গবিশালাদ্যা জ্ঞাতয়স্তদনুব্রতাঃ॥ ৩২
বিশাখযূপ ভূপালপালিতাস্তাপবর্জ্জিতাঃ।
ব্রাহ্মণাঃ কল্কিমালোক্য পরাং প্রীতিমুপাগতাঃ॥ ৩৩

অবলোকন করিতে লাগিলেন॥ ২৭॥ মুনিবর রামাদি সকলে শিশু নরাকার হরিকে প্রণাম করিয়া ধরণীর পাতকরূপ মলবিদূরণার্থ অবতীর্ণ কল্কি বলিয়া বুঝিতে পারিলেন॥ ২৮॥ শিশুর নামকরণ সময়ে তাঁহারা "কল্কি" এই প্রথিত নাম রাখিলেন এবং জাতকর্ম্মাদি সংস্কার পরিসমাপ্ত হইলে সানন্দমনে নিজ নিজ স্থানে প্রতিপ্রস্থিত হইলেন॥ ২৯

এদিকে ভগবান্ হরি সুমতি কর্ত্তৃক লালিত-পালিত হইয়া অল্পদিনের মধ্যেই শুক্লপক্ষীয়া শশিকলার ন্যায় বৃদ্ধিপ্রাপ্ত হইতে লাগিলেন॥ ৩০

কল্কির জন্মের পূর্ব্বে কবি, প্রাজ্ঞ ও সুমন্ত (বা সুমন্ত্র) নামে তাঁহার তিনটি জ্যেষ্ঠভ্রাতা জন্ম পরিগ্রহ করিয়াছিলেন। তাহারা তিনজনেই গুরু ও জনক জননীর প্রিয়কারী। গুরু ও বিপ্রবৃন্দ সকলেই তাঁহাদের প্রশংসাবাদ করিতেন॥ ৩১॥ গার্গ্য, ভর্গ্য, বিশাল প্রভৃতি ধর্ম্মনিষ্ঠ সাধু মহাত্মারা প্রথমে তাঁহারই গোত্রে অবতীর্ণ হন। তাঁহারা সকলেই কল্কির অংশ ও কল্কির একান্ত বশম্বদ॥ ৩২॥ বিশাখযূপনামা নরপতি তাঁহাদিগকে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ততো বিষ্ণুযশাঃ পুত্রং ধীরং সর্ব্বগুণাকরম্।
কল্কিং কমলপত্রাক্ষং প্রোবাচ পঠনাদৃতম্॥ ৩৪
তাত! তে ব্রহ্মসংস্কারং যজ্ঞসূত্রমনুত্তমম্।
সাবিত্রীং বাচয়িষ্যামি ততো বেদান্ পঠিষ্যসি॥ ৩৫

কল্কিরুবাচ।

কো বেদঃ কা চ সাবিত্রী কেন সূত্রেণ সংস্কৃতাঃ।
ব্রাহ্মণা বিদিতা লোকে তত্তত্ত্বং বদ তাত! মাম্॥ ৩৬

পিতোবাচ।

বেদো হরের্বাক্ সাবিত্রী বেদমাতা প্রতিষ্ঠিতা।
ত্রিগুণঞ্চ ত্রিবৃৎসূত্রং তেন বিপ্রাঃ প্রতিষ্ঠিতাঃ॥ ৩৭
দশযজ্ঞৈঃ সংস্কৃতা যে ব্রাহ্মণা ব্রহ্মবাদিনঃ।
তত্র বেদাশ্চ লোকানাং ত্রয়াণামিহ পোষকাঃ॥ ৩৮

প্রতিপালন করেন। কল্কিকে দর্শন করিয়া সমস্ত বিপ্র পরম আনন্দপূর্ণ ও তাপবর্জ্জিত হইলেন॥ ৩৩॥ "এইরূপে কিছুদিন অতীত হইলে ধীরস্বভাব সর্ব্বগুণসম্পন্ন, পুণ্ডরীকাক্ষ, কল্কিকে বিদ্যাশিক্ষায় উপযুক্ত দর্শনে বিষ্ণুযশা তাঁহাকে সম্বোধন করিয়া কহিলেন,—হে তাত! সম্প্রতি তোমার উপনয়ন রূপ ব্রহ্মসংস্কার নিষ্পাদনপূর্ব্বক সাবিত্রী উপদেশ প্রদান করিব; পরে স্বাধ্যায়পাঠে প্রবৃত্ত হইবে॥ ৩৪—৩৫॥" পিতার এই কথা শুনিয়া কল্কি বলিলেন, "তাত! বেদ কাহার নাম? সাবিত্রীই বা কাহাকে বলে? কি প্রকার সূত্র দ্বারা সংস্কৃত হইলে বিপ্রনামে প্রতিথিলাভ করিতে পারা যায়? এই সকল বিষয় আমার নিকট প্রকাশ করুন॥" ৩৬

পিতা বলিলেন, হরির বাক্যই বেদ বলিয়া পরিগণিত, সাবিত্রী বেদজননী বলিয়া প্রতিষ্ঠিতা, ত্রিগুণিতসূত্র গ্রন্থি দিয়া তিন গুণ করিলেই যজ্ঞসূত্র হইয়া থাকে, বিপ্রগণ তাদৃশ যজ্ঞসূত্র ধারণ করিয়াই প্রতিষ্ঠাপদ হন॥ ৩৭॥ দশযজ্ঞ দ্বারা সংস্কৃত হইলেই ব্রাহ্মণ ও ব্রহ্মবাদী বলিয়া

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যজ্ঞাধ্যয়ন-দানাদি-তপঃ-স্বাধ্যায়-সংযমাঃ।
প্রীণয়ন্তি হরিং ভক্ত্যা-বেদ-তন্ত্র-বিধানতঃ॥ ৩৯
তস্মাৎ যথোপনয়ন-কর্ম্মণোঽহং দ্বিজৈঃ সহ।
সংস্কর্ত্তুং বান্ধবজনৈস্ত্বামিচ্ছামি শুভে দিনে॥ ৪০

পুত্র উবাচ।

কে চ তে দশসংস্কারা ব্রাহ্মণেষু প্রতিষ্ঠিতাঃ।
ব্রাহ্মণাঃ কেন বা বিষ্ণুমর্চ্চয়ন্তি বিধানতঃ॥ ৪১

পিতোবাচ।

ব্রাহ্মণ্যাং ব্রাহ্মণাজ্জাতো গর্ভাধানাদিসংস্কৃতঃ।
সন্ধ্যাত্রয়েণ সাবিত্রী-পূজাজপপরায়ণঃ॥ ৪২
তপস্বী সত্যবাগ্ধীরো ধর্ম্মাত্মা ত্রাহি সংসৃতিম্।
বিষ্ণ্বর্চ্চনমিদং জ্ঞাত্বা সদানন্দময়ো দ্বিজঃ॥ ৪৩

পরিগণিত হইতে পারে। ব্রাহ্মণেরা ত্রিভুবনের কল্যাণার্থ বেদের রক্ষা বিধান করিয়া থাকেন ॥ ৩৮ ॥ উহারা যজ্ঞ, অধ্যয়ন, দান, তপ, স্বাধ্যায়াধ্যয়ন ও সংযম দ্বারা বেদমন্ত্রের বিধানে ভক্তি সহকারে হরি প্রীতিসাধন করেন॥ ৩৯ ॥ এই কারণেই বন্ধুবান্ধব ও বিপ্রবৃন্দের সহিত মিলিত হইয়া আমি শুভদিনে তোমার উপনয়ন সংস্কার সম্পাদনে বাসনা করিতেছি॥ ৪০

পুত্র বলিলেন,—দশসংস্কার কাহাকে বলে? ব্রাহ্মণেরা কি প্রকার বিধানেই বা হরির উপাসনা করিয়া থাকেন? ৪১

পিতা বলিলেন,—"যে ব্যক্তি দ্বিজাতির ঔরসে বিপ্রাণীর গর্ভে জন্ম গ্রহণ পূর্ব্বক গর্ভাধানাদি দশসংস্কারে সংস্কৃত হন, যিনি ত্রিসন্ধ্যা সাবিত্রীজপ ও অর্চ্চনা করেন, যিনি তপোনিরত, সত্যভাষী, ধীরপ্রকৃতি ও ধর্ম্মতৎপর, তিনিই হরিপূজার বিধি পরিজ্ঞাত হইয়া নিরন্তর আনন্দে নিমগ্ন এবং ভবসাগর হইতে সমুত্তীর্ণ হইতে সমর্থ হন"॥ ৪২—৪৩

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পুত্র উবাচ।

কুত্রাস্তে স দ্বিজো যেন তারয়ত্যখিলং জগৎ।
সন্মার্গেণ হরিং প্রীণন্ কামদোগ্ধা জগত্ত্রয়ে॥ ৪৪

পিতোবাচ।

কলিনা বলিনা ধর্ম্ম-ঘাতিনা দ্বিজ-পাতিনা।
নিরাকৃতা ধর্ম্মরতা গতা বর্ষান্তরান্তরম্॥ ৪৫
যে স্বল্পতপসো বিপ্রাঃ স্থিতাং কলিযুগান্তরে।
শিশ্নোদরভৃতোঽধর্ম্মনিরতা বিরতাক্রিয়াঃ॥ ৪৬
পাপসারা দুরাচারাস্তেজোহীনাঃ কলাবিহ।
আত্মানং রক্ষিতুং নৈব শক্তাঃ শূদ্রস্য সেবকাঃ॥ ৪৭
ইতি জনকবচো নিশম্য কল্কিঃ কলিকুলনাশমনোঽভিলাষমনাঃ।
দ্বিজনিজবচনৈস্তদোপনীতো গুরুকুলবাসমুবাস সাধুনাথঃ॥ ৪৮

ইতি কল্কি-জন্মোপনয়নং নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ।

পুত্র বলিলেন,—"সৎপথে অবস্থিত, হরি প্রীতিসাধনে তৎপর, ত্রিভুবনের কামদগ্ধা এবং জগৎ পরিত্রাণে সমর্থ বিপ্রগণ কোথায় আছেন?" ৪৪

পিতা বলিলেন,—বিপ্রদ্বেষী ধর্ম্মবিঘাতক, মহাবল কলি কর্ত্তৃক নির্ব্বাসিত হইয়া ধর্ম্মিষ্ঠ বিপ্রেরা বর্ষান্তরে প্রস্থান করিয়াছেন॥ ৪৫॥

স্বল্পতপা বিপ্রগণ কলিযুগের অধিকারে আছেন বটে, কিন্তু তাঁহারা শিশ্নোদরপরায়ণ, অধর্ম্মে লিপ্ত, বৈদিকক্রিয়াবিহীন, পাপী, আচারভ্রষ্ট, নিস্তেজ, শূদ্রসেবী ও আত্মরক্ষায় অসমর্থ হইয়াছেন।" কলিকুল বিনাশেচ্ছু সাধুনাথ হরি ইহা শুনিয়া যথা বিধানে উপনয়ন-সংস্কারে সংস্কৃত হইয়া গুরুগৃহে বাসার্থ প্রস্থান করিলেন॥ ৪৬—৪৮

কল্কিজন্মোপনয়ন নামক দ্বিতীয় অধ্যায় সমাপ্ত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তৃতীয়োঽধ্যায়ঃ

—:০:—

স্মৃত উবাচ।

ততো বস্তুং গুরুকুলে যান্তং কল্কিং নিরীক্ষ সঃ।
মহেন্দ্রাদ্রিস্থিতো রামঃ সমানীয়াশ্রমং প্রভুঃ॥ ১
প্রাহ ত্বাং পাঠয়িষ্যামি গুরুং মাং বিদ্ধি ধর্ম্মতঃ।
ভৃগুবংশসমুৎপন্নং জামদগ্ন্যং মহাপ্রভুম্॥ ২
বেদবেদাঙ্গতত্ত্বজ্ঞং ধনুর্ব্বেদবিশারদম্।
কৃত্বা নিক্ষত্রিয়াং পৃথ্বীং দত্ত্বা বিপ্রায় দক্ষিণাম্॥ ৩
মহেন্দ্রাদ্রৌ তপস্তপ্তু মাগতোঽহং দ্বিজাত্মজ।
ত্বং পঠাত্র নিজং বেদং যচ্চান্যচ্ছাস্ত্রমুত্তমম্॥ ৪
ইতি তদ্বচ আশ্রুত্য সংপ্রহৃষ্টতনূরুহঃ।
কল্কিঃ পুরো নমস্কৃত্য বেদাধীতী ততোঽভবৎ॥ ৫

স্মৃত বলিলেন,—তৎপরে কল্কিকে গুরুগৃহে বাসার্থ গমন করিতে দেখিয়া মহেন্দ্রগিরিবাসী মহাপ্রভাব রাম আপন আশ্রমে তাঁহাকে আনয়ন পূর্ব্বক কহিলেন,—"আমি তোমাকে অধ্যয়ন করাইতে সঙ্কল্প করিয়াছি, আমাকেই তুমি ধর্ম্মানুসারে গুরু বলিয়া স্বীকার করিও। ভৃগুকুলে আমার জন্ম; আমার নাম মহাপ্রভাব জামদগ্ন্য॥ ১—২॥ বেদবেদাঙ্গের নিখিল তত্ত্বই আমার জানা আছে, অধিকন্তু ধনুর্ব্বেদেও আমার ন্যায় দ্বিতীয় পুরুষ লক্ষিত হয় না। আমিই এই পৃথিবীকে ক্ষত্রিয়শূন্য করিয়া বিপ্রগণকে দক্ষিণা প্রদান করিয়াছিলাম॥ ৩॥ তৎপরে তপস্যার্থ এই মহেন্দ্রগিরিতে উপস্থিত হই। হে বিপ্রনন্দন! বেদ কিংবা অপরাপর শাস্ত্র যাহা অভিলাষ হয়, তাহাই তুমি এস্থানে মৎসকাশে শিক্ষা করিতে পারিবে॥ ৪

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সাঙ্গং চতুঃষষ্টিকলং ধনুর্বেদাদিকঞ্চ যৎ।
সমধীত্য জামদগ্ন্যাৎ কল্কি প্রাহ কৃতাঞ্জলিঃ॥ ৬
দক্ষিণাং প্রার্থয় বিভো! যা দেয়া তব সন্নিধৌ।
যয়া মে সর্ব্বসিদ্ধিঃ স্যাদ্‌বা স্যাৎ ত্বত্তোষকারিণী॥ ৭

রাম উবাচ।

ব্রহ্মণা প্রার্থিতো ভূমন্ কলিনিগ্রহকারণাৎ।
বিষ্ণুঃ সর্ব্বাশ্রয়ঃ পূর্ণঃ স জাতঃ শম্ভলে ভবান্॥ ৮
মত্তো বিদ্যাং শিবাদস্ত্রং লব্ধ্বা বেদময়ং শুকম্।
সিংহলে চ প্রিয়াং পদ্মাং ধর্ম্মান্ সংস্থাপয়িষ্যসি॥ ৯
ততো দিগ্বিজয়ে ভূপান্ ধর্ম্মহীনান্ কলিপ্রিয়ান্।
নিগৃহ্য বৌদ্ধান্ দেবাপিং মরুঞ্চ স্থাপয়িষ্যসি॥ ১০

ভৃগুরাম প্রমুখাৎ এই সকল কথা শুনিয়া ভগবান্ কল্কি পরমপ্রীতিপূর্ণ হইলেন এবং ঋষিপদে প্রণাম করিয়া তৎসকাশে বেদপাঠে প্রবৃত্ত হইলেন॥ ৫॥ তিনি রাম সকাশে চতুঃষষ্টি কলা সহ সাঙ্গোপাঙ্গ বেদ ও ধনুর্ব্বেদ শিক্ষা করিয়া করপুটে বলিলেন,—ব্রহ্মন্! আমার অধ্যয়ন ত শেষ হইল, এখন আপনাকে কি গুরুদক্ষিণা দিতে হইবে, আদেশ করুন। আপনি এ প্রকার দক্ষিণা প্রার্থনা করিবেন যেন, তদ্দ্বারা আমার সর্ব্বসিদ্ধিলাভ হয় এবং আপনি পরিতুষ্ট হইতে পারেন॥ ৬—৭

রাম বলিলেন,—"হে মহাভাগ! পদ্মযোনি কলির সংহারার্থ সর্ব্বাশ্রয় পূর্ণ হরির নিকট প্রার্থনা করিলে সেই ভগবান্ হরি শম্ভল গ্রামে অবতীর্ণ হন; তুমিই সেই পূর্ণবিষ্ণু"॥ ৮॥ অধুনা তুমি আমার নিকট বিদ্যা এবং শিবের নিকট অস্ত্র ও বেদময় শুককে প্রাপ্ত হইয়া সিংহলদ্বীপে হরিপ্রণয়িনী পদ্মার পাণিগ্রহণ করিয়া নিত্যধর্ম্ম প্রতিষ্ঠিত করিবে॥ ৯॥ তুমি দিগ্বিজয়ার্থ বিনিষ্ক্রান্ত হইয়া ধর্ম্মহীন কলিপ্রিয় রাজগণকে পরাজয় করিবে এবং বৌদ্ধধর্ম্মাবলম্বিগণকে উন্মূলন পূর্ব্বক দেবাপি ও মরুনামক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

বয়মেতৈস্তু সন্তুষ্টাঃ সাধুকৃত্যৈঃ সদক্ষিণাঃ।
যজ্ঞং দানং তপঃ কর্ম্ম করিষ্যামো যথোচিতম্॥ ১১
ইত্যেতৎ বচনং শ্রুত্বা নমস্কৃত্য মুনিং গুরুম্।
বিল্বোদকেশ্বরং দেবং গত্বা তুষ্টাব শঙ্করম্॥ ১২
পূজয়িত্বা যথান্যায়ং শিবং শান্তং মহেশ্বরম্।
প্রণিপত্যাশুতোষং তং ধ্যাত্বা প্রাহ হৃদি স্থিতম্॥ ১৩

কল্কিরুবাচ।

গৌরীনাথং বিশ্বনাথং শরণ্যং ভূতাবাসং বাসুকিকণ্ঠভূষণম্।
ত্র্যক্ষং পঞ্চাস্যাদিদেবং পুরাণং বন্দে সান্দ্রানন্দসন্দোহদক্ষম্॥ ১৪
যোগাধীশং কামনাশং করালং গঙ্গাসঙ্গাক্লিন্নমূর্দ্ধানমীশম্।
জটাজূটাটোপরিক্ষিপ্তভাবং মহাকালং চন্দ্রভালং নমামি॥ ১৫

ধর্ম্মশীল মহাত্মাদ্বয়কে রাজ্যাধিপত্য প্রদান করিবে॥ ১০॥ এই সমস্ত সৎকর্ম্ম করিলেই আমি প্রীতিলাভ করিব, ইহা হইলেই আমার সম্পূর্ণ দক্ষিণা প্রদত্ত হইবে; কেননা নিত্যধর্ম্ম প্রতিষ্ঠিত হইলেই আমরা যথাযথ বিধানে যন্ত্র, দান তপস্যাচরণ ইত্যাদি পুণ্যক্রিয়ার আচরণ করিতে পারিব॥ ১১

গুরুদেবের এই কথা শুনিয়া ভগবান্ কল্কি তাঁহাকে প্রণাম পূর্ব্বক বিল্বোদকেশ্বর দেবাদিদেব মহাদেবের নিকট উপস্থিত হইলেন এবং তাঁহার স্তুতিবাদ করিতে লাগিলেন॥ ১২॥ তিনি শান্তিগুণের আস্পদ, আশুতোষ মহেশ্বর, দেবাদিদেব শঙ্করকে যথাবিধি অর্চ্চনা করিয়া সাষ্টাঙ্গে নমস্কার পূর্ব্বক স্বীয় হৃৎপদ্মে ধ্যান করিতে প্রবৃত্ত হইলেন॥ ১৩

কল্কি বলিলেন,—"যিনি গৌরীপতি, সর্ব্বজীবের শরণ্য, সর্ব্বভূতের আশ্রয় ও বাসুকি যাঁহার কণ্ঠালঙ্কার, যিনি ত্রিনেত্র, পঞ্চানন ও প্রগাঢ় আনন্দরাশিপ্রদ, সেই পুরাতন আদিদেবকে প্রণাম করি॥ ১৪॥ যিনি যোগাধীশ কাম্যক্রিয়াবিনাশী, করাল ও সুরধুনী সম্পর্কে যাঁহার শিরঃ-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্মশানস্থং ভূতবেতালসঙ্গং নানাশস্ত্রৈঃ খড়্গশূলাদিভিশ্চ।
ব্যগ্রাত্যুগ্রা বহবো লোকনাশে যস্য ক্রোধাদ্ভূতলোকো-
ইস্তমেতি॥ ১৬

যো ভূতাদিঃ পঞ্চভূতৈঃ সিসৃক্ষুঃ তন্মাত্রাত্মা কালকর্ম্মস্বভাবৈঃ।
প্রহৃত্যেদং প্রাপ্য জীবত্বমীশো ব্রহ্মানন্দো রমতে তং নমামি॥ ১৭
স্থিতৌ বিষ্ণুঃ সর্ব্বজিষ্ণুঃ সুরাত্মা লোকান্ সাধূন্ ধর্ম্মসেতূন্ বিভর্ত্তি।
ব্রহ্মাদ্যংশে যোঽভিমানী গুণাত্মা শব্দাদ্যঙ্গৈস্তং পরেশং নমামি॥ ১৮
যস্যাজ্ঞয়া বায়বো বান্তি লোকে জ্বলত্যগ্নিঃ সবিতা যাতি তপ্যন্।
শীতাংশু খে তারকৈঃ সগ্রহৈশ্চ প্রবর্ত্ততে তং পরেশং প্রপদ্যে॥ ১৯

প্রদেশ নিরন্তর আর্দ্র, যিনি জটাজূট দ্বারা বিচিত্রভাব পরিগ্রহ করিয়াছেন সেই মহাকালরূপী শশিশেখরকে প্রণাম করি॥ ১৫॥ যিনি নিরন্তর ভূত বেতালগণ সমভিব্যাহারে শ্মশানে নিবসতি করেন, যাঁহার করে খড়্গ শূলাদি বিবিধ অস্ত্রশস্ত্র বিরাজ করিতেছে, প্রলয়সময়ে নিখিললোক যাঁহার রোষানলে দগ্ধ হইবে, যিনি তামস অহঙ্কারস্বরূপ ও পঞ্চতন্মাত্র-স্বরূপ হইয়া অদৃষ্ট ও কালসহকারে সৃষ্টি বিধান করিয়া থাকেন, যিনি জীবত্বলাভ করত সমস্ত বিসর্জ্জন করিয়া ব্রহ্মানন্দে মগ্ন থাকেন, সেই সর্ব্বেশ্বরকে প্রণাম॥ ১৬—১৭॥ যিনি জগৎ-সংসারের রক্ষাবিধানার্থ সুরাত্মা সর্ব্বজিষ্ণু বিষ্ণুরূপ পরিগ্রহ করিয়া ধর্ম্মের সেতুস্বরূপ সাধুগণকে রক্ষা করিতেছেন, শব্দাদিরূপে গুণাত্মা হইয়া যিনি ব্রহ্মাভিমান প্রকাশ করেন, সেই পরেশ প্রভুকে প্রণাম করি॥ ১৮॥ পবনদেব যাঁহার আদেশে সর্ব্বদা জগতে প্রবাহিত হইতেছেন, বহ্নিদেব যাঁহার আজ্ঞায় নিরন্তর প্রজ্বলিত হন, সূর্য্য কিরণ বিস্তার করিতেছেন এবং চন্দ্রগ্রহ ও তারাকুল গগনপটে আবির্ভূত হইতেছে, সেই পরেশ প্রভুর শরণ গ্রহণ করি॥ ১৯॥ যাঁহার আজ্ঞায় বসুমতী সর্ব্বধাত্রীরূপে অবস্থিত,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যস্যাশ্বাসাৎ সর্ব্বধাত্রী ধরিত্রী দেবো বর্ষত্যম্বু কালঃ প্রমাতা।
মেরুর্মধ্যে ভুবনানাঞ্চ ভর্ত্তা তমীশানং বিশ্বরূপং নমামি ॥ ২০

ইতি কল্কিস্তবং শ্রুত্বা শিবঃ সর্ব্বাত্মদর্শনঃ।
সাক্ষাৎ প্রহ হসন্নীশঃ পার্ব্বতীসহিতোঽগ্রতঃ ॥ ২১

কল্কেঃ সাংস্পৃশ্য হস্তেন সমস্তাবয়বং মুদা।
তমাহ বরয় শ্রেষ্ঠ! বরং যত্তেঽভিকাঙ্ক্ষিতম্ ॥ ২২

ত্বয়া কৃতমিদং স্তোত্রং যে পঠন্তি জনা ভুবি।
তেষাং সর্ব্বার্থসিদ্ধিঃ স্যাদিহ লোকে পরত্র চ ॥ ২৩

বিদ্যার্থী চাপ্নুয়াদ্বিদ্যাং ধর্ম্মার্থী ধর্ম্মমাপ্নুয়াৎ।
কামানবাপ্নুয়াৎ কামী পঠনাৎ শ্রবণাদপি ॥ ২৪

ত্বং গারুড়মিদং চাশ্বং কামগং বহুরূপিণম্।
শুকমেনঞ্চ সর্ব্বজ্ঞং ময়া দত্তং গৃহাণ ভোঃ ॥ ২৫

যাঁহার আদেশে অমরগণ বারিবর্ষণ করেন, যাঁহার আজ্ঞায় কাল কার্য্য-বিভাগ করিতেছেন এবং অখিলভুবনের আধার মেরু যাঁহার নিয়োগে মধ্যভাগে বিরাজিত আছে, সেই বিশ্বরূপী ঈশানকে প্রণাম করি ॥ ২০

সর্ব্বাত্মদর্শী কল্কির এইরূপ স্তুতিবাদ শ্রবণ করিয়া মহেশ্বর গৌরী সমভিব্যাহারে তাঁহার পুরোভাগে প্রাদুর্ভূত হইলেন এবং সহাস্যবদনে কহিতে লাগিলেন ॥ ২১ ॥ তিনি সর্ব্বাগ্রে প্রীতি সহকারে স্বীয় কর দ্বারা কল্কির সর্ব্বাঙ্গ স্পর্শ করিয়া বলিলেন,—"হে শ্রেষ্ঠ! তুমি অভিলষিত বর প্রার্থনা কর" ॥ ২২ ॥ তৎকৃত এই স্তব ধরাধামে যে ব্যক্তি পাঠ করিবে, কি ইহ, কি পরত্র, উভয়লোকেই তাহার সর্ব্বার্থ সিদ্ধিলাভ হইবে ॥ ২৩ ॥ এই স্তব পাঠ করিলে বিদ্যার্থী ব্যক্তি বিদ্যা, ধর্ম্মার্থী ধর্ম্ম এবং কামার্থী সর্ব্ববিধ কাম্যবস্তু লাভ করিতে পারিবে ॥ ২৪ ॥ তুমি এই যে ঘোটকটি নেত্রগোচর করিতেছ, এটি কামগামী ও বহুরূপী, গরুড়ের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সর্ব্বশাস্ত্রস্থবিদ্বাংসং সর্ব্ববেদার্থপারগম্।
জয়িনং সর্ব্বভূতানাং ত্বাং বদিষ্যন্তি মানবাঃ॥ ২৬
রত্নৎসরুং করালঞ্চ করবালং মহাপ্রভম্।
গৃহাণ গুরুভারায়াঃ পৃথিব্যা ভারসাধনম্॥ ২৭
ইতি তদ্বচ আশ্রুত্য নমস্কৃত্য মহেশ্বরম্।
শম্ভলগ্রামমগমৎ তুরগেন ত্বরান্বিতঃ ২৮
পিতরং মাতরং ভ্রাতৃন্ নমস্কৃত্য যথাবিধি।
সর্ব্বং তদ্বর্ণয়ামাস জানদগ্ন্যস্য ভাষিতম্॥ ২৯
শিবস্য বরদানঞ্চ কথয়িত্বা শুভাঃ কথাঃ।
কল্কিঃ পরমতেজস্বী জ্ঞাতিভ্যোঽপ্যবদন্মুদা॥ ৩০
গার্গ্যভর্গ্যবিশালাদ্যাস্তৎ শ্রুত্বা নন্দিতাঃ স্থিতাঃ।
কথোপকথনং জাতং শম্ভলগ্রামবাসিনাম্॥ ৩১

অংশ ইহার উদ্ভব হইয়াছে। আর এই যে শুকপক্ষীটি দেখিতেছ, এটি সর্ব্ববেত্তা; আমি এই উভয়কেই তোমাকে অর্পণ করিতেছি, গ্রহণ কর॥ ২৫॥ এই উভয়ের প্রভাবে তুমি সর্ব্বশাস্ত্রদর্শী, নিখিল অস্ত্রশস্ত্রে বিশারদ, সর্ব্ববেদজ্ঞ সর্ব্বভূতজয়ী বলিয়া গণনীয় হইবে॥ ২৬॥ আরও তোমাকে এই রত্নময় মুষ্টিবিশিষ্ট, মহাপ্রভ, ভীষণ করবাল প্রদান করিতেছি, গ্রহণ কর। এই করবাল গুরুভারা-ধরণীর ভারাপনোদনের একমাত্র সাধনস্বরূপ হইবে॥ ২৭

কল্কি মহাদেবের এই কথা শুনিয়া তৎপদে প্রণাম করত সেই তুরঙ্গ পৃষ্ঠে আরোহণ পূর্ব্বক আশুগতিতে শম্ভলগ্রামে উপস্থিত হইলেন॥ ২৮॥ তিনি যথাবিধি জনক জননী ও সোদরগণকে প্রণাম করিয়া ভৃগুরামপ্রোক্ত সমস্ত বৃত্তান্ত বর্ণন করিলেন॥ ২৯॥ মহাতেজা কল্কি তাঁহাদিগের নিকট শঙ্করদত্ত বরের কথা আদ্যোপান্ত প্রকাশ করিয়া হর্ষবিকাশিতমনে জ্ঞাতিগণসকাশে উপস্থিত হইলেন এবং তাঁহাদিগের নিকট ঐ সকল

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিশাখযূপভূপালঃ শ্রুত্বা তেষাঞ্চ ভাষিতম্।
প্রাদুর্ভাবঃ হরের্মেনে কলিনিগ্রহকারকম্॥ ৩২
মাহিষ্মত্যাং নিজপুরে যাগদানতপোব্রতান্।
ব্রাহ্মণান্ ক্ষত্রিয়ান্ শূদ্রান্ সর্ব্বানপি হরেঃ প্রিয়ান্॥ ৩৩
স্বধর্ম্মনিরতান্ দৃষ্ট্বা ধর্ম্মিষ্ঠোঽভূন্নৃপঃ স্বয়ম্।
প্রজাপালঃ শুদ্ধমনাঃ প্রাদুর্ভাবাৎ শ্রিয়ঃ পতেঃ॥ ৩৪
অধর্ম্মবংশ্যাংস্তান্ দৃষ্ট্বা জনান্ ধর্ম্মক্রিয়াপরান্।
লোভানৃতাদয়ো জগ্মুস্তদ্দেশাৎ দুঃখিতা ভৃশম্॥ ৩৫
জৈত্রং তুরগমারুহ্য খড়্গঞ্চ বিমলপ্রভম্।
দংশিতঃ সশরঃ চাপং গৃহীত্বগাৎ পুরাদ্বহিঃ॥ ৩৬

শুভবৃত্তান্ত বর্ণনা করিলেন॥ ৩০॥ ঐ সকল কথা শ্রবণ করিয়া গার্গ্য, ভর্গ্য, বিশাল প্রভৃতি তদীয় বন্ধুগণের আনন্দের সীমা রহিল না। শম্ভল গ্রামের অধিবাসিগণ পরস্পর কেবল ঐ বিষয়ের কথোপকথনেই প্রবৃত্ত হইল॥ ৩১॥ লোক পরম্পরায় ক্রমে এই সকল কথা নরপতি বিশাখ-যূপের শ্রুতিপথে প্রবেশ করিল; তিনি বুঝিতে পারিলেন যে, কলির দমনার্থ ভগবান্ কল্কি নরধামে অবতীর্ণ হইয়াছেন॥ ৩২॥ নরপতি দেখিলেন, তদীয় মাহিষ্মতী নগরীতে হরিপরায়ণ, দ্বিজাতি, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র সকল বর্ণই যাগনিরত, দানপরায়ণ, তপোমগ্ন ও ব্রতনিষ্ঠ হইয়া উঠিয়াছে॥ ৩৩.

কমলাপতি হরির আবির্ভাবে তৎকালে সকলেই স্বস্বধর্ম্মপরায়ণ হইয়াছে, তদ্দর্শনে নৃপতিও ধর্ম্মানুরাগী হইলেন। তখন তিনি বিমলচিত্তে প্রজাপুঞ্জপালনে প্রবৃত্ত হইলেন॥ ৩৪॥ অধার্ম্মিকের কুলে যাহারা উৎপন্ন হইয়াছিল, তাহারাও একমনে ধর্ম্মকর্ম্মে প্রবৃত্ত হওয়াতে লোভ, মিথ্যা প্রভৃতি কলিবংশ্যগণ বিষণ্ণচিত্তে সে দেশ ত্যাগ করিয়া প্রস্থান করিল॥ ৩৫॥ এদিকে ভগবান্ কল্কি বিমলপ্রভ অসি, সশর ও বর্ম্ম

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিশাখযূপভূপালঃ প্রায়াৎ সাধুজন-প্রিয়ঃ।
কল্কিং দ্রষ্টুং হরেরংশমাবির্ভূতঞ্চ শম্ভলে॥ ৩৭
কবিং প্রাজ্ঞং সুমন্তঞ্চ পুরস্কৃত্য মহাপ্রভম্।
গার্গ্য-ভর্গ্য-বিশালৈশ্চ জ্ঞাতিভিঃ পরিবারিতম্॥ ৩৮
বিশাখযূপো দদৃশে চন্দ্রং তারাগণৈরিব।
পুরাদ্বহিঃ সুরৈর্যদ্বদিন্দ্রমুচ্চৈঃশ্রবঃস্থিতম্॥ ৩৯
বিশাখযূপোবনতঃ সংপ্রহৃষ্টতনূরুহঃ।
কল্কেরালোকনাৎ সদ্যঃ পূর্ণাত্মা বৈষ্ণবোঽভবৎ॥ ৪০
সহ রাজ্ঞা বসন্ কল্কিঃ ধর্ম্মানাহ পুরোদিতান্।
ব্রাহ্মণক্ষত্রিয়বিশামাশ্রমাণাং সমাসতঃ॥ ৪১

ধারণ পূর্ব্বক জৈত্রাশ্বে আরোহণ করিয়া নগরী হইতে বিনিষ্ক্রান্ত হইলেন॥ ৩৬

শম্ভলগ্রামে হরির অংশে কল্কি অবতারের আবির্ভাব হইয়াছে অবগত হইয়া তাঁহাকে দেখিবার জন্য সজ্জনপ্রিয় নরপতি বিশাখযূপ আসিয়া উপস্থিত হইলেন॥ ৩৭॥ তিনি দেখিলেন, সুরগণবেষ্টিত উচ্চৈঃশ্রবারূঢ় দেবেন্দ্রের ন্যায় এবং তারাগণবেষ্টিত চন্দ্রমার ন্যায় কল্কিদেব কবি, প্রাজ্ঞ, সুমন্ত প্রভৃতি মহাতেজস্বিগণ কর্ত্তৃক পুরস্কৃত ও গার্গ্য ভর্গ্যবিশালাদি জ্ঞাতিবৃন্দ কর্ত্তৃক পরিবেষ্টিত হইয়া অশ্বোপরি বিরাজ করিতেছেন॥ ৩৮—৩৯॥ কল্কিদর্শনে নরপতির আনন্দের সীমা রহিল না, তিনি রোমাঞ্চিত শরীরে প্রণাম করিয়া কল্কির কৃপায় আশু পূর্ণাত্মা বৈষ্ণব হইয়া উঠিলেন॥ ৪০॥ কিছুদিন অতীত হইলে, কল্কি সংক্ষেপে ব্রহ্ম, ক্ষত্র, বৈশ্যাদির আশ্রমধর্ম্ম বক্ষ্যমানরূপে কীর্ত্তন করিয়া নরপতিকে কহিলেন,—ধার্ম্মিকেরা আমার অংশ, কলি যুগের প্রভাবে তাহারা ভ্রষ্ট হইয়া পড়িয়াছিল, অধুনা আমি প্রাদুর্ভূত হওয়াতে তাহারা সকলেই সমবেত হইয়াছে। সম্প্রতি তুমি সংযতভাবে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মমাংশান্ কলিবিভ্রষ্টানিতি মজ্জন্মসঙ্গতান্।
রাজসূয়াশ্বমেধাভ্যাং মাং যজস্ব সমাহিতঃ॥ ৪২
অহমেব পরো লোকো ধর্ম্মশ্চাহং সনাতনঃ।
কালস্বভাবসংস্কারাঃ কর্ম্মানুগৃতয়ো মম॥ ৪৩
সোমসূর্য্যকুলে জাতৌ দেবাপিমরুসংজ্ঞকৌ।
স্থাপয়িত্বা কৃতযুগং কৃত্বা যাস্যামি সদ্গতিম্॥ ৪৪
ইতি তদ্বচনং শ্রুত্বা রাজা কল্কিং হরিং প্রভুম্।
প্রণম্য প্রাহ সদ্ধর্ম্মা বৈষ্ণবান্ মনসেপ্সিতান্॥ ৪৫
ইতি নৃপবচনং নিশম্য কল্কিঃ কলিকুলনাশনবাসনাবতারঃ।
নিজজনপরিষদ্বিনোদকারী মধুরবচোভিরাহ সাধুধর্ম্মান্॥ ৪৬

ইতি কল্কিবরলাভো নাম তৃতীয়োঽধ্যায়ঃ॥ ৩

রাজসূয় ও অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান পূর্ব্বক আমার উপাসনা কর॥ ৪১—৪২॥ আমাকেই পরমলোক ও আমাকেই সনাতন ধর্ম্ম বলিয়া জানিবে। কাল ও ভাব অনুসারে ধর্ম্মাধর্ম্মরূপ অদৃষ্ট আমারই বশঙ্গত হইয়া আছে॥ ৪৩॥ আমি সোমবংশজাত নরপতি দেবাপি ও সূর্য্যবংশীয় মরুরাজাকে রাজপদে প্রতিষ্ঠিত করিয়া পুনরায় সত্যযুগ প্রবর্ত্তিত করতঃ বৈকুণ্ঠে প্রস্থান করিব॥ ৪৪

ভগবান্ কল্কির এই কথা শুনিয়া নরপতি বিশাখযূপ তৎপদে প্রণতি পুরঃসর স্বীয়রতিকাঙ্ক্ষিত বৈষ্ণধর্ম্ম বিষয়ক প্রশ্ন করিতে লাগিলেন॥ ৪৫

কলিবংশসংহারকামনায় প্রাদুর্ভূত প্রভু কল্কি স্বীয় অনুচরবৃন্দের চিত্তবিনোদনার্থ মনোহর বচনে সাধুধর্ম্ম কীর্ত্তনে প্রবৃত্ত হইলেন॥ ৪৬

কল্কিবরলাভ নামক তৃতীয় অধ্যায় সমাপ্ত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চতুর্থোঽধ্যায়ঃ

—:০:—

সূত উবাচ।

ততঃ কল্কিঃ সভামধ্যে রাজমানো রবির্যথা।
বভাষে তং নৃপং ধর্ম্মময়ো ধর্ম্মান্ দ্বিজোত্তমান্॥ ১

কল্কিরুবাচ।

কালেন ব্রহ্মণো নাশে প্রলয়ে ময়ি সঙ্গতাঃ।
অহমেবাসমেবাগ্রে নান্যৎ কার্য্যমিদং মম॥২
প্রসুপ্তলোকতন্ত্রস্য দ্বৈতহীনস্য চাত্মনঃ।
সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ।
তদঙ্গজোঽভবদ্ব্রহ্মা বেদবক্ত্রো মহাপ্রভুঃ॥ ৪
জীবোপাধের্মমাংশাচ্চ প্রকৃত্যা রময়া স্বয়া।
ব্রহ্মোপাধিঃ স সর্ব্বজ্ঞো মম বাগ্বেদশাসিতঃ॥ ৫

সূত কহিলেন,—তদনন্তর ধর্ম্মময় কল্কি সভাতলে ভাস্করবৎ শোভমান হইয়া নৃপতিসকাশে এবং দ্বিজশ্রেষ্ঠগণের নিকট ধর্ম্মকথা কীর্ত্তনে প্রবৃত্ত হইলেন॥ ১

কল্কি কহিলেন,—কালসহকারে মহাপ্রলয়সময়ে ব্রহ্মার লয় হইলে সমস্তই আমাতে বিলীন হইয়া যাইবে। পূর্ব্বে একমাত্র আমিই বিদ্যমান ছিলাম, তদ্ব্যতীত অন্য কিছুরই সত্তা ছিল না। ব্রহ্মাদি জীবকুল ও পদার্থ-সমূহ আমা হইতেই উদ্ভূত॥ ২॥ যখন অখিল জগৎ প্রসুপ্ত ছিল, একমাত্র পরমাত্মা ব্যতীত যখন আর দ্বিতীয় পদার্থ বিদ্যমান ছিল না; সেই মহা-নিশার শেষে সৃষ্টিকরণরূপিণী ক্রীড়ার অভিলাষে মদীয় বিরাট মূর্ত্তি প্রকাশিত হইল॥ ৩॥ সেই বিরাটরূপী পুরুষ সহস্রশীর্ষা, সহস্রাক্ষ ও সহস্রপাদ। তৎপরে বেদমুখ মহাপ্রভু ব্রহ্মা সেই বিরাট পুরুষের দেহ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সসর্জ্জ জীবজাতানি কালমায়াংশযোগতঃ।
দেব-মন্বাদয়ো লোকাঃ সপ্রজাপতয়ঃ প্রভুঃ॥ ৬
গুণিন্যা মায়য়াংশা মে নানোপাধৌ সসর্জ্জিরে।
সোপাধয় ইমে লোকা দেবাঃ সস্থানুজঙ্গমাঃ॥ ৭
মমাংশা মায়য়া সৃষ্টা যতো ময্যাবিশন্‌লয়ে।
এবংবিধা ব্রাহ্মণা যে মৎশরীরা মদাত্মকাঃ॥ ৮
মামুদ্ধরন্তি ভুবনে যজ্ঞাধ্যয়নসৎক্রিয়াঃ।
মাং প্রসেবন্তি শংসন্তি তপোদানক্রিয়াস্বিহ॥ ৯
স্মরন্ত্যামোদয়ন্ত্যেব নান্যে দেবাদয়স্তথা।
ব্রাহ্মণা বেদবক্তারো বেদাত্মমূর্ত্তয়ঃ পরাঃ॥ ১০

হইতে সমুদ্ভূত হইলেন॥ ৪॥ সেই সর্ব্ববেত্তা পুরুষ মদীয় বাক্যরূপ বেদ দ্বারা শাসিত হইয়া আমার জীবাত্মা বা পুরুষসংজ্ঞক অংশ হইতে প্রকৃতি (মায়া) দ্বারা মদীয় কালরূপ অংশের সহিত জীবকুলের উৎপাদনে প্রবৃত্ত হইলেন। সর্ব্বাগ্রে প্রজাপতিবৃন্দ, মনু প্রভৃতি নরগণ ও বেদসমূহের সৃষ্টি হইল॥ ৫—৬॥ ইঁহারা সকলে মদীয় অংশ হইলেও সত্ত্বাদিত্রিগুণবতী মায়াবলে বিবিধ উপায় পরিগ্রহ করিলেন। তাহাতেই নিখিল সুরগণ অখিল লোক ও স্থাবরজঙ্গমাদি সকল উপাধিসমন্বিত (নামরূপধারী) হইয়াছেন॥ ৭॥ মায়াবলে যাঁহাদিগের উদ্ভব হইয়াছে, তাঁহাদিগকে মদীয় অংশ বলিয়া জানিবে, তাঁহারা আমাতেই বিলীন হইবেন। সেই সমস্ত ব্রাহ্মণ আমার দেহস্বরূপ ও মদাত্মিক॥ ৮॥ ঐ সমস্ত বিপ্র যজ্ঞ, স্বাধ্যায়পাঠ ও সৎক্রিয়ানুষ্ঠান দ্বারা আমাকে পরিত্রাণ করেন, তাঁহারা তপোদানাদি দ্বারা আমার আরাধনায় সতত নিযুক্ত থাকেন॥ ৯

বেদবক্তা বেদাত্মমূর্ত্তি দ্বিজাতিগণ আমাকে যে প্রকার স্মরণ করেন, তাঁহারা যে প্রকারে আমাকে আনন্দিত করেন, দেবতা বা অন্য কাহারও সেরূপ করিবার সামর্থ্য নাই॥ ১০

৩

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তস্মাদিমে ব্রাহ্মণজাস্তৈঃ পুষ্টাস্ত্রিজগজ্জনাঃ।
জগন্তি মে শরীরাণি তং পোষে ব্রাহ্মণো বরঃ ॥ ১১
তেনাহং তান্ নমস্যামি শুদ্ধসত্ত্বগুণাশ্রয়াঃ।
ততো জগন্ময়ংপূর্ণং মাং সেবন্তেঽখিলাশ্রয়াঃ ॥ ১২

বিশাখযূপ উবাচ।

বিপ্রস্য লক্ষণং ব্রূহি তদ্ভক্তিঃ কা চ তৎকৃতা।
যতস্তবানুগ্রহেণ বাগ্বাণা ব্রাহ্মণঃ কৃতাঃ ॥ ১৩

কল্কিরুবাচ।

বেদা মামীশ্বরং প্রাহুরব্যক্তং ব্যক্তিমৎ পরম্।
তে বেদা ব্রাহ্মণমুখে নানাধর্ম্মে প্রকাশিতাঃ ॥ ১৪
যো ধর্ম্মো ব্রাহ্মণানাং হি সা ভক্তির্মম পুষ্কলা।
তয়াহং তোষিতঃ শ্রীশঃ সম্ভবামি যুগে যুগে ॥ ১৫

দ্বিজাতি দ্বারাই বেদ প্রকাশপ্রাপ্ত হয়; ঐ বেদ হইতে সংসারে সর্ব্বলোক সুরক্ষিত হইতেছে। নিখিল লোকই আমার দেহ, সুতরাং আমার দেহ পোষণবিষয়ে দ্বিজাতিই প্রধান সাধনস্বরূপ ॥ ১১ ॥ এই জন্যই আমি পবিত্র সত্ত্বগুণাশ্রয় হইয়া সেই সকল ব্রাহ্মণকে প্রণাম করি, সকলের আশ্রয়স্বরূপ দ্বিজাতিগণও আমাকে পূর্ণ জগন্ময় জ্ঞানে সেবা করেন ॥ ১২

বিশাখযূপ জিজ্ঞাসা করিলেন,—"ভগবন্ বিপ্রের লক্ষণ কীর্ত্তন করুন, তাঁহারা আপনার প্রতি কি প্রকার ভক্তি প্রদর্শন করেন যে, ভবদীয় কৃপায় তাঁহাদের বাক্যই বাণস্বরূপ হইয়াছে ॥ ১৩

কল্কি কহিলেন,—বেদসমূহে আমি চরাচর ব্যক্তপদার্থের অতীত, অব্যক্ত ঈশ্বর বলিয়া কীর্ত্তিত। সেই বেদ দ্বিজাতিমুখে নানাধর্ম্মে প্রকটিত হইতেছে ॥ ১৪ ॥ দ্বিজাতিগণের যে ধর্ম্ম তাহাই মৎপ্রতি প্রচুর ভক্তিস্বরূপ। আমি সেই ধর্ম্মরূপ ভক্তি দ্বারা প্রীত হইয়া যুগে যুগে লক্ষ্মীর সহিত প্রাদুর্ভূত হই ॥ ১৫ ॥ সধবা বিপ্রকুমারীরা ত্রিগুণিত সূত্রকে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ঊর্দ্ধন্তু ত্রিবৃতং সূত্রং সধবানির্ম্মিতং শনৈঃ।
তন্তুত্রয়মধোবৃত্তং যজ্ঞসূত্রং বিদুর্বুধাঃ॥ ১৬
ত্রিগুণং তদ্‌গ্রন্থিযুক্তং বেদপ্রবরসম্মিতম্।
শিরোধরাৎ নাভিমধ্যাৎ পৃষ্ঠার্দ্ধ-পরিমাণকম্॥ ১৭
যজুর্ব্বিদাং নাভিমিতং সামগানাময়ং বিধিম্।
বামস্কন্ধেন বিধৃতং যজ্ঞসূত্রং বলপ্রদম্॥ ১৮
মৃদ্ভস্মচন্দনাদ্যৈস্তু ধারয়েৎ তিলকং দ্বিজঃ।
ভালে ত্রিপুণ্ড্রং কর্ম্মাঙ্গং কেশপর্য্যন্তমুজ্জ্বলম্ ॥ ১৯
পুণ্ড্রমঙ্গুলিমানন্তু ত্রিপুণ্ড্রং তৎ ত্রিধা কৃতম্।
ব্রহ্মবিষ্ণুশিবাবাসং দর্শনাৎ পাপনাশনম্॥ ২০
ব্রাহ্মণানাং করে স্বর্গা বাচো বেদাঃ করে হবিঃ।
গাত্রে তীর্থানি রাগাশ্চ নাড়ীষু প্রকৃতিস্ত্রিবৃৎ॥ ২১

ত্রিগুণ করিয়া গ্রন্থি দিলে তাহার নাম যজ্ঞসূত্র॥ ১৬॥ বেদানুসারে ও প্রবরানুযায়ী গ্রন্থিবিশিষ্ট সেই যজ্ঞসূত্র ত্রিগুণ করিয়া ধারণ করিতে হয়; উহা পৃষ্ঠভাগকে দ্বিভাগ করত গলদেশ হইতে নাভিমধ্য পর্য্যন্ত বিলম্বিত থাকিবে॥ ১৭॥ যজুর্ব্বেদীগণকে এই প্রকার যজ্ঞসূত্র ধারণ করিতে হয়। সামবেদীগণের যজ্ঞসূত্র নাভিপ্রদেশ অতিক্রম পূর্ব্বক অবস্থিতি করে, ইহাই তাঁহাদিগের পক্ষে ব্যবস্থা। বামস্কন্ধে যজ্ঞসূত্র ধারণ করিলে উহা বলপ্রদ হয়॥ ১৮॥ মৃত্তিকা, ভস্ম ও চন্দন ইত্যাদি দ্বারা তিলক ধারণ করাই কর্ত্তব্য, সমুজ্জল ত্রিপুণ্ড্র ধর্ম্মক্রিয়ার অঙ্গস্বরূপ, ব্রাহ্মণেরা ভালতট হইতে শিক্ষা পর্য্যন্ত ঐ ত্রিপুণ্ড্র ধারণ করিবেন॥ ১৯॥ অঙ্গুলী প্রমাণ পুণ্ড্র ত্রিগুণিত হইলেই তাহার নাম ত্রিপুণ্ড্র। ত্রিপুণ্ড্রে বিধি বিষ্ণু ও হর অবস্থিতি করেন। ত্রিপুণ্ড্র দর্শনে পাপ দূর হইয়া যায়॥ ২০॥ স্বর্গ দ্বিজাতির করেই বিদ্যমান, কেননা, তাঁহাদিগের বাণীই বেদ, করে হব্য, অঙ্গে নিখিল তীর্থ ও ধর্ম্মানুরাগ এবং

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সাবিত্রী কণ্ঠকুহরা হৃদয়ং ব্রহ্মসংজ্ঞিতম্।
তেষাং স্তনান্তরে ধর্ম্মঃ পৃষ্ঠেঽধর্ম্মঃ প্রকীর্ত্তিতঃ॥ ২২
ভূদেবা ব্রাহ্মণা রাজন্! পূজ্যা বন্দ্যাঃ সদুক্তিভিঃ।
চতুরাশ্রম্যকুশল মম ধর্ম্ম-প্রবর্ত্তকাঃ॥ ২৩
বালাশ্চাপি জ্ঞানবৃদ্ধা স্তপোবৃদ্ধা মম প্রিয়াঃ।
তেষাং বচঃ পালয়িতুং অবতারাঃ কৃতা ময়া॥ ২৪
মহাভাগ্যং ব্রাহ্মণানাং সর্ব্বপাপপ্রণাশনম্।
কলিদোষহরং শ্রুতা মুচ্যতে সর্ব্বতো ভয়াৎ॥ ২৫
ইতি কল্কিবচঃশ্রুত্বা কলিদোষাবিনাশনম্।
প্রণম্য তং শুদ্ধমনাঃ প্রযযৌ বৈষ্ণবাগ্রণীঃ॥ ২৬
গতে রাজনি সন্ধ্যায়াং শিবদত্তশুকো বুধঃ।
চরিত্বা কল্কিপুরতঃ স্তুত্বা তং পরতঃ স্থিতঃ॥ ২৭

নাভিস্থলে ত্রিগুণময়ী প্রকৃতি বিরাজমান॥ ২১॥ ব্রাহ্মণের সম্বন্ধে সাবিত্রী কণ্ঠহার এবং অন্তঃকরণ ব্রহ্মস্বরূপ। তাঁহাদের বক্ষঃপ্রদেশে ধর্ম্ম ও পৃষ্ঠভাগে অধর্ম্ম বিদ্যমান॥ ২২॥ হে নৃপতে! বিপ্রগণ ভূদেব বলিয়া পরিগণিত, সুতরাং তাঁহাদিগকে অর্চ্চনা করা ও সৎকথা দ্বারা তাঁহাদিগের প্রতি সম্মান প্রদর্শন করা বিধেয়। তাঁহারা গার্হস্থ্যাদি সকল আশ্রমে অবস্থান পূর্ব্বক আমার ধর্ম্ম প্রচার করিয়া থাকেন॥২৩॥ বিপ্রগণের মধ্যে যাঁহারা বালক, তাঁহারাও জ্ঞানবৃদ্ধ, তপোবৃদ্ধ ও মৎপ্রিয় সন্দেহ নাই। তাঁহাদের মুখবিনিসৃত বাণী সফল করিবার জন্যই আমি মর্ত্ত্যে আগমন করিয়া থাকি॥ ২৪॥ দ্বিজাতি-বৃন্দের এই মহাভাগ্যের কথা শ্রবণ করিলে নিখিল পাপ বিদূরিত হয়, কলি-কলুষ হইতে মুক্তিলাভ করিতে পারা যায় এবং সেই শ্রোতার অন্তরে কোন-রূপে ভয়ের আশঙ্কা থাকে না॥ ২৫॥ পরমবৈষ্ণব নরপতি বিশাখযূপ কল্কি প্রমুখাৎ কলিকলুষহারিণী বাণী শ্রবণপূর্ব্বক বিশুদ্ধমনে প্রস্থান করিলেন॥ ২৬

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তং শুকং প্রাহ কল্কিস্তু সস্মিতং স্তুতিপাঠকম্।
স্বাগতং ভবতা কস্মাৎ দেশাৎ কিং খাদিতং ততঃ॥ ২৮

শুক উবাচ।

শৃণু নাথ! বচো মহ্যং কৌতূহলসমন্বিতম্।
অহং গতশ্চ জলধের্মধ্যে সিংহলসংজ্ঞকে॥ ২৯
যথাবৃত্তং দীপগতং চরিত্রং শ্রবণপ্রিয়ম্।
বৃহদ্রথস্য নৃপতেঃ কন্যায়াশ্চরিতামৃতম্॥ ৩০
কৌমুদ্যামিহ জাতায়া জগতাং পাপনাশনম্।
চরিতং সিংহলে দ্বীপে চাতুর্ব্বর্ণ্যজনাবৃতে॥ ৩১
প্রাসাদ-হর্ম্ম্য-সদন-পুর-রাজি-বিরাজিতে।
রত্ন-স্ফটিক-কুড্যাদি-স্বর্ণভাতিবিরাজিতে॥ ৩২

ক্রমে সন্ধ্যা সমাগত হইল। তখন হরনত্ত মহাজ্ঞানী শুক সমস্ত দিবা ভ্রমণ পূর্ব্বক কল্কিসকাশে সমাগত হইল এবং তদীয় স্তুতিবাদ করিয়া পুরোভাগে দণ্ডায়মান রহিল॥ ২৭॥ স্তবপাঠক শুককে দেখিয়া কল্কি মৃদুহাস্যে জিজ্ঞাসা করিলেন,—তোমার মঙ্গল ত? তুমি কোথা হইতে আসিতেছ? কি আহার করিয়াছ? ২৮

শুক বলিল,—"প্রভো! আমি একটি কৌতূহলের কথা বলিতেছি, অবধান করুন। আমি সমুদ্রগর্ভস্থ সিংহলদ্বীপে গমন করিয়াছিলাম॥ ২৯ সেই দ্বীপের চরিত্র (বৃত্তান্ত) শ্রবণ করুন। তথায় বৃহদ্রথ নামে এক রাজা আছেন, তাঁহার কন্যার চরিতামৃত অতি শ্রুতিপ্রিয়॥ ৩০

"রাজমহিষী কৌমুদীর গর্ভে সেই কন্যার জন্ম। তাহার চরিত্র শ্রবণ করিলে সংসারের পাপ বিদূরিত হয়। সেই দ্বীপে ব্রহ্মণাদি চতুর্ব্বর্ণই অবস্থিতি করে॥ ৩১॥ সেই দ্বীপে মনোহর প্রসাদ, হর্ম্ম্য, গৃহ ও নগরাদিতে বিরাজিত। স্থানে স্থানে রত্নময় ও স্ফটিকময় কুড্যাদি সুশোভিত রহিয়াছে। সকল স্থানই রমণীয় স্বর্ণ প্রভারাজি বিমণ্ডিত॥ ৩২

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্ত্রীভিরুত্তমবেশাভিঃ পদ্মিনীভিঃ সমাবৃতে।
সরোভিঃ সারসৈর্হংসৈরুপকূলজলাকুলে ॥ ৩৩

ভৃঙ্গরঙ্গপ্রসাঙ্গাঢ্যে পদ্মৈঃ কহ্লারকুন্দকৈঃ।
নানাম্বুজলতাজালবনোপবনমণ্ডিতে ॥ ৩৪

দেশে বৃহদ্রথো রাজা মহাবলপরাক্রমঃ।
তস্য পদ্মাবতী কন্যা ধন্যা রেজে যশস্বিনী ॥ ৩৫

ভুবনে দুর্ল্লভা লোকেঽপ্রতিমা বরবর্ণিনী।
কামমোহকরী চারুচরিত্রা চিত্রনির্ম্মিতা ॥ ৩৬

শিসসেবাপরা গৌরী যথা পূজ্যা সুসম্মতা।
সখীভিঃ কন্যকাভিশ্চ জপধ্যানপরায়ণা ॥ ৩৭

চারিদিকেই উত্তমবেশা পদ্মিনী-রমণীদিগের বাস। কোন কোন স্থানে দিব্য সরোবর বিরাজিত, সারস ও হংসেরা সেই সকল সরোবরের উপকূল-জলে ক্রীড়া করিয়া বেড়াইতেছে ॥ ৩৩ ॥ পদ্ম, কহ্লার, কুন্দ প্রভৃতি পুষ্পে ঐ সকল সরসী সুশোভিত, ভৃঙ্গগণ রঙ্গরসে মত্ত হইয়া সেই সকল পুষ্পে বিচরণ করিতেছে। চারিদিকেই পদ্ম, চারিদিকেই লতাজাল, চারিদিকেই বন ও চারিদিকেই উপবন সুশোভিত ॥ ৩৪ ॥ মহাপরাক্রমশালী বৃহদ্রথ নরপতি তথায় অবস্থিতি করেন। তাঁহার যে কন্যাটির কথা বলিলাম, সেই কন্যা ধন্যা ও যশস্বিনী, তাঁহার নাম পদ্মাবতী। তাদৃশী বরবর্ণিনী অনুপম-রূপবতী নন্দিনী ত্রিলোকীতলে দুর্ল্লভ। তাঁহাকে দর্শন করিলে মদন-মোহকরী রতি বলিয়াই প্রতীতি জন্মে। বিধাতা অতীব আশ্চর্য্য সৃষ্টি করিয়াছেন। তাঁহার চরিত্রও অতি বিচিত্র ॥ ৩৫—৩৬ ॥ সখীবৃন্দের সহিত হরসেবাপরায়ণা হৈমবতী যেরূপ সর্ব্বজনের অভিবাদ্যা ও সম্মাননীয়া হইয়াছিলেন, সেই রাজনন্দিনী ও সখীদিগের সহিত ও অন্যান্য কন্যার সহিত জপধ্যানে অভিনিবিষ্ট রহিয়াছেন ॥ ৩৭

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জ্ঞাত্বা তাঞ্চ হরের্লক্ষ্মীং সমুদ্ভূতাং বরাননাম্।
হরঃ প্রাদুরভূৎ সাক্ষাৎ পার্ব্বত্যা সহ হর্ষিতঃ ॥ ৩৮
সা তমালোক্য বরদং শিবং গৌরীসমন্বিতম্।
লজ্জিতাধোমুখী কিঞ্চিন্নোবাচ পুরতঃ স্থিতা ॥ ৩৯
হরস্তামাহ সুভগে! তব নারায়ণঃ পতিঃ।
পাণিং গ্রহীষ্যতি মুদা নান্যো যোগ্যা নৃপাত্মজঃ ॥ ৪০
কামভাবেন ভুবনে যে ত্বাং পশ্যন্তি মানবাঃ।
তেনৈব বয়সা নার্য্যো ভবিষ্যন্ত্যপি তৎক্ষণাৎ ॥ ৪১
দেবাসুরাস্তথা নাগা-গন্ধর্ব্বাশ্চারণাদয়ঃ।
ত্বয়া রন্তুং যদাকালে ভবিষ্যন্তি কিল স্ত্রিয়ঃ ॥ ৪২
বিনা নারায়ণং দেবং ত্বৎপাণিগ্রহণার্থিনম্।
গৃহং যাহি তপস্ত্যক্ত্বা ভোগায়তনমুত্তমম্ ॥ ৪৩

বরাননা হরিপ্রণয়িনী কমলা ধরাতলে অবতীর্ণা হইয়াছেন জানিতে পারিয়া দেবদেব শঙ্কর সানন্দচিত্তে গৌরী সমভিব্যাহারে তথায় প্রাদুর্ভূত হইলেন ॥ ৩৮ ॥ পার্ব্বতীসহচর শশিমৌলিকে বরপ্রদানার্থ পুরোভাগে সমাগত দেখিয়া পদ্মাবতী লজ্জাবেশে অধোবদনে দণ্ডায়মান রহিলেন, তাঁহার মুখপদ্ম হইতে একটিও বাক্য নির্গত হইল না ॥ ৩৯ ॥ তখন পশুপতি তাঁহাকে সম্বোধন করিয়া কহিলেন,—সুভগে! তুমি নারায়ণকে পতি লাভ করিবে; তিনি প্রসন্নহৃদয়ে তোমার পাণিপীড়ন করিবেন; অন্য কোন রাজপুত্রই তোমার উপযুক্ত পাত্র নহেন ॥ ৪০ ॥ যাহারা তোমাকে সকামভাবে নিরীক্ষণ করিবে, তাহারা সেই বয়সেই তৎক্ষণাৎ স্ত্রীরূপ প্রাপ্ত হইবে ॥ ৪১

সুরগণ, দৈত্যগণ, নাগবৃন্দ, গন্ধর্ব্বগণ, চারণগণ ও অপরাপর সকলের মধ্যে যে কেহ তোমার সহিত সহবাস কামনা করিবে, সে ব্যক্তি যথাকালে স্ত্রীভাব প্রাপ্ত হইবে ॥ ৪২ ॥ কিন্তু তোমার করগ্রহণার্থী হরি এ অভিশাপে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মা ক্ষোভয় হরেঃ পত্নি! কমলে! বিমলং কুরু!
ইতি দত্ত্বা বরং সোমস্তত্রৈবান্তর্দধে হরঃ ॥ ৪৪
হরবরমিতি সা নিশম্য পদ্মা, সমুচিতমাত্মমনোরথপ্রকাশম্।
বিকসিতবদনা প্রণম্য সোমং, নিজজনকালয়মাবিবেশ রামা ॥ ৪৫

ইতি হর-বরপ্রদানং নাম চতুর্থোঽধ্যায়ঃ ॥

পঞ্চমোঽধ্যায়ঃ

—০:*:০—

শুক উবাচ।

গতে বহুতিথে কালে পদ্মাং বীক্ষ্য বৃহদ্রথঃ।
নিরূঢ়যৌবনাং পুত্রীং বিস্মিতঃ পাপশঙ্কয়া ॥ ১
কৌমুদীং প্রাহ মহিষীং পদ্মোদ্বাহেঽত্র কং নৃপম্।
বরয়িষ্যামি সুভগে! কুলশীলসমন্বিতম্ ॥ ২

অভিশপ্ত হইবেন না, অন্য সকলের প্রতিই এই অভিশাপ ফলিবে। তুমি সম্প্রতি তপস্যায় বিরত হইয়া গৃহে গমন কর। নানাসুখভোগের আবাসরূপ এই সুকুমার দেহকে আর শুষ্ক করিও না। হে হরিপ্রণয়িনি কমলে! এই সুকোমল শরীরকে বিমল রাখিতে যত্ন কর। "পশুপতি এই প্রকার বরদান করিয়া সেই স্থানেই তিরোহিত হইলেন ॥ ৪৩-৪৪ ॥ শিবের নিকট মনোভিলষিত যথাযোগ্য বরলাভ করিয়া পদ্মার আনন্দের সীমা রহিল না, তাঁহার বদনপদ্ম বিকসিত হইয়া উঠিল। তখন তিনি উমা ও শূলপাণিকে প্রণাম করিয়া পিতৃভবনে প্রবেশ করিলেন ॥ ৫৫"

ইতি হর-বরপ্রদান নামক চতুর্থ অধ্যায় সমাপ্ত।

শুক বলিল,—তদনন্তর বহুদিন সমতীত হইলে পদ্মাকে নিরূঢ়-যৌবনা দেখিয়া পাপাশঙ্কায় নরপতি বৃহদ্রথের অন্তর বিস্ময়াকুল হইয়া

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সা তমাহ পতিং দেবী শিবেন প্রতিভাষিতম্।
বিষ্ণুরস্যাঃ পতিরিতি ভবিষ্যতি ন সংশয়॥ ৩

ইতি তস্যাবচঃ শ্রুত্বা রাজা প্রাহ কদেতি তাম্।
বিষ্ণুঃ সর্ব্বগুহাবাসঃ পাণিমস্যা গ্রহীষ্যতি॥ ৪

ন মে ভাগ্যোদয়ঃ কশ্চিৎ যেন জামাতরং হরিম্।
বরয়িষ্যামি কন্যার্থে বেদবত্যা মুনের্যথা॥ ৫

ইমং স্বয়ংবরাং পদ্মাং পদ্মামিব মহোদধেঃ।
মথনেঽসুরদেবানাং তথা বিষ্ণুর্গ্রহীষ্যতি॥ ৬

ইতি ভূপগণান্ ভূপঃ সমাহূয় পুরস্কৃতান্।
গুণশীলবয়োরূপবিদ্যাদ্রবিণসংবৃতান্॥ ৭

উঠিল। তিনি রাজমহিষী কৌমুদীকে সম্বোধন করিয়া বলিলেন,—"সুভগে! কোন্ কুলশীলবান্ নৃপতির করে কন্যাসম্প্রদান করিয়া তাঁহাকে জামাতৃত্বে বরণ করিব॥ ১—২"

পতিকে সম্বোধন করিয়া রাজমহিষী কৌমুদী বলিলেন,—"রাজন্! পার্ব্বতীনাথ বলিয়া গিয়াছেন, হরি পদ্মার পতি হইবেন সন্দেহ নাই॥ ৩

মহিষীর এই কথা শুনিয়া রাজা বৃহদ্রথ কহিলেন,—"সর্ব্বগত হরি কতদিনে ইহার করগ্রহণ করিবেন? ॥ ৪ ॥ আমি এমন কি ভাগ্যবান্ যে বিষ্ণুকে নন্দিনী সম্প্রদান করিব? এমন কি পুণ্য করিয়াছি যে, হরিকে জামাতৃত্বে বরণ করিব? অতএব মুনিকুমারী বেদবতী যেরূপ স্বয়ংবরসভায় উপস্থিত হইয়াছিলেন, তদ্রূপ আমিও দেবদানবগণ কর্ত্তৃক সাগরমন্থন সময়ে সমুদ্রগর্ভ হইতে উত্থিত পদ্মার ন্যায় আমার দুহিতারত্ন এই পদ্মাকে স্বয়ম্বর সভাসমক্ষে উপস্থিত করিব, হরি তাহাকে গ্রহণ করিবেন॥ ৫—৬"

নরপতি এই প্রকার কৃতনিশ্চয় হইয়া গুণশীলবান্ সচ্চরিত্র, বিদ্বান্ ঐশ্বর্য্যসম্পন্ন যুবা নরপতিগণকে সসম্মানে আমন্ত্রণ করিলেন॥ ৭

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্বয়ংবরার্থং পদ্মায়াঃ সিংহলে বহুমঙ্গলে।
বিচার্য্য কারয়ামাস স্থানং ভূপনিবেশনম্॥ ৮

তত্রায়াতা নৃপাঃ সর্ব্বে বিবাহকৃতনিশ্চয়াঃ।
নিজসৈন্যৈঃ পরিবৃতাঃ স্বর্ণরত্নবিভূষিতাঃ॥ ৯

রথান্ গজানশ্ববরান্ সমারূঢ়া মহাবলাঃ।
শ্বেতচ্ছত্রকৃতচ্ছায়াঃ শ্বেতচামরবীজিতাঃ॥ ১০

শস্ত্রাস্ত্রতেজসা দীপ্তা দেবাঃ সেন্দ্রা ইবাভবন্।
রুচিরাশ্বঃ সুকর্ম্মা চ মদিরাক্ষো দৃঢ়াশুগঃ॥ ১১

কৃষ্ণসারঃ পারদশ্চ জীমূতঃ ক্রূরমর্দ্দনঃ।
কাশঃ কুশাম্বুর্বসুমান্ কঙ্কঃ ক্রথনসৃঞ্জয়ৌ॥ ১২

গুরুমিত্রঃ প্রমাথী চ বিজৃম্ভঃ সঞ্জয়োঽক্ষমঃ।
এতে চান্যে চ বহবঃ সমায়াতা মহাবলাঃ॥ ১৩

কুমারী স্বয়ংবরার্থ রাজা সিংহলদ্বীপে নানারূপ মাঙ্গলিকী ক্রিয়ার অনুষ্ঠানে আদেশ প্রদান করিলেন। তদনন্তর সুবিবেচনা সহকারে আমন্ত্রিত নৃপতিবৃন্দের সন্নিবেশার্থ যথাযথ স্থান নিরূপিত করিলেন॥ ৮

এদিকে রাজকুমারীর পাণিগ্রহণাভিলাষী নৃপতিগণ স্বর্ণরত্নালঙ্কারে অলঙ্কৃত হইয়া নিজ নিজ সৈন্য সহ সিংহলদ্বীপে সমাগত হইতে আরম্ভ করিলেন॥ ৯॥ তাঁহাদিগের মধ্যে কেহ রথে, কেহ হস্তীতে, কেহ বা অত্যুত্তম ঘোটকে আরূঢ় হইয়া উপস্থিত হইলেন। তাঁহারা সকলেই মহাবল-পরাক্রমশালী, শ্বেতচ্ছত্রে সুশোভিত ও শুভ্রচামরে উপবীজিত॥ ১০॥ সুরগণে পরিবেষ্টিত দেবেন্দ্র যেমন শোভা প্রাপ্ত হন, রাজকুমারেরাও সেইরূপ অস্ত্রশস্ত্রতেজে প্রদীপ্ত হইয়া বিরাজ করিতে লাগিলেন। এইরূপে রুচিরাশ্ব, সুকর্ম্মা, মদিরাক্ষ, দৃঢ়াশুগ, কৃষ্ণসার, পারদ, জীমূত, ক্রূরমর্দ্দন, কাশ, কুশাম্বু, বসুমান্, কঙ্ক, ক্রথন, সৃঞ্জয়, গুরুমিত্র, প্রমাথী, বিজৃম্ভ, সঞ্জয়,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিবিশুস্তে রঙ্গগতা স্বস্বস্থানেষু পূজিতাঃ।
বাদ্যতাণ্ডবসংহৃষ্টাশ্চিত্রমাল্যাম্বরাধরাঃ ॥ ১৪
নানাভোগসুখোদ্রিক্তাঃ কামরামা রতিপ্রদাঃ।
তানালোক্য সিংহলেশঃ স্বাং কন্যাং বরবর্ণিনীম্ ॥ ১৫
গৌরীং চন্দ্রাননাং শ্যামাং তারহারবিভূষিতাম্।
মণিমুক্তাপ্রবালৈশ্চ সর্ব্বাঙ্গালঙ্কৃতাং শুভাম্ ॥ ১৬
কিং মায়াং মোহজননীং কিংবা কামপ্রিয়াং ভুবি।
রূপলাবণ্যসম্পত্ত্যা ন চান্যামিহ দৃষ্টবান্ ॥ ১৭
স্বর্গে ক্ষিতৌ বা পাতালেঽপ্যহং সর্ব্বত্রগো যদি।
পশ্চাদ্দাসীগণৈঃ কীর্ণাং সখীভিঃ পরিবারিতাম্ ॥ ১৮

অক্ষম এই সকল নৃপতি ও অপরাপর অসংখ্য বলবীর্য্যশালী ভূপতি উপস্থিত হইয়াছিলেন ॥ ১১—১৩ ॥ নৃপতিবৃন্দ রঙ্গস্থলে প্রবেশ-পূর্ব্বক যথাযোগ্য সৎকারে অভিনন্দিত হইয়া স্ব স্ব আসনে উপবেশন করিলে তাঁহাদের প্রীতি-সাধনার্থ চারিদিকে নৃত্যগীত হইতে লাগিল। নৃপতিবর্গের বিচিত্রবসনে স্বয়ংবরস্থলী বিচিত্রশোভাময়ী হইয়া উঠিল ॥ ১৪

বিবিধ ভোগসুখোদ্রিক্ত নৃপতিগণকে দেখিয়া সকলেরই নয়ন ও মন বিকসিত হইল। এইরূপে সমস্ত রাজাকে সমাগত দেখিয়া সিংহলপতি অপরূপরূপবতী স্বীয় নন্দিনীকে সভাস্থলে আনয়ন করিতে আজ্ঞা প্রদান করিলেন ॥ ১৫

কন্যাটি গৌরাঙ্গী, বিধুমুখী, শ্যামা, সুলক্ষণবিশিষ্টা ও দিব্যহারে অলঙ্কৃতা। তাঁহার সর্ব্বাঙ্গ মণি, মুক্তা ও প্রবালভূষণে বিমণ্ডিত ॥ ১৬

তাঁহাকে দেখিয়া আমি মনে করিলাম, ইনি কি মোহকরী মূর্ত্তিমতী মায়া? কিংবা মদনতোষিণী সাক্ষাৎ রতিদেবী ধরাতলে অবতীর্ণা হইয়াছেন। আমি স্বর্গ, মর্ত্ত্য, ত্রিভুবন বিচরণ করিয়াছি, কিন্তু পদ্মার ন্যায় রূপলাবণ্য কুত্রাপি দৃষ্টিগোচর হয় নাই ॥ ১৭

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দৌবারিকৈর্বেত্রহস্তৈঃ শাসিতাস্তাং পুরাদ্বহিঃ।
পুরোবন্দিগণাকীর্ণাং প্রাপয়ামাস তাং শনৈঃ ॥ ১৯
নূপুরৈঃ কিঙ্কিণীভিশ্চ ক্বণন্তীং জনমোহিনীম্।
স্বাগতানাং নৃপাণাঞ্চ কুলশীলগুণান্ বহূন্ ॥ ২০
শৃণ্বন্তী হংসগমনা রত্নমালাকরগ্রহা।
রুচিরাপাঙ্গভঙ্গেন প্রেক্ষন্তী লোলকুণ্ডলা ॥ ২১
নৃত্যৎকুন্তলসোপানগণ্ডমণ্ডলমণ্ডিতা।
কিঞ্চিৎস্মেরোল্লসদ্‌বক্ত্রদশনদ্যোতদীপিতা ॥ ২২
বেদীমধ্যারুণক্ষৌমবসনা কোকিলস্বরা।
রূপলাবণ্যপণ্যেন ক্রেতুকামা জগত্রয়ম্ ॥ ২৩

পদ্মা যখন বহির্গত হইলেন, তখন শত শত সখী তাঁহার চারিদিক পরিবেষ্টন পূর্ব্বক সহগামিনী হইল, দাসীরা পশ্চাৎ পশ্চাৎ চলিতে লাগিল ॥ ১৮

রাজকুমারী এই প্রকারে দণ্ডধারী দৌবারিকবৃন্দ কর্ত্তৃক সুরক্ষিত হইয়া অন্তঃপুর হইতে বিনিষ্ক্রান্ত হইলেন। বন্দিগণ পুরোবর্ত্তী হইয়া চলিতে লাগিল। ক্রমে রাজকুমারী স্বয়ংবরসভায় সমুপস্থিত হইলেন। তাঁহার নূপুর ও কিঙ্কিণীর শব্দে সভাতলে অপূর্ব্ব লোকমনোহর শব্দ সমুত্থিত হইতে লাগিল। যে সমস্ত নৃপতি সভায় সমবেত রহিয়াছেন, তাঁহাদের কুল, শীল ও গুণরাশি শ্রবণ করিতে করিতে চপলকুণ্ডলা মরালগামিনী কুমারী রত্নমালা হস্তে বিচিত্রকটাক্ষক্ষেপে চারিদিক্ নিরীক্ষণ করিতে আরম্ভ করিলেন ॥ ১৯—২১

চূর্ণকুন্তল দোদুল্যমান হইয়া তদীয় গণ্ডপ্রদেশকে মনোহর শোভায় শোভিত করিল। মৃদুহাস্যবশে মুখপদ্ম বিকসিত হওয়াতে দশনশোভা অপূর্ব্বকান্তি ধারণ করিল ॥ ২২

এই রাজকুমারীর কটিদেশ বেদীবৎ কৃশ। ইনি লোহিতবর্ণ পট্টবসনে বিরাজিত। ইহার কণ্ঠস্বর কোকিলের ন্যায় শ্রুতিমধুর। এই সমস্ত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সমাগতাং তাং প্রসমীক্ষ্য ভূপাঃ, সংমোহিনীং কামবিমূঢ়চিত্তাঃ।
পেতুঃ ক্ষিতৌ বিস্মৃতবস্ত্রশস্ত্রা, রথাশ্বমত্তদ্বিপবাহনাস্তে ॥ ২৪
তস্যাঃ স্মরক্ষোভনিরীক্ষণেন, স্ত্রিয়ো বভূবুঃ কমনীয়রূপাঃ।
বৃহন্নিতম্বস্তনভারনম্রাঃ, সুমধ্যমাস্তৎস্মৃতিজাতরূপাঃ ॥ ২৫
বিলাসহাসব্যসনাতিচিত্রাঃ, কান্তাননাঃ শোণসরোজনেত্রাঃ।
স্ত্রীরূপমাত্মানমবেক্ষ্য ভূপা, স্তামন্বগচ্ছন্ বিশদানুবৃত্ত্যা ॥ ২৬
অহং বটস্থঃ পরিধর্ষিতাত্মা, পদ্মাবিবাহোৎসবদর্শনাকুলঃ।
তস্যা বচোঽন্তর্হৃদি দুঃখিতায়াঃ, শ্রোতুং স্থিতঃ স্ত্রীত্বমিতেষু তেষু ॥

দর্শনে আমি মনে করিলাম, রাজকুমারী যেন রূপলাবণ্যরূপ মূল্য দ্বারা ত্রিভুবনক্রয়ের বাসনা করিয়াছেন ॥ ২৩

কন্যারত্নকে সভাতলে সমাগত দেখিয়া রথবাহন, অশ্ববাহন ও মত্তগজ-বাহন নৃপতিবৃন্দ মদনশরে একান্ত প্রপীড়িত হইতে লাগিলেন, বিস্ময়বশে তাঁহাদিগের বস্ত্র ও শস্ত্র অঙ্গ হইতে স্খলিত হইয়া ভূতলে নিপতিত হইতে লাগিল ॥ ২৪

নৃপতিবর্গ যেমন সকামদৃষ্টিতে রাজকুমারীর প্রতি দৃষ্টিপাত করিলেন, অমনি তাঁহারা তৎক্ষণাৎ নারীভাব প্রাপ্ত হইলেন। তাঁহাদিগের চিত্তক্ষেত্রে যেরূপ রমণীর অবয়ব অঙ্কিত হইল, তাঁহাদিগের অবয়বও তদ্রূপ রমণীর সদৃশ হইয়া পড়িল। তাঁহাদিগের কটিদেশ ক্ষীণ ও মনোহর হইল, তাঁহারা অপূর্ব্ব রূপলাবণ্য ধারণ করিলেন, বিশাল নিতম্ব ও কুচভরে তাঁহাদের দেহ কিঞ্চিৎ অবনত হইয়া পড়িল ॥ ২৫ ॥ হাবভাব, হাস্য-পরিহাস ও নৃত্যগীতাদিতে তাঁহাদের বিলক্ষণ ক্ষমতা জন্মিল। তাঁহাদের মুখ রমণীমুখের ন্যায় অপূর্ব্ব শ্রীধারণ করিল, নেত্রও পদ্মবৎ মনোহর হইল। নৃপতিগণ আপনাদিগকে রমণী-রূপিণী দর্শন করিয়া পদ্মার অনুবর্ত্তিনী হইয়া তদীয় সহচরীরূপে পরিগণিত হইলেন ॥ ২৬

তৎকালে পদ্মার বিবাহোৎসবদর্শনের অভিলাষে আমি একটি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জানীহি কল্কে ! কমলাবিলাপং, শ্রুতং বিচিত্রং জগতামধীশ ?
গতে বিবাহোৎসবমঙ্গলে সা, পিবং শরণ্যং হৃদয়ে নিধায় ॥ ২৭
তান্ দৃষ্ট্বা নৃপতীন্ গজাশ্বরথিভিস্ত্যক্তান্ সখিত্বং গতান্।
স্ত্রীভাবেন সমন্বিতাননুগতান্ পদ্মাং বিলোক্যান্তিকে ॥ ২৮
দীনা ত্যক্তবিভূষণা বিলিখতী পাদাঙ্গুলৈঃ কামিনী।
ঈশোক্তং নিজনাথমীশ্বর বচস্তথ্যং হরিং সাস্মরৎ ॥ ২৯

ইতি ভূপতীনাং স্ত্রীত্বকথনং নাম পঞ্চমোঽধ্যায়ঃ।

বটবৃক্ষের উপরিভাগে উপবিষ্ট ছিলাম। ঐ সকল ঘটনা দেখিয়া মদীয় অন্তরাত্মা একান্ত ক্ষুব্ধ হইয়া পড়িল। নৃপতিবৃন্দ-নারীভাব প্রাপ্ত হওয়াতে পদ্মা বিষণ্ণহৃদয়ে দুঃখপ্রকাশ করিয়া যাহা বলিয়াছিলেন, তাহা শ্রবণার্থ ক্ষণকাল আমি তথায় প্রতীক্ষা করিলাম ॥ ২৭ ॥ হে কল্কে! আপনি জগতের অধিপতি হরি, আপনার সমক্ষে নিবেদন করিতেছি, পরিণয়োৎসব সুসম্পন্ন হইলে আপনার কমলা শরণ্য শঙ্করকে অন্তরে ধ্যান করিয়া যে সমস্ত বিস্ময়জনক খেদ করিয়াছিলেন, আমি তাহা শ্রবণ করিয়াছি; সম্প্রতি তাহা বলিতেছি, অবধান করুন ॥ ২৮ ॥ বিবাহার্থী নৃপবৃন্দ নারীরূপ ধারণ পূর্ব্বক হস্তী, অশ্ব ও রথিরূপ সৈন্যসামন্ত কর্ত্তৃক পরিত্যক্ত হইয়া রাজকুমারীর সহচরীরূপে তদীয় অনুবর্ত্তী ও সন্নিহিত হইলে পদ্মা শুদ্ধচিত্তে অলঙ্কার উন্মোচন পূর্ব্বক পদাঙ্গুষ্ঠ দ্বারা মৃত্তিকা বিলেখন করিতে প্রবৃত্ত হইলেন। অনন্তর তিনি হরবাক্য সত্য করিবার জন্য নিজনাথ সর্ব্বেশ্বর হরির চিন্তায় নিমগ্ন হইলেন ॥ ২৯

ইতি রাজগণের স্ত্রীত্বকথন নামক পঞ্চম অধ্যায় সমাপ্ত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ষষ্ঠোঽধ্যায়ঃ

——:০:——

শুক উবাচ।

ততঃ সা বিস্মিতমুখী পদ্মা নিজজনৈর্বৃতা।
হরিং পতিং চিন্তয়ন্তী প্রোবাচ বিমলাং স্থিতাম্॥ ১

পদ্মোবাচ।

বিমলে! কিং কৃতং ধাত্রা ললাটে লিখনং মম।
দর্শনাদপি লোকানাং পুংসাং স্ত্রীভাবকারকম্॥ ২
মমাপি মন্দভাগ্যায়াঃ পাপিন্যাঃ শিবসেবনম্।
বিফলত্বমনুপ্রাপ্তং বীজমুপ্তং যথোষরে॥ ৩
হরির্লক্ষ্মীপতিঃ সর্ব্বজগতামধিপঃ প্রভুঃ।
মৎকৃতেঽপ্যভিলাষং কি করিষ্যতি জগৎপতিঃ॥ ৪
যদি শম্ভোর্বচো মিথ্যা যদি বিষ্ণুর্ন মাং স্মরেৎ।
তদাহমনলে দেহং ত্যজ্যামি হরিভাবিতা॥ ৫

শুক বলিল,—অনন্তর আত্মীয়স্বজনবেষ্টিতা পদ্মা বিস্মিতমুখী হইয়া নিজপতি হরিকে ধ্যান করিতে করিতে নিকটবর্ত্তিনী বিমলা নাম্নী সখীকে সম্বোধন করিয়া বলিতে আরম্ভ করিলেন॥ ১

পদ্মা বলিলেন,—"বিমলে! বিধাতা কি আমার কপালে এই লিখিয়াছিলেন যে, আমাকে দেখিলেই পুরুষ নারীভাব প্রাপ্ত হইবে?" ॥ ২

আমি অতীব মন্দভাগিনী ও পাপীয়সী। মরুভূমিতে বীজ বপন করিলে তাহা যেমন বৃথা হয়, আমার হর-আরাধনও সেইরূপ বিফল হইল॥ ৩

জগৎপিতা জগদীশ্বর প্রভু রমাপতি হরি কি আমাকে গ্রহণ করিতে অভিলাষ করিবেন? ৪॥ যদি শিববাণী মিথ্যা হয়, হরি যদি আমাকে স্মরণ না করেন, তাহা হইলে আমি হরিচিন্তা করিতে করিতে বহ্নিপ্রবেশ করিয়া

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ক্ব চাহং মানুষী দীনা ক্বাস্তে দেবো জনার্দ্দনঃ।
নিগৃহীতা বিধাত্রাহং শিবেন পরিবঞ্চিতা ॥ ৬
বিষ্ণুনা চ পরিত্যক্ত্বা মদন্যা কাত্র জীবতি ॥ ৭
ইতি নানা বিলাপিন্যা বচনং শোচনাশ্রয়ম্।
পদ্মায়াশ্চারুচেষ্টায়াঃ শ্রুত্বায়াতস্তবান্তিকে ॥ ৮
শুকস্য বচনং শ্রুত্বা কল্কিঃ পরমবিস্মিতঃ।
তং জগাদ পুনর্যাহি পদ্মাং বোধয়িতুং প্রিয়াম্ ॥ ৯
মৎসন্দেশবহো ভূত্বা মদ্রূপগুণকীর্ত্তনম্।
শ্রাবয়িত্বা পুনঃ কীর সমায়াস্যসি বান্ধব ! ॥ ১০
সা মে প্রিয়া পতিরহং তস্যা দেববিনির্ম্মিতঃ।
মধ্যস্থেন ত্বয়া যোগমাবয়োশ্চ ভবিষ্যতি ॥ ১১

প্রাণত্যাগ করিব। হায়! আমি অতীব দীনা মানবী! আমার ন্যায় মানবীই বা কোথায়, আর প্রভু দেবাদিদেব হরিই বা কোথায়? বিধাতা আমার প্রতি বাম, নচেৎ শশিমৌলি শঙ্কর আমাকে প্রতারণা করিবেন কেন? ॥ ৫—৬ ॥ হায়! আমি হরিপরিত্যক্ত্বা হইয়া এখনও প্রাণধারণ করিয়া রহিয়াছি। এ অবস্থায় আমি ব্যতীত আর কেহই প্রাণধারণে সমর্থ হয় না ॥ ৭ ॥ হে কল্কে! সুচরিত্রবতী পদ্মার এই প্রকার নানাবিধ শোকসূচক পরিতাপ শ্রবণ করিয়াই আমি আপনার নিকট আগমন করিয়াছি ॥ ৮

শুকের কথা শুনিয়া কল্কির বিস্ময়ের সীমা রহিল না। তিনি কহিলেন— "শুক! প্রণয়িনী পদ্মাকে সান্ত্বনা করিতে হইবে; সুতরাং তুমি পুনরায় তথায় গমন কর ॥ ৯ ॥ তোমাকে আমি পরমসুহৃদ্ জ্ঞান করি, তুমি আমার বার্ত্তাবহ স্বরূপে পদ্মাসকাশে মদীয় রূপগুণের কথা শুনাইয়া অদ্যই পুনরায় এখানে প্রত্যাগত হইবে ॥ ১০ ॥ পদ্মা আমার প্রিয়তমা, আমি তাঁহার স্বামী, বিধাতা পূর্ব্ব হইতেই ইহা নিরূপিত করিয়া রাখিয়াছেন। তুমি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সর্ব্বজ্ঞোঽসি বিধিজ্ঞোঽসি কালজ্ঞোঽসি কথামৃতৈঃ।
তামাশ্বাস্য মমাশ্বাসকথাস্তস্যাঃ সমাহর॥ ১২

ইতি কল্কের্বচঃ শ্রুত্বা শুকঃ পরমহর্ষিতঃ।
প্রণম্য তং প্রীতমনাঃ প্রযযৌ সিংহলং ত্বরম্॥ ১৩

খগঃ সমুদ্রপারেণ স্নাত্বা পীত্বামৃতং পয়ঃ।
বীজপূরফলাহারো যযৌ রাজনিবেশনম্॥ ১৪

তত্র কন্যাপুরং গত্বা বৃক্ষে নাগেশ্বরে বসন্।
পদ্মামালোক্য তাং প্রাহ শুকো মানুষভাষয়া॥ ১৫

কুশলং তে বরারোহে! রূপযৌবনশালিনি।
ত্বাং লোলনয়নাং মন্যে লক্ষ্মীরূপামিবাপরাম্॥ ১৬

পদ্মাননাং পদ্মগন্ধাং পদ্মনেত্রাং করাম্বুজে।
কমলং কলয়ন্তীং ত্বাং লক্ষয়ামি পরাং শ্রিয়ম্॥ ১৭

মধ্যবর্ত্তী হইয়া আমাদের উভয়ের পরস্পর মিলন করিয়া দেও॥ ১১॥ তুমি সর্ব্ববেত্তা, বিধিবেত্তা ও সময়বেত্তা; সুতরাং তুমি বাক্যসুধাবর্ষণ দ্বারা পদ্মাকে আশ্বাস প্রদানপূর্ব্বক মৎসকাশে তাঁহার আশ্বাসবাণী লইয়া প্রত্যাগত হইবে॥ ১২॥" কল্কির কথা শুনিয়া শুক পরম আনন্দিত হইল ও পুলকিতচিত্তে তাঁহাকে প্রণাম করিয়া ত্বরিতগতিতে সিংহলাভিমুখে প্রস্থান করিল॥ ১৩॥ ক্রমে ক্রমে বিহঙ্গবর সাগরপারে উপস্থিত হইয়া স্নান ও সুধাময় জল পান করিয়া সুপক্কফল সকল ভক্ষণ করিল। অনন্তর নৃপভবনে গমন পূর্ব্বক কন্যান্তঃপুরে প্রবিষ্ট হইয়া নাগকেশর বৃক্ষের উপরিভাগে উপবিষ্ট হইল। মহামতি শুক তথা হইতে পদ্মাকে দেখিতে পাইয়া, মনুষ্যের ন্যায় কণ্ঠস্বরে সম্বোধন করিয়া কহিল,—"হে বরারোহে! হে রূপযৌবনশালিনি চঞ্চললোচনা! তোমাকে দেখিয়া দ্বিতীয় লক্ষ্মীর ন্যায় অনুভব হইতেছে॥ ১৪—১৬

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কিং ধাত্রা সর্ব্বজগতাং রূপলাবণ্যসম্পদাম্।
নির্ম্মিতাসি বরারোহে! জীবানাং মোহকারিণি॥ ১৮
ইতি ভাষিতমাকর্ণ্য কীরস্যামৃতমদ্ভুতম্।
হসন্তী প্রাহ সা দেবী তং পদ্মা পদ্মমালিনী॥ ১৯
কস্ত্বং? কস্মাদাগতোঽসি? কথং মাং শুকরূপধৃক্।
দেবো বা দানবো বা ত্বং আগতোঽসি দয়াপরঃ॥ ২০

শুক উবাচ।

সর্ব্বজ্ঞোঽহং কামগামী সর্ব্বশাস্ত্রার্থতত্ত্ববিৎ।
দেবগন্ধর্ব্বভূপানাং সভাসু পরিপূজিতঃ॥ ২১
চরামি স্বেচ্ছয়া খে ত্বাম্ ঈক্ষণার্থমিহাগতঃ।
ত্বামহং হৃদি সন্তপ্তাং ত্যক্তভোগাং মনস্বিনীম্॥ ২২

তুমি পদ্মমুখী, পদ্মগন্ধা ও পদ্মনয়না তোমার হস্ত পদ্মের ন্যায় রক্তবর্ণ, তোমার করে পদ্ম শোভা পাইতেছে। এই সমস্ত দেখিয়াই তোমাকে দ্বিতীয় লক্ষ্মী বলিয়া বোধ হইতেছে॥ ১৭॥ হে বরারোহে! তুমি জীবমাত্রেই মোহকারিণী। আমার অনুমান হয়, বিধাতা নিখিলজগতের সৌন্দর্য্য-রাশি একত্র করিয়া তোমার সৃষ্টি করিয়াছেন॥ ১৮

শুকের এই অত্যদ্ভুত অমৃতবাণী শ্রবণ করিয়া পদ্মমালিনী পদ্মা সহাস্য-বদনে কহিলেন,—"কে তুমি? কোথা হইতে এখানে আসিয়াছ? তুমি কি কোন দেবতা অথবা দানব শুকরূপ পরিগ্রহ করিয়াছ? তুমি কৃপাপরায়ণ হইয়া আমার নিকট আসিয়াছ কেন?" ১৯—২০

শুক বলিল,—"আমি সর্ব্ববিৎ কামগামী ও সর্ব্বশাস্ত্রার্থতত্ত্ববিৎ, সুরসভা, গন্ধর্ব্বসভা ও নৃপসভাতেও আমি সম্মান প্রাপ্ত হইয়া থাকি॥" ২১

আমি ইচ্ছাগত শূন্যমার্গে বিচরণ করি। সম্প্রতি তোমাকে দর্শনার্থ এখানে উপস্থিত হইয়াছি। তুমি মনস্বিনী হইয়াও অধুনা হৃৎসন্তাপে সন্তাপিত হইয়াছ এবং ভোগসুখে বিমুখী হইয়া রহিয়াছ॥ ২২

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হাস্যালাপসখীসঙ্গ-দেহাভরণ-বর্জ্জিতাম্।
বিলোক্যাহং দীনচেতাঃ পৃচ্ছামি শ্রোতুমীরিতম্।
কোকিলালাপ-সন্তাপ-জনকং মধুরং মৃদু ॥ ২৩
তব দন্তৌষ্ঠজিহ্বাগ্রলুলিতাক্ষরপঙ্‌ক্তয়ঃ।
যৎকর্ণকুহরে মগ্নাস্তেষাং কিং বর্ণ্যতে তপঃ ॥ ২৪
সৌকুমার্য্যং শিরীষস্য ক্ব কান্তির্বা নিশাকরে।
পীযূষং ক্ব বদন্ত্যেবানন্দং ব্রহ্মণি তেঽধুনা ॥ ২৫
তব বাহুলতাবদ্ধা যে পশ্যন্তি সুধাননম্।
তেষাং তপোদানজপৈর্ব্ব্যর্থৈঃ কিং জনয়িষ্যতি। ২৬
তিলকালকসংমিশ্রং লোলকুণ্ডলমণ্ডিতম্।
লোলেক্ষণোল্লসদ্বক্ত্রং পশ্যতাং ন পুনর্ভবঃ ॥ ২৭

হাস্যপরিহাস অন্যের সহিত সম্ভাষণ, সখীসঙ্গ ও অলঙ্কার; এ সমস্তই তুমি এখন পরিত্যাগ করিয়াছ। তোমার ঈদৃশী দশা দর্শনে আমি দীনমনা হইয়া ত্বদীয় কোকিল-কুজিত-বিনিন্দিত মৃদুমধুর বাক্য শ্রবণাভিলাষে জিজ্ঞাসা করিতেছি ॥ ২৩ ॥ তোমার দন্ত, ওষ্ঠ ও রসনাগ্র হইতে লুলিত বর্ণপংক্তি যাহার শ্রবণ-বিবরে প্রবেশ করে, তাহার তপঃফলের কথা আর কি বলিব ॥ ২৪

তোমার নিকট শিরীষ-কুসুমের সৌকুমার্য্য ও চন্দ্রমার কান্তিও তুচ্ছ বলিয়া বোধ হয়। সর্ব্বত্র সকলেই সুধার ও ব্রহ্মানন্দের প্রশংসা করেন; কিন্তু অধুনা তোমার নিকট তাহাও অতি অকিঞ্চিৎকর বলিয়া বোধ হইতেছে। যে পুণ্যশীল মহাত্মা ত্বদীয় ভুজলতারূপ পাশে সম্বদ্ধ হইয়া তোমার মুখসুধা পান করিবেন, তাঁহার পক্ষে তপ, জপ, দান প্রভৃতি ধর্ম্মানুষ্ঠান নিষ্প্রয়োজন ॥ ২৫—২৬ ॥ যাঁহারা ত্বদীয় অলকা-তিলক-মিশ্রিত, চপলকুণ্ডলরাজিত, বিলোলনয়নমণ্ডিত বদনমণ্ডল নিরীক্ষণ করিবেন, তাঁহাদিগের আর পুনরায় দেহ পরিগ্রহ করিতে হইবে না ॥ ২৭

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বৃহদ্রথস্মুতে ! স্বাধিং বদ ভাবিনি যৎ কৃতম্ ।
তপঃক্ষীণামিব তনুং লক্ষয়ামি রুজং বিনা ।
কনকপ্রতিমা যদ্বৎ পাংশুভির্মলিনীকৃতা ॥ ২৮

পদ্মোবাচ।

কিং রূপেণ কুলেনাপি ধনেনাভিজনেন বা ।
সর্ব্বং নিষ্ফলতামেতি যস্য দেবমদক্ষিণম্ ॥ ২৯
শৃণু কীর ! মমাখ্যানং যদি বা বিদিতং তব ।
বাল্যপৌগণ্ডকৈশোরে হরসেবাং করোম্যহম্ ॥ ৩০
তেন পূজাবিধানেন তুষ্টো ভূত্বা মহেশ্বরঃ ।
বরং বরয় পদ্মে ! ত্বমিত্যাহ প্রিয়য়া সহ ॥ ৩১
লজ্জয়াধোমুখীমগ্রে স্থিতাং মাং বীক্ষ্য শঙ্করঃ ।
প্রাহ তে ভবতি স্বামী হরির্নারায়ণঃ প্রভুঃ ॥ ৩২

হে বৃহদ্রথনন্দিনী ! হে ভাবিনি ! তোমার মনোদুঃখের হেতু কি তাহা বল ? তোমার দেহে কোন রোগ নাই, তথাপি মনোদুঃখের জন্য তুমি তপঃক্ষীণার ন্যায় হইয়াছ ! কনকপ্রতিমা ধূলিস্পর্শে মলিনা হইলে যেমন দেখায়, তোমার দেহও অধুনা সেইরূপ লক্ষিত হইতেছে ॥ ২৮

পদ্মা বলিলেন,—"যাহার প্রতি হরি বাম, রূপ, কুল, ধন ও উচ্চকুলে তাহার কি ফল ? ॥ ২৯ ॥" হে বিহগ ! যদি আমার বৃত্তান্ত না জান, তাহা হইলে শ্রবণ কর। আমি পৌগণ্ড, বাল্য ও কৈশোর বয়সে হরের আরাধনা করিয়াছিলাম ॥ ৩০

চন্দ্রশেখর তাহাতে প্রসন্ন হইয়া গৌরীসমভিব্যাহারে আবির্ভূত হইয়া বলিলেন,—"পদ্মে ! তুমি বর প্রার্থনা কর ॥" ৩১

অনন্তর তিনি আমাকে পুরোবর্ত্তিনী ও লজ্জায় অধোবদনা দর্শন করিয়া বলিলেন,—"ভগবান হরি তোমার পতি হইবেন ॥" ৩২

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দেবো বা দানবো বান্যো গন্ধর্ব্বো বা তবেক্ষণাৎ।
কামেন মনসা নারী ভবিষ্যতি ন সংশয়ঃ॥ ৩৩

ইতি দত্ত্বা বরং সোমঃ প্রাহ বিষ্ণ্বর্চ্চনং যথা।
তথাহং তে প্রবক্ষ্যামি সমাহিতমনাঃ শৃণু॥ ৩৪

এতাঃ সখ্যো নৃপাঃ পূর্ব্বমাহুতা যে স্বয়ংবরে।
পিত্রা ধর্ম্মার্থিনা দৃষ্ট্বা রম্যাং মাং যৌবনান্বিতাম্॥ ৩৫

স্বাগতাস্তে সুখাসীনা বিবাহকৃতনিশ্চয়াঃ।
যুবানো গুণবন্তশ্চ রূপদ্রবিণসম্মতাঃ॥ ৩৬

স্বয়ংবরগতাং মাং তে বিলোক্য রুচিরপ্রভাম্।
রত্নমালাশ্রিতকরাং নিপেতুঃ কামমোহিতাঃ॥ ৩৭

তত উত্থায় সংভ্রান্তাঃ সংপ্রেক্ষ্য স্ত্রীত্বমাত্মনঃ।
স্তনভারনিতম্বেন গুরুণা পরিণামিতাঃ॥ ৩৮

সুর, অসুর, গন্ধর্ব্ব অথবা অপর যে কোন ব্যক্তি সকামভাবে তোমার প্রতি দৃষ্টিপাত করিলে, সে আশু রমণীভাব প্রাপ্ত হইবে॥ ৩৩॥ দেবদেব পশুপতি এই প্রকার বর দিয়া যেরূপ হরিপূজার পদ্ধতি বলিয়া দিয়াছেন, তাহাও তৎসকাশে বলিতেছি,—সংযতমনে অবধান কর॥ ৩৪॥ এই যে আমার সখীগণকে দর্শন করিতেছ,—ইহাঁরা পূর্ব্বে নরপতি ছিলেন। আমি যৌবনসীমায় পদার্পণ করিলে আমাকে মোহনাকৃতি দেখিয়া পিতা ধর্ম্ম-রক্ষাভিলাষে এই সমস্ত নৃপতিকে মদীয় স্বয়ংবরসভায় একত্র করিয়াছিলেন॥ ৩৫॥ ইহারা রূপগুণসম্পন্ন, যুবা ও অপরিমিত ঐশ্বর্য্যশালী ছিলেন, বিবাহার্থী হইয়া ইঁহারা সুখে স্বয়ম্বরস্থলে আগমন পূর্ব্বক সুখোপবিষ্ট হইলে, আমি হস্তে রত্নমালা লইয়া মনোহর প্রভা বিস্তার করিতে করিতে স্বয়ংবরসভায় উপস্থিত হইলাম। নৃপতিবৃন্দ আমাকে দর্শন করিয়াই মদন-বাণে জর্জ্জরিত ও ভূপতিত হইলেন॥ ৩৬—৩৭॥ তদনন্তর সকলে সসম্ভ্রমে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হ্রিয়া ভিয়া চ শত্রূণাং মিত্রাণামতিদুঃখদম্।
স্ত্রীভাবং মনসা ধ্যাত্বা মামেবানুগতাঃ শুক ॥ ৩৯
পরিচর্য্যা হরেরতাঃ সখ্যঃ সর্ব্বগুণান্বিতাঃ।
ময়া সহ তপোধ্যানপূজাঃ কুর্ব্বন্তি সম্মতাঃ ॥ ৪০
তদুদিতমিতি সংনিশম্য কীরঃ, শ্রবণসুখং নিজমানসপ্রকাশম্।
সমুচিতবচনৈঃ প্রতোষ্য পদ্মাং, মুরহরযজনং পুনঃ প্রচষ্টে ॥ ৪১

ইতি কল্কিপুরাণে ষষ্ঠোঽধ্যায় ॥ ৬

যেমন গাত্রোত্থান করিলেন,—অমনি দেখিলেন সকলেরই দেহে রমণীচিহ্ন প্রকাশিত হইয়াছে। সকলেরই শরীরে গুরুভার নিতম্ব ও পীনকুচযুগল বিরাজ করিতেছে ॥ ৩৮ ॥ হে কীর! তখন তাঁহারা আপনাদিগের নারীভাব দেখিয়া কি মিত্র কি অমিত্র, সর্ব্বসমক্ষেই লজ্জিত ও ভীত হইয়া পড়িলেন। অবশেষে একান্ত বিষণ্ণ-হৃদয়ে ক্ষণকাল মনে মনে চিন্তা করিয়া আমার অনুবর্ত্তী হইলেন ॥ ৩৯ ॥ সকলেই অধুনা আমার সহচরীরূপে অবস্থিতি করিতেছেন। ইহারা নিখিল গুণসম্পন্ন ও মদীয় স্নেহাস্পদ। ইঁহারা সকলেই আমার সহিত হরির অর্চ্চনা, তাঁহার সেবা, তাঁহার ধ্যান ও তাঁহার উদ্দেশে তপোনুষ্ঠান করিতেছেন ॥ ৪০

শুক পদ্মাপ্রমুখাৎ শ্রুতিসুখকর ও চিত্তপ্রসাদজনক এই কথা শুনিয়া, যথাযোগ্যবাক্যে তাঁহার প্রীতি উৎপাদন-পূর্ব্বক হরিপূজাবিষয়িণী কথার প্রসঙ্গ উত্থাপন করিলেন ॥ ৪১

ষষ্ঠ অধ্যায় সমাপ্ত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সপ্তমোঽধ্যায়ঃ

—০ঃ*ঃ০—

শুক উবাচ।

বিষ্ণ্বর্চ্চনং শিবেনোক্তং শ্রোতুমিচ্ছাম্যহং শুভে।
ধন্যাসি কৃতপুণ্যাসি শিবশিষ্যত্বমাগতা॥ ১
অহং ভাগ্যবশাদত্র সমাগম্য তবান্তিকম্।
শৃণোমি পরমাশ্চর্য্যং কীরাকারনিবারণম্॥ ২
ভগবদ্ভক্তিযোগঞ্চ জপধ্যানবিধিং মুদা।
পরমানন্দ-সন্দোহ-দান-দক্ষং শ্রুতিপ্রিয়ম্॥ ৩

পদ্মোবাচ।

শ্রীবিষ্ণোরর্চ্চনং পুণ্যং শিবেন পরিভাষিতম্।
যৎ শ্রদ্ধয়ানুষ্ঠিতস্য শ্রুতস্য গদিতস্য চ॥ ৪
সদ্যঃ পাপহরং পুংসাং গুরুগোব্রহ্মঘাতিনাম্।
সমাহিতেন মনসা শৃণু কীর! যথোদিতম্॥ ৫

শুক বলিল,—হে শুভে! তুমি ধন্যা ও পুণ্যবতী, সেই জন্যই শিবের শিষ্যা হইয়াছ। অধুনা আমি তৎসকাশে হরকথিত হরিপূজার পদ্ধতি শ্রবণ করিতে ইচ্ছা করি॥ ১॥ আমি সৌভাগ্যবশে আজি তোমার নিকট আগমন করিয়াছি। এক্ষণে আমি তৎসমীপে অত্যদ্ভূত হরিপূজা-বৃত্তান্ত শ্রবণ করিব। উহা শ্রুতিগোচর করিলে আর আমাকে পুনরায় তির্য্যগ্‌যোনিতে জন্মগ্রহণ করিতে হইবে না॥২॥ যাহাতে হরির প্রতি ভক্তিসঞ্চার হয় এবং যে প্রকারে হরির ধ্যান ও তদীয় মন্ত্রজপ করিতে হয়, ঐ হরিপূজা-পদ্ধতিতে তাহার বিধি আছে। এই হরিপূজাপদ্ধতি শ্রুতিসুখকর ও পরমানন্দরাশিপ্রদ॥ ৩

পদ্মা বলিলেন,—হরপ্রোক্ত বিষ্ণুপূজাপ্রকরণ পরম পবিত্র। শ্রদ্ধা সহকারে উহা অনুষ্ঠান করিলে, শ্রবণ করিলে এবং পাঠ করিলে গুরুহত্যা,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কৃত্বা যথোক্তকর্ম্মাণি পূর্ব্বাহ্নে স্নানকৃৎ শুচিঃ।
প্রক্ষাল্য পাণী পাদৌ চ স্পৃষ্ট্বাপঃ স্বাসনে বসেৎ॥ ৬
প্রাচীমুখঃ সংযতাত্মা সাঙ্গন্যাসং প্রকল্পয়েৎ।
ভূতশুদ্ধিং ততোঽর্ঘ্যস্য স্থাপনং বিধিচ্চবরেৎ॥ ৭
তত কেশবকীর্ত্ত্যাদি ন্যাসেন তন্ময়ো ভবেৎ।
আত্মানং তন্ময়ং ধ্যাত্বা হৃদিস্থং স্বাসনে ন্যসেৎ॥ ৮
পাদ্যার্ঘ্যাচমনীয়াদ্যৈঃ স্নানবাসোবিভূষণৈঃ।
যথোপচারৈঃ সংপূজ্য মূলমন্ত্রেণ দেশিকঃ॥ ৯
ধ্যায়েৎ পাদাদিকেশান্তং হৃদয়াম্বুজমধ্যগম্।
প্রসন্নবদনং দেবং ভক্তাভীষ্টফলপ্রদম্॥ ১০

ওঁ নমো নারায়ণায় স্বাহা।

যোগেন সিদ্ধবিবুধৈঃ পরিভাব্যমাণম্
লক্ষ্ম্যালয়ং তুলসিকাচিতভক্তভৃঙ্গম্।

গো হত্যা ও বিপ্রহত্যাজনিত পাপ হইতে আশু মুক্তিলাভ করিতে পারা যায়। হে কীর! শঙ্কর যে হরিপূজাপদ্ধতি বর্ণন করিয়াছেন, অধুনা তাহা বলিতেছি, সমাহিত মনে শ্রবণ কর॥ ৪—৫

প্রভাতে স্নান ও নিত্যক্রিয়া সমাপনান্তে পবিত্র হইয়া করপদপ্রক্ষালন পূর্ব্বক সলিলস্পর্শান্তে আসনে সমাসীন হইবে॥ ৬॥ পরে সংযতচিত্তে পূর্ব্বাস্য হইয়া অঙ্গন্যাস ও ভূতশুদ্ধি সমাপনান্তে বিহিত নিয়মে অর্ঘ্যস্থাপন করিবে॥ ৭॥ তদনন্তর কেশবকীর্ত্ত্যাদি ন্যাস দ্বারা তন্ময় হইয়া আপনাকে বিষ্ণুময় চিন্তা করিবে এবং হৃৎপদ্মস্থ হরিকে মনঃকল্পিত আসনে প্রতিষ্ঠিত করিতে হইবে॥ ৮॥ তৎপরে মূলমন্ত্র পাঠ সহকারে পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, স্নানীয় বস্ত্র, অলঙ্কার-ইত্যাদি উপচারে অর্চ্চনা করিয়া হৃৎকমলান্তর্গত, প্রফুল্লমুখ, ভক্তবাঞ্ছাকল্পতরু প্রভুকে পাদাদি কেশান্ত ধ্যান করিবে॥ ৯-১০

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রোত্তুঙ্গরক্তনখরাঙ্গুলিপত্রচিত্রম্।
গঙ্গারসং হরিপদাম্বুজমাশ্রয়েঽহম্॥ ১১
গুম্ফন্মণিপ্রচয়ঘট্টিতরাজহংস, সিঞ্জৎসুনূপুরযুতং পদপদ্মবৃন্তম্।
পীতাম্বরাঞ্চলবিলোলচলৎপতাকম্।
স্বর্ণত্রিবক্রবলয়ঞ্চ হরেঃ স্মরামি॥ ১২
জঙ্ঘে সুপর্ণগলনীলমণিপ্রবৃদ্ধে,
শোভাস্পদারুণমণিদ্যুতি-চঞ্চুমধ্যে।
আরক্তপাদতললম্বনশোভমানে
লোকেক্ষণোৎসবকরে চ হরেঃ স্মরামি॥ ১৩
তে জানুনী মখপতের্ভুজমূলসঙ্গরঙ্গোৎসবাবৃতড়িদ্বসনে বিচিত্রে।
চঞ্চৎপতত্রমুখনির্গতসামগীতবিস্তারিতাত্মযশসী চ হরেঃ স্মরামি॥ ১৪

অনন্তর "ওঁ নমো নারায়ণায় স্বাহা"—এই মন্ত্র পাঠ পূর্ব্বক বক্ষ্যমাণ স্তব পাঠ করিবে। যোগসিদ্ধ বিধুগণ নিরন্তর যাঁহার ধ্যান করেন, যিনি কমলার আশ্রয়, যাঁহার ভক্তভৃঙ্গসমূহ তুলসীদ্বারা শোভিত থাকে, যাঁহার গাঢ় লোহিতবর্ণ নখবিশিষ্ট অঙ্গুলীরূপ পত্রদ্বারা সুরধুনীসলিল চিত্রিত হইয়াছে, আমি সেই হরিপদাম্বুজের আশ্রয় গ্রহণ করি॥ ১১॥ হরির যে পাদপদ্মবৃন্ত গুম্ফিত-মণি-নিচয়ে বিঘট্টিত, মরালবৎ শব্দায়মান, মনোহরনূপুরে বিমণ্ডিত, যাহা পীতাম্বরের চপলাঞ্চল দ্বারা বিকম্পিত পতাকার ন্যায় বিরাজ করিতেছে, যাহাতে কনকময় ত্রিবক্রবলয় শোভমান, আমি সেই পাদপদ্মবৃন্ত স্মরণ করি॥ ১২॥ যাহা বৈনতেয়ের গলস্থিত নীলকান্তমণির ন্যায়, যাহার মধ্যভাগে গরুড়ের লোহিতবর্ণ মণিসদৃশ চঞ্চুযুগল বিরাজ করিতেছে, যাহার অধোদেশে বিলম্বিত আরক্তাভচরণতল শোভা বিস্তার করিতেছে, যাহা ভক্তকুলের নয়নপ্রীতিকর, আমি শ্রীহরির সেই জঙ্ঘাযুগল স্মরণ করি॥ ১৩

উৎসবার্থ স্কন্ধপ্রদেশে সমর্পিত তড়িদ্বৎ পীতাম্বর নিপতিত হওয়াতে যাহা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিষ্ণোঃ কটিং বিধিকৃতান্তমনোজভূমিং
জীবাণ্ডকোষগণসঙ্গদুকূলমধ্যাম্।
নানাগুণপ্রকৃতিপীতবিচিত্রবস্ত্রাং
ধ্যায়েন্নিবদ্ধবসনাং খগপৃষ্ঠসংস্থাম্॥ ১৫

শতোদরং ভগবতস্ত্রিবলিপ্রকাশং আবর্ত্তনাভিবিকসদ্বিধিজন্মপদ্মম্।
নাড়ীনদীগণরসোত্থসিতান্ত্রসিন্ধুং
ধ্যায়েহণ্ডকোষনিলয়ং তনুলোমরেখম্॥ ১৬

বক্ষঃ পয়োধিতনয়াকুচকুঙ্কুমেন হারেণ কৌস্তুভমণিপ্রভয়া বিভাতম্।
শ্রীবৎলক্ষ্মী-হরিচন্দনজপ্রসূন-
মালোচিতং ভগবতঃ সুভগং স্মরামি॥ ১৭

বাহু সুবেশসদনৌ বলয়াঙ্গদাদি-
শোভাস্পদৌ দুরিতদৈত্যবিনাশদক্ষৌ।

মনোহর বর্ণ ধারণ করিয়াছে, চপল গরুড় বদন-নিঃসৃত সামগান দ্বারা যাহার মহিমা প্রকাশিত হইতেছে, আমি হরির সেই জানুযুগল স্মরণ করি॥ ১৪॥ যাহা বিধি, যমও কামদেবের আধার, যে স্থানে গুণত্রয়ময়ী, প্রকৃতি পীত, বিচিত্র বস্ত্ররূপে অধিষ্ঠিত, জীবকুলের বীজের আধারবিশিষ্ট দুকূল যে স্থানে বিরাজ করিতেছে, আমি সেই গরুড়পৃষ্ঠস্থ হরির কটিদেশ ধ্যান করি॥ ১৫ যাহাতে ত্রিবলী বিরাজমান, যেখানে আবর্ত্তবৎ নাভিসরসীতে বিধাতার উৎপত্তিস্থানরূপ কমল প্রস্ফুটিত রহিয়াছে, যেখানে নাড়ীরূপ সরিন্মলার রস দ্বারা অন্ত্ররূপ সাগর সমুল্লসিত হইতেছে, যাহা ব্রহ্মাণ্ডের আধারভূত, যাহাতে সূক্ষ্মরোমপংক্তি বিরাজ করিতেছে, আমি শ্রীহরির তাদৃশ ক্ষীণ জঠরদেশ স্মরণ করি॥ ১৬॥ কমলার স্তনকুঙ্কুম, হার ও কৌস্তুভের প্রভা দ্বারা শোভমান, শ্রীবৎসাঙ্কিত, হরিচন্দন পুষ্পমাল্য দ্বারা সুশোভিত পরমসুন্দর হরির বক্ষোদেশ স্মরণ করি॥ ১৭॥ যে বাহুযুগল সুবেশের সদনস্বরূপ ও বলয়াঙ্গদাদি দ্বারা বিরাজিত, যাহা দুরাচার দৈত্যবৃন্দকে সংহার করিতে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তৌ দক্ষিণৌ ভগবতশ্চ গদাসুনাভ-
তেজোজিতৌ সুললিতৌ মনসা স্মরামি ॥ ১৮
বামৌ ভুজৌ মুররিপোর্ধৃতপদ্মশঙ্খৌ
শ্যামৌ করীন্দ্রকরবন্মণিভূষণাঢ্যৌ।
রক্তাঙ্গুলি-প্রচয়চুম্বিতজানুমধ্যৌ
পদ্মালয়াপ্রিয়করৌ রুচিরৌ স্মরামি ॥ ১৯
কণ্ঠং মৃণালমমলং মুখপঙ্কজস্য লেখাত্রয়েণ বনমালিকয়া নিবীতম্।
কিংবা বিমুক্তিবসমন্ত্রকসৎফলস্য
বৃন্তং চিরং ভগবতঃ সুভগং স্মরামি ॥ ২০
রক্তাম্বুজং দশনহাসবিকাশরম্যং রক্তাধরোষ্ঠাবরকোমলবাক্-
সুধাঢ্যম্।
সম্মানসোদ্ভবচলেক্ষণপত্রচিত্রং লোকাভিরামম মলঞ্চহরেঃ স্মরামি॥২১
সূর্য্যাত্মজাবসথগন্ধবিদং সুনাসং ভ্রূপল্লবং স্থিতিলয়োদয়কর্ম্মদক্ষম্।

দক্ষ, যাহা গদা ও সুদর্শনের প্রভা দ্বারা সকলকে পরাজিত করিতেছে, আমি শ্রীহরির সেই সুললিত দক্ষিণ বাহুদ্বয়কে মনে মনে চিন্তা করি ॥ ১৮

মুরারির যে বাম হস্তযুগল হস্তিকরবৎ শ্যামল ও পদ্মশঙ্খধারী, যাহা মণিময় অলঙ্কার দ্বারা বিরাজিত, যাহার লোহিতবর্ণ অঙ্গুলিরাজি জানুস্পৃষ্ট হইয়া রহিয়াছে, আমি কমলার প্রীতিপ্রদ সেই মনোরম হস্তদ্বয় স্মরণ করি ॥ ১৯ ॥ বদনপঙ্কজের মৃণালস্বরূপ বিমলরেখাত্রয়বিশিষ্ট বনমালাসুশোভিত ও মুক্তাবস্থায় সংস্থিতির মন্ত্ররূপ মনোহর ফলের বৃন্তস্বরূপ রমণীয় হরির কণ্ঠদেশ সর্ব্বদা চিন্তা করি ॥২০॥ রক্তোৎপল তুল্য, শোণিতবর্ণ অধরোষ্ঠ দ্বারা রমণীর, হাস্যসময়ে দন্তবিকাশবশতঃ অতি মনোহর, বাক্যামৃতপূর্ণ, চিত্তরঞ্জন, চপলনেত্রপত্র দ্বারা চিত্রিত, সর্ব্বজন-চিত্তপ্রীতিকর প্রভু হরির মুখপদ্ম স্মরণ করি ॥ ২১ ॥ যাহার প্রভাবে কৃতান্তসদনের গন্ধ আঘ্রাণ করিতে হয় না, যাহার নিকটে মনোহর নাসাপুট বিরাজমান, যাহা হইতে ব্রহ্মাণ্ডের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কামোৎসবঞ্চ কমলাহৃদয়প্রকাশম্
সংচিন্তয়ামি হরিবক্ত্রবিলাসদক্ষম্ ॥ ২২
কর্ণৌ লসন্মকরকুণ্ডলগণ্ডলোলৌ
নানাদিশাঞ্চ নভসশ্চ বিকাসগেহৌ।
লোলালকপ্রচয়চুম্বনকুঞ্চিতাগ্রৌ
লগ্নৌ হরের্মণিকিরীটতটে স্মরামি ॥ ২৩
ভালং বিচিত্রতিলকং প্রিয়চারুগন্ধ-
গোরোচনারচনয়া ললনাক্ষিসখ্যম্।
ব্রহ্মৈকধামমণিকান্তকিরীটজুষ্টং ধ্যায়েন্মনোনয়নহারকমীশ্বরস্য ॥ ২৪
শ্রীবাসুদেবচিকুরং কুটিলং নিবদ্ধং
নানাসুগন্ধিকুসুমৈঃ স্বজনাদরেণ।
দীর্ঘং রমাহৃদয়গাশমনং ধুনন্তং
ধ্যায়েদম্বুবাহরুচিরং হৃদয়াব্জমধ্যে ॥ ২৫

সৃষ্টিস্থিতি-সংহার ঘটে, যাহা হইতে কন্দর্পোৎসব প্রকটিত হয়, যাহা দেখিলে পদ্মালয়ার হৃদয় প্রফুল্ল হইয়া উঠে, যাহা শ্রীহরির বদনপদ্মে বিরাজমান, আমি সেই ভ্রূপল্লব স্মরণ করি ॥ ২২ ॥ গণ্ডপ্রদেশে চপল মকরাকৃতি কুণ্ডল দ্বারা যাহা অলঙ্কৃত আছে, যাহা দ্বারা সর্ব্বদিক্ ও গগনমণ্ডল উদ্ভাসিত হয়, যাহার অগ্রদেশ চপল অলকরাজিস্পর্শে ঈষৎ কুঞ্চিতবৎ লক্ষিত হইতেছে আমি শ্রীহরির সেই কর্ণযুগল স্মরণ করি ॥ ২৩ ॥ যাহা রমণীর তিলক দ্বারা অলঙ্কৃত, প্রীতিপ্রদ ও মনোরমগন্ধযুক্ত, গোরোচনায় বিরচিত পত্রাবলী দ্বারা যাহা রমণীজনের নেত্রসাদৃশ্য পরিগ্রহ করিয়াছে, যাহা ব্রহ্মের একমাত্র নিলয়, যথায় মনোহর মণিময়কিরীট বিদ্যমান, যাহা সর্ব্বজন-চিত্তরঞ্জন ও নেত্রপ্রীতিকর আমি প্রভু হরির সেই ভালপ্রদেশ স্মরণ করি ॥ ২৪

পরিজনকর্ত্তৃক সাদরে বিবিধ সুগন্ধপুষ্প দ্বারা সম্বদ্ধ, দীর্ঘ, কমলার মনোভাবনাশন, পবন-বিকম্পিত, নিবিড়জলদবৎ মনোহর হরির কেশপাশ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মেঘাকারং সোমসূর্য্যপ্রকাশং, সুভ্রূন্নাসং শক্রচাপৈকমানম্।
লোকাতীতং পুণ্ডরীকায়তাক্ষং, বিদ্যুচ্চেলঞ্চাশ্রয়েঽহং ত্বপূর্ব্বম্॥ ২৬
দীনং হীনং সেবয়া বেদবত্যা, পাপৈস্তাপৈঃ পূরিতং মে শরীরম্।
লোভাক্রান্তং শোকমোহাধিবিদ্ধং
কৃপাদৃষ্ট্যা পাহি মাং বাসুদেব॥ ২৭
যে ভক্ত্যাদ্যাং ধ্যায়মানাং মনোজ্ঞাং
ব্যক্তিং বিষ্ণোঃ ষোড়শশ্লোকপুষ্পৈঃ।
স্তুত্বা নত্বা পূজয়িত্বা বিধিজ্ঞাঃ শুদ্ধা মুক্তা ব্রহ্মসৌখ্যং প্রয়ান্তি॥ ২৮
পদ্মেরিতমিদং পুণ্যং শিবেন পরিভাষিতম্।
ধন্যং যশস্যমায়ুষ্যং স্বর্গ্যং স্বস্ত্যয়নং পরম্॥ ২৯
পঠন্তি যে মহাভাগাস্তে মুচ্যন্তেঽংহসোঽখিলাৎ।
ধর্ম্মার্থকামমোক্ষাণাং পরত্রেহফলপ্রদম্॥ ৩০
সমাপ্তশ্চায়ং প্রথমাংশঃ।

অন্তরে ধ্যান করি॥ ২৫॥ যিনি জলদবৎ শ্যামকান্তি, যাঁহার নেত্রযুগল চন্দ্র-সূর্য্যসদৃশ, যাঁহার ভ্রূদ্বয় ইন্দ্রধনুবৎ মনোহর, যাঁহার নাসা (খগচঞ্চুবৎ) সুদীর্ঘ, যাঁহার লোচনযুগল পদ্মপলাশের ন্যায় আয়ত, যাঁহার পীতাম্বর বিদ্যুতের ন্যায় দীপ্তিবিশিষ্ট, আমি তাদৃশ বিচিত্রমূর্ত্তি হরির শরণ গ্রহণ করি॥ ২৬

আমি দীন ও বেদোক্ত সেবাবিহীন, আমার দেহ-পাপতাপে সম্পূরিত, লোভের বশবর্ত্তী, শোকমোহে মুগ্ধ ও মানসিক বেদনায় আক্রান্ত, হে বাসুদেব! করুণাকটাক্ষে আমাকে উদ্ধার কর॥ ২৭॥ যাহারা ভক্তিমান্ হইয়া হরির এই আদ্য কমনীয়মূর্ত্তি চিন্তা করিয়া ষোড়শশ্লোকরূপ কুসুমদ্বারা স্তব, প্রণাম ও অর্চ্চনা করেন, সেই সমস্ত বিধিবিশারদ, মহাত্মারা পবিত্র ও মুক্ত হইয়া ব্রহ্মানন্দময় হন॥ ২৮॥ পদ্মা কর্ত্তৃক অভিহিত হরপ্রোক্ত এই স্তব পরম পবিত্র, ধন্য, যশঃপ্রদ, আয়ুর্ব্বর্দ্ধক, স্বর্গফলপ্রদ ও পরম স্বস্ত্যয়নস্বরূপ॥২৯॥ ইহা দ্বারা চতুর্ব্বর্গ ফললাভ হয় এবং ইহা পাঠ করিলে পাপ নাশ পায়॥ ৩০

প্রথম অংশ সমাপ্ত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কল্কি-পুরাণম্

—:০:—

দ্বিতীয়াংশঃ

প্রথমোঽধ্যায়ঃ

সূত উবাচ।

ইতি পদ্মাবচঃ শ্রুত্বা কীরো ধীরঃ সতাং মতঃ।
কল্কিদূতঃ সখীমধ্যে স্থিতাং পদ্মামথাব্রবীৎ॥ ১
বদ পদ্মে! সাঙ্গপূজাং হরেরদ্ভুতকর্ম্মণঃ।
যমাস্থায় বিধানেন চরামি ভুবনত্রয়ম্॥ ২

পদ্মোবাচ।

এবং পাদাদি কেশান্তং ধ্যাত্বা তং জগদীশ্বরম্।
পূর্ণাত্মা দেশিকো মূলং মন্ত্রং জপতি মন্ত্রবিৎ॥ ৩
জপাদনন্তরং দণ্ড-প্রণতিং মতিমাংশ্চরেৎ।
বিম্বক্সেনাদিকানান্তু দত্ত্বা বিষ্ণুনিবেদিতম্॥ ৪

সূত বলিলেন,—সহচরী-বেষ্টিতা পদ্মার মুখে এই কথা শুনিয়া সজ্জন-সমাদৃত সুধীর কল্কিদূত শুক কহিল,—পদ্মে! বিচিত্রকর্ম্মা শ্রীহরির পূজা অঙ্গসহ কীর্ত্তন কর। আমি যথাবিধি তদ্রূপ অনুষ্ঠান পূর্ব্বক ত্রিলোক পর্য্যটন করিব॥ ১-২॥ পদ্মা বলিলেন,—মন্ত্রবিৎ সাধক ব্রহ্মাণ্ডের অধীশ্বর হরিকে পূর্ণাত্মা বোধে পূর্ব্বোক্তরূপে পাদাবধি কেশ পর্য্যন্ত ধ্যান করিয়া মূলমন্ত্রজপে প্রবৃত্ত হইবেন॥ ৩॥ মতিমান্ ব্যক্তি জপান্তে দণ্ডবৎ প্রণাম করিবেন। অনন্তর বিম্বক্সেনাদিকে বিষ্ণুনিবেদিত দ্রব্য প্রদানপূর্ব্বক হৃদয়ে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ততঃ উদ্বাস্য হৃদয়ে স্থাপয়েন্মনসা সহ।
নৃত্যন্ গায়ন্ হরের্নাম তং পশ্যন্ সর্ব্বতঃ স্থিতম্॥ ৫
ততঃ শেষং মস্তকেন কৃত্বা নৈবেদ্যভুগ্‌ভবেৎ।
ইত্যেতৎ কথিতং কীর! কমলানাথসেবনম্॥ ৬
সকামানাং কামপূরমকামামৃতদায়কম্।
শ্রোত্রানন্দকরং দেব-গন্ধর্ব্ব-নর-হৃৎ-প্রিয়ম্॥ ৭

শুক উবাচ।

সমীরিতং শ্রুতং সাধ্বি! ভগবদ্ভক্তিলক্ষণম্।
তৎপ্রসাদাৎ পাপিনো মে কীরস্য ভুবি মুক্তিদম্॥ ৮
কিন্তু ত্বাং কাঞ্চনময়ীং প্রতিমাং রত্নভূষিতাম্।
সজীবামিব পশ্যামি দুর্ল্লভাং রূপিণীং শ্রিয়ম্॥ ৯
নান্যাং পশ্যামি সদৃশীং রূপশীলগুণৈস্তব।
নান্যো যোগ্যো গুণী ভর্ত্তা ভুবনেঽপি ন দৃশ্যতে॥ ১০

স্থাপন করিয়া মনোমধ্যে বিশ্বব্যাপী হরিকে দর্শন করিতে করিতে নৃত্য ও সংকীর্ত্তন করিবে॥ ৪—৫॥ পরে শিরঃপ্রদেশে নির্ম্মাল্যশেষ ধারণ পূর্ব্বক নৈবেদ্য সেবন করিতে হয়। হে বিহগ! ত্বৎসকাশে রমানাথের অর্চ্চন-পদ্ধতি বর্ণন করিলাম॥ ৬॥ সকাম ব্যক্তি এইরূপে পূজা করিলে তাহার সমস্ত সিদ্ধ হয় এবং নিষ্কাম ভক্তের মোক্ষলাভ হয়। ইহা সুর, নর, গন্ধর্ব্ব সকলেই শ্রুতিমধুর ও হৃৎপ্রীতিপদ॥ ৭॥

শুক বলিল—সাধ্বি! তুমি যে ভগবদ্ভক্তি লক্ষণ কীর্ত্তন করিলে তাহা শ্রবণ করিলাম। অধুনা আমি মহাপাপী পাষণ্ড হইলেও তোমার কৃপায় হইা হইতে মুক্ত হইব॥ ৮॥ যাহা হউক, আমি তোমাকে রত্নভূষণে বিভূষিতা সচেতনা কনক প্রতিমার ন্যায় নিরীক্ষণ করিতেছি। তোমার ত্রিলোকী-দুর্ল্লভ রূপ দেখিয়া তোমাকে কমলা বলিয়াই প্রতীয়মান হইতেছে॥ ৯॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কিন্তু পারে সমুদ্রস্য পরমাশ্চর্য্যরূপবান্।
গুনবানীশ্বরঃ সাক্ষাৎ কশ্চিদ্দৃষ্টোঽতিমানুষঃ॥ ১১
ন হি ধাতৃকৃতং মন্যে শরীরং সর্ব্বসৌভগম্।
যস্য শ্রীবাসুদেবস্য নান্তরং ধ্যানযোগতঃ॥ ১২
ত্বয়া ধ্যাতং তু যদ্রূপং বিষ্ণোরমিততেজসঃ।
তৎ সাক্ষাৎকৃতমিত্যেব ন তত্র কিয়দন্তরম্॥ ১৩

পদ্মোবাচ।

ব্রূহি তন্মম কিং কুত্র জাতঃ কীর! পরাবরম্।
জানাসি তৎকৃতং কর্ম্ম বিস্তরেণাত্র বর্ণয়॥
বৃক্ষাদাগচ্ছ পূজাং তে করোমি বিধিবোধিতম্।
বীজপূরফলাহারং কুরু সাধু পয়ঃ পিব॥ ১৫

কি রূপে, কি গুণে, কি চরিত্রে তোমার ন্যায় নারী নেত্রগোচর হয় না, তোমার যোগ্য গুণশীল পতিও ত্রিভুবনে দুর্ল্লভ॥ ১০॥ আমি সমুদ্রপারে একটি গুণবান্ পাত্র দেখিয়া আসিয়াছি; তিনি বিচিত্ররূপশালী, আলোক-সাধারণ ও প্রত্যক্ষ ঈশ্বরস্বরূপ॥ ১১॥ তদীয় সর্ব্বাঙ্গ মনোহর দেহ দেখিলে বিধাতৃগঠিত বলিয়া বোধ হয় না। আমি বহু চিন্তা করিয়া স্থির করিয়াছি, ভগবান্ শ্রীহরির সহিত তাঁহার কোন প্রভেদ নাই॥ ১২

তুমি মহাতেজা হরির যে মূর্ত্তি নিয়ত হৃদয়ে ধ্যান কর, আমার অনুমান হয়, সেই মূর্ত্তিই আমি প্রত্যক্ষ দেখিয়াছি, সে মূর্ত্তিতে হরির সহিত বিন্দুমাত্র ভেদ দৃষ্ট হয় না॥ ১৩॥ পদ্মা বলিলেন,—হে কীর! পুনরায় বল, তিনি কোন্স্থানে জন্মগ্রহণ করিয়াছেন? যদি বিশেষ বৃত্তান্ত বিদিত থাক, তাহা হইলে তিনি কি কি কাজ করিয়াছেন, বল॥ ১৪॥ তুমি বৃক্ষের উপর বসিয়া রহিয়াছ কেন? অবতরণ কর, আমার নিকটে আইস, আমি যথাবিধানে তোমার আতিথ্যবিধান করি। এই দেখ এখানে বীজপূরনামক ফল ও

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তব চঞ্চুযুগং পদ্মরাগাদারুণমুজ্জ্বলম্।
রত্নসংঘট্টিতমহং করোমি মনসঃ প্রিয়ম্॥ ১৬
কন্ধরং সূর্য্যকান্তেন মণিনা স্বর্ণঘট্টিনা।
করোম্যাচ্ছাদনং চারু-মুক্তাভিঃ পক্ষতিং তব॥ ১৭
পতত্রং কুঙ্কুমেনাঙ্গং সৌরভেনাতিচিত্রিতম্।
করোমি নয়নানন্দদায়কং রূপমীদৃশম্॥ ১৮
পুচ্ছমচ্ছমণিব্রাত-ঘর্ঘরেণাতিশব্দিতম্।
পাদয়োর্নূপুরালাপ-লাপিনাং ত্বাং করোম্যহম্॥ ১৯
তবামৃতকথাব্রাতত্যক্তাধিং শাধি মামিহ।
সখীভিঃ সংগীতাভিস্তে কিং করিষ্যামি তদ্বদ॥ ২০
ইতি পদ্মাবচঃ শ্রুত্বা তদন্তিকমুপাগতঃ।
কীরো ধীরঃ প্রসন্নাত্মা প্রবক্তুমুপচক্রমে॥ ২১

জল বিদ্যমান, তুমি ইহা ভক্ষণপূর্ব্বক কিঞ্চিৎ স্বচ্ছসলিল পান কর॥ ১৫॥
আহা! তোমার চঞ্চুপুটদ্বয় পদ্মরাগ মণি অপেক্ষাও রক্তবর্ণ ও সমুজ্জ্বল, আমি মনের সাধে উহা রত্ন দিয়া বাঁধাইয়া দিব। স্বর্ণখচিত সূর্য্যকান্ত মণি দ্বারা তোমার গলপ্রদেশ অলঙ্কৃত করিব, মুক্তা দ্বারা তোমার পক্ষযুগল আবরিত করিব, সুগন্ধি কুসুমদ্বারা তোমার দেহ ও পালক চিত্রিত করিয়া দিব, তোমাকে দেখিলেই সকলের নয়নরঞ্জন হইবে॥ ১৬—১৮

তোমার পুচ্ছদেশে বিমল মণি গাঁথিয়া দিব, তুমি যখন শূন্যমার্গে উড্ডীন হইবে, তখন উহা হইতে মনোহর ঝরঝর শব্দ সমুত্থিত হইবে। তোমার পদযুগল এরূপ অলঙ্কৃত করিয়া দিব যে, গমন সময়ে নূপুরধ্বনি সমুত্থিত হইবে॥ ১৯

ত্বদীয় বাক্যামৃত শুনিয়া আমার মনোবেদনা বিদূরিত হইয়াছে। এখন অনুমতি কর, তোমার কোন্ কার্য্য সাধন করিব। আমি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কীর উবাচ।

ব্রহ্মণা প্রার্থিতঃ শ্রীশো মহাকারুণিকো বভৌ।
শম্ভলে বিষ্ণুযশসো গৃহধর্ম্মং রিরক্ষিষুঃ ॥ ২২
চতুর্ভির্ভ্রাতৃভির্জ্ঞাতি-গোত্রজৈঃ পরিবারিতঃ।
কৃতোপনয়নো বেদমধীত্য রামসন্নিধৌ ॥ ২৩
ধনুর্বেবদঞ্চ গান্ধর্ববং শিবাদশ্বমসিং শুকম্।
কবচঞ্চ বরং লব্ধা শম্ভলং পুনরাগতঃ ॥ ২৪
বিশাখযূপভূপালং প্রাপ্য শিক্ষাবিশেষতঃ।
ধর্ম্মানাখ্যায় মতিমান্ অধর্ম্মাংশ্চ নিরাকরোৎ ॥ ২৫
ইতি পদ্মা তদাখ্যানং নিশম্য মুদিতাননা।
প্রস্থাপয়ামাস শুকং কল্কেরানয়নাদৃতা ॥ ২৬

তোমার কার্য্যসাধন করিতে সহচরীগণ সহ প্রস্তুত রহিয়াছি ॥ ২০ ॥ পদ্মার এই কথা শুনিয়া শুক প্রফুল্লমনে ধীরে ধীরে তৎসমীপে অবতরণ করিয়া (বক্ষ্যমাণরূপে) বলিতে প্রবৃত্ত হইল ॥ ২১

শুক বলিল,—পরমদয়ালু রমাপতি বিধির প্রার্থনানুসারে ধর্ম্মসংস্থাপনার্থ শম্ভলগ্রামে বিষ্ণুযশা নামক বিপ্রের ভবনে অবতীর্ণ হইয়া বিরাজ করিতেছেন ॥ ২২ ॥ তদীয় ভ্রাতৃচতুষ্টয় ও গোত্রজ জ্ঞাতিবন্ধু তাঁহার সহচর হইয়া রহিয়াছেন। প্রথমে তাঁহার উপনয়নসংস্কার সম্পাদিত হইলে, তিনি ভৃগুরামসকাশে বেদাধ্যয়ন করিয়াছেন। তিনি ধনুর্ব্বেদ এবং গান্ধর্ব্ববেদে পারদর্শী হইয়া মহাদেবসকাশে তুরগ, অসি, শুক, বর্ম্ম ও বরলাভ করিয়াছেন এবং শম্ভলগ্রামে প্রত্যাবৃত্ত হইয়াছেন। তদনন্তর সেই মহামতি কল্কি রাজা বিশাখযূপকে পাইয়া শিক্ষাবিশেষ সহকারে ধর্ম্ম প্রচার ও অধর্ম্মবিদূরণ করিয়াছেন ॥ ২৩—২৫

শুকপ্রমুখাৎ এই উপাখ্যান শুনিয়া পদ্মার আনন্দের সীমা রহিল না,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভূষয়িত্বা স্বর্ণরত্নৈস্তামুবাচ কৃতাঞ্জলিঃ ॥ ২৭

পদ্মোবাচ।

নিবেদিতং ত্বং জানাসি কিমন্যৎ কথয়াম্যহম্।
স্ত্রীভাবভয়ভীতাত্মা যদি নায়াতি স প্রভুঃ ॥ ২৮
তথাপি মে কর্ম্মদোষাৎ প্রণতিং কথয়িষ্যসি।
শিবেন যো বরো দত্তঃ স মে শাপোঽভবৎ কিল ॥ ২৯
পুংসাং মদ্দর্শনেনাপি স্ত্রীভাবং কামতঃ শুক।
শ্রুত্বেতি পদ্মামামন্ত্র্য প্রণম্য চ পুনঃ পুনঃ ॥ ৩০
উড্ডীয় প্রযযৌ কীরঃ শম্ভলং কল্কিপালিতম্।
তমাগতং সমাকর্ণ্য কল্কিঃ পরপুরঞ্জয়ঃ ॥ ৩১
ক্রোড়ে কৃত্বা তং দদর্শ স্বর্ণরত্নবিভূষিতম্।
সানন্দং পরমানন্দদায়কং প্রাহ তং তদা ॥ ৩২

তাঁহার মুখপদ্ম প্রফুল্ল হইয়া উঠিল। তিনি কল্কির আনয়নার্থ সযত্নে শুককে প্রেরণ করিলেন ॥ ২৬

তিনি স্বর্ণরত্ন দ্বারা শুককে অলঙ্কৃত করিয়া করযোড়ে কহিতে লাগিলেন ॥ ২৭ ॥ পদ্মা বলিলেন,—আমি যাহা নিবেদন করিব, হে কীর! তাহা তুমি জ্ঞাত আছ। তোমার নিকট অধিক আর কি কহিব, স্ত্রীভাব প্রাপ্ত হওয়ার ভয়েতে ভীত হইয়া প্রভু যদি এখানে আগমন না করেন, তাহা হইলেও মদীয় নমস্কার জানাইয়া আমার কর্ম্মদোষে যাহা সংঘটিত হইয়াছে, তৎসমস্ত নিবেদন করিও;—বলিও ভগবান্ পশুপতি আমাকে যে বর প্রদান করিয়াছে, তাহা এখন অভিশাপস্বরূপ হইয়া দাঁড়াইল ॥ ২৮—২৯ ॥ যে ব্যক্তি আমার প্রতি সকামভাবে দৃষ্টিপাত করে, সে আশু নারীভাব প্রাপ্ত হয়। পদ্মাপ্রমুখাৎ এই সকল শুনিয়া তাঁহাকে সম্ভাষণ ও বারবার নমস্কার করিয়া শুক তৎক্ষণাৎ নভোমার্গে সমুড্ডীন হইল এবং অত্যল্পকালের মধ্যেই কল্কি কর্ত্তৃক সুরক্ষিত শম্ভল গ্রামে আসিয়া

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কল্কিঃ পরমতেজস্বী তরস্মিন্নমলং শুকম্।
পূজয়িত্বা করে স্পৃষ্ট্বা পয়ঃপানেন তর্পয়ন্ ॥ ৩৩
তন্মুখে স্বমুখং দত্ত্বা পপ্রচ্ছ বিবিধাঃ কথাঃ।
কস্মদ্দেশাচ্চরিত্বা ত্বং দৃষ্ট্বা পূর্ব্বং কিমাগতঃ ? ॥ ৩৪
কুত্রোষিতঃ কুতো লব্ধং মণিকাঞ্চনভূষণম্।
অহর্নিশং ত্বন্মিলনং বাঞ্ছিতং মম সর্ব্বতঃ ॥ ৩৫
তবানালোকনেনাপি ক্ষণং মে যুগবদ্ভবেৎ ॥ ৩৬
ইতি কল্কের্বচঃ শ্রুত্বা প্রণিপত্য শুকো ভৃশম্।
কথয়ামাস পদ্মায়াঃ কথাঃ পূর্ব্বোদিতা যথা ॥ ৩৭
সংবাদমাত্মনস্তস্যা নিজালঙ্কারধারণম্।
সর্ব্বং তদ্বর্ণয়ামাস তস্যাঃ প্রণতিপূর্ব্বকম্ ॥ ৩৮

উপস্থিত হইল। অরিনিসূদন কল্কি শুকের প্রত্যাগমনবৃত্তান্ত শুনিয়া পরমপ্রীতিপ্রদ সেই পক্ষীকে অঙ্কে ধারণ করিয়া দেখিলেন, স্বর্ণরত্নে তাহার সর্ব্বাঙ্গ সমলঙ্কৃত। তখন তিনি তাহাকে উহার কারণ জিজ্ঞাসা করিতে ইচ্ছা করিলেন ॥ ৩০—৩২ ॥ মহাতেজা কল্কি প্রথমে নিষ্কলুষ শুককে বাম হস্ত দ্বারা স্পর্শ করিয়া সৎকার করিলেন এবং বারিপান দ্বারা প্রীত করিয়া তদীয় চঞ্চুপুটে স্বীয় মুখপদ্ম স্পর্শ করাইয়া নানা কথা জিজ্ঞাসা করিতে আরম্ভ করিলেন। ভগবান্ জিজ্ঞাসা করিলেন,—শুক! তুমি আজি কোন্ দেশ পরিভ্রমণ করিয়া আসিলে ? কি অপূর্ব্ব পদার্থই বা নেত্রগোচর করিয়াছ ? ৩৩—৩৪ ॥ এতক্ষণ কোথায় ছিলে ? কোন্ স্থানেই বা এই রত্নমণিময় অলঙ্কার প্রাপ্ত হইয়াছ ? আমি অহর্নিশ সর্ব্বথা ত্বদীয় মিলন কামনা করিয়া থাকি ॥ ৩৫ ॥ তোমার অদর্শনে ক্ষণমাত্রকালও আমার পক্ষে একটি যুগ বলিয়া অনুমিত হয় ॥ ৩৬

কল্কিপ্রমুখাৎ এই কথা শুনিয়া মহামতি শুক তাঁহাকে বারবার প্রণাম করিয়া পদ্মাপ্রোক্ত সমস্ত কথা নিবেদন করিল; পদ্মা তাহার

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রুত্বেতি বচনং কল্কিঃ শুকেন সহিতো মুদা।
জগাম ত্বরিতোঽশ্বেন শিবদত্তেন তন্মনাঃ ॥ ৩৯
সমুদ্রপারমমলং সিংহলং জনসংকুলম্।
নানাবিমান-বহুলং ভাস্বরং মণিকাঞ্চনৈঃ ॥ ৪০
প্রাসাদসদনাগ্রেষু পতাকাতোরণাকুলম্।
শ্রেণীসভাপণাট্টাল-পুরগোপুরমণ্ডিতম্ ॥ ৪১
পুরস্ত্রী-পদ্মিনী-পদ্ম-গন্ধামোদ-দ্বিরেফিণীম্।
পুরীং কারুমতীং তত্র দদর্শ পুরতঃ স্থিতাম্ ॥ ৪২
মরাল-জাল-সঞ্চাল-বিলোলকমলান্তরাম্।
উন্মীলিতাব্জমালালিকলিকাকুলিতং সরঃ॥ ৪৩

সহিত যেমন যেমন ব্যবহার করিয়াছেন, পদ্মার সহিত যে সকল কথাবার্ত্তা হইয়াছে, যেরূপে মণিকাঞ্চনময় বিভূষণ প্রদত্ত হইয়াছে, প্রণাম করিয়া তৎসমস্তও আনুপূর্ব্বিক বর্ণন করিল ॥ ৩৭—৩৮

পক্ষীর মুখে ঐ সকল কথা শুনিয়া ভগবান্ কল্কি তদ্গতচিত্ত হইয়া পড়িলেন। তিনি আর ক্ষণমাত্র বিলম্ব না করিয়া হরপ্রদত্ত তুরঙ্গে আরোহণ পূর্ব্বক দ্রুতগতি সানন্দচিত্তে সিংহলদ্বীপে যাত্রা করিলেন ॥ ৩৯ ॥ এই দ্বীপ সাগরপারে বিরাজিত, বিমলসলিলগর্ভস্থ অগণন-জনবৃন্দে সমাকীর্ণ, নানারূপ ব্যোমযান সম্পন্ন ও মণিকাঞ্চনাদিতে সমুদ্ভাসিত ॥ ৪০ ॥ নানাবিধ হর্ম্ম্যরাজি ও গৃহসমূহের পুরোভাগে পতাকাতোরণাদি থাকাতে এই দ্বীপের পরম শোভা সংবর্দ্ধিত হইয়াছে। শ্রেণীবদ্ধভাবে স্থাপিত সভা, আপণ, সৌধ, পুর ও গোপুররাজি দ্বারা এই নগরের শোভার পরিসীমা নাই ॥ ৪১ ॥ সিংহলদ্বীপে উপস্থিত হইবামাত্র কারুমতীনাম্নী পুরী প্রভু কল্কির নয়নপথে পতিত হইল। তত্রত্য পুররমণীরূপ কমলিনীগণের পদ্মগন্ধে ভ্রমরকুল আমোদিত হইয়া রহিয়াছে। তত্রত্য জলাশয়ের স্বচ্ছ-সলিল মরালগণের সঞ্চলন হেতু চঞ্চল। সরোবরনিকর বিকসিত কমলদলস্থ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জলকুক্কুটদাত্যূহনাদিতং হংসসারসৈঃ।
দদর্শ স্বচ্ছপয়সাং লহরীলোলবীজিতম্ ॥ ৪৪
বনং কদম্বকুদ্দাল-শালতালাম্রকেশরৈঃ।
কপিত্থশ্বাত্থখর্জ্জুর-বীজপূরকরঞ্জকৈঃ ॥ ৪৫
পুন্নাগপনসৈর্নাগরঙ্গৈরর্জ্জুনশিংশপৈঃ।
ক্রমুকৈর্নারিকেলৈশ্চ নানাবৃক্ষৈশ্চ শোভিতম্।
বনং দদর্শ রুচিরং ফলপুষ্পদলাবৃতম্ ॥ ৪৬
দৃষ্ট্বা হৃষ্টতনুঃ শুকং সকরুণঃ কল্কিঃ পুরান্তে বনে।
প্রাহ প্রীতিকরং বচোঽত্র সরসি স্নাতব্যমিত্যাদৃতঃ।
তৎ শ্রুত্বা বিনয়ান্বিতঃ প্রভুমতং যামীতি পদ্মাশ্রমম্।
তৎসন্দেশমিহ প্রয়াণমধুনা গত্বা স কীরোঽবদৎ ॥ ৪৭

ইতি কল্কিপুরাণে প্রথমোঽধ্যায়ঃ ॥ ১

ভ্রমরকুল দ্বারা আকুলিত ॥ ৪২-৪৩ ॥ উহার চতুর্দ্দিকে হংস, সারস, জলকুক্কুট ও দাত্যূহগণ মধুররবে ভ্রমণ করিতেছে; নির্ম্মলজলের তরঙ্গসঙ্গী স্নিগ্ধপবন দ্বারা নিকটবর্ত্তী বনভূভাগ উপবীজিত হইতেছে ॥ ৪৪ ॥ ঐ সকল বনস্থলী কদম্ব, কুদ্দাল (আবলুষ), শাল প্রভৃতি তরুরাজিতে বিরাজিত। কল্কি পুরীর অদূরবর্ত্তী বনে দণ্ডায়মান হইয়া ঐ সকল দর্শনে প্রফুল্লচিত্ত হইলেন এবং দয়ার্দ্রহৃদয়ে সাদরে প্রীতিগর্ভবচনে শুককে সম্বোধন করিয়া বলিলেন, —"শুক! আমি এই স্থানে স্নানক্রিয়া সম্পাদন করিব।" প্রভুর অভিপ্রায় বুঝিতে পারিয়া শুক সবিনয়ে কহিল,—তবে আমি এখন পদ্মার গৃহে গমন করি। অনন্তর শুকপদ্মাসকাশে উপস্থিত হইয়া কল্কিপ্রোক্ত কথা ও তদীয় আগমন সংবাদ সমস্ত ব্যক্ত করিল ॥ ৪৫—৪৭

প্রথম অধ্যায় সমাপ্ত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দ্বিতীয়োঽধ্যায়ঃ

—:০:—

স্ূত উবাচ।

কল্কিঃ সরোবরাভ্যাসে জলাহরণবর্ত্মনি।
স্বচ্ছস্ফাটিকসোপানে প্রবালাচিতবেদিকে ॥ ১
সরোজসৌরভব্যগ্রভ্রমদ্‌ভ্রমরনাদিতে।
কদম্বপোতপত্রালি-বারিতাদিত্যদর্শনে ॥ ২
সমুবাসাসনে চিত্রে সদশ্বেনাবতারিতঃ।
কল্কিঃ প্রস্থাপয়ামাস শুকং পদ্মাশ্রমং মুদা ॥ ৩
স নাগেশ্বরমধ্যস্থঃ শুকো গত্বা দদর্শ তাম্।
হর্ম্ম্যস্থাং বিসিনীপত্রশায়িনীং সখীভির্বৃতাম্ ॥ ৪
নিশ্বাসবাততাপেন ম্লায়ন্তীং বদনাম্বুজম্।
উৎক্ষিপন্তীং সখীদত্তকমলং চন্দনোক্ষিতম্ ॥ ৫

স্ূত কহিলেন,—ভগবান্ কল্কি মনোহর তুরঙ্গ হইতে অবতরণপূর্ব্বক সরোবরের নিকটবর্ত্তী জলাহরণমার্গে বিমলস্ফটিকময় সোপানবলীসমন্বিত প্রবালখচিত বেদীর উপরিভাগে বিচিত্র আসনে সমাসীন হইলেন। দেখিলেন, সরোবরস্থ কমলরাজির সুগন্ধে উন্মত্ত হইয়া অলিকুল গুন্ গুন্ রব সমস্তাৎ বিচরণ করিতেছে। অনতিপ্রৌঢ় কদম্ব তরুরাজির অভিনব পল্লবনিচয় দ্বারা তত্রত্য আতপতাপ বিদূরিত হইয়া যাইতেছে। তখন তিনি প্রফুল্লচিত্তে শুককে পদ্মার গৃহে পাঠাইয়া দিলেন ॥ ১—৩

শুক পদ্মার বাটীতে গমনপূর্ব্বক তত্রত্য নাগকেশর তরুর উপর বসিয়া দেখিল, পদ্মা প্রাসাদোপরি কমলদলের শয্যায় শয়ান রহিয়াছেন; সহচরীরা চারিদিক পরিবেষ্টন করিয়া রহিয়াছে ॥ ৪ ॥ বিরহজনিত উষ্ণনিশ্বাসভরে তদীয় মুখপদ্ম পরিম্লান হইয়া পড়িয়াছে। তিনি সহচরী প্রদত্ত চন্দন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রেবাবারিপরিস্নাতং পরাগাঢ্যং সমাগতম্।
ধুতনীরং রসং গতং নিন্দতীং পবনং প্রিয়ম্॥ ৬
শুকঃ সকরুণঃ সাধু-বচনৈস্তামতোষয়ৎ।
সা তমেহ্যেহি তে স্বস্তি স্বাগতং স্বস্তি মে শুভে॥ ৭
গতে ত্বয্যতিব্যগ্রাহং শান্তিস্তেঽস্তু রসায়নাৎ।
রসায়নং দুর্লভং মে সুলভং তে শিবাশ্রয়ে॥ ৮
ক্ব মে ভাগ্যবিহীনায়া ইহৈব বরবর্ণিনি।
দেবি ত্বং সরসস্তীরে প্রতিষ্ঠাপ্যাগতা বয়ম্॥ ৯
এবমন্যোন্যসংবাদ-মুদিতাত্মমনোরথে।
মুখং মুখেন নয়নং নয়নে সাদৃতা দদৌ॥ ১০

মিশ্রিত বিকসিতপদ্ম লইয়া কর দ্বারা তাহা সঞ্চালন করিতেছে॥ ৫॥ রেবাজলসম্পৃক্ত, পদ্মরাগসমন্বিত, বারিকণবাহী, সরস দক্ষিণবায়ু সকলের প্রীতিকর হইলেও তিনি তাহার নিন্দবাদ করিতেছেন॥ ৬॥ তদ্দর্শনে শুক সকরুণান্তঃকরণে মধুর বচন দ্বারা পদ্মার প্রীতি সম্পাদন করিল। তখন পদ্মা বলিলেন,—"শুক! তোমার কল্যাণ হউক, এস, এস—তোমার মঙ্গল ত?" পক্ষী বলিল,—"সুন্দরি! আমার সমস্তই মঙ্গল॥ ৭॥" পদ্মা বলিলেন,—"হে কীর! তুমি এখান হইতে প্রস্থান করিলে আমি তদবধিই একান্ত ব্যাকুল-হৃদয়ে রহিয়াছি। শুক বলিল,—"সম্প্রতি রসায়নদ্বারা ত্বদীয় নিখিল তাপ প্রশমিত হউক। পদ্মা বলিলেন,—হে শুক! আমার ভাগ্যে রসায়ন অতি দুষ্প্রাপ্য।" পক্ষী বলিল,—"হরশিষ্যে! রসায়ন তোমার পক্ষে সুলভ, দুষ্প্রাপ্য নহে॥ ৮॥ পদ্মা বলিলেন,—শুক! আমি অতি মন্দভাগিনী কি প্রকারে কোথায় আমার মনোরথ সুলভ হইবে?" শুক বলিল,—"বরবর্ণিনী! এইখানেই ত্বদীয় অভীষ্ট সিদ্ধি হইবে। আমি প্রভুকে অত্রত্য সরসীতটে রাখিয়া আসিয়াছি॥ ৯॥" পদ্মা ও শুক উভয়ের কথাপ্রসঙ্গে অভীষ্টসিদ্ধির আশাপ্রাপ্ত হইয়া পদ্মা আনন্দে পুলকিত হইয়া

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিমলা মালিনী লোলা কমলা কামকন্দলা।
বিলাসিনী চারুমতী কুমুদেত্যষ্টনায়িকাঃ ॥ ১১
সখ্য এতা মতাস্তাভির্জলক্রীড়ার্থমুদ্যতা।
পদ্মা প্রাহ সরস্তীরমায়াস্ত সময়া স্ত্রিয়ঃ ॥ ১২
ইত্যাখ্যায়াশু শিবিকামারুহ্য পরিবারিতা।
সখীভিশ্চারুবেশাভির্ভূত্বা স্বান্তঃপুরাদ্বহিঃ।
প্রযযৌ ত্বরিতং দ্রষ্টুং ভৈষ্মী যদুপতিং যথা ॥ ১৩
জনাঃ পুমাংসঃ পথি যে পুরস্থাঃ প্রদুদ্রুবুঃ স্ত্রীত্বভয়াৎ দিগন্তরম্।
শৃঙ্গটকে বা বিপণিস্থিতা যে, নিজাঙ্গনাস্থাপিতপুণ্যকার্য্যাঃ ॥ ১৪

উঠিলেন। তিনি সাদরে শুকমুখে স্বীয় মুখ স্পর্শ করাইয়া আপন নেত্র শুকনেত্রে সমর্পণ করিলেন এবং তদীয় প্রিয়সহচরী বিমলা, মালিনী, লোলা, কমলা, কামকন্দলা, বিলাসিনী, চারুমতী ও কুমুদা এই অষ্টনায়িকা সহ সলিলবিহারের উদ্‌যোগ করিলেন। সখীগণকে সম্বোধন করিয়া তিনি বলিলেন,—"সখীগণ! আইস, আমার সহিত সরোবরতীরে গমন করিতে হইবে॥" ১০—১২

এই বলিয়া বরবর্ণিনী পদ্মা আশু শিবিকাতে আরোহণ পূর্ব্বক উজ্জ্বলবেশা সহচরীবৃন্দে পরিবেষ্টিতা হইয়া অন্তঃপুর হইতে বিনিষ্ক্রান্তা হইলেন। রুক্মিণী যেরূপ যদুনাথের কামনায় গৃহ হইতে। বনির্গত হইয়াছিলেন, সেইরূপ তিনিও প্রভু কল্কিকে দর্শনার্থ ত্বরিতগতিতে যাত্রা করিলেন ॥ ১৩

পথিমধ্যে চতুষ্পথে ও বিপণিতে যে সমস্ত পুরবাসী পুরুষ অবস্থিতি করিতেছিল, নারীভাব প্রাপ্ত হইতে হইবে, এই আশঙ্কায় তাহারা চারিদিকে পলায়ন করিতে প্রবৃত্ত হইল। নিজ নিজ পতিকে নির্ব্বিঘ্নে গৃহাগত হইতে দেখিয়া তাহাদের পত্নীগণ দেবার্চ্চনাদি পুণ্যক্রিয়ার অনুষ্ঠানে প্রবৃত্ত হইল ॥ ১৪

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নিবারিতাং তাং শিবিকাং বহন্ত্যো নার্য্যোঽতিমত্তা বলবত্তরাশ্চ।
পদ্মা শুকোক্ত্যা তদুপর্য্যপস্থা, জগাম তাভিঃ পরিবারিতাভিঃ ॥ ১৫
সরোজলং সারসহংসনাদিতং, প্রফুল্লপদ্মোদ্ভবরেণুবাসিতম্।
চেরুর্ব্বিগাহ্যাশু সুধাকরালসাঃ কুমুদ্বতীনামুদয়ায় শোভনাঃ ॥ ১৬
তাসাং মুখামোদমদান্ধভৃঙ্গা, বিহায় পদ্মানি মুখারবিন্দে।
লগ্নাঃ সুগন্ধাধিকমাকলয্য, নিবারিতাশ্চাপি ন তত্যজুস্তে ॥ ১৭
হাসোপহাসৈঃ সরসপ্রকাশৈ, বাদ্যৈশ্চ নৃত্যৈশ্চ জলে বিহারৈঃ।
করগ্রহৈস্তা জলযোধনার্ত্তাশ্চকর্ষ তাভিব নিতাভিরুচ্চৈঃ ॥ ১৮
সা কামতপ্তা মনসা শুকোক্তিং বিবিচ্য পদ্মা সখিভিঃ সমেতা।
জলাৎ সমুত্থায় মহার্হভূষা, জগাম নির্দ্দিষ্টকদম্বষণ্ডম্ ॥ ১৯

এই প্রকার ক্রমে ক্রমে পথ পুরুষ শূন্য হইয়া পড়িল। যৌবনোন্মত্তা বলবতী নারীগণ পদ্মার শিবিকা বহন করিয়া। শুকের কথানুসারে পদ্মা যানারোহণে সখীবেষ্টিতা হইয়া গমন করিতে লাগিলেন ॥ ১৫

তদনন্তর সেই চন্দ্রমুখী রমণীয়াকৃতি রমণীকুল সারসহংসাদির মধুর রবযুক্ত, বিকসিতকমলজ রেণু দ্বারা সুগন্ধিকৃত সরোবরজলে অবগাহনপূর্ব্বক কুমুদ্বতীকে বিকসিত করিবার ইচ্ছায় কুমুদনাথের প্রত্যাশায় পরিভ্রমণ করিতে আরম্ভ করিল ॥ ১৬ ॥ অলিকুল তাহাদের মুখপদ্মের সৌরভে অন্ধপ্রায় হইয়া বিকসিত কমল পরিত্যাগপূর্ব্বক সেই বদনকমলেই উপবেশন করিতে লাগিল। নারীগণ বারবার তাহাদিগকে তাড়াইতে লাগিল, কিন্তু তাহারা বদনকমলে সৌরভাতিশয্য অনুভব করায় অপসৃত হইল না ॥ ১৭

এদিকে পদ্মা সরসহাস্যপরিহাস, নৃত্যগীত, বাদ্য, করগ্রহ ও নানাবিধ জলকেলি দ্বারা জলযোধনমত্তা সহচরীবৃন্দের চিত্তরঞ্জন করিতে লাগিলেন; সখীরাও নানারূপে তাঁহার মন হরণ করিল ॥ ১৮

অতঃপর মদনতাপিতা পদ্মা মনে মনে শুকপ্রোক্ত বাক্য অনুশীলন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সুখে শয়ানাং মণিবেদিকাগতং, কল্কিং পুরস্তাদতিসূর্য্যবর্চ্চসম্।
মহামণিব্রাতবিভূষণাচিতং, শুকেন সার্দ্ধং তমুদৈক্ষতেশম্॥ ২০
তমালনীলং কমলাপতিং প্রভুং পীতাম্বরং চারুসরোজলোচনম্।
আজানুবাহুং পৃথুপীনবক্ষসং, শ্রীবৎসকৌস্তুভকান্তিরাজিতম্॥ ২১
তদদ্ভূতং রূপমবেক্ষ্য পদ্মা সংস্তম্ভিতা বিস্মৃতসৎক্রিয়ার্থা।
সুপ্তং তু সংবোধয়িতুং প্রবৃত্তং নিবারয়ামাস বিশঙ্কিতা সা॥ ২২
কদাচিদেষোঽতিবলোঽতিরূপী, মদ্দর্শনাৎ স্ত্রীত্বমুপৈতি সাক্ষাৎ।
তদাত্র কিং মে ভবিতা ভবস্য বরেণ শাপপ্রতিমেনালোলে॥ ২৩
চরাচরাত্ম জগতামধীশঃ, প্রবোধিতস্তদ্ধৃদয়ং বিবিচ্য।
দদর্শ পদ্মাং প্রিয়রূপশোভাং, যথা রমা শ্রীমধুসূদনাগ্রে॥ ২৪

পূর্ব্বক সহচরীবৃন্দে বেষ্টিতা হইয়া সলিলগর্ভ হইতে উত্থান করিলেন এবং মহার্হ অলঙ্কার ধারণ করিয়া শুকনির্দ্দিষ্ট কদম্বমূলে উপস্থিত হইলেন॥ ১৯

দেখিলেন, পুরোবর্ত্তী মণিময়ী বেদীর উপর প্রভু কল্কি সুখে নিদ্রিত রহিয়াছেন। তদীয় তেজোরাশি সূর্য্যদেবকেও পরাজিত করিয়াছে। তাঁহার সর্ব্বাঙ্গ মহামণিরাজিতে বিরাজিত॥ ২০॥ সেই ভগবান্ রমাপতি তমালবৎ শ্যামলকান্তি, পীতাম্বর, পদ্মপলাশনেত্র, আজানুলম্বিতবাহু, পীন ও পৃথুবক্ষা, শ্রীবৎসাঙ্কিত ও কৌস্তুভরত্নে অলঙ্কৃত! সেই বিচিত্র রূপ দেখিয়া পদ্মার হৃদয় স্তম্ভিত ও ভীত হইয়া পড়িল; তিনি বিহ্বলপ্রায় হওয়াতে প্রভুর সৎকার করিতে বিস্মৃত হইলেন। অনন্তর শুক প্রভুকে জাগরিত করিতে উদ্যত হইলে, পদ্মা সশঙ্কচিত্তে নিষেধ করিয়া বলিলেন,—"এই বীরবর মোহনাকার পুরুষ, যদি আমার প্রতি নেত্রপাত করিলে নারীভাব প্রাপ্ত হন, তবে শিব বরে আমার কি ফল হইল? তদ্দত্ত বর আমার শাপে পরিণত হইয়াছে॥ ২১—২৩"

(পদ্মা শুককে এই কথা বলিয়া অধোবদনে অবস্থিতি করিতে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সংবীক্ষ্য মায়ামিব মোহিনীং তাং, জগাদ কামাকুলিতঃ স কল্কিঃ।
সখীভিরীশাং সমুপাগতাং তাং কটাক্ষবিক্ষেপবিনামিতাস্যাম্॥ ২৫
ইহৈহি সুস্বাগতমস্তু ভাগ্যাৎ, সমাগমস্তে কুশলায় মে স্যাৎ।
তবাননেন্দুঃ কিল কামপূর-তাপাপনোদায় সুখায় কান্তে॥ ২৬
লোলাক্ষি লাবণ্য-রসামৃতং তে, কামাহিদষ্টস্য বিধাতুরস্য।
তনোতু শান্তিং সুকৃতেন কৃত্যাসুদুর্লভং জীবনমাশ্রিতস্য॥ ২৭
বাহূ তবৈতৌ কুরুতাং মনোজ্ঞৌ, হৃদিস্থিতং কামমুদন্তবাসম্।
চার্ব্বায়তৌ চারুনখাঙ্কুশেন, দ্বিপং যথা সাদিবিদীর্ণকুম্ভম্॥ ২৮

লাগিলেন) তখন নিখিল জগতের অন্তর্য্যামী জগদীশ্বর কল্কি পদ্মার মনোভাব পরিজ্ঞাত হইয়া জাগরিত হইলেন। দেখিলেন, মধুসূদনমূর্ত্তির পুরোভাগে যেরূপ কমলা অবস্থিতি করেন, তদ্রূপ পরমসুন্দরী বিশালনয়না পদ্মা তাঁহার সম্মুখে দণ্ডায়মানা রহিয়াছেন॥ ২৪

সহচরীবৃন্দা সহ সমাগতা, কটাক্ষনিক্ষেপমাত্র নতবদনা, মূর্ত্তিমতী মায়ার ন্যায় সম্মোহকারী, রাজনন্দিনী পদ্মাকে দর্শন পূর্ব্বক প্রভু কল্কিদেব কামাকুলিত হইয়া কহিলেন,—"মনোহারিণি! নিকটে আগমন কর; তোমার উপস্থিতি কল্যাণের হেতু হউক, তোমার সহিত আমার মিলন হইল। ত্বদীয় মুখচন্দ্রমা হইতে আমার মদনসন্তাপ বিদূরিত ও আনন্দ বর্দ্ধিত হউক॥ ২৫—২৬

চপলাক্ষি! আমি ব্রহ্মাণ্ডের বিধাতা সত্য; তথাপি মদনরূপ কাল-ভুজঙ্গ কর্ত্তৃক সন্দষ্ট হইয়াছি। অধুনা তোমার লাবণ্যরূপ পীযূষ ব্যতীত তৎপ্রশমনের অন্য উপায় নাই। এই শান্তি বহুপুণ্য অথবা পুরুষার্থ দ্বারা লাভ করাও কঠিন; ইহা শরণাগতজনের জীবনস্বরূপ॥ ২৭

যন্তা (মাহুত) যেরূপ অঙ্কুশ দ্বারা মদমত্ত করীর কুম্ভ বিদীর্ণ করে; সেইরূপ তোমার এই চিত্তরঞ্জন, কমনীয়, বিশাল বাহুযুগল সুরুচির নখরূপ অঙ্কুশ দ্বারা আমার হৃদ্গত পঞ্চশররূপ মত্তবারণকে ক্ষতবিক্ষত ও নির্ব্বাপিত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্তনাবিমাবুত্থিতমস্তকৌ তে, কামপ্রতোদাবিব বাসাসাক্তৌ।
মনোরথা ভিন্ননিজাভিমানৌ সুবর্ত্তুলৌ ব্যাদিশতং প্রিয়ং মে ॥ ২৯
কান্তস্য সোপানমিদং বলিত্রয়ং সূত্রেণ লোমাবলিলেখলক্ষিতম্।
বিভাজিতং বেদিবিলগ্নমধ্যমে, কামস্য দুর্গাশ্রয়মস্তু মে প্রিয়ম্ ॥ ৩০
রম্ভোরু ! সম্ভোগসুখায় মে স্যাৎ নিতম্ববিম্বং পুলিনোপমং তে।
তন্বঙ্গি ! তন্বংশুকসঙ্গশোভং প্রমত্তকামাবিমদোত্থমাঘম্ ॥ ৩১
পাদাম্বুজং তেঽঙ্গুলিপত্রচিত্রিতং, বরং মরালক্কণন্নুপূরাবৃতম্।
কাম্যহিংস্য মমাস্তু শান্তয়ে, হৃদি স্থিতং সদ্মঘনে সুশোভনে ॥ ৩২

শ্রুত্বৈতদ্বচনামৃতং কলিকুলধ্বংসস্য কল্কেরলং
দৃষ্ট্বা সৎপুরুষত্বমস্যমুদিতা পদ্মা সখীভির্বৃতা।

করুক ॥ ২৮ ॥ তোমার এই বস্ত্রাবৃত সুবর্ত্তুল কুচদ্বয় কন্দর্পের প্রতোদের (চাবুকের) ন্যায় মস্তক সমুন্নত করিয়া বিরাজ করিতেছে। ইহারা মদীয় বক্ষঃপ্রদেশ দ্বারা খর্ব্বীকৃত হইয়া আমার মনোরথ পরিপূর্ণ করুক ॥ ২৯ ॥

কান্তে ! তোমার কটিদেশ যজ্ঞবেদির মধ্যস্থলের ন্যায় কৃশ। সূত্র দ্বারা সংবিভক্ত রোমরাজিচিহ্নে চিহ্নিতে ত্বদীয় বলিত্রয় কন্দর্পের সোপান ও অবস্থিতির দুর্গ স্বরূপে শোভা পাইতেছে। সম্প্রতি উহা আমার প্রীতিপ্রদান করুক ॥ ৩০ ॥ রম্ভোরু ! তোমার নিতম্ববিম্ব পুলিনোপম এবং সূক্ষ্মবসনসম্পর্কে বিরাজমান। হে তন্বঙ্গি ! ত্বদীয় এই নিতম্ব প্রদেশ হইতে কামাকুলিত জনের কামোন্মাদজনিত উদ্ধত মন্দীভূত হইয়া যায়। অধুনা উহা মদীয় সম্ভোগসুখের হেতু হউক্ ॥ ৩১ ॥ মদীয় হৃদয়রূপ বিমলজলে সংস্থিত, অঙ্গুলীরূপ পত্রদ্বারা চিত্রিত, মরালবৎ শব্দায়মান নূপুরদ্বারা সুশোভিত, অতি মনোহর ত্বদীয় পাদপদ্মযুগল হইতে আমার কামরূপ-বিষধর-দংশনজ বিষ প্রশমিত হউক ॥ ৩২

কলিকুলনাশন কল্কির সুধাময়ী বাণী শ্রবণ করিয়া তাঁহার পুরুষত্বদর্শনে রাজকুমারী পদ্মা নিরতিশয় আনন্দে অভিভূতা হইলেন। তদীয় চিত্ত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কান্তং ক্লান্তমনাঃ কৃতাঞ্জলিপুটা প্রোবাচ তং সাদরম্।
ধীরং ধীরপুরস্কৃতং নিজপতিং নত্বা নমৎকন্ধরা॥ ৩৩

ইতি কল্কিপুরাণে দ্বিতীয়োঽধ্যায়॥ ২

তৃতীয়োঽধ্যায়ঃ

স্থূত উবাচ।

সা পদ্মা তং হরিং মত্বা প্রেমগদ্‌গদ্‌ভাষিণী।
তুষ্টাব ব্রীড়িতা দেবী করুণাবরুণালয়ম্॥ ১
প্রসীদ জগতাং নাথং! ধর্ম্মবর্ম্মন্! রমাপতে!
বিদিতোঽসি বিশুদ্ধাত্মন্! বশাগাং ত্রাহি মাং প্রভো॥ ২
ধন্যাহং কৃতপুণ্যাহং তপোদানজপব্রতৈঃ।
ত্বাং প্রতোষ্য দুরারাধ্যং লব্ধং তব পদাম্বুজম্॥ ৩

কল্কি কর্ত্তৃক আক্রান্ত হওয়াতে তিনি সহচরীগণের সহিত অবনত শিরে প্রণাম করিয়া করপুটে ধীরজন-পুরস্কৃত নিজপতি কল্কিকে সমাদর সহকারে ধীরে ধীরে বলিতে আরম্ভ করিলেন॥ ৩৩

দ্বিতীয় অধ্যায় সমাপ্ত।

স্থূত বলিলেন,—পদ্মাবতী দয়াময় কল্কিকে হরিজ্ঞানে লজ্জিতা হইয়া প্রেমগদগদবাক্যে তাঁহার স্তব করিতে প্রবৃত্ত হইলেন॥ ১॥ "হে লক্ষ্মীপতে! তুমি জগতের নাথ এবং ধর্ম্মের কঞ্চুকস্বরূপ। হে পবিত্রাত্মন্! আমি তোমাকে জানিতে পারিয়াছি। হে প্রভো! অধুনা আমি তোমার শরণ গ্রহণ করিলাম, আমাকে পরিত্রাণ কর॥ ২

তুমি দুরারাধ্য হইলেও আমি তপঃ, দান, জপ ও ব্রতানুষ্ঠান দ্বারা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আজ্ঞাং কুরু পাদাম্ভোজং তব সংস্পৃশ্য শোভনম্।
ভবনং যামি রাজানমাখ্যাতুং স্বাগতং তব॥ ৪
ইতি পদ্মা রূপসদ্মা গত্বা স্বপিতরং নৃপম্।
প্রোবাচাগমনং কল্কের্বিষ্ণোরংশস্য দৌত্যকৈঃ॥ ৫
সখীমুখেন পদ্মায়াঃ পাণিগ্রহণকাম্যয়া।
হরেরাগমনং শ্রুত্বা সহর্ষেঽভূৎ বৃহদ্রথঃ॥ ৬
পুরোধসা ব্রাহ্মণৈশ্চ পাত্রৈর্মিত্রৈ সুমঙ্গলৈঃ।
বাদ্যতাণ্ডবগীতৈশ্চ পূজায়োজনপাণিভিঃ॥ ৭
জগামানয়িতুং কল্কিং সার্দ্ধং নিজজনৈঃ প্রভুঃ।
মণ্ডয়িত্বা কারুমতীং পতাকাস্বর্ণ-তোরণৈঃ॥ ৮
ততো জলাশয়াভ্যাসং গত্বা বিষ্ণুযশঃসুতম্।
মণিবেদিকয়াসীনং ভুবনৈকগতিং পতিম্॥ ৯

তোমাকে প্রসন্ন করিয়া ত্বদীয় পদাম্বুজ প্রাপ্ত হইলাম; সুতরাং আমি ধন্যা ও কৃতপুণ্যা॥ ৩॥ সম্প্রতি তুমি আদেশ কর, তোমার সুকোমল চরণ-কমল স্পর্শপূর্ব্বক গৃহে যাইয়া নৃপতিসকাশে তোমার শুভাগমনবৃত্তান্ত বিজ্ঞাপন করি॥ ৪॥" অনুপমরূপলাবণ্যবতী পদ্মা এই বলিয়া পিতৃসকাশে গমন পূর্ব্বক দূত দ্বারা হরি-অংশে অবতীর্ণ কল্কির শুভাগমনবার্ত্তা অবগত করাইলেন॥ ৫॥ হরি পরিণয়ার্থী হইয়া স্বয়ং উপস্থিত হইয়াছেন, এই কথা পদ্মার সহচরী প্রমুখাৎ শ্রবণ করিয়া নরপতি পরম আনন্দসাগরে নিমগ্ন হইলেন॥ ৬

অনন্তর তিনি যথাযোগ্য পূজোপকরণ লইয়া পুরোহিত, বিপ্র, পাত্র, মিত্র প্রভৃতি সমভিব্যাহারে নৃত্যগীতবাদ্য করিতে করিতে কল্কিকে আনয়নার্থ যাত্রা করিলেন। পরিজনবর্গ তাঁহার অনুগমন করিলেন। এদিকে পতাকাকাঞ্চনময় তোরণরাজি দ্বারা কারুমতীনগরী সমলঙ্কৃত হইল॥ ৭-৮। ক্রমে নরপতি বৃহদ্রথ জলাশয়সমীপে উপস্থিত হইয়া দেখিলেন,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ঘনাঘনোপরি যথা শোভন্তে রুচিরাণ্যহো।
বিদ্যুদিন্দ্রায়ুধাদীনি তথৈব ভূষণান্যুত ॥ ১০
শরীরে পীতবাসাগ্রঘোরভাসা বিভূষিতম্।
রূপলাবণ্যসদনে মদনোত্তমনাশনে ॥ ১১
দদর্শ পুরতো রাজা রূপশীলগুণাকরম্।
সাশ্রুঃ সপুলকঃ শ্রীশং দৃষ্ট্বা সাধু তমর্চ্চয়ৎ ॥ ১২
জ্ঞানাগোচরমেতন্মে তবাগমনমীশ্বর।
যথা মান্ধাতৃপুত্রস্য যদুনাথেন কাননে ॥ ১৩
ইত্যুক্ত্ব তং পূজয়িত্বা সমানীয় নিজাশ্রমে।
হর্ম্ম্যপ্রাসাদসংবাধে স্থাপয়িত্বা-দদৌ সুতাম্ ॥ ১৪
পদ্মাং পদ্মপলাশাক্ষীং পদ্মনেত্রায় পদ্মিনীম্।
পদ্মজাদেশতঃ পদ্মনাভায়াদাৎ যথাক্রমম্ ॥ ১৫

বিষ্ণুযশানন্দন অগতির গতি বিশ্বনাথ বিষ্ণু মণিবেদীর উপর উপবিষ্ট রহিয়াছেন। বারিবর্ষণকারী শ্যামজলদের উপর যেরূপ মনোহর তড়িৎ ইন্দ্রায়ুধ দ্বারা শোভা পায়, সেইরূপ শ্যামলাঙ্গ কল্কির অঙ্গে নানারূপ অলঙ্কার বিরাজ করিতেছে ॥ ৯-১০ ॥ কন্দর্প-দর্পহারী রূপলাবণ্যের আধার তদীয় দেহ পীতাম্বরের অগ্রদেশস্থ ঘোরকান্তি দ্বারা সমলঙ্কৃত হইয়াছে ॥ ১১

গুণবান্, সচ্চরিত্র, রূপলাবণ্য সম্পন্ন, রমাপতি কল্কিকে পুরোভাগে অবস্থিত দেখিয়া রাজার আনন্দের পরিসীমা রহিল না, তিনি অবিরল হর্ষাশ্রু বিসর্জ্জন করিতে প্রবৃত্ত হইলেন। অনন্তর যথাবিধি অর্চ্চনা করিয়া বলিলেন,—"জগৎপতে! যদুপতি যেরূপ বনমধ্যে মান্ধাতৃনন্দনের সহিত মিলিত হইয়াছিলেন, তদ্রূপ আপনার সহিত এই স্থানে আমার যে মিলন হইল, ইহা স্বপ্নেরও অগোচর সন্দেহ নাই ॥ ১২-১৩ ॥" নৃপবর এই বলিয়া কল্কির অর্চ্চনা করিয়া তাঁহাকে হর্ম্ম্যরাজি ও প্রাসাদশ্রেণীতে শোভিত স্বীয় সদনে আনয়ন করিয়া যত্নসহকারে নন্দিনী সম্প্রদান করিলেন ॥ ১৪

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কল্কির্লব্ধা প্রিয়াং ভার্য্যাং সিংহলে সাধুসৎকৃতঃ।
সমুবাস বিশেষজ্ঞঃ সমীক্ষ্য দ্বীপমুত্তমম্॥ ১৬
রাজানঃ স্ত্রীত্বমাপন্নাঃ পদ্মায়াঃ সখিতাং গতাঃ।
দ্রষ্টুং সমীয়ুস্ত্বরিতাঃ কল্কিং বিষ্ণুং জগৎপতিম্॥ ১৭
তাঃ স্ত্রিয়োঽপি তমালোক্য সংস্পৃশ্য চরণাম্বুজম্।
পুনঃ পুংস্ত্বং সমাপন্না রেবাস্নানাৎ তদাজ্ঞয়া॥ ১৮
পদ্মাকল্কী গৌরকৃষ্ণৌ বিপরীতান্তরাবুভৌ।
বহিঃস্ফুটৌ নীলপীত-বাসোব্যাজেন পশ্যতু॥ ১৯
দৃষ্টা প্রভাবং কল্কেস্ত রাজানঃ পরমাদ্ভূতম্।
প্রণম্য পরয়া ভক্ত্যা তুষ্টুবুঃ শরণার্থিনঃ॥ ২০

তিনি ব্রহ্মার আজ্ঞানুসারে পুণ্ডরীকাক্ষ কমলনাভ কল্কির করে পদ্মপত্রায়তেক্ষণা পদ্মিনী পদ্মাকে যথাবিধি সম্প্রদান করিলেন॥ ১৫॥ বিশেষবিৎ কল্কি প্রণয়িনী পত্নীকে প্রাপ্ত হইয়া সজ্জনগণ কর্ত্তৃক উত্তমরূপে সংকৃত হইলেন এবং সিংহলদ্বীপকে মনোরমস্থান দর্শনে কিছুদিন তথায় বাস করিতে ইচ্ছা করিলেন॥ ১৬

যে সমস্ত নরপতি রমণীভাব প্রাপ্ত হইয়া পদ্মার সহচরী রূপে সিংহলে অবস্থিতি করিতেছিলেন, জগন্নাথ কল্কিকে দেখিবার ইচ্ছায় তাঁহারা দ্রুতগতি উপস্থিত হইলেন॥ ১৭॥ কল্কিকে দেখিয়া এবং তদীয় পাদপদ্ম স্পর্শ করিয়া প্রভুর আজ্ঞায় তাঁহারা রেবাসলিলে স্নান করিবামাত্র পুনর্ব্বার স্ব স্ব পুরুষরূপ প্রাপ্ত হইলেন॥ ১৮॥ পদ্মা গৌরাঙ্গী, কল্কি জলদশ্যামল, উভয়ে পরস্পর বিপরীতভাব বিশিষ্ট, সুতরাং রাজকুমারীর নীলবসন ও প্রভুর পীতবসনরূপ বহির্বর্ণ প্রকাশিত হইয়া সকলকে পরস্পর রূপের সমন্বয় প্রদর্শন করিতে প্রবৃত্ত হইল॥ ১৯॥ নৃপতিবৃন্দ কল্কির অত্যাশ্চর্য্য প্রভাব দর্শন পূর্ব্বক তাঁহার শরণ গ্রহণ করিলেন এবং নিরতিশয় ভক্তিমান্ হইয়া প্রণতি পূর্ব্বক স্তুতিবাদে প্রবৃত্ত হইলেন॥ ২০

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রাজান উচুঃ।

জয় জয় নিজমায়য়া কল্পিতাশেষকল্পনাপরিণাম।
জলাপ্লুতলোকত্রয়োপকরণমাকলয্য মনুমনিশম্য
পূরিতমবিজানাবিভূর্তমহামীনশরীর।
ত্বং নিজকৃতধর্ম্মসেতুসংরক্ষণকৃতাবতারঃ ॥ ২১

পুনরিহ দিতিজ-বল-পরিলঙ্ঘি বাসব-সূদনাদৃতজিতভুবনপরাক্রম হিরণ্যাক্ষ-নিধন-পৃথিব্যুদ্ধরণ সংকল্পাভিনিবেশ ধৃতকোলাবতারঃ পাহি নঃ ॥ ২২

পুনরিহ জলধিমথনাদৃত—দেবদানবগণ—মন্দরাচলা-নয়নব্যাকুলিতানাং সাহায্যেনাদৃতচিত্তঃ পর্ব্বতোদ্ধরণামৃতপ্রাশনচরনাবতারঃ কূর্ম্মাকারঃ প্রসীদ পরেশ ত্বং দীননৃপাণাম্ ॥ ২৩

নৃপতিবৃন্দ কহিলেন,—"প্রভো! আপনি উপযুক্ত হউন্। আপনার মায়াবশেই ব্রহ্মাণ্ডে নানারূপ বৈচিত্র্য কল্পিত হইতেছে, ভবদীয় মায়াবলই তাহার পরিণতির কারণ। যখন ত্রিলোকের উপকরণসমূহ সলিলে প্লাবিত হইয়াছিল, বেদমন্ত্রোচ্চারণ বিলুপ্ত হইয়া গিয়াছিল, তখন আপনি জনপ্রাণিবিরহিত পক্ষিশূন্য নির্জ্জনপ্রদেশে মহামৎস্যরূপে প্রাদুর্ভূত হইয়াছিলেন। স্বকৃত ধর্ম্মসেতুর উদ্ধারার্থই আপনি তাদৃশ মৎস্যাবতার পরিগ্রহ করিয়াছিলেন ॥ ২১ ॥ যে সময়ে দৈত্যসেনারা দেবেন্দ্রকে পরাভব করিতে লাগিল, যখন ত্রিলোকবিজয়ী মহাবলপরাক্রান্ত হিরণ্যাক্ষ সুররাজকে বধ করিবার উদ্যম করিল, সেই সময় সেই দৈত্যপতির সংহার ও ধরণী-সমুদ্ধারের বাসনায় আপনি মহাবরাহ মূর্ত্তি পরিগ্রহ করিয়াছিলেন। সম্প্রতি আপনি আমাদিগকে রক্ষা করুন্ ॥ ২২

পুরাকালে সুরাসুরমণ্ডলী সমবেত হইয়া সাগরমন্থনার্থ মন্দরগিরি-স্থাপনে স্থান প্রাপ্ত না হওয়াতে ব্যাকুলমনা হইলে, আপনি তাঁহাদের উপকারার্থ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পুনরিহ ত্রিভুবন জয়িনো মহাবলপরাক্রমস্য হিরণ্য-কশিপে-রর্দ্দিতানাং দেববরাণাং ভয়ভীতানাং কল্যাণায় দিতিসুতবধপ্রেপ্সু-র্ব্রহ্মণো বরদানাদবধ্যস্য ন শস্ত্রাস্ত্ররাত্রিদিবাস্বর্গমর্ত্ত্যপাতালতলে দেবগন্ধর্ব্বকিন্নরনাগৈরিতি বিচিন্ত্য নরহরিরূপেন নখাগ্রভিন্নোরুং দষ্টদন্তচ্ছদং ত্যক্তাসুং কৃতবানসি ॥ ২৪

পুনরিহ ত্রিজগজ্জয়িনো বলেঃ সত্রে শক্রানুজো বটুবামনো দৈত্যসংমোহনায় ত্রিপাদভূমিযাচ্ঞাচ্ছলেন বিশ্বকায়স্তত্বৎ সৃষ্ট-

---

কূর্ম্মরূপে পৃষ্ঠদেশে সেই মহাগিরি ধারণ করিয়াছিলেন। সুরগণ যাহাতে অমৃতলাভ করিয়া তাহা পান করিতে পারেন, সেই অভিলাষেই আপনি তাদৃশী কূর্ম্মমূর্ত্তি পরিগ্রহ করিয়াছিলেন। হে প্রভো! আপনি এক্ষণে এই দীনহীন নৃপতিবৃন্দের প্রতি প্রসন্ন হউন॥ ২৩॥ যে সময় মহাদুর্দ্দান্ত মহাপরাক্রান্ত, ত্রিলোকবিজয়ী হিরণ্যকশিপু দেবশ্রেষ্ঠগণকে প্রপীড়িত করিতে প্রবৃত্ত হইল, তাহার ভয়ে দেবগণ যখন একান্ত ত্রস্ত হইয়া উঠিলেন, আপনি সেই সময় সুরগণের কল্যাণার্থ ঐ দৈত্যপতির সংহারে স্থিরসঙ্কল্প হইয়াছিলেন। ব্রহ্মদত্ত বরে সেই দৈত্যরাজ দেব, নর, গন্ধর্ব্ব, কিন্নর, নাগ, শস্ত্র, অস্ত্র প্রভৃতির অবধ্য হইয়াছিল, কি স্বর্গে, কি মর্ত্তে, কি পাতালে, কি দিবায়, কি রাত্রিতে তাহার মৃত্যু হইবে না, এইরূপ নির্দ্দিষ্ট ছিল, তখন আপনি তাহাকে বধ করিবার জন্য নৃসিংহমূর্ত্তি পরিগ্রহ করিয়াছিলেন। দৈত্যপতি আপনাকে দেখিয়া দশন দ্বারা দংশনে প্রবৃত্ত হইলে আপনি তীক্ষ্ণনখাগ্র দ্বারা তদীয় মর্ম্ম বিদারণ করিয়া তাহাকে শমনগৃহে প্রেরণ করিয়াছিলেন॥ ২৪

আপনি দেবেন্দ্রের কনিষ্ঠরূপে বামনাকার পরিগ্রহ পূর্ব্বক দৈত্যনাথ বলিকে বিমোহিত করিবার জন্য তদীয় যজ্ঞস্থলে উপস্থিত হইয়া ত্রিপাদপরিমিত ভূমি প্রার্থনা করিয়াছিলেন। তদনন্তর ভূমি উৎসর্গার্থ সলিলত্যাগ করিবামাত্র ভবদীয় অভিষ্টসিদ্ধি না হওয়াতে আপনি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জলসংস্পর্শবিবৃদ্ধমনোঽভিলাষস্ত্বং ভূতলে বলেদৌবারিকত্বমঙ্গীকৃতমুচিতঃ দানফলম্ ॥ ২৫

পুনরিহ হৈহয়াদিনৃপাণামমিতবলপরাক্রমাণাং নানামদোল্লঙ্ঘিতমর্য্যাদাবর্ত্মনাং নিধনায় ভৃগুবংশজে জামদগ্ন্যঃ পিতৃহোমধেনুহরণপ্রবৃদ্ধমন্যুবশাৎ ত্রিঃসপ্তকৃত্বো নিঃক্ষত্রিয়াং পৃথিবীং কৃতবানসি পরশুরামাবতারঃ ॥ ২৬

পুনরিহ পুলস্ত্যবংশাবতংসস্য বিশ্বশ্রবসঃ পুত্রস্য নিশাচরস্য রাবণস্য লোকত্রয়তাপস্য নিধনমুররীকৃত্য রবিকুলজাতদশরথাত্মজো বিশ্বামিত্রাদস্ত্রাণ্যুপলভ্য বনে সীতাহরণবশাৎ প্রবৃদ্ধমন্যুনা অম্বুধিং ব্যনরৈর্নিবধ্য সগণং দশকন্ধরং হতবানসি রামাবতারঃ ॥ ২৭

পুনরিহ যদুকুলজলধিকলানিধিঃ সকলসুরগণসেবিতপাদার-

বিরাটমূর্ত্তি পরিগ্রহ করেন। অবশেষে আপনি দৈত্যরাজকে পাতালতলে পাঠাইয়া ত্রিভুবনদানের সুফলস্বরূপ স্বয়ং তদীয় দ্বারপালরূপে অবস্থিতি করেন ॥ ২৬

মহাবল পরাক্রান্ত হৈহয়াদি রাজগণ গর্ব্বোন্মত্ত হইয়া ধর্ম্মমর্য্যাদা অতিক্রম করিলে তাহাদের সংহারার্থ পুনরায় আপনি ভৃগুকুলতিলক রামরূপে ভূতলে আগমন করিয়াছিলেন। সেই অবতারে জনকের হোমধেনুহরণ জন্য ক্রোধে অধীর হইয়া আপনি একবিংশতিবার ধরণী ক্ষত্রিয়শূন্য করেন ॥ ২৬ ॥ অবশেষে পুলস্ত্য কুলতিলক বিশ্বশ্রবাঋষির তনয় নিশাচর দশাননের প্রভাবে ত্রিভুবন প্রপীড়িত হইলে, তাহার সংহারার্থ আপনি সূর্য্যবংশীয় নরপতি দশরথের পুত্ররূপে অবতীর্ণ হন। অনন্তর মহামুনি বিশ্বামিত্রসকাশে অস্ত্রশিক্ষা করিয়া পিতার আদেশে চতুর্দ্দশবর্ষের জন্য বনবাসে গমন করিলে, রাবণ আপনার পত্নী জানকীকে হরণ করিলে তজ্জন্য ক্রুদ্ধ হইয়া আপনি কপি-কটকসাহায্যে সমুদ্রবন্ধন পূর্ব্বক লঙ্কাপতিকে সবংশে নিপাত করিয়াছিলেন ॥ ২৭

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিন্দদ্বন্দ্বঃ বিবিধদানবদৈত্যদলন-লোকত্রয়দুরিততাপনো বসুদেবাত্মজো রামাবতারো বলভদ্রস্ত্বমসি ॥ ২৮

পুনরিহ বিধিকৃত-বেদধর্ম্মানুষ্ঠান-বিহিত-নানাদর্শনসংঘৃণঃ সংসারকর্ম্মত্যাগবিধিনা ব্রহ্মাভাসবিলাসচাতুরীংপ্রকৃতিবিমাননাম-সম্পাদয়ন্ বুদ্ধাবতারস্ত্বমসি ॥ ২৯

অধুনা কলিকুলনাশাবতারে বৌদ্ধপাষণ্ডম্লেচ্ছাদীনাঞ্চ বেদধর্ম্ম-সেতুপরিপালনায় কৃতাবতারঃ কল্কিরূপেণাস্মান্ স্ত্রীত্বনিরয়াদুদ্ধৃতবানসি তবানুকম্পাং কিমিহ কথয়ামঃ ॥ ৩০

ক্ব তে ব্রহ্মাদীনামবিদিতবিলাসাবতরণম্
ক্ব নঃ কামা বামাকুলিতমৃগতৃষ্ণার্ত্তমনসাম্।
সুদুষ্প্রাপ্যং যুষ্মচ্চরণজলজালোকনমিদং
কৃপাপারাবারঃ প্রমুদিতদৃশাশ্বাসয় নিজান্ ॥ ৩১

ইতি কল্কিপুরাণে তৃতীয়োঽধ্যায়ঃ ॥ ৩

তদনন্তর আপনি যদুবংশরূপ সমুদ্রের চন্দ্রমারূপে বাসুদেবকুমার কৃষ্ণরূপে অবতার গ্রহণ করেন এবং নানাদৈত্যসংহারদ্বারা ত্রিভুবনের পাপরাশি বিদূরিত করিয়াছিলেন। তখন নিখিল সুরবৃন্দ আপনার সেই কৃষ্ণাবতারের চরণকমল আরাধনা করিয়াছিলেন। তৎকালে আপনি বলদেব রূপেও অবতীর্ণ হইয়াছিলেন ॥ ২৮ ॥ অবশেষে কালসহকারে আপনি বিধাতৃ নির্দ্দিষ্ট বৈদিকধর্ম্মাচরণে ঘৃণা প্রদর্শন করিয়া সংসার বিসর্জ্জন দ্বারা অলীক মায়াপ্রপঞ্চপরিহারের উপদেশ-প্রদানার্থ বুদ্ধাবতার পরিগ্রহ করেন; সেই অবতারে আপনার দ্বারা প্রাকৃতিক বিষয়ের অবমাননা হয় নাই ॥ ২৯ ॥ সম্প্রতি আপনি কলিবংশসংহারার্থ এবং বৌদ্ধ, পাষণ্ড ম্লেচ্ছাদি ও নিগ্রহার্থ কল্কিরূপে প্রাদুর্ভূত হইয়া বেদধর্ম্মরূপ সেতুর রক্ষাবিধান করিতেছেন, সুতরাং ভবদীয় অনুকম্পার বিষয় আর কি বলিব? ॥ ৩০ ॥ ব্রহ্মাদি সুরগণও যাঁহার লীলা বুঝিতে পারেন না, সেই আপনার অবতারের বিষয়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চতুর্থোঽধ্যায়ঃ

—:০:—

সূত উবাচ।

শ্রুত্বা নৃপানাং ভক্তানাং বচনং পুরুষোত্তমঃ।
ব্রাহ্মণক্ষত্রবিট্‌ শূদ্র-বর্ণানাং ধর্ম্মামাহ যৎ॥ ১
প্রবৃত্তানাং নিবৃত্তানাং কর্ম্ম যৎ পরিকীর্ত্তিতম্।
সর্ব্বং সংশ্রাবয়ামাস বেদানামনুশাসনম্॥ ২
ইতি কল্কের্বচঃ শ্রুত্বা রাজানো বিষদাশয়াঃ।
প্রণিপত্য পুনঃ প্রাহুঃ পূর্ব্বান্ত গতিমাত্মনঃ॥ ৩
স্ত্রীত্বং বাপ্যথবা পুংস্ত্বং কস্য বা কেন বা কৃতম্।
জরাযৌবন-বাল্যাদি সুখদুঃখাদিকঞ্চ যৎ॥ ৪

কোথায়? আর রমণীরূপদর্শনে কামবাণে জর্জ্জরীভূত মৃগতৃষ্ণাপীড়িতমনা মানবাধম আমরাই বা কোথায়? আমাদের পক্ষে ভবদীয় পাদপদ্মদর্শন অতি দুষ্প্রাপ্য। আপনি করুণাসাগর, আমরা আপনার বশংবদ ও আশ্রিত আপনি প্রসন্নদৃষ্টিতে আমাদিগকে আশ্বাস প্রদান করুন॥ ৩১

তৃতীয় অধ্যায় সমাপ্ত।

সূত বলিলেন,—পুরুষপ্রবর কল্কি ভক্তিনিষ্ঠা নৃপতিবৃন্দের কথা শুনিয়া বিপ্র, ক্ষত্র, বৈশ্য, শূদ্র এই চারিবর্ণেরই ধর্ম্ম কীর্ত্তন করিলেন॥ ১

কি সংসারি, কি সংসারবিরাগী, সকলের পক্ষেই যে যে কর্ম্ম বেদবিহিত, তৎসমস্তও তাঁহাদিগকে শ্রবণ করাইলেন॥ ২॥ কল্কিপ্রমুখাৎ ঐ সকল কথা শুনিয়া নৃপতিবর্গের অন্তর পবিত্র হইল; তাঁহারা পুনরায় কল্কিপদে প্রণত হইয়া আপনাদের অতীত অবস্থাসম্বন্ধে প্রশ্ন করিয়া কহিলেন,— "মানবগণের নর-নারীভেদে জন্মধারণের কারণ কি? কাহা হইতে ঐরূপ বিভিন্নতা হয়? জরা, যৌবন, বাল্য এবং সুখদুঃখাদিই বা কোথা হইতে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তস্মাৎ কুতো বা কস্মিন্ বা কিমেতদিতি বা বিভো !
অনির্ণীতান্যবিদিতান্যপি কর্ম্মাণি বর্ণয় ॥ ৫
তদা তদাকর্ণ্য কল্কিরনন্তং মুনিমস্মরৎ ।
সোঽপ্যনন্তো মুনিবরস্তীর্থপাদো বৃহদ্ব্রতঃ ॥ ৬
কল্কের্দর্শনতো মুক্তিমাকলয্যাগতস্ত্বরন্ ।
সমাগত্য পুনঃ প্রাহ কিং করিষ্যামি কুত্র বা ।
যাস্যামীতি বচঃ শ্রুত্বা কল্কিঃ প্রাহ হসন্ মুনিম্ ॥ ৭
কৃতং দৃষ্টং ত্বয়া সর্ব্বং জ্ঞাতং যাহ্যনিবর্ত্তকম্ ।
অদৃষ্টমকৃতঞ্চেতি শ্রুত্বা হৃষ্টমনা মুনিঃ ॥ ৮
গমনায়োদ্যতং তং তু দৃষ্ট্বা নৃপগণাস্ততঃ ।
কল্কিং কমলপত্রাক্ষং প্রোচুর্বিস্মিতচেতসঃ ॥ ৯

কি কারণে উৎপন্ন হয় ? হে বিভো ! আপনি এই সমস্ত বিষয় বর্ণন করুন ; এতদ্ভিন্ন আমরা যাহা যাহা অবগত নহি, তাহাও আপনার মুখে শুনিতে ইচ্ছা করি ॥ ৩—৫"

তখন কল্কি অনন্ত মুনিকে স্মরণ করিলেন। তীর্থপাদ, বৃহদ্ব্রতধারী সেই তাপসপ্রবরও প্রভু কর্ত্তৃক স্মৃত হইবামাত্র কল্কিদর্শনে মুক্তিলাভ করিবেন,—এই আশায় দ্রুতগতি তথায় আগমন করিলেন। তিনি কল্কিসকাশে উপস্থিত হইয়াই বলিলেন—"কোথায় গমন করিতে হইবে, আমি কি করিব, অনুমতি প্রদান করুন।"

সহাস্য-বদনে কল্কি কহিলেন,—"আমি যাহা করিয়াছি, তৎসমস্তই তুমি দর্শন করিয়াছ, কিছুই তোমার অবিদিত নাই। অদৃষ্ট অখণ্ডনীয় ; কর্ম্ম না করিয়াও কেহ তাহার ফলভাগী হয় না।"

এই কথা শুনিয়া ঋষির আনন্দের পরিসীমা রহিল না ॥ ৬—৮ ॥ তিনি প্রস্থানে উদ্যম করিলে, নৃপতিবৃন্দ তৎপ্রতি নেত্রপাত পূর্ব্বক বিস্মিতমনা হইয়া পুণ্ডরীকাক্ষ কল্কিকে বলিতে আরম্ভ করিলেন ॥ ৯

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রাজান উচুঃ।

কিমনেনাপি কথিতং ত্বয়া বা কিমুতান্যুত।
সর্ব্বং তৎশ্রোতুমিচ্ছামঃ কথোপকথনং দ্বয়োঃ ॥ ১০
নৃপাণাং তদ্বচঃ শ্রুত্বা তানাহ মধুসূদনঃ।
পৃচ্ছতাং তঃ মুনিং শান্তং কথোপকথনাদৃতাঃ ॥ ১১
ইতি কল্কের্বচো ভূয়ঃ শ্রুত্বা তে নৃপসত্তমাঃ।
অনন্তমাহুঃ প্রণতাঃ প্রশ্নপারতিতীর্ষবঃ ॥ ১২

রাজান উচুঃ।

মুনে কিমত্র কথনং কল্কিনা ধর্ম্মবর্ম্মণা।
দুর্বোধঃ কেন বা জাতস্তত্ত্বং বর্ণয় নঃ প্রভো ॥ ১৩

মুনিরুবাচ।

পুরিকায়াং পুরি পুরা পিতা মে বেদপারগঃ।
বিদ্রুমো নাম ধর্ম্মজ্ঞঃ খ্যাতঃ পরহিতে রতঃ ॥ ১৪

নৃপতিবৃন্দ কহিলেন,—"মহামুনি কি কহিলেন? আপনিই বা তাহার উত্তরে কি কহিলেন? আপনারা উভয়ে কোন্ কোন্ প্রসঙ্গে কথোপকথন করিয়াছিলেন, তাহা শ্রবণ করিতে আমাদিগের কৌতূহল জন্মিয়াছে ॥ ১০"

ভগবান্ কল্কি নৃপতিবৃন্দের এই কথা শুনিয়া বলিলেন,—"আমাদিগের পরস্পর যে বিষয়ে কথোপকথন হইয়াছিল, তাহা অবগত হইবার বাসনা হইলে, এই শান্তপ্রকৃতি তাপসবরকে জিজ্ঞাসা কর ॥ ১১ ॥" কল্কির এই কথা শুনিয়া নরপতিগণ প্রশ্নের মর্ম্ম পরিজ্ঞাত হইবার জন্য অনন্তকে প্রণামপূর্ব্বক কহিতে লাগিলেন ॥ ১২

নৃপতিবৃন্দ বলিলেন,—"তাপসপ্রবর! এই ভগবান্ কল্কি ধর্ম্মের কঞ্চুকস্বরূপ, ইহার সহিত আপনার যে কথোপকথন হইয়াছিল তাহা পরম গহন, তাহার হেতু কি? আমরা তাহার গূঢ়বিবরণ অবগত হইতে ইচ্ছা করি, অনুগ্রহ পূর্ব্বক কীর্ত্তন করুন ॥ ১৩

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সোমা মম বিভো ! মাতা পতিধর্ম্মপরায়ণা ।
ভয়োর্ব্বয়ঃপরিণতৌ কালে ষণ্ডাকৃতিস্ত্বহম্ ॥ ১৫
সঞ্জাতঃ শোকদঃ পিত্রোর্লোকানাং নিন্দিতাকৃতিঃ ।
মামালোক্য পিতা ক্লীবং দুঃশোকভয়াকুলঃ ॥ ১৬
ত্যক্ত্বা গৃহং শিববনং গত্বা তুষ্টাব শঙ্করম্ ।
সংপূজ্যেশং বিধানেন ধূপদীপানুলেপনৈঃ ॥ ১৭

বিক্রম উবাচ ।

শিবং শান্তং সর্ব্বলোকৈকনাথং, ভূতবাসং বাসুকিকণ্ঠভূষণম্ ।
জটাজূটাবদ্ধগঙ্গাতরঙ্গং, বন্দে সান্দ্রানন্দসন্দোহদক্ষম্ ॥ ১৮
ইত্যাদি বহুভি স্তোত্রৈঃ স্তুতঃ স শিবদঃ শিবঃ ।
বৃষারূঢ়ঃ প্রসন্নাত্মা পিতরং প্রাহ মে বৃণু ॥ ১৯

মহর্ষি অনন্ত বলিলেন,—পুরাকালে পুরিকানাম্নী নগরীতে বিক্রম নামে এক ঋষি বাস করিতেন। তিনি বেদবেদাঙ্গে পারদর্শী, পরমধর্ম্মশীল ও পরোপকারী। আমি তাঁহারই পুত্র ॥ ১৪ ॥ আমার জননী সোমা একান্ত পতিগত প্রাণা ছিলেন ; পিতামাতার বার্দ্ধক্যাবস্থায় আমি জন্মগ্রহণ করি, কিন্তু আমি ক্লীব হইয়া ভূমিষ্ঠ হইলাম ॥ ১৫ ॥ আমার তাদৃশী অবস্থাদর্শনে জনকজননী শোকদুঃখে একান্ত অবসন্ন হইলেন! মদীয় আকৃতি দর্শনে সকলেই নিন্দা করিতে আরম্ভ করিল। আমাকে ষণ্ডাকার নপুংসক দর্শনে পিতা শোকদুঃখে ও ভয়ে ব্যাকুল হইয়া গৃহ পরিত্যাগ করিলেন এবং হরকাননে গমন পূর্ব্বক ধূপদীপচন্দনাদি দ্বারা যথাবিধানে পার্ব্বতীনাথের অর্চ্চনা করিয়া তাঁহার স্তব করিতে প্রবৃত্ত হইলেন ॥ ১৬—১৭

বিক্রম বলিলেন—"যিনি কল্যাণপ্রদ, শান্ত, অখিললোকের একমাত্র নাথ সর্ব্বভূতের আশ্রয়, বাসুকি যাঁহার কণ্ঠালঙ্কার, যাঁহার জটাজূটে সুরধনী বিরাজিত, সেই সান্দ্রানন্দরাশিপ্রদানে সুদক্ষ ভগবান্ মহেশ্বরকে বন্দনা করি ॥ ১৮ ॥" এই প্রকার নানাবিধ স্তব শ্রবণে শঙ্করের হৃদয় প্রসন্ন হইয়া

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিক্রমো মে পিতা প্রাহ মৎপুংস্ত্বং তাপতাপিতঃ।
হসন্ শিবো দদৌ পুংস্ত্বং পার্ব্বত্যা প্রতিমোদিতঃ॥ ২০
মমপুংস্ত্বং বরং লব্ধ্বা পিতায়াতঃ পুনর্গৃহম্।
পুরুষং মাং সমালোক্য সহর্ষঃ প্রিয়য়া সহ॥ ২১
ততঃ প্রবয়সৌ তৌ তু পিতরৌ দ্বাদশাব্দকে।
বিবাহং মে কারয়িত্বা বন্ধুভির্মুদমাপতুঃ॥ ২২
যজ্ঞরাতসুতাং পত্নীং মানিনীং রূপশালিনীম্।
প্রাপ্যাহং পরিতুষ্টাত্মা গৃহস্থঃ স্ত্রীবশোঽভবম্॥ ২৩
ততঃ কতিপয়ে কালে পিতরৌ মে মৃতৌ নৃপাঃ।
পারলৌকিককার্য্যাণি সুহৃদ্ভির্ব্রাহ্মণৈর্বৃতঃ॥ ২৪

উঠিল, তিনি বৃষবাহনে আবির্ভূত হইয়া প্রফুল্লবদনে আমার পিতার দিকে নেত্রপাত পূর্ব্বক কহিলেন,—"তুমি অভিলষিত বর প্রার্থনা কর" ॥১৯॥ পিতা কহিলেন,—"আমার একটি পুত্র ক্লীবরূপে ভূমিষ্ঠ হইয়াছে, সেইজন্য আমার হৃদয় শোকে একান্ত পরিতপ্ত হইয়া উঠিয়াছে। তখন পার্ব্বতীপতি সহাস্য বদনে আমাকে পুরুষ হইবার বর প্রদান করিলেন। গৌরীও সেই কথায় অনুমোদন করিলেন॥ ২০

বরলাভান্তে পিতা গৃহে প্রত্যাগত হইয়া দেখিলেন, আমি পুরুষত্ব প্রাপ্ত হইয়াছি। তখন জনক-জননীর আনন্দের অবধি রহিল না॥ ২১

ক্রমে কালসহকারে আমি দ্বাদশবর্ষ বয়ঃক্রমে উপনীত হইলে, বৃদ্ধ জনক-জননী আমার বিবাহ দিয়া আত্মীয়স্বজন সমভিব্যাহারে পরম আনন্দ-প্রকাশ করিতে লাগিলেন॥ ২২॥ পরমরূপবতী, মানিনী, নবযুবতী যজ্ঞরাতনন্দিনীর সহিত আমার বিবাহ হইল। সুন্দরী পত্নী পাইয়া আমি প্রফুল্লান্তঃকরণে গার্হস্থ্যাশ্রমে অবস্থিতি করিতে লাগিলাম; ক্রমে ক্রমে আমি একান্ত স্ত্রৈণ হইয়া পড়িলাম॥ ২৩

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তয়োঃ কৃত্বা বিধানেন ভোজয়িত্বা দ্বিজান্ বহূন্।
পিত্রোর্ব্বিয়োগতপ্তোঽহং বিষ্ণুসেবাপরোঽভবম্ ॥ ২৫
তুষ্টো হরির্মে ভগবান্ জপপূজাদিকর্ম্মভিঃ।
স্বপ্নে মামাহ মায়েয়ং স্নেহমোহবিনির্ম্মিতা ॥ ২৬
অয়ং পিতেয়ং মাতেতি মমতাকুলচেতসাম্।
শোকদুঃখভয়োদ্বেগজরামৃত্যুবিধায়িকা ॥ ২৭
শ্রুত্বেতি বচনং বিষ্ণোঃ প্রতিবাদার্থমুদ্যতন্।
মামালক্ষ্যান্তর্হিতঃ স বিনিদ্রোঽহং ততোঽভবম্ ॥ ২৮
সবিস্ময়ঃ সভার্য্যোঽহং ত্যক্ত্বা তাং পুরিকাং পূরীম্।
পুরুষোত্তমাখ্যং শ্রীবিষ্ণোরালয়ঞ্চাগমং নৃপাঃ ॥ ২৯

কিয়দ্দিন পরে জনক-জননী ইহলীলা সংবরণ করিলেন। আমি সুহৃদবৃন্দ ও বিপ্রগণ পরিবেষ্টিত হইয়া তাঁহাদের ঔর্দ্ধদেহিক ক্রিয়া সম্পাদন করিলাম ॥ ২৪

তৎপরে অসংখ্য ব্রাহ্মণ ভোজন করাইয়া জনক-জননীর বিরহে একান্ত তাপিত হইয়া হরির আরাধনায় প্রবৃত্ত হইলাম ॥ ২৫

অনন্তর হরি প্রসন্ন হইয়া স্বপ্নযোগে আমাকে বলিলেন,—"এই সংসারে স্নেহ, মমতা যাহা কিছু দেখিতেছ, সমস্তই আমার মায়া" ॥ ২৬ ॥ "ইনি আমার পিতা, ইনি আমার জননী" এই প্রকার মমতায় যাহারা ব্যাকুলমনা হয়, তাহারাই আমার মায়ায় বিমোহিত হইয়া দুঃখ, শোক, ভীতি, উদ্বেগ, জরা, মরণ ইত্যাদি ক্লেশ ভোগ করে ॥ ২৭ ॥ হরির এই কথা শুনিয়া আমি যেমন তাহার প্রতিবাদ করিতে উদ্যম করিলাম, অমনি তিনি তিরোহিত হইলেন, আমারও নিদ্রাভঙ্গ হইল ॥ ২৮ ॥ আমি বিস্ময়ে অভিভূত হইয়া তৎক্ষণাৎ পুরিকা পুরী পরিত্যাগ করিলাম এবং পত্নী সমভিব্যাহারে হরিনিকেতন পুরুষোত্তমে উপস্থিত হইলাম ॥ ২৯ ॥ তথায় ভগবানের দক্ষিণদিকে দিব্য আশ্রম স্থাপন পূর্ব্বক পত্নী ও অনুচরবৃন্দ সহ হরি-সেবার

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তত্রৈব দক্ষিণে পার্শ্বে নির্ম্মায়াশ্রমমুত্তমম্।
সভার্য্যঃ সানুগামাত্যঃ করোমি হরিসেবনম্॥ ৩০
মায়াসন্দর্শনাকাঙ্ক্ষী হরিসদ্মনি সংস্থিতঃ।
গায়ন্ নৃত্যন্ জপন্নাম চিন্তয়ন্ শমনাপহম্॥ ৩১
এবং বৃত্তে দ্বাদশাব্দে দ্বাদশ্যাং পারণাদিনে।
স্নাতুকামঃ সমুদ্রেঽহং বন্ধুভিঃ সহিতো গতঃ॥ ৩২
তত্র মগ্নং জলনিধৌ লহরীলোল-সঙ্কুলে।
সমুত্থাতুমশক্তং মাঃ প্রতুদন্তি জলেচরাঃ॥ ৩৩
নিমজ্জনোন্মজ্জনেন ব্যাকুলীকৃতচেতসম্।
জলহিল্লোলমিলনদলিতাঙ্গমচেতনম্॥ ৩৪
জলধের্দক্ষিণে কূলে পতিতং পবনেরিতম্।
মাং তত্র পতিতং দৃষ্ট্বা বৃদ্ধশর্ম্মা দ্বিজোত্তমঃ॥ ৩৫

প্রবৃত্ত হইলাম॥৩০॥ আমি হরি নিকেতনে বাস পূর্ব্বক তদীয় মায়াদর্শনার্থী হইয়া নৃত্য গীত ও জপদ্বারা শমনদমন ভগবান্‌কে ধ্যান করিতে আরম্ভ করিলাম॥ ৩১॥ এই প্রকারে দ্বাদশবর্ষ সমতীত হইল। কোন সময়ে দ্বাদশীর পারণাদিনে আমি সুহৃদ্‌বৃন্দে বেষ্টিত হইয়া স্নানার্থ সমুদ্রকূলে উপস্থিত হইলাম॥ ৩২

সাগরে অবতরণ পূর্ব্বক আমি স্নানার্থ জলমগ্ন হইলাম, কিন্তু বেগবতী তরঙ্গমালা দ্বারা আকুলিত হওয়াতে আর উত্থানে সক্ষম হইলাম না। জলচর জীবেরা আমাকে ঠোক্‌রাইতে আরম্ভ করিল॥ ৩৩॥ আমি একবার জলমগ্ন হই আবার সলিলোপরি ভাসিয়া উঠি; এইরূপে আমার চিত্ত নিরতিশয় অধীর হইয়া পড়িলে ক্রমে তরঙ্গাঘাতে আমার চৈতন্যলোপ হইল, আমার সর্ব্বাঙ্গ অবশ হইল॥ ৩৪

ক্রমে পবনবেগে চালিত হইয়া আমি সাগরের দক্ষিণকূলে উপনীত হইলাম। আমি তথায় অচেতনাবস্থায় পড়িয়া আছি, ইত্যবসরে বৃদ্ধশর্ম্মা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সন্ধ্যামুপাস্য সঘৃণঃ স্বপুরং মাং সমানয়ৎ।
স বৃদ্ধশর্ম্মা ধর্ম্মাত্মা পুত্রদারধনান্বিতঃ।
কৃত্বারুগ্নস্তু মাং তত্র পুত্রবৎ পর্য্যপালয়ৎ ॥ ৩৬
অহন্তু তত্র দীনাত্মা দিগ্দেশাভিজ্ঞ এব ন।
দম্পতী তৌ স্বপতিরৌ মত্বা তত্রাবসং নৃপাঃ ॥ ৩৭
স মাং বিজ্ঞায় বহুধা বেদধর্ম্মেষ্বনুষ্ঠিতম্।
প্রদদৌ স্বাং দুহিতরং বিবাহে বিনয়ান্বিতঃ ॥ ৩৮
লব্ধ্বা চামীকরাকারং রূপশীলগুণান্বিতম্।
নাম্না চারুমতীং তত্র মানিনীং বিস্মিতোঽভবম্ ॥ ৩৯
তয়াহং পরিতুষ্টাত্মা নানাভোগসুখান্বিতঃ।
জনয়িত্বা পঞ্চ পুত্র্যান্ সংমদনবৃতোঽভবম্ ॥ ৪০

নামক এক বিপ্র আমাকে নেত্রগোচর করিলেন। তাঁহার হৃদয়ে করুণা-সঞ্চার হইল; তিনি সন্ধ্যোপাসনাসমাপনান্তে আমাকে লইয়া নিজগৃহে গমন করিলেন। ধর্ম্মনিষ্ঠ বৃদ্ধশর্ম্মা পুত্রকলত্র ও ধনাদি লইয়া অবস্থিতি করেন। আমাকে সুস্থ করিয়া তিনি পুত্রবৎ প্রতিপালন করিতে লাগিলেন ॥ ৩৫—৩৬ ॥ আমি নিজ গৃহ হইতে কোন্‌দিকে আসিয়া উপস্থিত হইয়াছি, কোন্ দেশেই বা আসিয়াছি, কিছুই বুঝিতে না পারিয়া একান্ত দুঃখিত হইলাম; অগত্যা সেই বিপ্রদম্পতীকেই জনক-জননী জ্ঞানে তথায় অবস্থিতি করিতে লাগিলাম ॥ ৩৭

আমাকে বৈদিকধর্ম্মে দীক্ষিত দেখিয়া বৃদ্ধশর্ম্মা তদীয় কন্যা চারুমতীর সহিত আমার বিবাহ দিলেন। সেই কন্যা তপ্তকাঞ্চনবৎ গৌরাঙ্গী—রূপগুণ-শীলবতী। সম্মানার্হা পত্নী পাইয়া আমার বিস্ময়ের পরিসীমা রহিল না ॥ ৩৮—৩৯

চারুমতী আমার সন্তোষসাধনার্থ নিয়ত যত্নবতী রহিলেন। আমি পরমসুখে তথায় অবস্থিতি করিতে লাগিলাম। ক্রমে ক্রমে আমার পাঁচটি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জয়শ্চ বিজয়শ্চৈব কমলো বিমলস্তথা।
বুধ ইত্যাদয়ঃ পঞ্চ বিদিতাস্তনয়া মম ॥ ৪১
স্বজনৈর্বন্ধুভিঃ পুত্রৈর্ধনৈর্নানাবিধৈরয়ম্।
বিদিতঃ পূজিতো লোকে দেবৈরিন্দ্রো যথা দিবি ॥ ৪২
বুধস্য জ্যেষ্ঠপুত্রস্য বিবাহর্থং সমুদ্যতম্।
দৃষ্ট্বা দ্বিজবরস্তুটো ধর্ম্মসারো নিজাং সুতাম্ ॥ ৪৩
দিৎসুঃ কর্ম্মাণি বেদজ্ঞশ্চকারাভ্যুদয়ান্যপি।
বাদ্যৈর্গীতৈশ্চ নৃত্যৈশ্চ স্ত্রীগণৈঃ স্বর্ণভূষিতৈঃ ॥ ৪৪
অহঞ্চ পত্রাভ্যুদয়ে পিতৃদেবর্ষিতর্পণম্।
কর্ত্তুং সমুদ্রবেলায়াং প্রবিষ্টঃ পরমাদারাৎ ॥ ৪৫
বেলালোলায়িততনুর্জ্জলাদুত্থায় সত্বরঃ।
তীরে সখীন্ স্নানসন্ধ্যাপরান্ বীক্ষ্যাহমুন্মনাঃ ॥ ৪৬

পুত্র জন্মগ্রহণ করিল। আমি অবিরাম সুখসাগরে নিমগ্ন রহিলাম ॥ ৪০ ॥ আমার পঞ্চপুত্র জয়, বিজয়, কমল, বিমল ও বুধ নামে পরিচিত হইল ॥ ৪১

দেবেন্দ্র যেমন স্বর্গে সুরগণের পূজনীয় হন, আমিও সেইরূপ পুত্র আত্মীয়, সুহৃদ্, বন্ধু ও বহুধনসমন্বিত হইয়া সর্ব্বত্র সকলের সম্মানার্থ হইলাম, সর্ব্বত্রই আমার প্রসিদ্ধি বিস্তৃত হইল ॥ ৪২ ॥ কালক্রমে আমি মদীয় জ্যেষ্ঠপুত্র বুধের বিবাহ দিবার উদ্যম করিলাম। তখন ধর্ম্মসার নামক এক বিপ্র তদীয় কন্যাদানের অভিলাষ প্রকাশ করিলেন। তিনি কন্যার বিবাহার্থ বেপারদর্শী দ্বিজাতির দ্বারা আভ্যুদয়িকা ক্রিয়া সম্পাদন করিলেন, দিব্য রমণীরা নানা স্বর্ণভূষণে ভূষিতা হইয়া নৃত্য করিতে প্রবৃত্ত হইল। মধুর বাদ্যনাদে চারিদিক্ প্রতিধ্বনিত হইতে লাগিল ॥ ৪৩—৪৫

আমিও পুত্রের অভ্যুদয়কামনায় পিতৃতর্পণ, সুরতর্পণ ও ঋষিতর্পণার্থ সাগরতীরে উপস্থিত হইলাম ॥ ৪৫

স্নানাদি সমাপনান্তে দ্রুতপদে উঠিয়া তীরাভিমুখে চলিলাম। তীরে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সন্ত্বঃ সমভবং ভূপাঃ! দ্বাদস্যাং পারণাদৃতান্।
পুরুষোত্তমসংবাসান্ বিষ্ণুসেবার্থমুদ্যতান্॥ ৪৭
তেঽপি মামগ্রতঃ কৃত্বা তদ্রূপবয়সাং বিধিম্।
বিস্ময়াবিষ্টমনসং দৃষ্ট্বা মামব্রুবন্ জনাঃ॥ ৪৮
অনন্ত! বিষ্ণুভক্তোঽসি জলে কিং দৃষ্টাবানিহ।
স্থলে বা ব্যগ্রমনসং লক্ষয়ামঃ কথং তব॥ ৪৯
পারণং কুরু ভদ্‌ব্রূহি ত্যক্ত্বা বিস্ময়মাত্মনঃ।
তানব্রুবমহং নৈব কিঞ্চিৎ দৃষ্টং শ্রুতং জনাঃ॥ ৫০
কামাত্মা তৎ কৃপণধীর্মায়াসন্দর্শনাদৃতঃ।
তয়া হরের্ম্মায়য়াহং মূঢ়ো ব্যাকুলিতেন্দ্রিয়ঃ॥ ৫১

নেত্রপাত করিবামাত্র দেখি, পুরুষোত্তমবাসী মদীয় পূর্ব্ববন্ধুগণ স্নান ও সন্ধ্যাদি করিতেছেন, তদ্দর্শনে আমি নিতান্ত উদ্বিগ্ন হইলাম॥ ৪৬

তাঁহারা হরির সেবা ও দ্বাদশীর পারণের আয়োজনে ব্যস্ত আছেন দেখিয়া আমার বিস্ময়ের পরিসীমা রহিল না॥ ৪৭॥ পূর্ব্বে দ্বাদশীপারণ-স্নানকালে আমি যে প্রকার রূপবান্ ও বয়ঃক্রমশালী ছিলাম, নিজ অঙ্গের দিকে দৃষ্টিপাত করিয়া দেখি সেইরূপই রহিয়াছি। পুরুষোত্তমবাসী বন্ধুগণ পুরোভাগে আমাকে সেইরূপ বিস্ময়াবিষ্ট দর্শনে জিজ্ঞাসা করিলেন,—"অনন্ত! তোমাকে এরূপ ব্যাকুল দেখিতেছি কেন? তুমি পরম বৈষ্ণব। তুমি সলিলে অথবা স্থলে কিছু নেত্রগোচর করিয়াছ॥ ৪৮—৪৯

যদি কিছু দর্শন করিয়া থাক, বল। বিস্মিত হইও না, এখন দ্বাদশীর পারণা কর।" বন্ধুগণের এই কথা শুনিয়া আমি বলিয়াছিলাম,—হে বন্ধুগণ! কিছুই আমার নেত্রগোচর হয় নাই, আমি কিছু শ্রবণও করি নাই॥ ৫০

আমি একান্ত কামমুগ্ধ হইয়াছি এবং মদীয় অন্তরও একান্ত বীর্য্যহীন হইয়া পড়িয়াছে। আমি প্রভু শ্রীহরির মায়াদর্শনার্থী হইয়াছিলাম! আমি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ন শর্ম্ম বেদ্মি কুত্রাপি স্নেহমোহবশং গতঃ।
আত্মনো বিস্মৃতিরিয়ং কো বেদ বিদিতাং তু তাম্॥ ৫২
ইতি ভার্য্যাধনাগার-পুত্রোদ্‌বাহানুরক্তধীঃ।
অনন্তোঽহং দীনমনা ন জানে স্বাপসম্মিতম্॥ ৫৩
মাং বীক্ষ্য মানিনী ভার্য্যা বিবশং মূঢ়বৎ স্থিতম্।
ক্রন্দন্তী কিমহোঽকস্মাৎ আলপন্তী মমান্তিকে॥ ৫৪
ইহ তাং বীক্ষ্য তাংস্তত্র স্মৃত্বা কাতরমানসম্।
হংসোঽপ্যেকো বোধয়িতুং আগতো মাং সদুক্তিভিঃ॥ ৫৫

ভগবানের মায়াবশে কিংকর্ত্তব্যবিমূঢ় হইয়া পড়িয়াছি। মদীয় ইন্দ্রিয়-গ্রাম ব্যাকুল হইয়াছে॥ ৫১॥ আমি স্নেহ ও মোহপরবশ হওয়াতে কিছুই স্থির করিতে সমর্থ হইতেছি না। বস্তুতঃ আমি যে কতদূর আত্মবিস্মৃত হইয়াছিলাম, তাহা বলিতে সমর্থ নহি; কিন্তু আমি যে ভগবানের মায়ায় বিমুগ্ধ হইয়াছি, তাহা কাহারও অনুভূত হয় নাই॥ ৫২

পুত্র, কলত্র, অর্থ ও তনয়ের বিবাহাদি বিষয়ে মদীয় মন একান্ত অনুরক্ত ও ধাবমান হওয়াতে আমি যারপর নাই বিষাদিত ও দুঃখিত হইতে লাগিলাম। আমি অনন্ত কিংবা অন্য কেহ, কিছুই অনুভব করিতে সমর্থ হইলাম না। পুরুষোত্তমের ঘটনাবলী আমার যেন স্বপ্ন বলিয়া বোধ হইতে লাগিল॥ ৫৩

এদিকে অভিমানিনী মদীয় পত্নী আমাকে অবশ ও মূঢ়বৎ সংস্থিত দর্শনে 'হায়! হঠাৎ কি হইল!' বলিয়া ক্রন্দন করিতে করিতে মৎসকাশে সমাগত হইলেন॥ ৫৪॥ পুরুষোত্তম তীর্থে পূর্ব্বপত্নীকে দর্শন করিয়া মদীয় সেই সমস্ত পুত্র-কলত্র ও ঐশ্বর্য্যাদি আমার স্মৃতিপথে উদিত হইল; সুতরাং আমি একান্ত বিকলচিত্ত ও বিষণ্ণ হইলাম। অকস্মাৎ একজন পরমহংস আমার নিকট আগমন পূর্ব্বক সদ্‌যুক্তিপ্রয়োগ দ্বারা আমাকে প্রবোধ দিতে আরম্ভ করিলেন॥ ৫৫

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ধীরো বিদিতসর্ব্বার্থঃ পূর্ণঃ পরমধর্ম্মবিৎ ॥ ৫৬
সূর্য্যাকারং সত্ত্বসারং প্রশান্তং, দান্তং শুদ্ধং লোকশোকক্ষয়িষ্ণুম্।
মমাগ্রে তং পূজয়িত্বা মদঙ্গাঃ, পপ্রচ্ছুস্তে মৎশুভধ্যানকামাঃ ॥ ৫৭
ইতি কল্কিপুরাণে অনন্ত-মায়াদর্শনং নাম চতুর্থোঽধ্যায়ঃ ॥ ৪

পঞ্চমোঽধ্যায়ঃ

সূত উবাচ।

উপবিষ্টে তদা হংসে ভিক্ষাং কৃত্বা যথোচিতাম্।
ততঃ প্রাহুরনন্তস্য শরীরারোগ্যকাম্যয়া ॥ ১
হংসস্তেষাং মতং জ্ঞাত্বা প্রাহ মাং পুরতঃ স্থিতম্।
তব চারুমতী ভার্য্যা পুত্রাঃ পঞ্চ বুধাদয়ঃ ॥ ২

তিনি ধীরপ্রকৃতি, সর্ব্ববেত্তা, পূর্ণ ও পরমধর্ম্মনিষ্ঠ ॥ ৫৬ ॥ তাঁহার তেজ সূর্য্যের ন্যায়, তিনি সত্ত্বগুণাশ্রয়, শান্তপ্রকৃতি, বিশুদ্ধ ও সর্ব্বজীবের দুঃখ-নাশন। মদীয় আত্মীয়বৃন্দ আমার সম্মুখস্থিত সেই পরমহংসের অর্চ্চনা করিয়া আমারই কুশলসম্বন্ধে প্রশ্ন করিতে আরম্ভ করিলেন ॥ ৫৭

অনন্তমায়াদর্শননামক চতুর্থ অধ্যায় সমাপ্ত।

সূত কহিলেন,—পরমহংস যথাযথ ভিক্ষা করিয়া আসন গ্রহণ করিলে, আমার আরোগ্যলাভে উপায় কি, পুরুষোত্তমবাসী দ্বিজাতিগণ তাহা জিজ্ঞাসা করিলেন ॥ ১

পরমহংস তাঁহাদিগের মনোভাব বুঝিতে পারিলেন। তিনি আমাকে পুরোভাগে দর্শনপূর্ব্বক মৎপ্রতি নেত্রপাত করিয়া কহিলেন,—"অনন্ত!

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ধনরত্নান্বিতং সদ্ম সংবাধং সৌধ-সংকুলম্।
ত্যক্ত্বা কদাগতোঽসীহ পুত্রোদ্বাহ দিনে ন তু॥ ৩
সমুদ্রতীরসঞ্চারঃ পুরাৎ ধর্ম্মজনাদৃতঃ।
নিমন্ত্র্য মামিহায়াতঃ শোকসংবিগ্নমানসঃ॥ ৫
ত্বঞ্চ সপ্ততিবর্ষীয়স্তত্র দৃষ্টো ময়া প্রভো।
ত্রিংশদ্বর্ষীয়বৎ কস্মাৎ ইতি মে সংভ্রমো মহান্॥ ৫
ইয়ং ভার্য্যা সহায়া তে ন তত্রালোকিতা ক্বচিৎ।
অহং বা-ক্ব কুতস্তস্মাৎ কথং বা কেন কাশিতঃ॥ ৬
স এব বা ন বাপি ত্বং নাহং বা ভিক্ষুরেব সঃ।
আবয়োরিহ সংযোগশ্চেন্দ্রজাল ইবাভবৎ॥ ৭

পত্নী চারুমতী, বুধাদি পঞ্চতনয়, সৌধরাজি বিরাজিত বিবিধ ধনরত্ন-সমন্বিত, পরস্পর সম্বন্ধরূপে স্থিত বিচিত্র গৃহ, এ সকল বিসর্জ্জন পূর্ব্বক কবে তুমি এস্থানে উপস্থিত হইয়াছ? আজি যে তোমার পুত্রের পরিণয়োৎসব সুসম্পন্ন হইবে॥ ২—৩

সাগরের দক্ষিণকুলে তোমার বাস, আজিও আমি তোমাকে তথায় ভ্রমণ করিতে দেখিয়াছি। তত্রত্য ধর্ম্মশীলগণ তোমাকে বিশেষ আদর-যত্ন করেন। তোমার পুত্রের বিবাহ হইবে বলিয়া তুমি আজি আমাকেও নিমন্ত্রণ করিয়া পাঠাইয়াছ। অধুনা তুমি নিজনগরী হইতে এইস্থানে উপস্থিত হইয়াছ। তোমাকে সন্তপ্তহৃদয়ের ন্যায় দেখিতেছি॥ ৪

হে মহামতে! আমি তথায় তোমাকে সপ্ততিবর্ষের পরিণতবয়স্ক বৃদ্ধ দর্শন করিয়াছি, এখন তুমি ত্রিংশদ্ববর্ষীয় সুন্দর যুবা হইলে কিরূপে?॥ ৫

এই যে তোমার সহায়রূপিণী পত্নী নিকটে রহিয়াছেন, ইহাকে ত পূর্ব্বে তথায় দেখি নাই। আমাকেই বা এস্থানে কে আনয়ন করিল॥ ৬

তুমিই কি সেই অনন্ত না অন্য কেহ? আমিই কি সেই ভিক্ষু, না অন্য কোন ব্যক্তি? এখানে তোমার সহিত আমার সমাগম ইন্দ্রজালবৎ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তং গৃহস্থঃ স্বধর্ম্মজ্ঞো ভিক্ষুকোঽহং পরাত্মকঃ।
আবয়োরিহ সংবাদো বালকোন্মত্তয়োরিব ॥ ৮
তস্মাদীশস্য মায়েয়ং ত্রিজগন্মোহকারিণী।
জ্ঞানাপ্রাপ্যাদ্বৈতলভ্যা মন্যেঽহমিতি ভো দ্বিজ ! ॥ ৯
ইতি ভিক্ষুঃ সমাশ্রাব্য যদন্যৎ প্রাহ বিস্মিতঃ।
মার্কণ্ডেয় ! মহাভাগ ভবিষ্যং কথয়ামি তে ॥ ১০
প্রলয়ে যা ত্বয়া দৃষ্টা পুরুষস্যোদরাম্ভসি।
সা মায়া মোহজনিকা পন্থানং গণিকা যথা ॥ ১১
তমো হ্যনন্তসন্তাপা নোদনোত্থতমক্ষরী।
যয়েদমখিলং লোকমাবৃত্যাবস্থয়া স্থিতম্ ॥ ১২

প্রতীয়মান হইতেছে ॥ ৭ ॥ তুমি স্বধর্ম্মপরায়ণ গৃহী, আমি পরমার্থভাবনা-নিষ্ঠ ভিক্ষু, এখানে আমাদের পরস্পরের সম্ভাষণ শিশু ও উন্মত্তের আলাপবৎ অসম্বন্ধ বলিয়া বোধ হইতেছে ॥ ৮

অহো ! এ সমস্ত সেই সর্ব্বেশ্বরের ত্রিভুবনমোহিনী মায়া ! সামান্যজ্ঞানে ইহা উপলব্ধি করা কঠিন, অদ্বৈতজ্ঞান ভিন্ন এই মায়া হৃদয়ঙ্গম করা যায় না ॥ ৯

পরমহংস আমাকে এই বলিয়া বিস্মিতচিত্তে মার্কণ্ডেয়কে সম্বোধন করিয়া বলিলেন,—"হে মহাভাগ মার্কণ্ডেয় ! ত্বৎসকাশে ভবিষ্য কথা কীর্ত্তন করিতেছি অবধান কর ॥ ১০

শ্রুত আছে, প্রলয়সময়ে পরমপুরুষের জঠরগতজলমধ্যে মায়ার অধিষ্ঠান থাকে ; সেই মায়াই সকলের মোহকারী। বারনারী যেরূপ রাজমার্গে অবস্থিতি করে, এই মায়াও সেইরূপ ত্রিভুবনব্যাপিনী হইয়া অধিষ্ঠিত রহিয়াছে। এই মায়া তমোগুণাত্মিকা, ইহার প্রভাবেই সকলে বৃথা সংসারে পরিচালিত হয় ! এই অক্ষরী মায়া হইতেই নানাবিধ সন্তাপের উৎপত্তি হয় ॥ ১১—১২

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

লয়ে লীনে ত্রিজগতি ব্রহ্ম তন্মাত্রতাং গতঃ।
নিরুপাধৌ নিরলোকে সিশৃক্ষুরভবৎ পরঃ॥ ১৩
ব্রহ্মণ্যপি দ্বিধাভূতে পুরুষপ্রকৃতি স্বয়া।
তস্যাঃ সংজনয়ামাস মহান্তং কালযোগতঃ॥ ১৪
কালস্বভাবকর্ম্মাত্মা সোঽহঙ্কারস্ততোঽভবৎ।
ত্রিবৃৎ বিষ্ণু-শিব-ব্রহ্মময়ঃ সংসারকারণম্॥ ১৫
তন্মাত্রাণি ততঃ পঞ্চ যজ্ঞিরে গুণবন্তি চ।
মহাভূতান্যপি তত প্রকৃতৌ ব্রহ্মসংশ্রয়াৎ॥ ১৬
জাতা দেবাসুরনরা যে চান্যে জীববজাতয়ঃ।
ব্রহ্মাণ্ডভাণ্ডসংভার-জন্মনাশক্রিয়াত্মিকাঃ॥ ১৭
মায়য়া মায়য়া জীব পুরুষঃ পরমাত্মনঃ।
সংসারশরণব্যগ্রো ন বেদাত্মগতিং ক্বচিৎ॥ ১৮

প্রলয়সময়ে ত্রিভুবন বিলীন, দিকসমূহ তমসাবৃত ও দিগ্দেপকালে চিহ্ন বিলুপ্ত হইলে, পরমব্রহ্ম পুনঃ সৃষ্টি অভিলাষ করেন এবং তৎক্ষণাৎ তন্মাত্ররূপে প্রাদুর্ভূত হন॥ ১৩॥ নিজমহিমাবলে প্রথমে তিনি দ্বিধা বিভক্ত হইয়া পুরুষ ও প্রকৃতিরূপ ধারণ করেন। কাল সহকারে সেই পুরুষ প্রকৃতি হইতে মহত্তত্ত্ব উৎপাদন করেন, মহত্তত্ত্ব হইতে অহঙ্কারতত্ত্ব এবং গুণত্রয়-ভেদে বিভক্ত সেই অহঙ্কারতত্ত্ব হইতে ব্রহ্মা-বিষ্ণু মহেশ্বরের উৎপত্তি হয়। তৎপরে এই ব্রহ্মাদি তিনজনেই অখিল জগৎ সৃষ্টি করেন॥ ১৪-১৫॥ প্রথমে অহঙ্কারতত্ত্ব হইতে ত্রিগুণসমন্বিত পঞ্চতন্মাত্র এবং পঞ্চতন্মাত্র হইতে পঞ্চ-মহাভূতের উদয় হয়; পুরুষ প্রকৃতিতে অধিষ্ঠান করাতেই এই প্রকার সৃষ্টি হইতেছে॥ ১৬॥ তৎপরে সুরাসুর নর এবং এই ব্রহ্মাণ্ডভাণ্ডসম্ভারে জাত ও বিনশ্বর যে সমস্ত জীব ও পদার্থ আছে, তাহাদের উৎপত্তি হইয়া থাকে। ॥ ১৭॥ এই সমস্ত জীব পূর্ব্বোক্ত ঐশ্বরী মায়া দ্বারা সমাবৃত, সুতরাং সংসারের আসক্ত এবং সাংসারিক ক্রিয়ানুষ্ঠানে ব্যস্ত; তাহারা আপনাদের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অহো বলবতী মায়া ব্রহ্মাদ্যা যদ্‌বশে স্থিতাঃ।
গাবো যথা নসি প্রোতা গুণবদ্ধাঃ খগা ইব ॥ ১৯
তাং মায়াং গুণময়ীং যে তিতীর্ষন্তি মুনীশ্বরাঃ।
স্রবন্তীং বাসনানক্রাং ত এবার্থবিদো ভুবি ॥ ২০

শৌনক উবাচ।

মার্কণ্ডেয়ো বশিষ্ঠশ্চ বামদেবাদয়োঽপরে।
শ্রুত্বা গুরুবচো ভূয়ঃ কিমাহুঃ শ্রবণাদৃতাঃ ॥ ২১
রাজানোঽনন্তবচনমিতি শ্রুত্বা সুধোপমম্।
কিংবা প্রাহুরহো সূতঃ ভবিষ্যমিহ বর্ণয় ॥ ২২
ইতি তদ্‌বচ আশ্রুত্য সূতঃ সৎকৃত্য তং পুনঃ।
কথয়ামাস কাৎস্ন্যেন শোকমোহবিঘাতকম্ ॥ ২৩

পরিত্রাণের উপায় চিন্তা করেন না ॥ ১৮ ॥ অহো! মায়া কি বলবতী এই মায়ায় বিমোহিত হইয়া ব্রহ্মাদি সুরগণও বিদ্ধনাসিক বলীবর্দ্দ ও রজ্জু সম্বদ্ধ বিহঙ্গের ন্যায় অবিরাম সংসারচক্রে বিঘূর্ণিত হইতেছেন ॥ ১৯

যে সমস্ত মহাত্মা ঋষি এই প্রকার বাসনারূপ নক্রচক্রপ্রসবিনী, মহা-প্রবাহ-সঙ্কুলা, গুণময়ী মায়ানদী অতিক্রমে ইচ্ছা করেন, ধরাতলে তাঁহাদের জন্ম সফল এবং তাঁহারাই প্রকৃত তত্ত্ববিৎ বলিয়া পরিগণিত ॥ ২০

শৌনক জিজ্ঞাসা করিলেন,—এই অত্যদ্ভুত কথা শুনিয়া মার্কণ্ডেয়, বশিষ্ঠ, বামদেব ও অপরাপর তাপসেরা কি বলিলেন? অনন্তোপাখ্যান শ্রবনেচ্ছু নৃপতিবৃন্দই বা অনন্ত-প্রমুখাৎ এই অমৃতময়ী বাণী শুনিয়া কি কহিলেন? হে সূত! এই সমস্ত ভবিষ্যকাহিনী কীর্ত্তন কর ॥ ২১—২২

রোমহর্ষণ এই কথা শুনিয়া শৌনকের প্রশংসাবাদ করিতে করিতে শোকমোহনাশন সেই সকল তত্ত্বজ্ঞানগর্ভ কথা পুনরায় সবিস্তার কীর্ত্তন করিতে প্রবৃত্ত হইলেন ॥ ২৩

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সূত উবাচ।

তত্রানন্তো ভূপগণৈঃ পৃষ্টঃ প্রাহ কৃতাদরঃ।
তপসা মোহনিধনমিন্দ্রিয়াণাঞ্চ নিগ্রহম্॥ ২৪

অনন্ত উবাচ।

অতোঽহং বনমাসাদ্য তপঃ কৃত্বা বিধানতঃ।
নেন্দ্রিয়াণাং ন মনসো নিগ্রহোঽভূৎ কদাচন॥ ২৫
বনে ব্রহ্ম ধ্যায়তো মে ভার্য্যাপুত্রধনাদিকম্।
বিষয়ঞ্চান্তরা শশ্বৎ সংস্মারয়তি মে মনঃ॥ ২৬
তেষাং স্মরণমাত্রেণ দুঃখশোকভয়াদয়ঃ।
প্রতুদন্তি মম প্রাণান্ ধারণাধ্যাননাশকাঃ॥ ২৭
ততোঽহং নিশ্চিতমতিরিন্দ্রিয়াণাঞ্চ ঘাতনে।
মনসো নিগ্রহস্তেন ভবিষ্যতি ন সংশয়ঃ॥ ২৮
অতো মামিন্দ্রিয়াণাঞ্চ নিগ্রহব্যগ্রচেতসম্।
তদধিষ্ঠাতৃদেবাশ্চ দৃষ্ট্বা মামীয়ুরঞ্জসা॥ ২৯

রোমহর্ষণ কহিলেন,—অতঃপর নৃপতিবৃন্দ সাদরে অনন্তকে সম্বোধন করিয়া প্রশ্ন করিলে, অনন্ত তপস্যাচারণ দ্বারা মায়াবর্জ্জন ও ইন্দ্রিয়দমনের বৃত্তান্ত বলিতে লাগিলেন॥ ২৪

অনন্ত বলিলেন,—তদনন্তর আমি বনবাস আশ্রয়-পূর্ব্বক যথাবিধানে তপস্যাচরণে প্রবৃত্ত হইলাম, কিন্তু ইন্দ্রিয়নিগ্রহে ও মনঃসংযমে সমর্থ হইলাম না॥ ২৫॥ আমি বনে বসিয়া যখন পরমব্রহ্মের চিন্তা করি, তখন পুত্র, কলত্র, অর্থ ও অপরাপর সকল বিষয় অবিরাম মদীয় অন্তরে জাগরূক হইতে লাগিল॥২৬॥ ঐ সকল স্মৃতিপথে সমুদিত হইবামাত্র আমি শোক, দুঃখ এবং ভয়ে বিকলচিত্ত হই এবং আমার অন্তরাত্মাও নিরতিশয় ক্ষুব্ধ হয়; সুতরাং আমার ধ্যান-ধারণার বিঘ্ন ঘটিতে লাগিল॥ ২৭॥ ইন্দ্রিয়গণ বিনষ্ট

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রূপিণ্যো মমথোচুস্তে ভোঽনন্ত ! ইতি তে দশ ।
দিগ্ বাতার্ক-প্রচেতোঽশ্বি-বহ্নীন্দ্রোপেন্দ্রমিত্রকাঃ ॥ ৩০
ইন্দ্রিয়াণাং বয়ং দেবাস্তব দেহে প্রতিষ্ঠিতাঃ ।
নখাগ্রকাণ্ডসংভিন্নান্ নাস্মান্ কর্ত্তুমিহার্হসি ॥ ৩১
ন শ্রেয়ো হি তবানন্ত ! মনোনিগ্রহকর্ম্মণি ।
ছেদনে ভেদনেঽস্মাকং ভিন্নমর্ম্মা মরিষ্যসি ॥ ৩২
অন্ধানাং বধিরাণাঞ্চ বিকলেন্দ্রিয়জীবিনাম্ ।
বনেঽপি বিষয়ব্যগ্রং মানসং লক্ষয়ামহে ॥ ৩৩
জীবস্যাপি গৃহস্থস্য দেহো গেহং মনোঽনুগঃ ।
বুদ্ধির্ভার্য্যা তদনুগা বয়মিত্যবধারয় ॥ ৩৪

হইলেই মনকে বশীভূত করা যায়, এই ভাবিয়া আমি ইন্দ্রিয়নাশে স্থিরসংকল্প হইলাম ॥ ২৮ ॥ আমি ইন্দ্রিয়নিগ্রহে উদ্যত হইবামাত্র ইন্দ্রিয়গ্রামের অধিষ্ঠাতৃ-দেবগণ মৎপ্রতি নেত্রপাত করিলেন ॥ ২৯

ইন্দ্রিয়দশকের অধিষ্ঠাতা দশজন নিজ নিজ রূপ ধারণ করিয়া উপস্থিত হইলেন। তাঁহারা কহিলেন,—"অনন্ত ! আমরা দিক্, বাত, অর্ক, প্রচেতা, অশ্বিনীকুমারযুগল, বহ্নি, ইন্দ্র, উপেন্দ্র ও মিত্র এই দশেন্দ্রিয়াধিষ্ঠাতা উপস্থিত হইয়াছি। আমরা তোমার দেহেই প্রতিষ্ঠিত রহিয়াছি। আমাদিগকে নখাগ্রদ্বারা ছিন্ন ও বিনষ্ট করা তোমার অনুচিত ॥ ৩০—৩১ ॥ কেন না, তাহাতে তোমার কোনরূপ মঙ্গলের আশা নাই, তাহা করিলে তোমার মন বশীভূত হইবে না ; আমাদিগকে ছিন্ন ভিন্ন করিয়া তুমি মর্ম্মব্যথায় ব্যথিত হইবে ॥ ৩২

প্রায়ই দেখা যায়, অন্ধ, বধির ও বিকলেন্দ্রিয় জীবেরা অরণ্যবাসী হইলেও তাহাদের মন ভোগবাসনা পরিত্যাগ করিতে পারে না ॥ ৩৩

এই দেহ গৃহ, আত্মা গৃহী, বুদ্ধি গৃহিণী ও মন ভৃত্যস্বরূপ। আমরাও বুদ্ধিরূপা পত্নীর বশীভূত পরিচারক ॥ ৩৪

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কর্ম্মায়ত্তস্য জীবস্য মনো বন্ধবিমুক্তিকৃৎ।
সংসারয়তি লুব্ধস্য ব্রহ্মণো যস্য মায়য়া ॥ ৩৫
তস্মান্মনোনিগ্রহার্থং বিষ্ণুভক্তিং সমাচর।
সুখমোক্ষপ্রদা নিত্যং দাহিকা সর্ব্বকর্ম্মণাম্ ॥ ৩৬
দ্বৈতাদ্বৈতপ্রদানন্দ-সন্দোহা হরিভক্তিকা।
হরিভক্ত্যা জীবকোষ-বিনাশোঽন্তে মহামতে ॥ ৩৭
পরং প্রাপ্স্যসি নির্ব্বাণং কল্কেরালোকনাৎ ত্বয়া।
ইত্যহং বোধিতস্তেন ভক্ত্যা সংপূজ্য কেশবম্ ॥ ৩৮
কল্কিং দিদৃক্ষুরায়াতঃ কৃষ্ণং কলিকুলান্তকম্ ॥ ৩৯
দৃষ্টং রূপমরূপস্য স্পৃষ্টস্তৎপদপল্লবঃ।
অপদস্য শ্রুতং বাক্যং অবাচস্য পরাত্মনঃ ॥ ৪০

জীবগণের মধ্যে যে যেরূপ কর্ম্ম করে, তাহাকে তদনুযায়ী ফলভোগ করিতে হয়। মনই মুক্তি ও ভববন্ধনের হেতু। জগৎপতির মায়া অনুসারে মনই লোভী ব্যক্তিকে ভবচক্রে ঘুরাইয়া লইয়া বেড়ায় ॥ ৩৫

অতএব যদি মনকে বশঙ্গত করিবার ইচ্ছা থাকে, তাহা হইলে হরির প্রতি দৃঢ়ভক্তি স্থাপন কর। হরিভক্তি দ্বারাই নিখিলকর্ম্ম ক্ষয় পায় এবং তদ্দ্বারাই সুখমোক্ষলাভ হইয়া থাকে। হরিভক্তি হইতেই দ্বৈতাদ্বৈত জ্ঞানের উদয়; অতএব হরিভক্তিই যে আনন্দসন্দেহদায়িনী, তাহাতে সন্দেহ নাই; হে সুবুদ্ধে! হরিভক্তি প্রভাবে লিঙ্গদেহ বিনষ্ট হয় ॥ ৩৬-৩৭

অধুনা তুমি কল্কিকে নেত্রগোচর করিলেই পরমনির্ব্বাণলাভে সমর্থ হইবে। পরমহংস কর্ত্তৃক আমি এইরূপে উপদিষ্ট হইয়া ভক্তিসহকারে হরির অর্চ্চনা করিলাম এবং কলিকল্মষনাশক কল্কিদেবকে দেখিবার জন্য এই স্থানে উপস্থিত হইয়াছি ॥ ৩৮—৩৯

সম্প্রতি রূপহীন ঈশ্বরের রূপ আমার প্রত্যক্ষ হইল, পদহীন ব্রহ্মের চরণকল স্পর্শ করিয়া কৃতকৃত্য হইলাম; বাক্যহীন জগন্নাথের কথাও

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইত্যনন্তঃ প্রমুদিতঃ পদ্মানাথং নিজেশ্বরম্।
কল্কিং কমলপত্রাক্ষং নমস্কৃত্য যযৌ মুনিঃ॥ ৪১
রাজানো মুনিবাক্যেন নির্ব্বাণপদবীং গতাঃ।
কল্কিমভ্যর্চ্চ্য পদ্মাঞ্চ নমস্কৃত্য মুনিব্রতাঃ॥ ৪২

শুক উবাচ

অনন্তস্য কথামেতামজ্ঞানধ্বান্তনাশিনীম্।
মায়ানিয়ন্ত্রীং প্রপঠন্ শৃণ্বন্ বন্ধাদ্বিমুচ্যতে॥ ৪৩
সংসারাব্ধি-বিলাসলালসমতিঃ শ্রীবিষ্ণুসেবাদরো।
ভক্ত্যাখ্যানমিদং স্বভেদ-রহিতং নির্ম্মায় ধর্ম্মাত্মনা।
জ্ঞানোল্লাস-নিশাত-খড়্গমুদিতঃ সদ্ভক্তি-দুর্গাশ্রয়ঃ
ষড়্‌বর্গং জয়নাদশেষজগতামাত্মস্থিতং বৈষ্ণবঃ॥ ৪৪
ইতি শ্রীকল্কিপুরাণেঽনুভাগবতে ভবিষ্যে দ্বিতীয়াংশে
অনন্ত-মায়া নিরসনং নাম পঞ্চমোঽধ্যায়ঃ॥ ৫

শ্রুতিগোচর হইল ॥ ৪০ ॥ অনন্ত এই বলিয়া পুলকিতচিত্তে নিজ ঈশ্বর পুণ্ডরীকাক্ষ পদ্মাপতি কল্কিকে প্রণাম পূর্ব্বক প্রস্থান করিলেন॥ ৪১

নৃপতিবৃন্দ এইরূপে মুনিপ্রমুখাৎ সকল কথা শ্রবণ পূর্ব্বক ঋষিগণের ন্যায় ব্রতনিয়মাদির অনুষ্ঠানে প্রবৃত্ত হইলেন এবং কল্কি ও পদ্মার অর্চ্চনা করিয়া মোক্ষপথ পরিষ্কৃত করিলেন॥ ৪২

শুক বলিল,—এই অনন্তকাহিনী অধ্যয়ন বা শ্রবণ করিলে ভবমায়া বিদূরিত হয়, অজ্ঞানান্ধকার বিনাশ পায়, ভববন্ধন ছিন্ন হয় এবং মোক্ষলাভ হইয়া থাকে॥ ৪৩॥ যে ধর্ম্মশীল হরিভক্ত হরিসেবারত হইয়াও ভবসাগরে বিলাস করিতে সমৎসুক, তিনি এই উপাখ্যান দ্বারা ব্রহ্মাণ্ডের অভেদজ্ঞানরূপ শাণিত অসি সহকারে উঠিয়া ভক্তিদুর্গের আশ্রয়গ্রহণপূর্ব্বক দেহস্থ কামাদি রিপুষট্‌ককে পরাভূত করুন॥ ৪৪

অনন্তমায়ানিরসন নামক পঞ্চম অধ্যায় সমাপ্ত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ষষ্ঠোঽধ্যায়ঃ

—•:•:•—

সূত উবাচ।

গতে নৃপগণে কল্কিঃ পদ্ময়া সহ সিংহলাৎ।
শম্ভলগ্রাম-গমনে মতিং চক্রে স্বসেনয়া ॥ ১
ততঃ কল্কেরভিপ্রায়ং বিদিত্বা বাসবস্ত্বরন্।
বিশ্বকর্ম্মাণমাহূয় বচনঞ্চেদমব্রবীৎ ॥ ২

ইন্দ্র উবাচ।

বিশ্বকর্ম্মন্! শম্ভলে ত্বং গৃহোদ্যানাট্ট-ঘট্টিতম্।
প্রাসাদহর্ম্ম্য-সংবাধং রচয় স্বর্ণসঞ্চয়ৈঃ ॥ ৩
রত্নস্ফটিক-বৈদূর্য্যনানামণি-বিনির্ম্মিতৈঃ।
তত্রৈব শিল্পনৈপুণ্যং তব যচ্চাস্তি তৎ কুরু ॥ ৪
শ্রুত্বা হরের্বচো বিশ্বকর্ম্মা শর্ম্ম নিজং স্মরন্।
শম্ভলে কমলেশস্য স্বস্ত্যাদিপ্রমুখান্ গৃহান্ ॥ ৫

সূত বলিলেন,—নৃপতিবৃন্দ প্রস্থান করিলে, কল্কি সেনাগণ সহ পদ্মাকে লইয়া সিংহলদ্বীপ হইতে শম্ভলগ্রামে গমনে অভিলাষ করিলেন ॥ ১

সুরপতি ইন্দ্র প্রভু কল্কির মনোভাব বুঝিতে পারিয়া বিশ্বকর্ম্মাকে আহ্বান পূর্ব্বক বলিলেন ॥ ২

ইন্দ্র কহিলেন,—বিশ্বকর্ম্মন্! তুমি আশু শম্ভলগ্রামে উপস্থিত হইয়া কাঞ্চনরাশি দ্বারা প্রাসাদ, হর্ম্ম্য, অট্টালিকা, গৃহ, উদ্যান প্রভৃতি নির্ম্মাণ কর ॥ ৩ ॥ রত্ন, স্ফটিক, বৈদূর্য্য ও অন্যান্য মণি দ্বারা সমস্ত স্থল খচিত করিতে হইবে। শিল্পবিদ্যায় নৈপুণ্য দেখাইতে যত্নের ত্রুটি করিও না ॥ ৪

বিশ্বকর্ম্মা ইন্দ্রের এই কথা শুনিয়া স্বীয় কল্যাণ হইবে এই জ্ঞানে তৎক্ষণাৎ শম্ভলগ্রামে উপস্থিত হইলেন এবং রমানাথের জন্য স্বস্তি প্রভৃতি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হংস-সিংহ-সুপর্ণাদি-মুখাংশ্চক্রে স বিশ্বকৃৎ।
উপর্য্যুপরি তাপঘ্ন-বাতায়ন-মনোহরান্ ॥ ৬
নানবন-লতোদ্যান-সরোবাপী-সুশোভিতঃ।
শম্ভলশ্চাভবৎ কল্কের্যথেন্দ্রস্যামরাবতী ॥ ৭
কল্কিস্তু সিংহলাদ্ দ্বীপাদবহিঃ সেনাগণৈর্বৃতঃ।
ত্যক্ত্বা কারুমতীং কূলে পাথোধেরকরোৎ স্থিতম্ ॥ ৮
বৃহদ্রথস্তু কৌমুদ্যা সহিতঃ স্নেহকাতরঃ।
পদ্ময়া সহিতায়াস্মৈ পদ্মনাথায় বিষ্ণবে ॥ ৯
দদৌ গজানামযুতং লক্ষং মুখ্যঞ্চ বাজিনাম্।
রথানাঞ্চ দ্বিসাহস্রং দাসীনাং দ্বে শতে মুদা ॥ ১০
দত্ত্বা বাসাংসি রত্নানি ভক্তি-স্নেহাশ্রু-লোচনঃ।
তয়োর্মুখালোকনেন নাশকৎ কিয়দীরিতুম্ ॥ ১১

নানাবিধ গৃহ নির্ম্মাণ করিলেন ॥ ৫ ॥ কোন গৃহের মুখ হংসের ন্যায়, কোনটির সিংহের ন্যায়, কোনটির বা গর্দ্দভের মুখের ন্যায় হইল। উপর্য্যুপরি দ্বিতল ত্রিতল নানাবিধ গৃহ প্রস্তুত হইল। সমস্ত অট্টালিকাই তাপনিবারণোপযোগী বাতায়নসমূহে পরিশোভিত হইল ॥ ৬ ॥ স্থানে স্থানে বন, লতা, উদ্যান, সরসী ও দীর্ঘিকা বিরাজিত হওয়াতে শম্ভলগ্রাম অমরাবতীর ন্যায় শোভা পাইতে লাগিল ॥ ৭

এদিকে ভগবান্ কল্কি সৈন্যসামন্তাদি সহ কারুমতী নগরী হইতে শম্ভলাভিমুখে যাত্রা করিলেন। কিয়দ্দূর অগ্রসর হইয়া তিনি সাগরকূলে সেনাসন্নিবেশ করিলেন। নরপতি বৃহদ্রথ তনয়াস্নেহের বশবর্ত্তী হইয়া কৌমুদী-নাম্নী মহিষী সমভিব্যাহারে সমুদ্রতীর পর্য্যন্ত উপস্থিত হইলেন এবং প্রীতচিত্তে কন্যা ও জামাতাকে অযুত হস্তী, একলক্ষ দিব্যতুরঙ্গম, দুই সহস্র রথ ও দুইশত কিন্নরী যৌতুক প্রদান করিলেন ॥ ৮—১০ ॥ তিনি নানাপ্রকার রত্নরাজি ও নানারূপ বসন অর্পণপূর্ব্বক ভক্তিও স্নেহপূর্ণ নেত্রে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মহাবিষ্ণুদম্পতী তৌ প্রস্থাপ্য পুনরাগতৌ।
পূজিতৌ কল্কিপদ্মাভ্যাং নিজকারুমতীং পুরীম্॥ ১২
কল্কিস্তু জলধেরম্ভো বিগাহ্য পৃতনাগণৈঃ।
পারং জিগমিষুং দৃষ্টা জম্বুকং স্তম্ভিতোঽভবৎ॥ ১৩
জলস্তম্ভমথালোক্য কল্কিঃ সবলবাহনঃ।
প্রযযৌ পয়সাং রাশেরুপরি শ্রীনিকেতনঃ॥ ১৪
গত্বা পারং শুকং প্রাহ যাহি মে শম্ভলালয়ম্॥ ১৫
বিশ্বকর্ম্মকৃতং যত্র দেবরাজাজ্ঞয়া বহু।
সদ্ম সংবাধমমলং মৎপ্রিয়ার্থং সুশোভনম্॥ ১৬
তত্রাপি পিত্রোর্জ্ঞাতীনাং স্বস্তি ব্রূয়া যথোচিতম্।
যদত্রাঙ্গ! বিবাহাদি সর্ব্বং বক্তু, ত্বমর্হসি॥ ১৭

জামাতা ও তনয়ার মুখপদ্মে দৃষ্টিপাত করিয়া রহিলেন; তাহার মুখ হইতে একটিও বাক্যস্ফূর্ত্তি হইল না॥ ১১॥ কন্যা ও জামাতা যথাবিধি পূজা করিয়া বিদায় গ্রহণ করিলে, নরপতি বৃহদ্রথও স্বীয় কারুমতী নগরীতে প্রত্যাবৃত্ত হইলন॥ ১২

ভগবান্ কল্কি সেনাসামন্তাদি সহ সমুদ্রসলিলে স্নান করিয়া দেখিলেন, একটি শৃগাল জলের উপর দিয়া সমুদ্রের পরপারে গমন করিতেছে। তদ্দর্শনে তিনি কিয়ৎক্ষণ তথায় দণ্ডায়মান থাকিয়া দেখিলেন, জলস্তম্ভ হইয়াছে; তখন তিনি সৈন্য ও বাহনগণ সহ সমুদ্রের উপর দিয়া গমন করিতে লাগিলেন॥ ১৩—১৪॥ সাগরপারে উত্তীর্ণ হইয়া তিনি শুককে সম্বোধন করিয়া কহিলেন,—"শুক! তুমি শম্ভলগ্রামে মদীয় ভবনে প্রস্থান কর॥ ১৫॥ তথায় সুরশিল্পী বিশ্বকর্ম্মা ইন্দ্রের আদেশে আমার প্রিয়সাধনার্থ অসংখ্য মনোহর সুধাধবল গৃহ নির্ম্মাণ করিয়াছেন॥ ১৬

তুমি তথায় গিয়া জনকজননী ও জ্ঞাতিবৃন্দ-সকাশে আমার কুশল সংবাদ বিজ্ঞাপিত কর, আমার বিবাহ বৃত্তান্তও প্রকাশ করিও॥ ১৭

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পশ্চাদ্‌যামি বৃতৈস্তৈস্তৈস্ত্বমাদৌ যাহি শম্ভলম্॥ ১৮
কল্কের্বচনমাকর্ণ্য কীরো ধীরস্ততো যযৌ।
আকাশগামী সর্ব্বজ্ঞঃ শম্ভলং সুরপূজিতম্॥ ১৯
সপ্ত-যোজন-বিস্তীর্ণং চাতুর্ব্বর্ণ্যজনাকুলম্।
সূর্য্য-রশ্মি-প্রতীকাশং প্রসাদশতশোভিতম্॥ ২০
সর্ব্বর্ত্তু সুখদং রম্যং শম্ভলং বিহ্বলোঽবিশৎ॥ ২১
গৃহাদ্ গৃহান্তরং দৃষ্ট্বা প্রাসাদাদপি চাম্বরম্।
বনাদ্‌বনান্তরং তত্র বৃক্ষাদ্‌বৃক্ষান্তরং ব্রজন্॥ ২২
শুকং স বিষ্ণুযশসঃ সদনং মুদিতোঽব্রজৎ।
তং গত্বা রুচিরালাপৈঃ কথয়িত্বা প্রিয়াঃ কথাঃ॥ ২৩
কল্কেরাগমনং প্রাহ সিংহলাৎ পদ্মযা সহ॥ ২৪

আমি সেনাবৃন্দে পরিবেষ্টিত হইয়া পশ্চাৎ গমন করিতেছি, তুমি অগ্রে গমন কর॥ ১৮

ধীরপ্রকৃতি সর্ব্ববিৎ পক্ষী শুক প্রভুর আদেশ প্রাপ্ত হইয়া তৎক্ষণাৎ-গগনমার্গে উড্ডীন হইল এবং অবিলম্বেই সুরগণাদৃত শম্ভলগ্রামে উপস্থিত হইল॥ ১৯॥ এই গ্রামের বিস্তার সপ্তযোজন। এস্থানে বিপ্রাদি চতুর্ব্বর্ণেরই বসতি আছে। গ্রামের চারিদিকেই ভানুকিরণবৎ শ্বেতবর্ণ কান্তিময় সৌধরাজি বিরাজিত॥ ২০॥ নগরটি এরূপ কৌশলে প্রস্তুত হইয়াছে যে, কোন ঋতুতেই কোনরূপ কষ্ট হইবার সম্ভব নাই। নগরীর শোভা দেখিয়া শুকের চিত্ত বিহ্বলপ্রায় হইল। সে নগরে প্রবেশপূর্ব্বক গৃহ হইতে গৃহান্তরে, প্রাসাদোপরি হইতে গগনমার্গে, গগনমার্গ হইতে উদ্যানে, উদ্যান হইতে উদ্যানান্তরে কখন বা বৃক্ষ হইতে বৃক্ষান্তরে ভ্রমণ করিতে লাগিল॥ ২১-২২॥ পরে প্রফুল্ল-হৃদয়ে বিষ্ণুযশার গৃহে উপস্থিত হইল এবং মধুর সম্ভাষণে তৎসকাশে সিংহল হইতে পদ্মা সহ কল্কির আগমন-বৃত্তান্ত বর্ণন করিল॥ ২৩—২৪

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ততস্ত্বরন্ বিষ্ণুযশাঃ সামানার্ঘ্যপ্রজনান্।
বিশাখযূপ ভূপালং কথয়ামাস হর্ষিতঃ ॥ ২৫
স রাজা কারয়ামাস পুর-গ্রামাদিমণ্ডিতম্।
স্বর্ণকুম্ভৈঃ সদম্ভোভিঃ পূরিতৈশ্চন্দনোক্ষিতৈঃ ॥ ২৬
কালাগুরুসুগন্ধাঢ্যৈর্দীপলাজাঙ্কুরাক্ষতৈঃ।
কুসুমৈঃ সুকুমারৈশ্চ রম্ভা-পূগফলান্বিতৈঃ।
শুশুভে শম্ভলগ্রামো বিবুধানাং মনোহরঃ ॥ ২৭
তং কল্কিঃ প্রাবিশদ্ভীম-সেনাগণবিলক্ষণঃ।
কামিনী নয়নানন্দমন্দিরাঙ্গঃ কৃপানিধিঃ ॥ ২৮
পদ্ময়া সহিতঃ পিত্রোঃ পদয়োঃ প্রণতোঽপতৎ।
সুমতির্মুদিতা পুত্রং স্নুষাং শক্রং শচীমিব।
দদৃশে হ্যমরাবত্যাং পূর্ণকামাদিতিঃ সতী ॥ ২৯

তখন বিষ্ণুযশা সত্বর হইয়া প্রফুল্লচিত্তে বিশাখযূপ রাজার সকাশে এবং সম্মানার্হ প্রধান প্রধান প্রজাপুঞ্জসমীপে এই বিবরণ কীর্ত্তন করিলেন ॥ ২৫

এদিকে নরপতি বিশাখযূপ চন্দনচর্চ্চিত জলপূরিত স্বর্ণকলসদ্বারা গ্রাম ও নগর সুসজ্জিত করিলেন ॥ ২৬ ॥ সুরগণেরও চিত্তরঞ্জন সেই শম্ভলপুর অগুরুপ্রভৃতি সুগন্ধ পদার্থ দ্বারা, আলোকমালা দ্বারা, মনোহর গন্ধ পুষ্পদাম-দ্বারা, রম্ভাদি ফলসমূহ দ্বারা এবং লাজ অক্ষত ও নবপল্লবাদি দ্বারা সুশোভিত হইল ॥ ২৭

দেখিতে দেখিতে রমণীজনের নয়নানন্দপ্রদ মোহনাকৃতি দয়াময় কল্কি ভয়াবহ-সেনাবৃন্দে পরিবেষ্টিত হইয়া সেই পুরীতে প্রবিষ্ট হইলেন ॥ ২৮

তিনি পদ্মা সহ সমবেত হইয়া জনকজননী পদে প্রণত হইলেন। সুরপুরে অদিতি যেরূপ দেবরাজ ও শচীকে দেখিয়া আনন্দপ্রকাশ করেন ও পূর্ণকামা হন, তদ্রূপ পতিপরায়ণা সুমতি পুত্র ও পুত্রবধূ দর্শনে উল্লাসিত ও পূর্ণকামা হইলেন ॥ ২৯

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শম্ভল-গ্রাম নগরী পতাকা ধ্বজশালিনী।
অবরোধস্মুজঘনা প্রাসাদবিপুলস্তনী।
ময়ূর-চুচুকা হংস সংঘ-হার-মনোহরা ॥ ৩০

পট্টবাসোদ্গতধূম-বসনা কোকিলস্বনা।
সহাসগোপুরমুখী বামনেত্রা যথাঙ্গনা।
কল্কিং পতিং গুণবতী প্রাপ্য রেজে তমীশ্বরম্ ॥ ৩১

স রেমে পদ্ময়া তত্র বর্ষপূগানজাশ্রয়ঃ।
শম্ভলে বিহ্বলাচারঃ কল্কিঃ কল্কবিনাশনঃ ॥ ৩২

কবেঃ পত্নী কামকলা সুষুবে পরমেষ্ঠিনৌ।
বৃহৎকীর্ত্তিবৃহদ্বাহূ মহাবলপরাক্রমৌ ॥ ৩৩

প্রাজ্ঞস্য সন্নতির্ভার্য্যা তস্যা পুত্রৌ বভূবতুঃ।
যজ্ঞবিজ্ঞৌ সর্ব্বলোক-পূজিতৌ বিজিতেন্দ্রিয়ৌ ॥ ৩৪

পতাকাধ্বজবিরাজিতা শম্ভলপুরীরূপ কামিনীও প্রভু কল্কিকে পতিলাভ করিয়া পরমশোভায় শোভিত হইল। অন্তঃপুর উহার জঘন, প্রাসাদ পীনকুচ, ময়ূর চুচুক, মরালমালা মনোহর মৌক্তিকহার, গন্ধদ্রব্যের ধূমপুঞ্জ বস্ত্র, কোকিলরব বাক্য ও গোপুর উহার সহাস্য আস্যস্বরূপ; সুতরাং সেই পুরী যেন বামলোচনা গুণশালিনী রমণীর ন্যায় বিরাজ করিতে লাগিল ॥ ৩০—৩১

জন্মরহিত সর্ব্বাশ্রয় পাপহারী কল্কি স্বকার্য্য বিস্মৃত হইয়া সেই পুরীতে পদ্মা সহ আমোদ প্রমোদে বহু বৎসর যাপন করিলেন ॥ ৩২

এইরূপে কিছুদিন অতীত হইলে কামকলা নাম্নী ভার্য্যার গর্ভে কবির দুইটি পুত্র জন্মগ্রহণ করিল; তাহারা বৃহৎকীর্ত্তি এবং বৃহদ্বাহু নামে পরিচিত ॥ ৩৩

সন্নতিনাম্নী পত্নীর গর্ভে যজ্ঞ ও বিজ্ঞ নামে প্রাজ্ঞেরও দুইটি জিতেন্দ্রিয়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সুমন্তকস্তু মালিন্যাং জনয়ামাস শাসনম্।
বেগবন্তঞ্চ সাধূনাং দ্বাবেতাবুপকারকৌ ॥ ৩৫
ততঃ কল্কিশ্চ পদ্মায়াং জয়ো বিজয় এব চ।
দ্বৌ পুত্রৌ জনয়ামাস লোকখ্যাতৌ মহাবলৌ ॥ ৩৬
এতৈঃ পরিবৃতোঽমাত্যৈঃ সর্ব্বসম্পৎসমন্বিতৌ।
বাজিমেধবিধানার্থমুদ্যতং পিতরং প্রভুঃ ॥ ৩৭
সমীক্ষ্য কল্কিঃ প্রোবাচ পিতামহমিবেশ্বরঃ।
দিশাং পালান্ বিজিত্যাহং ধনান্যাহৃত্য ইত্যুত ॥ ৩৮
কায়য়িষ্যাম্যশ্বমেধং যামি দ্বিগ্বিজয়ায় ভোঃ ॥ ৩৯
ইতি প্রণম্য তং প্রীত্যা কল্কিঃ পরপুরঞ্জয়ঃ।
সেনাগণৈঃ পরিবৃতঃ প্রযযৌ কীকটং পুরম্ ॥ ৪০

লোকপূজিত পুত্র উৎপন্ন হইল। মালিনীর গর্ভে সুমন্তও শাসন ও বেগবান্ নামে সর্ব্বজনহিতৈষী দুইটি পুত্র উৎপাদন করিলেন ॥ ৩৪—৩৫

পদ্মার গর্ভে কল্কির দুইটি পুত্র উৎপন্ন হইল, তাহারা জয় ও বিজয় নামে অভিহিত। ইহারা উভয়েই মহাবল পরাক্রমশালী ও সর্ব্বলোক-প্রসিদ্ধ ॥ ৩৬

এই সকল পরিবারে পরিবেষ্টিত হইয়া ভগবান্ কল্কি সর্ব্বসম্পত্তিমান্ হইয়া উঠিলেন। ইত্যবসরে ভগবান্ কল্কির পিতা পদ্মযোনি সন্নিভ বিষ্ণুযশা অশ্বমেধ যজ্ঞানুষ্ঠানে সমুদ্যত হইলেন। তদ্দর্শনে কল্কি তাঁহাকে সম্বোধনপূর্ব্বক কহিলেন,—"পিতঃ! আমি দিক্‌পালবর্গকে পরাভূত করিয়া ধন আনয়নপূর্ব্বক আপনাকে প্রদান করিব, আপনি অশ্বমেধ যজ্ঞ সম্পাপদন করিবেন, আমি সম্প্রতি দিগ্বিজয়ার্থ প্রস্থান করিতেছি ॥ ৩৭—৩৯

পরপুরঞ্জয় কল্কি এই বলিয়া প্রীতিসহকারে পিতৃপদে প্রণামপূর্ব্বক সেনাগণ সমভিব্যাহারে সর্ব্বাগ্রে কীকটপুরজয়ার্থ যাত্রা করিলেন ॥ ৪০

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বুদ্ধালয়ং সুবিপুলং বেদধর্ম্মবহিষ্কৃতম্।
পিতৃদেবার্চ্চনাহীনং পরলোকবিলোপকম্॥ ৪১
দেহাত্মবাদবহুলং কুলজাতিবিবর্জ্জিতম্।
ধনৈঃ স্ত্রীভির্ভক্ষ্যভোজ্যৈঃ স্বপরাভেদদর্শিনম্॥ ৪২
নানাজনৈঃ পরিবৃতং পানভোজনতৎপরৈঃ॥ ৪৩
শ্রুত্বা জিনো নিজগণৈঃ কল্কেরাগমনং ক্রুধা।
অক্ষৌহিণীভ্যাং সহিতং সংবভূব পুরাদ্‌বহিঃ॥ ৪৪
গজরথতুরগৈঃ সমাচিতা ভূঃ কনকবিভূষণ-ভূষিতৈর্বরাঙ্গৈঃ।
শতশতরথিভির্ধৃতাস্ত্রশস্ত্রৈর্ধ্বজপটরাজি-নিবারিতাতপৈর্বভৌ সা॥৪৫
ইতি শ্রীকল্কিপুরাণে কীকটপুরগমনং নাম ষষ্ঠোঽধ্যায়ঃ॥ ৬

বৌদ্ধগণ ঐ নগরে বাস করে, তত্রত্য অধিবাসিগণ পিতৃপূজা বা দেবপূজা করে না, তাহাদিগের পরলোক ভয়ও নাই॥ ৪১॥ তাহারা দেহ ব্যতীত অন্য আত্মা স্বীকার করে না। তাহাদের অন্তরে বংশাভিমান বা জাত্যভিমান নাই। অর্থবিষয়ে, দারপরিগ্রহবিষয়ে অথবা আহারবিষয়ে সকলকেই তাহারা তুল্যজ্ঞান করে॥ ৪২॥ তথায় নানারূপ পানাহারতৎপর মনুষ্য দৃষ্টিগোচর হয়। কল্কি সংগ্রামার্থ সমাগত হইয়াছেন শুনিয়া জিন অক্ষৌহিণী সেনা সংগ্রহার্থ নগরী হইতে বিনিষ্ক্রান্ত হইলেন॥ ৪৩—৪৪ দেখিতে দেখিতে শত শত অশ্ব, শত শত রথ, শত শত গজ, স্বর্ণালঙ্কৃত শত শত রথী ও অস্ত্রশস্ত্রধারী অসংখ্য পদাতি দ্বারা ধরাতল সমাকীর্ণ হইল। সেনাবৃন্দের পতাকাসমূহ উত্থাপিত হওয়াতে তদ্দ্বারাই সকলের আতপ নিবারিত হইল। সেই সময় যুদ্ধার্থিগণের শোভার পরিসীমা থাকিল না॥৪৫

কীকটপুরগমন নামক ষষ্ঠ অধ্যায় সমাপ্ত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সপ্তমোঽধ্যায়ঃ

—০:৵:০—

স্নূত উবাচ।

ততো বিষ্ণুঃ সর্ব্বজিষ্ণুঃ কল্কিঃ কল্কবিনাশনঃ।
কালয়ামাস তাং সেনাং করিণীমিব কেশরী ॥ ১

সেনাঙ্গনাং তাং রতিসঙ্গরক্ষতীং রক্তাক্তবস্ত্রাং বিবৃতোরুমধ্যাম্।
পলায়তীং চারুবিকীর্ণকেশাং বিকূজতীং প্রাহ স কল্কিনায়কঃ ॥ ২

রে বৌদ্ধাঃ! মা পলায়ধ্বং নিবর্ত্তধ্বং রণাঙ্গনে।
যুধ্যধ্বং পৌরুষং সাধু দর্শয়ধ্বং পুনর্মম ॥ ৩

জিনো হীনবলঃ কোপাৎ কল্কেরাকর্ণ্য তদ্বচঃ।
প্রতিযোদ্ধুং বৃষারূঢ়ঃ খড়্গচর্ম্মধরো যযৌ ॥ ৪

নানাপ্রহরণোপেতো নানায়ুধবিশারদঃ
কল্কিনা যুযুধে ধীরো দেবানাং বিস্ময়াবহঃ ॥ ৫

স্নূত বলিলেন,—পশুরাজ যেরূপ হস্তিনীকে আক্রমণ করে, পাপনাশন সর্ব্বজিষ্ণু বিষ্ণু কল্কিও সেইরূপ বৌদ্ধসেনাকে আক্রমণ করিলেন॥ ১

নায়করূপ সেনানায়ক কল্কি, রতিরণতুল্য রণে ক্ষতবিক্ষতাঙ্গী শোণিতাক্তবস্ত্রা অগুপ্তমধ্যদেশা পলায়মানা বিকীর্ণকেশা চীৎকারকারিণী নানারূপ রমণীকে বলিলেন,—"হে বৌদ্ধবৃন্দ! তোমরা রণভূমি পরিত্যাগ পূর্ব্বক প্রস্থান করিও না, নিবৃত্ত হও; যুদ্ধে প্রবৃত্ত হও, তোমাদের শক্তি প্রদর্শনে যত্নের ত্রুটি করিও না॥ ২—৩"

জিন হীনবল হইলেও কল্কির ঐ কথা শুনিবামাত্র ক্রোধে প্রজ্বলিত হইয়া উঠিলেন এবং তৎক্ষণাৎ অসিচর্ম্ম ধারণপূর্ব্বক বৃষবাহনে যুদ্ধার্থ কল্কির অভিমুখে প্রধাবিত হইলেন। তিনি নানারূপ অস্ত্রধারণ করিয়া

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শূলেন তুরগং বিদ্ধা কল্কিং বাণেন মোহয়ন্।
ক্রোড়ীকৃত্য দ্রুতং ভূমের্নাশকৎ তোলনাদৃতঃ ॥ ৬
জিনো বিশ্বম্ভরং জ্ঞাত্বা ক্রোধাকুলিতলোচনঃ।
চিচ্ছেদাস্থ তনুত্রাণং কল্কেঃ শস্ত্রঞ্চ দাসবৎ ॥ ৭
বিশাখযূপোঽপি তথা নিহত্য গদয়া জিনম্।
মূর্চ্ছিতং কল্কিমাদায় লীলয়া রথমারুহৎ ॥ ৮
লব্ধসংজ্ঞস্তথা কল্কিঃ সেবকোৎসাহদায়কঃ।
সমুৎপত্য রথাৎ তস্থ নৃপস্থ জিনমাযযৌ ॥ ৯
শূলব্যথাং বিহায়াজৌ মহাসত্ত্বস্তুরঙ্গমঃ।
রিঙ্গণৈর্ভ্রমণৈঃ পাদবিক্ষেপহননৈর্মুহুঃ ॥ ১০

কল্কির সহ সমরে প্রবৃত্ত হইলেন। রণদক্ষ জিনের সমরকৌশল দেখিয়া সুরগণও বিস্ময়াপন্ন হইলেন ॥ ৪—৫

মহাবল জিন শূলাঘাতে তুরঙ্গকে বিদ্ধ করিয়া বাণদ্বারা কল্কিকে মোহিত ও সংজ্ঞাশূন্য করিলেন এবং দ্রুতগতি কল্কিকে ক্রোড়ে লইয়া হরণের উদ্যম করিলেন ; কিন্তু উত্তোলন করিতে সমর্থ হইলেন না ॥ ৬

তখন জিন কল্কিকে বিশ্বম্ভরমূর্ত্তি বুঝিতে পারিয়া রোষে ঘূর্ণিতনেত্র হইলেন এবং কল্কিকে বন্দিজ্ঞানে তদীয় তনুত্রাণ ও অস্ত্রশস্ত্র ছেদন করিলেন ॥ ৭

নরপতি বিশাখযূপ এই সকল ঘটনা দর্শনে রোষাবিষ্ট হইয়া জিনকে গদাঘাতে আহত করিলেন এবং মূর্চ্ছিত কল্কিকে দ্রুতগতি আপন রথে তুলিয়া লইলেন ॥ ৮ ॥ ক্ষণমধ্যে কল্কিও চেতনা-প্রাপ্ত হইয়া অনুচর বৃন্দকে পুনরায় উৎসাহিত করিতে প্রবৃত্ত হইলেন। তদনন্তর তিনি নরপতি বিশাখযূপের রথ হইতে লম্ফ দিয়া জিনের দিকে প্রধাবিত হইলেন ॥ ৯

কল্কির মহাবল অশ্ব শূলবেদনাকে তুচ্ছ করিয়া রণক্ষেত্রে অবতীর্ণ হইল

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দন্তাঘাতৈঃ সটাক্ষেপৈর্বৌদ্ধসেনাগণান্তরে।
নিজঘান রিপূন্ কোপাৎ শতশোঽথ সহস্রশঃ॥ ১১

নিশ্বাসবাতৈরুড্ডীয় কেচিদ্দ্বীপান্তরেঽপতৎ।
হস্ত্যশ্বরথসংবাধাঃ পতিতা রণমূর্দ্ধনি॥ ১২

গার্গ্যো জঘ্নুষষ্টিশতং ভর্গ্যঃ কোটিশতাযুতম্।
বিশালস্তু সহস্রাণাং পঞ্চবিংশং রণে স্বরন্॥ ১৩

অযুতে দ্বে জঘানাজৌ পুত্রাভ্যাং সহিতঃ কবিঃ।
দশলক্ষং তথা প্রাজ্ঞঃ পঞ্চলক্ষং সুমন্তুকঃ॥ ১৪

জিনং প্রাহ হসন্ কল্কিস্তিষ্ঠাগ্রে মম দুর্ম্মতে।
দৈবং মাং বিদ্ধি সর্ব্বত্র শুভাশুভ ফলপ্রদম্॥ ১৫

এবং লম্ফ দ্বারা, ভ্রমণ দ্বারা, চরণাঘাত দ্বারা, দশনঘাত দ্বারা ও কেশর নিক্ষেপ দ্বারা বৌদ্ধসেনাদিগের মধ্যবর্ত্তী শত শত সহস্র সহস্র শত্রুকে রোষভরে সংহার করিতে লাগিল॥ ১০-১১॥ সেই অশ্বের নিশ্বাসানিল দ্বারা উড্ডীয়মান হইয়া কোন কোন যোদ্ধা দ্বীপান্তরে নিপতিত হইল। কোন কোন ব্যক্তি যেমন সেই নিশ্বাসপবনে প্রক্ষিপ্ত হইল, অমনি গজ, তুরঙ্গ এবং রথাদিতে প্রতিহত হইয়া সংগ্রামক্ষেত্রে নিপতিত হইল॥ ১২॥ ক্ষণকালের মধ্যেই গার্গ ও তদীয় সহচরগণের হস্তে ছয় সহস্র বৌদ্ধসেনা নিপতিত হইল। ভর্গ্যও সৈন্যসাহায্যে এক কোটী এক নিযুত শত্রুসেনা নিপাতিত করিলেন। বিশাল ও তদীয় অনুচরবর্গের হস্তে পঞ্চবিংশতি সহস্র বৌদ্ধসেনা পরাজিত হইল॥ ১৩॥ কবি রণে প্রবৃত্ত হইয়া তনয়দ্বয়ের সাহায্যে অযুতদ্বয় শত্রুসেনা নিপাতিত করিলেন। প্রাজ্ঞের হস্তে দশলক্ষ এবং সুমন্তুর হস্তেও পঞ্চলক্ষ সেনা ধরাশায়ী হইল॥ ১৪

অতঃপর কল্কি সহাস্য-বদনে জিনকে সম্বোধন করিয়া কহিলেন,—“রে দুর্ব্বুদ্ধে! পলায়ন করিও না, সম্মুখে আগমন কর। আমাকে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মদ্‌বাণজালভিন্নাঙ্গো নিঃসঙ্গো যাস্যসি ক্ষয়ম্।
ন যাবৎ পশ্য তাবৎ ত্বং বন্ধুনাং ললিতং মুখম্॥ ১৬
কল্কেরিতীরিতং শ্রুত্বা জিনঃ প্রাহ হসন্ বলী।
দৈবং ত্বদৃশ্যং শাস্ত্রে তে বধোঽয়মুররীকৃতঃ।
প্রত্যক্ষবাদিনো বৌদ্ধা বয়ং যূয়ং বৃথাশ্রমাঃ॥ ১৭
যদি বা দৈবরূপস্ত্বং তথাপ্যগ্রে স্থিতা বয়ম্।
যদি ভেত্তাসি বাণৌঘৈস্তদা বৌদ্ধৈঃ কিমত্র তে॥ ১৮
সোপালম্ভং ত্বয়া খ্যাতং ত্বয্যেবাস্তু স্থিরো ভব।
ইতি ক্রোধাদ্‌বাণজালৈঃ কল্কিং ঘোরৈঃ সমাবৃণোৎ॥ ১৯

সর্ব্বত্র শুভাশুভফলপ্রদ অদৃষ্টস্বরূপ জ্ঞান করিও॥ ১৫॥ আশু তোমার দেহ মৎক্ষিপ্ত বাণ দ্বারা বিদারিত হইবে; অচিরেই তুমি ইহলোক হইতে প্রস্থান করিবে, তখন কেহই তোমার সহিত গমন করিবে না। সুতরাং তুমি বন্ধুবান্ধবগণের নিকট এই সময় স্বীয় মোহনবদন প্রদর্শন কর॥ ১৬

কল্কির কথা শুনিয়া মহাবল জিন হাস্য করিয়া উঠিল এবং কহিল, "অদৃষ্ট কদাচ প্রত্যক্ষ হইতে পারে না। আমি প্রত্যক্ষবাদী বৌদ্ধমতাবলম্বী। প্রত্যক্ষ ব্যতীত আর কিছুই আমাদিগের স্বীকার্য্য নহে। অদৃষ্ট এবং অপ্রত্যক্ষবিষয় আমাদের হইতে হত হয়, ইহা শাস্ত্রেরই উক্তি। সুতরাং তোমাদের পরিশ্রম বৃথা। যদিও তুমি দৈবস্বরূপ হও, তাহা হইলেও আমরা এই পুরোভাগে অবস্থিত রহিলাম। যদি তুমি আমাকে শরবিদ্ধ করিতে সমর্থ হও, তাহা হইলে বৌদ্ধগণ কি তোমাকে ক্ষমা করিবে?॥ ১৭—১৮

তুমি যে মৎপ্রতি কটূক্তি করিলে, ইহা তৎপ্রতিই সংক্রান্ত হউক; তুমি এখন স্থির হও।" এই বলিয়া জিন শাণিত বাণরাজি দ্বারা কল্কির সর্ব্বাঙ্গ সমাবৃত করিলেন॥ ১৯

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স তু বাণময়ং বর্ষং ক্ষয়ং নিন্যেঽর্কবহ্নিমম্ ॥ ৩০

ব্রাহ্ম্যং বায়ব্যমাগ্নেয়ং পার্জ্জন্যং চান্যদায়ুধম্ ।
কল্কের্দর্শনমাত্রেণ নিষ্ফলান্যভবন্ ক্ষণাৎ ॥ ২১

যথোষরে বীজমুপ্তং দানমশ্রোত্রিয়ে যথা ।
যথা বিষ্ণৌ সতাং দ্বেষাৎ ভক্তির্যেন কৃতাপ্যহো ॥ ২২

কল্কিস্তু তং বৃষারূঢ়মবপ্লুত্য কচেঽগ্রহীৎ ।
ততস্তৌ পেততুর্ভূমৌ তাম্রচূড়াবিব ক্রুধা ॥ ২৩

পতিত্বা স কল্কিকচং জগ্রাহ তৎকরং করে ॥ ২৪

ততঃ সমুত্থিতৌ ব্যগ্রৌ যথা চাণূরকেশবৌ ।
ধৃতহস্তৌ ধৃতকচৌ ঋক্ষাবিব মহাবলৌ ।
যুযুধাতে মহাবীরৌ জিনকল্কী নিরায়ুধৌ ॥ ২৫

আদিত্যদর্শনে যেরূপ হিমবর্ষণ বিনষ্ট হয়, সেইরূপ কল্কি হইতে সেই শরবৃষ্টি বিদূরিত হইতে লাগিল ॥ ২০

তাঁহারা দর্শনমাত্রেই ব্রহ্মাস্ত্র, বায়ব্যাস্ত্র, আগ্নেয়াস্ত্র পর্জ্জন্যাস্ত্র ও অপরাপর যাবতীয় অস্ত্র মরুক্ষেত্রে উপ্তপ্ত বীজবৎ, অপাত্রে প্রদত্ত পদার্থবৎ এবং সজ্জনের দ্বেষপূর্ব্বক হরিতে সমর্পিত ভক্তিবৎ আশু বিফল হইয়া গেল ॥ ২১—২২

দেখিতে দেখিতে কল্কি লম্ফ প্রদান পূর্ব্বক বৃষারূঢ় জিনের কেশপাশ ধারণ করিলেন। তখন তাম্রচূড় পক্ষিবৎ দুই জনই ভূপতিত হইয়া রোষ সহকারে মল্লযুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥ ২৩

জিন একহস্তে কল্কির কেশ ও অপর হস্তে তদীয় হস্ত ধারণ করিলেন ॥ ২৪

অনন্তর চাণূরদৈত্য ও শ্রীকৃষ্ণের ন্যায় উভয়ে আশু ভূতল হইতে উত্থিত হইয়া পরস্পর পরস্পরের কেশপাশ ও হস্ত ধারণ করিলেন। বীরদ্বয় তখন নিরস্ত্র হইয়া মহাপরাক্রম ভল্লুকযুগলের ন্যায় মল্লযুদ্ধে প্রবৃত্ত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ততঃ কল্কির্মহাবোধী পদাঘাতেন তৎকটিম্।
বিভজ্য পাতয়ামাস তালং মত্তগজো যথা ॥ ২৬
জিনং নিপতিতং দৃষ্ট্বা বৌদ্ধা হাহেতি চুক্রুশুঃ।
কল্কেঃ সেনাগণা বিপ্রা জহৃষুর্নিহতারয়ঃ ॥ ২৭
জিনে নিপতিতে ভ্রাতা তস্য শুদ্ধোদনো বলী।
পাদচারী গদাপাণিঃ কল্কিং হন্তুং দ্রুতং যযৌ ॥ ২৮
কবিস্তু তং বাণবর্ষৈঃ পরিবার্য্য সমন্ততঃ।
জগর্জ্জ পরবীরঘ্নো গজমাবৃত্য সিংহবৎ ॥ ২৯
গদাহস্তং তমালোক্য পত্তিং স ধর্ম্মবিৎ কবিঃ।
পদাতিগো গদাপাণিস্তস্থৌ শুদ্ধোদনাগ্রতঃ ॥ ৩০
স তু শুদ্ধোদনস্তেন যুযুধে ভীমবিক্রমঃ।
গজঃ প্রতিগজেনেব দন্তাভ্যাং সগদাবুভৌ ॥ ৩১

হইলেন ॥ ২৫ ॥ মদোন্মত্ত বারণ যেরূপ তালতরু ভগ্ন করে, বোদ্ধ্‌প্রবর কল্কি সেইরূপ পদাঘাতে জিনের কটিদেশ ভগ্ন করিলেন; বৌদ্ধরাজ তৎক্ষণাৎ ভূপতিত হইলেন ॥ ২৬ ॥ জিনকে রণশায়ী হইতে দেখিয়া বৌদ্ধ-সেনাগণ হাহারবে চীৎকার করিয়া উঠিল। হে বিপ্রগণ! শত্রুবধ হওয়াতে কল্কিসেনাবৃন্দ আনন্দে নিমগ্ন হইল ॥ ২৭

এই প্রকারে জিন ভূপতিত হইলে, তদীয় ভ্রাতা মহাবল শুদ্ধোদন গদা লইয়া কল্কিকে সংহারার্থ পদব্রজে তৎপ্রতি ধাবমান হইল ॥ ২৮

তৎপরে হস্তিপৃষ্ঠে সমাস্থিত বিপক্ষবীরঘাতী কবি শরবর্ষণ দ্বারা শুদ্ধোদনকে সমাবৃত করিয়া সিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন ॥ ২৯

শুদ্ধোদনকে গদাহস্তে পাদচারে আগমন করিতে দেখিয়া পরমধার্ম্মিক কবিও গজপৃষ্ঠ হইতে অবতরণ করিলেন এবং গদা লইয়া পদব্রজে তদভি-মুখে দণ্ডায়মান হইলেন ॥ ৩০ ॥ মহাবিক্রম শুদ্ধোদনের সহিত তাঁহার যুদ্ধ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যুযুধাতে মহাবীরৌ গদাযুদ্ধবিশারদৌ।
কৃতপ্রতিকৃতৌ মত্তৌ নদন্তৌ ভৈরবান্ রবান্ ॥ ৩২
কবিস্তু গদয়া গুর্ব্ব্যা শুদ্ধোদনগদাং নদন্।
করদপাস্যাশু তয়া স্বয়া বক্ষস্যতাড়য়ৎ ॥ ৩৩
গদাঘাতেন নিহতো বীরঃ শুদ্ধোদনো ভুবি।
পতিত্বা সহসোত্থায় তং জঘ্নে গদয়া পুনঃ ॥ ৩৪
সংতাড়িতেন তেনাপি শিরসা স্তম্ভিতঃ কবিঃ।
স পপাত স্থিতস্তত্র স্থাণুবদ্‌বিহ্বলেন্দ্রিয়ঃ ॥ ৩৫
শুদ্ধোদনস্তমালোক্য মহাসারং রথাযুতৈঃ।
প্রাবৃতং তরসা মায়া-দেবীমানেতুমাযযৌ ॥ ৩৬
যস্যা দর্শনমাত্রেণ দেবাসুরনরাদয়ঃ।
নিঃসারাঃ প্রতিমাকারা ভবন্তি ভুবনাশ্রয়াঃ ॥ ৩৭

আরম্ভ হইল। হস্তী যেরূপ প্রতিকূল হস্তীর সহিত দন্ত দ্বারা যুদ্ধ করে, তদ্রূপ গদাযুদ্ধবিশারদ বীরবর কবি ও শুদ্ধোদন দুইজনে গদাযুদ্ধে প্রবৃত্ত হইলেন। তাঁহারা রণমদে মত্ত হওয়াতে উভয় দিক্ হইতেই ভীম শব্দ উত্থিত হইল, উভয়েই পরস্পর গদাঘাতে নিবারণে প্রবৃত্ত হইলেন ॥ ৩১—৩২ ॥ তৎপরে কবি সিংহনাদ করিতে করিতে গদাপ্রহারে শুদ্ধোদনের কর হইতে গদা অপনয়ন করিয়া তদীয় বক্ষঃপ্রদেশে গদাঘাত করিলেন ॥ ৩৩

মহাবীর শুদ্ধোদন তৎক্ষণাৎ ভূপতিত হইলেন বটে, কিন্তু আশু পুনরুত্থিত হইয়া নিজ গদা গ্রহণ পূর্ব্বক তদ্দারা কবির শিরোদেশে আঘাত করিলেন ॥ ৩৪ ॥ কবি ভূপতিত না হইয়া বিকলেন্দ্রিয় ও অচেতনভাবে স্থাণুবৎ অবস্থিত রহিলেন ॥ ৩৫ ॥ তদনন্তর শুদ্ধোদন তাঁহাকে মহাবিক্রম ও সহস্র সহস্র রথী কর্ত্তৃক পরিবেষ্টিত দেখিয়া আশু মায়াদেবীকে আনয়নার্থ প্রস্থান করিলেন ॥ ৩৬ ॥ এই মায়াদেবীকে নেত্রগোচর করিলে সুরাসুর নর প্রভৃতি ত্রিলোকবাসিগণই নিষ্প্রভ ও পুত্তলিকাবৎ নিশ্চেষ্ট হয় ॥ ৩৭

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বৌদ্ধাঃ শৌদ্ধোমনাত্মগ্রে কৃত্বা তামগ্রতঃ পুনঃ।
যোদ্ধুং সমাগতা ম্লেচ্ছ কোটিলক্ষশতৈর্বৃতাঃ॥ ৩৮
সিংহধ্বজোত্থিতরথাং ফেরু-কাকগণাবৃতাম্।
সর্ব্বাস্ত্রশস্ত্রজননীং ষড়্বর্গপরিষেবিতাম্॥ ৩৯
নানারূপাং বলবতীং ত্রিগুণব্যক্তিলক্ষিতাম্।
মায়াং নিরীক্ষ্য পুরতঃ কল্কিসেনা সমাপতৎ॥ ৪০
নিঃসারাঃ প্রতিমাকারাঃ সমস্তাঃ শস্ত্রপাণয়ঃ॥ ৪১
কল্কিস্তানালোক্য নিজান্ ভ্রাতৃজ্ঞাতিসুহৃজ্জনান্।
মায়য়া জায়য়া জীর্ণান্ বিভুরাসীৎ তদগ্রতঃ॥ ৪২
তামালোক্য বরারোহাং শ্রীরূপাং হরিরীশ্বরঃ।
সা প্রিয়েব তমালোক্য প্রবিষ্টা তস্য বিগ্রহে॥ ৪৩

সেই মায়াদেবীকে পুরোবর্ত্তিনী করিয়া শৌদ্ধোদনাদি বৌদ্ধেরা লক্ষলক্ষ ম্লেচ্ছসেনায় বেষ্টিত হইয়া পুনরায় রণস্থলে উপস্থিত হইল॥ ৩৮॥ মায়াদেবী সিংহধ্বজরাজিত রথে আরোহণ পূর্ব্বক নানারূপ অস্ত্রশস্ত্র প্রসব করিতে প্রবৃত্ত হইলেন। বায়স ও জম্বুকেরা তাঁহার চারিদিক্ পরিবেষ্টনপূর্ব্বক বিকট চীৎকার করিতে লাগিল; কামাদি রিপুষট্ক তাঁহার সেবায় প্রবৃত্ত হইল॥ ৩৯

কল্কিসেনারা বিবিধরূপধারিণী মহাবল ত্রিগুণাত্মিকা মায়াদেবীকে পুরোভাগে নেত্রগোচর করিয়া একে একে প্রায় সকলেই পতিত হইল॥ ৪০॥ শস্ত্রধারী যোদ্ধৃবর্গ হীনতেজা ও পুত্তলিকাবৎ স্তব্ধ হইয়া রহিল॥ ৪১

ভগবান্ কল্কি দেখিলেন, তদীয় ভ্রাতা ও জ্ঞাতিবন্ধুগণ মায়ারূপিণী স্বীয় পত্নী কর্ত্তৃক অভিভূত ও জর্জ্জরিত হইয়াছেন; তদ্দর্শনে আশু তৎসমীপবর্ত্তী হইলেন॥ ৪২

তখন শ্রীরূপ সেই বরারোহা মায়া প্রণয়িণীবৎ তদীয় দেহে বিলীন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তামনালোক্য তে বৌদ্ধা মাতরং ক্বাপি বিহ্বলাঃ।
রুরুদুঃ সংঘশো দীনা হীনস্ববলপৌরুষাঃ।
বিস্ময়াবিষ্টমনসঃ ক্ব গতেয়মথাব্রুবন্॥ ৪৪
কল্কিঃ সমালোকনেন সমুত্থাপ্য নিজান্ জনান্।
নিশাতমসিমাদায় ম্লেচ্ছান্ হন্তুং মনো দধে॥ ৪৫
সন্নদ্ধং তুরগারূঢ়ং দৃঢ়হস্তধৃতৎসরুম্॥ ৪৬
ধনুর্নিষঙ্গমনিশং বাণজালপ্রকাশিতম্।
ধৃতহস্ততনুত্রাণগোধাঙ্গুলিবিরাজিতম্॥ ৪৭
মেঘোপর্য্যুপ্তুতারাভং দংশনস্বর্ণবিন্দুকম্।
কিরীটকোটিবিন্যস্ত-মণিরাজিবিরাজিতম্॥ ৪৮
কামিনীনয়নানন্দসন্দোহ-রসমন্দিরম্।
বিপক্ষপক্ষবিক্ষেপক্ষিপ্তরুক্ষকটাক্ষকম্॥ ৪৯

হইলেন॥ ৪৩॥ বৌদ্ধশ্রেষ্ঠগণ তাঁহাদিগের জননী মায়াবতীকে দেখিতে না পাইয়া বিহ্বল হইল; তাহারা হীনবল ও পৌরুষবর্জ্জিত হইয়া পড়িল, এবং দলবদ্ধ হইয়া অবিরাম রোদন করিতে লাগিল। তাহারা বিস্ময়াকুল মনে বলিতে লাগিল, হায়! আমাদের জননী কোথায় গেলেন? ॥ ৪৪

এদিকে প্রভু কল্কির নেত্রপাতমাত্র তদীয় সেনাগণ গাত্রোত্থান পূর্ব্বক তীক্ষ্ণধার অসি লইয়া ম্লেচ্ছসংহারে প্রবৃত্ত হইলেন॥ ৪৫॥ ভগবান্ স্বয়ং অশ্বে আরোহণ ও বর্ম্মধারণ পূর্ব্বক করে অসি গ্রহণ করিলেন। বাণপুঞ্জ-শোভিত তূণীর শরাসনও শোভা পাইতে লাগিল॥ ৪৬—৪৭

তনুত্রাণের উপরিদেশের স্বর্ণবিন্দু বিদ্যমান থাকাতে জলদোপরি বিন্যস্ত তারার ন্যায় শোভা বিস্তার করিল। কিরীটের অগ্রদেশস্থ বিবিধ মণি পরমশোভা ধারণ করিল॥ ৪৮

প্রভু শত্রুকুলকে বিক্ষিপ্ত করিবার অভিলাষে তাহাদের প্রতি রুক্ষকটাক্ষে দৃষ্টিপাত করিতে লাগিলেন॥ ৪৯

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নিজভক্তজনোল্লাস-সংবাসচরণাম্বুজম্ ।
নিরীক্ষ্য কল্কিং তে বৌদ্ধাস্তত্র স্বধর্ম্মনিন্দকাঃ ॥ ৫০
জহৃষুঃ সুরসংঘাঃ খে যাগাহুতিহুতাশনাঃ ॥ ৫১
সুবলমিলনহর্ষং শক্রনাশৈকতর্ষঃ
সমরবরবিলাসঃ সাধুসৎকারকাশঃ ।
সজনদুরিতহর্ত্তা জীবজাতস্য ভর্ত্তা
রচয়তু কুশলং বঃ কামপূরাবতারঃ ॥ ৫২

ইতি শ্রীকল্কিপুরাণেঽনুভাগবতে ভবিষ্যে দ্বিতীয়াংশে
বৌদ্ধযুদ্ধোনাম সপ্তমোঽধ্যায়ঃ ॥ ৭
ইতি দ্বিতীয়াংশঃ ।

তদীয় মুখকমলদর্শনে ভক্তবৃন্দের চিত্ত উল্লাসিত হইয়া উঠিল। ধর্ম্ম-নিন্দাকারী বৌদ্ধগণ রমণীবৃন্দের নয়নানন্দধারার রসগৃহস্বরূপ সেই কল্কিকে দেখিয়া ভয়ে বিহ্বলপ্রায় হইল ॥ ৫০ ॥ পুনরায় যজ্ঞস্থলে অগ্নিতে আহুতি প্রদত্ত হইবে, এই আশায় সুরগণের চিত্ত পুলকিত হইয়া উঠিল ॥ ৫১ ॥ যিনি সুসজ্জিত-সৈন্যরাশি সমাগমে পুলকিত হইয়া অখিল-বিপক্ষবধে কৃতসংকল্প হইয়াছিলেন, যিনি মহাসুখে অবলীলাক্রমে সংগ্রাম করেন, যিনি সাধুগণের সৎকারেচ্ছায় অবতার গ্রহণ করেন, যাঁহা দ্বারা আত্মীয়গণের পাপ দূর হয়, যিনি জীবগণের ভর্ত্তা এবং সাধুবৃন্দের মনোরথ পূরণার্থ ধরাতলে অবতীর্ণ, সেই কল্কি তোমাদের কল্যাণবিধান করুন ॥ ৫২

বৌদ্ধযুদ্ধ নামক সপ্তম অধ্যায় সমাপ্ত ।

দ্বিতীয় অংশ সমাপ্ত ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কল্কি-পুরাণম্

—•:•:•—

তৃতীয়াংশঃ

প্রথমোঽধ্যায়ঃ

—:⊙:—

স্মৃত উবাচ।

ততঃ কল্কির্ম্লেচ্ছগণান্ করবালেন কালিতান্।
বাণৈঃ সংতাড়িতানন্যান্ অনয়ন্‌যমসাদনম্॥ ১
বিশাখযূপোঽপি তথা কবিপ্রাজ্ঞসুমন্তকাঃ।
গার্গ্যভর্গ্যবিশালাদ্যা ম্লেচ্ছান্ জঘ্নুরশেষতঃ॥ ২
কপোতরোমা কাকাক্ষঃ কাককৃষ্ণাদয়োঽপরে।
বৌদ্ধাঃ শৌদ্ধোদনা যাতা যুযুধুঃ কল্কিসৈনিকৈঃ॥ ৩
তেষাং যুদ্ধমভূদ্‌ঘোরং ভয়দং সর্ব্বদেহিনাম্।
ভূতেশানন্দজনকং রুধিরারুণকর্দ্দমম্॥ ৪

স্মৃত কহিলেন;—তদনন্তর কতকগুলি ম্লেচ্ছ কল্কিনিক্ষিপ্ত বাণপুঞ্জদ্বারা বিদ্ধ হইয়া এবং কতকগুলি করবালচ্ছেদিত হইয়া শমনগৃহে প্রস্থান করিল॥ ১॥ এই প্রকার বিশাখযূপ, কবি, প্রাজ্ঞ, সুমন্ত, গার্গ্য, ভর্গ্য, বিশাল প্রভৃতি বীরগণের হস্তেও অসংখ্যম্লেচ্ছ নিপতিত হইল॥ ২

কপোতরোমা, কাকাক্ষ, কাককৃষ্ণ প্রভৃতি বৌদ্ধ ও শৌদ্ধোদনাদি সকলে আগমন পূর্ব্বক কল্কিসেনাসহ রণে প্রবৃত্ত হইল॥ ৩

সেই ভীষণ যুদ্ধ দেখিয়া প্রাণিমাত্রেই ভয়বিহ্বল হইয়া পড়িল। ভূতনাথের আনন্দের পরিসীমা রহিল না। রণভূমি পঙ্কিল হইল॥ ৪

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গজাশ্বরথসংঘানাং পততাং রুধিরস্রবৈঃ।
স্রবন্তী কেশশৈবালা বাজিগ্রাহা সুগাহিকা ॥ ৫
ধনুস্তরঙ্গা দুষ্পারা গজরোধ-প্রবাহিণী।
শিরঃকূর্ম্মা রথতরিঃ পাণিমীনাসৃগাপগা ॥ ৬
প্রবৃত্তা তত্র বহুধা হর্ষয়ন্তী মনস্বিনাম্।
দুন্দুভেয়রবা ফেরুশকুনানন্দদায়িনী ॥ ৭
গজৈর্গজা নরৈরশ্বা খরৈরুষ্ট্রা রথৈঃ রথাঃ।
নিপেতুর্বাণভিন্নাঙ্গাঃ ছিন্নবাহ্বঙ্ঘ্রিকন্ধরাঃ ॥ ৮
ভস্মনা গুণ্ঠিতমুখা রক্তবস্ত্রা নিবারিতাঃ।
বিকীর্ণকেশাঃ পরিতো যান্তি সন্ন্যাসিনো যথা ॥ ৯
ব্যগ্রাঃ কেঽপি পলায়ন্তে যাচন্ত্যন্যে জলং পুনঃ।
কল্কিসেনাশুগক্ষুণ্ণা ম্লেচ্ছা নো শর্ম্ম লেভিরে ॥ ১০

যে সমস্ত হস্তী, তুরগ ও রথী পতিত হইতে লাগিল, তাহাদের রক্ত-প্রবাহে তথায় একটি নদী প্রবাহিত হইল। সেই নদীতে ফেনপুঞ্জ শৈবালবৎ শোভিত হইল। তুরগরূপ গ্রাহবৃন্দ স্রোতমধ্যে নিমগ্ন হইল ॥ ৫

শরাসনসমূহ তরঙ্গবৎ দৃষ্ট হইতে লাগিল, গজবৃন্দ সেই দুষ্পার নদীর পুলিনবৎ শোভিত হইল। সেই রক্তনদীতে ছিন্নশির সকল কূর্ম্মবৎ, রথ তরণীবৎ, ছিন্ন বাহু মৎস্যবৎ এবং দুন্দুভিনাদ বারিকল্লোলবৎ শোভিত হইল। সেই নদীকূলে জম্বুক ও শকুনের হর্ষনাদ শ্রুত হইতে লাগিল; তদ্দর্শনে সাধুবৃন্দের আনন্দের পরিসীমা রহিল না ॥ ৬—৭ ॥ অসংখ্য অসংখ্য গজযোদ্ধা, অশ্বযোদ্ধা, উষ্ট্রযোদ্ধা ও রথী পরস্পর সমযোদ্ধার সহিত সংগ্রামে বাণবিদ্ধ, ছিন্নভূজ, ছিন্নপদ ও ছিন্নশিরা হইয়া ভূপতিত হইল ॥ ৮

কতিপয় যোদ্ধা শোণিতবস্ত্র, ভস্মাবৃতমুখ ও আলুলায়িতকেশ হইয়া সন্ন্যাসিবৎ নিবারিত হইলেও দেশান্তরে প্রস্থান করিল ॥ ৯

কেহ কেহ ব্যগ্রভাবে পলায়ন-পরায়ণ হইল, কেহ কেহ পিপাসার্ত্ত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তেষাং স্ত্রিয়ো রথারূঢ়া গজারূঢ়া বিহঙ্গমৈঃ।
সমারূঢ়া হয়ারূঢ়াঃ খরোষ্ট্রবৃষবাহনাঃ ॥ ১১
যোদ্ধুং সমাযযুস্ত্যক্ত্বা পত্যাপত্যসুখাশ্রয়ান্।
রূপবত্যো যুবত্যোঽতিবলবত্যঃ পতিব্রতাঃ ॥ ১২
নানাভরণভূষাঢ্যাঃ সন্নদ্ধা বিশদপ্রভাঃ।
খড়্গশক্তিধনুর্ব্বাণবলয়াক্তকরাম্বুজা ॥ ১৩
স্বৈরিণ্যোঽপ্যতিকামিন্যো পুংশ্চল্যশ্চ পতিব্রতাঃ।
যুযুর্য্যোদ্ধুং কল্কিসৈন্যৈঃ পতীনাং নিধনাতুরাঃ ॥ ১৪
মৃদ্ভস্মকাষ্ঠচিত্রাণাং প্রভতাম্নায়শাসনাৎ।
সাক্ষাৎ পতীনাং নিধনং কিং যুবত্যোঽপি সেহিরে ॥ ১৫

হইয়া মুহুর্মুহুঃ সলিল ভিক্ষা করিতে লাগিল। এই প্রকারে কল্কিসেনাবৃন্দের শরদ্বারা বিদ্ধ ম্লেচ্ছসেনারা কেহই মঙ্গললাভ করিল না ॥ ১০

ম্লেচ্ছসেনাবৃন্দের পত্নীরা রথ, গজ, উষ্ট্র, বিহঙ্গ, অশ্ব, গর্দ্দভ ও বৃষে আরোহণপূর্ব্বক স্ব স্ব পতিসহ সংগ্রামার্থ উপস্থিত হইল। এই সমস্ত রূপলাবণ্যবতী মহাবলিষ্ঠা পরিপরায়ণা যুবতী নারীবৃন্দ অপত্যসুখ বা অপত্যের আশ্রয় কামনা করিল না ॥ ১১—১২

এই সমস্ত কান্তিমতী রমণীরা নানা অলঙ্কারে অলঙ্কৃত ও রণসজ্জায় সজ্জিত হইয়া অসি, শক্তি, শরাসন ও শরধারণ পূর্ব্বক সমাগত হইল। ইহাদের হস্তে দিব্য-বলয় বিরাজিত ॥ ১৩

সেই সমস্ত রূপবতী মহিলাবৃন্দের মধ্যে কেহ কেহ স্বৈরিণী, কেহ কেহ পতিব্রতা, কেহ কেহ বা বারবিলাসিনী ছিল। ইহারা পিতা বা স্বামীর পতনে ব্যাকুল হইয়া কল্কিসেনার সহিত যুদ্ধে অগ্রবর্ত্তিনী হইল ॥ ১৪

শাস্ত্রে লিখিত আছে যে, মৃত্তিকা, ভস্ম, কাষ্ঠ ইত্যাদি দ্রব্যের রক্ষার জন্যও লোক যত্নবান্ হয়; সুতরাং রমণীগণ সাক্ষাতে প্রাণপতির মৃত্যু যে সহ্য করিবে ইহা সম্ভব হয় না ॥ ১৫

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তাঃ স্ত্রিয়ঃ স্বপতীন্ বাণভিন্নান্ ব্যাকুলিতেন্দ্রিয়ান্।
কৃত্বা পশ্চাদ্‌যুযুধিরে কল্কিসৈন্যৈর্ধৃতায়ুধাঃ॥ ১৬
তাঃ স্ত্রীরুদ্বীক্ষ্য তে সর্ব্বে বিস্ময়স্মিতমানসাঃ।
কল্কিমাগত্য তে যোধাঃ কথয়ামাসুরাদরাৎ॥ ১৭
স্ত্রীণামেব যুযুৎসূনাং কথাঃ শ্রুত্বা মহামতিঃ।
কল্কিঃ সমুদিতঃ প্রায়াৎ স্বসৈন্যৈঃ সানুগোরথৈঃ॥ ১৮
তাঃ সমালোক্য পদ্মেশঃ সর্ব্বশস্ত্রাস্ত্রধারিণীঃ।
নানা-বাহন-সংরূঢ়াঃ কৃতব্যূহা উবাচ সঃ॥ ১৯

কল্কিরুবাচ।

রে স্ত্রিয়ঃ! শৃণুতাস্মাকং বচনং পথ্যমুত্তমম্।
স্ত্রিয়া যুদ্ধেন কিং পুংসাং ব্যবহারোঽত্র বিদ্যতে॥ ২০
মুখেষু চন্দ্রবিম্বেষু রাজিতালকপংক্তিষু।
প্রহরিষ্যন্তি কে তত্র নয়নানন্দদায়িষু॥ ২১

ম্লেচ্ছরমণীরা নিজ নিজ পতিকে শরবিদ্ধ ও বিহ্বল দর্শনে তাহাদিগকে পশ্চাদ্বর্ত্তী করিয়া অস্ত্রকরে কল্কিসেনার সহিত যুদ্ধ করিতে আরম্ভ করিল॥ ১৬॥ তাহাদিগকে যুদ্ধে প্রবৃত্ত দেখিয়া কল্কিসেনারা বিস্ময়াকুলহৃদয়ে কল্কিসমীপে উপস্থিত হইয়া সযত্নে যাবতীয় ঘটনা নিবেদন করিল॥ ১৭

মহাবুদ্ধি কল্কি সংগ্রামার্থিনী নারীগণের বৃত্তান্ত শুনিয়া পুলকিতচিত্তে রথারূঢ় সেনাবৃন্দ ও অনুচরবৃন্দ সমভিব্যাহারে তথায় উপস্থিত হইলেন॥ ১৮॥ পদ্মানাথ প্রভু কল্কি নানাবিধ অস্ত্রশস্ত্রধারিণী, নানাবাহনস্থিতা, ব্যূহরচনাপূর্ব্বক শ্রেণীবদ্ধ সংস্থিতা সেই সমস্ত ম্লেচ্ছরমণীকে দেখিয়া বলিতে লাগিলেন॥ ১৯

কল্কি কহিলেন,—"রমণীগণ! আমি যে হিত ও উত্তম বাক্য বলিব তাহা তোমরা অবধান কর। নারীজাতির সহিত পুরুষের সংগ্রাম করা রীতিবিরুদ্ধ॥ ১০॥ তোমাদিগের এই শশিমুখে অলকারাজি বিরাজিত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিভ্রান্ততারভ্রমরং নবকোকনদপ্রভম্ ।
দীর্ঘাপাঙ্গেক্ষণং যত্র তত্র কঃ প্রহরিষ্যতি ॥ ২২
বক্ষোজশম্ভুসত্তার-হারব্যালবিভুষিতৌ ।
কন্দর্প-দর্পদলনৌ তত্র কঃ প্রহরিষ্যতি ॥ ২৩
লোললীলালকব্রাত-চকোরাক্রান্তচন্দ্রিকম্ ।
মুখচন্দ্রং চিহ্নহীনং কস্তং হন্তুমিহাহতি ॥ ২৪
স্তনভার-ভারাক্রান্ত-নিতান্ত ক্ষীণ-মধ্যমম্ ।
তনুলোমলতাকন্ধং কঃ পুমাম্ প্রহরিষ্যতি ॥ ২৫
নেত্রানন্দেন নেত্রেণ সমাবৃতমনিন্দিতম্ ।
জঘনং সুঘনং রম্যং বাণৈঃ কঃ প্রহরিষ্যতি ॥ ২৬
ইতি কল্কের্বচঃ শ্রুত্বা প্রহর্ষ্য প্রাহুরাদৃতাঃ ।
অস্মাকং ত্বং পতীন্ হংসি তেন নষ্টা বয়ং বিভো ।
হন্তুং গতানামস্ত্রাণি কারণ্যেবাগতান্যুতে ॥ ২৭

রহিয়াছে। ইহা দেখিলে সকলের হৃদয় প্রফুল্ল হয়। অধুনা কোন ব্যক্তি এই বদনে প্রহার করিবে ? ॥২১॥ এই বদন চন্দ্রমার দীর্ঘাপাঙ্গযুক্ত বিকসিত পদ্মনিভ নেত্রে তারারূপ ভ্রমর বিচরণ করিতেছে, কোন্ ব্যক্তি ঈদৃশ বদনে আঘাত করিবে ? ॥ ২২ ॥ তোমাদিগের এই স্তনযুগলরূপ শম্ভু তারহাররূপ ভুজঙ্গে সমলঙ্কৃত রহিয়াছে। ইহা দেখিলে কামদেবেরও দর্পচূর্ণ হয় ; অতএব কোন্ ব্যক্তি এরূপ স্থলে আঘাত করিতে পারে ? ॥ ২৩

অচল অলকরূপ চকোর দ্বারা যাহার চন্দ্রিকা আক্রান্ত হইয়াছে তাদৃশ কলঙ্কশূন্য বদনকমলে কোন্ ব্যক্তি আঘাত করিতে সক্ষম হয় ॥ ২৪

তোমাদিগের এই কুচভারাক্রান্ত অতিকৃশ সূক্ষ্মরোমপংক্তিশোভিত কটিদেশে কোন ব্যক্তি আঘাত করিতে পারে ? ॥ ২৫ ॥ তোমাদিগের এই নেত্রপ্রীতিকর অংশুকাবৃত দোষস্পর্শবিরহিত পরম সুন্দর জঘনদেশে কোন্ ব্যক্তি শরাঘাত করিতে পারে ? ॥ ২৬ ॥ ভগবানের এই কথা শুনিয়া ম্লেচ্ছ-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

খড়্গ-শক্তি-ধনুর্ব্বাণ-শূল-তোমর যষ্টয়ঃ।
তাঃ প্রাহুঃ পুরতো মূর্ত্তাঃ কার্ত্তস্বরবিভূষণাঃ॥ ২৮

শস্ত্রাণ্যূচুঃ।

যমাসাদ্য বয়ং নার্য্যো হিংসয়ামঃ স্বতেজসা।
তমাত্মানাং সর্ব্বময়ং জানীত কৃতনিশ্চয়াঃ॥ ২৯
তমীশমাত্মনা নার্য্যঃ! চরামো যদনুজ্ঞয়া।
যৎকৃতা নামরূপাদিভেদেন বিদিতা বয়ম্॥ ৩০
রূপ-গন্ধ-রস-স্পর্শ-শব্দাদ্যা ভূতপঞ্চকাঃ।
চরন্তি যদধিষ্ঠানাৎ সোঽয়ং কল্কিঃ পরাত্মকঃ॥ ৩১
কালস্বভাবসংস্কার-নামাদ্যা প্রকৃতিঃ পরা।
যস্যেচ্ছয়া সৃজত্যণ্ডং মহাঽহঙ্কারকাদিকান্॥ ৩২

রমণীরা সহাস্যবদনে বলিল,—"মহাশয় আপনার হস্তে যখন আমাদিগের ভর্ত্তৃগণ নিহত হইয়াছেন, তখন আমরা নিহত হইয়াই রহিয়াছি।" রমণীগণ এই বলিয়াই কল্কিকে সংহার করিবার উদ্যম করিল; কিন্তু তাহারা যে সমস্ত অস্ত্র প্রয়োগে উদ্যত হইল, তাহা তাহাদের করেই থাকিল, করচ্যুত হইল না॥ ২৭॥ তৎপরে অসি, শক্তি, ধনু, শর, শূল, তোমর যষ্টি ইত্যাদি সমস্ত অস্ত্র শস্ত্র মূর্ত্তিমান্ হইয়া পুরোভাগে অবস্থানপূর্ব্বক কাঞ্চনমণ্ডিত সেই সমস্ত ম্লেচ্ছরমণীকে বলিতে আরম্ভ করিল॥ ২৮

অস্ত্রবৃন্দ কহিল,—রমণীগণ! আমরা যাঁহা হইতে তেজোলাভ করিয়া জীবের জীবন বধ করি এই কল্কিকেই সেই পরাত্মা সর্ব্বময় ঈশ্বর বলিয়া জ্ঞাত হইবে এবং আমাদিগের বাক্যে দৃঢ়বিশ্বাস রাখিবে॥ ২৯॥ ইঁহার আদেশেই আমরা বিচরণ করি, ইঁহার প্রসাদেই আমরা নামরূপ প্রাপ্ত হইয়াছি এবং ইঁহার অনুগ্রহেই আমরা প্রসিদ্ধি লাভ করিয়াছি॥ ৩০

ইঁহা কর্ত্তৃক অধিষ্ঠিত হইয়া রূপাদি গুণপঞ্চের আধার পঞ্চভূত নিজ নিজ ক্রিয়া সম্পাদন করে। ইনি স্বয়ং পরমাত্মা॥ ৩১॥ ইঁহার ইচ্ছাবশেই

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যন্মায়য়া জগদ্‌যাত্রা স্বর্গস্থিত্যন্তসংজ্ঞিতা।
য এবাদ্যঃ স এবান্তে তস্যায়ং সোঽয়মীশ্বরঃ ॥ ৩৩
অসৌ পতির্মে ভার্য্যাহমস্য পুত্রাপ্তবান্ধবাঃ।
স্বপ্নোপমাস্তু তন্নিষ্ঠা বিবিধাশ্চেন্দ্রজালবৎ ॥ ৩৪
স্নেহমোহনিবদ্ধানাং যাতায়াতদৃশাং মতম্।
ন কল্কিসেবিনাং রাগদ্বেষবিদ্বেষকারিণাম্ ॥ ৩৫
কুতঃ কালঃ কুতো মৃত্যুঃ ক্ক যমঃ ক্কাস্তি দেবতা।
স এব কল্কির্ভগবান্ মায়য়া বহুলীকৃতঃ ॥ ৩৬
ন শস্ত্রাণি বয়ং নার্য্যঃ সংপ্রহার্য্যা ন চ ক্বচিৎ।
শস্ত্রপ্রহর্ত্তৃভেদোঽয়মবিবেকঃ পরাত্মনঃ ॥ ৩৭

কালস্বভাবাদির আদিভূত পরমাকৃতি মহত্তত্ত্বাদি নিখিল ব্রহ্মাণ্ডের সৃষ্টি করিতেছেন ॥ ৩২

সৃষ্টিস্থিত্যাদিরূপ জগৎপ্রপঞ্চ ইঁহার মায়া ব্যতীত অন্য কিছুই নহে। ইনিই সর্ব্বাদি ও সকলের অন্ত, ইঁহা হইতেই জগতের যাবতীয় শুভ ঘটনা সংঘটিত হয় ॥ ৩৩ ॥ "ইনি মদীয় পতি, ইনি মদীয় পত্নী, ইনি মদীয় পুত্র, ইনি মদীয় বন্ধু, ইনি আমার আত্মীয়।" এই সকল স্বপ্নবৎ ইন্দ্রজালসদৃশ লোকব্যবহার ইঁহা হইতেই প্রকাশিত হইতেছে ॥ ৩৪ ॥ যে সকল ব্যক্তি স্নেহমমতার বশীভূত হইয়া জনমমরণকে কেবলমাত্র গতায়াত জ্ঞান করেন, যাঁহারা রাগদ্বেষাদিবিরহিত, যে সকল ব্যক্তি কল্কির সেবক, তাঁহারা উক্ত ঐন্দ্রজালিক ব্যাপারকে অলীক বলিয়া বিবেচনা করেন ॥ ৩৫ ॥ কাল কোথা হইতে হইল? মৃত্যু কোন স্থান হইতে উপস্থিত হইতেছে? যম কে? দেবগণই বা কে? একমাত্র প্রভু কল্কিই মায়া দ্বারা বহুবিধ হইয়াছেন ॥ ৩৬ ॥ হে রমণীবৃন্দ! আমরা শস্ত্র নহি এবং কোন ব্যক্তিই আমাদের কর্ত্তৃক প্রহৃত হইতে পারে না। ইনি শস্ত্র, ইনি প্রহারকর্ত্তা, এরূপ প্রভেদ পরমাত্মায় অবিবেক বা মায়া ব্যতীত আর কিছুই নহে ॥ ৩৭

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কল্কিদাসস্যাপি বয়ং হন্তুং নার্হাঃ কদাচন।
হনিষ্যামো দৈত্যপতেঃ প্রহ্লাদস্য যথা হরিম্॥ ৩৮
ইত্যস্ত্রাণাং বচঃ শ্রুত্বা স্ত্রিয়ো বিস্মিতমানসাঃ।
স্নেহমোহ-বিনির্মুক্তাস্তং কল্কিং শরণং যযুঃ॥ ৩৯
তাঃ সমালোক্য পদ্মেশঃ প্রণতা জ্ঞাননিষ্ঠয়া।
প্রোবাচ প্রহসন্ ভক্তিযোগং কল্মষনাশনম্॥ ৪০
কর্ম্মযোগঞ্চাত্মনিষ্ঠং জ্ঞানযোগং ভিদাশ্রয়ম্।
নৈষ্কর্ম্ম্যলক্ষণং তাসাং কথয়ামাস মাধবঃ॥ ৪১
তাঃ স্ত্রিয়ঃ কল্কিগদিত-জ্ঞানেন বিজিতেন্দ্রিয়াঃ।
ভক্ত্যাপরমবাপুস্তৎ যোগিনাং দুর্লভং পদম্॥ ৪২
দত্ত্বা মোক্ষং ম্লেচ্ছবৌদ্ধ-স্ত্রিয়াণাং
কৃত্বা যুদ্ধং ভৈরবং ভীমকর্ম্মা।

দৈত্যনাথ প্রহ্লাদের অনুরোধে হরি যখন নৃসিংহমূর্ত্তি পরিগ্রহ করেন, তখন তাঁহাকে যেরূপ আমরা প্রহার করিতে সমর্থ হই নাই, তদ্রূপ এই কল্কির সেবকদিগকেও প্রহার করিতে পারিব না॥ ৩৮॥ অস্ত্রবৃন্দের এই সমস্ত কথা শুনিয়া রমণীগণ বিস্ময়াবিষ্ট হইল। তখন তাহারা স্নেহমমতা বিসর্জ্জনপূর্ব্বক কল্কির আশ্রয় গ্রহণ করিল॥ ৩৯॥ পদ্মানাথ কল্কি তাহাদিগকে জ্ঞাননিষ্ঠা সহ প্রণত দেখিয়া সহাস্যবদনে পাতকনাশন ভক্তিযোগ বলিতে প্রবৃত্ত হইলেন॥ ৪০॥ তদনন্তর তিনি আত্মনিষ্ঠ জ্ঞানযোগ ও ভেদজ্ঞানের হেতু কর্ম্মযোগ এবং কি প্রকারে অদৃষ্টাধীন হইতে না হয়, তৎসমস্ত রমণীগণের নিকট বর্ণন করিলেন॥ ৪১॥ তৎপরে রমণীগণ কল্কির কথায় জ্ঞানলাভ করিয়া জিতেন্দ্রিয়া হইয়া ভক্তি দ্বারা যোগি-প্রাপ্য পরমপদ মোক্ষলাভ করিল॥ ৪২॥ এই প্রকারে ভীমকর্ম্মা কল্কি মহাসংগ্রাম করিয়া বৌদ্ধ ও ম্লেচ্ছদিগকে সংহার করিলেন। তদনন্তর তিনি তাহাদিগের রমণীগণকে মোক্ষপদ অর্পণ পূর্ব্বক মৃত ম্লেচ্ছ ও বৌদ্ধগণকে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হত্বা বৌদ্ধান্ ম্লেচ্ছসংঘাংশ্চ কল্কি-
স্তেষাং জ্যোতিঃস্থানমাপূর্য্য রেজে ॥ ৪৩
যে শৃণ্বন্তি বদন্তি বৌদ্ধবিধনং ম্লেচ্ছক্ষয়ং সাদরাৎ।
লোকাঃ শোকহরং সদা শুভকরং ভক্তিপ্রদং মাধবে।
তেষামেব পুনর্ন জন্মমরণং সর্ব্বার্থসম্পৎকরম্।
মায়ামোহবিনাশনং প্রতিদিনং সংসারতাপচ্ছিদম্ ॥ ৪৪
ইতি শ্রীকল্কিপুরাণেঽনুভাগবতে ভবিষ্যে তৃতীয়াংশে
ম্লেচ্ছবিনাশো নাম প্রথমোঽধ্যায়ঃ ॥ ১

দ্বিতীয়োঽধ্যায়ঃ

সূত উবাচ

ততো বৌদ্ধান্ ম্লেচ্ছগণান্ বিজিত্য সহ সৈনিকৈঃ।
ধনান্যাদায় রত্নানি কীকটাৎ পুনরাব্রজৎ ॥ ১

জ্যোতিঃপূর্ণ স্থলে পাঠাইয়া শোভা পাইতে লাগিলেন ॥ ৪৩ ॥ যে সকল ব্যক্তি এই ম্লেচ্ছনাশ ও বৌদ্ধসংহার বিষয় সাদরে কীর্ত্তন বা শ্রবণ করিবেন, তাঁহাদিগের সকল শোক বিদূরিত হইবে। তাঁহারা নিরন্তর মঙ্গলভাজন হইবেন। শ্রীহরির প্রতি তাঁহাদিগের ভক্তি উৎপাদন হইবে; সুতরাং তাঁহাদিগকে পুনরায় জন্ম ও মৃত্যু হইবে না। এই বিষয় শ্রবণ করিলে নিখিল সম্পত্তি প্রাপ্ত হইতে পারে, মায়ামোহ দূর হয় এবং ভবসন্তাপ সহ্য করিতে হয় না ॥ ৪৪

ম্লেচ্ছবিনাশ নামক প্রথম অধ্যায় সমাপ্ত।

সূত কহিলেন,—তদনন্তর কল্কি বৌদ্ধ ও ম্লেচ্ছদিগকে পরাভূত করিয়া ধনরত্নাদি গ্রহণ পূর্ব্বক সেনাবৃন্দ সহ কীটনগর হইতে প্রত্যাগত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কল্কিঃ পরমতেজস্বী ধর্ম্মাণাং পরিরক্ষকঃ।
চক্রতীর্থং সমাগত্য স্নানং বিধিবদাচরৎ ॥ ২
ভ্রাতৃভির্লোকপালাভির্ব্বহুভিঃ স্বজনৈর্ব্বৃতঃ।
সমায়াতান্ মুনীংস্তত্র দদৃশে দীনমানসান্ ॥ ৩
সমুদ্বিগ্নাগতাংস্তত্র পরিপাহি জগৎপতে।
ইত্যুক্তবন্তো বহুধা যে তানাহ হরিঃ পরঃ ॥ ৪
বালখিল্যাদিকানল্পকায়ান্ চীরজটাধরান।
বিনয়াবনতঃ কল্কিস্তানাহ কৃপান্ ভয়াৎ ॥ ৫
কস্মাদ্যূয়ং সমায়াতং কেন বা ভীষিতা বত।
তনহং নিহনিষ্যামি যদি বা স্যাৎ পুরন্দরঃ ॥ ৬
ইত্যাশ্রুত্য কল্কিবাক্যং তেনোল্লাসিতমানসাঃ।
জগদুঃ পুণ্ডরীকাক্ষং নিকুম্ভদুহিতুঃ কথাঃ ॥ ৭

হইলেন ॥ ১ ॥ সেই ধর্ম্মরক্ষক মহাতেজা চক্রতীর্থে উপস্থিত হইয়া যথাবিধি স্নান করিলেন ॥ ২ ॥ তিনি লোকপালসন্নিভ ভ্রাতৃবর্গে ও অসংখ্য আত্মীয় স্বজনে পরিবেষ্টিত আছেন, ইত্যবসরে দেখিলেন, কতিপয় মহর্ষি দুঃখিত-চিত্তে তৎসকাশে সমাগত হইলেন ॥ ৩ ॥ তাঁহারা ভয়নিবন্ধন কল্কিসকাশে উপস্থিত হইয়া পুনঃ পুনঃ বলিতে লাগিলেন, "জগদীশ! রক্ষা কর।" ঐ সময়ে বালখিল্যাদি ক্ষুদ্রদেহধারী জটাবান্ ছিন্নবসনধারী কতকগুলি মহর্ষিও তথায় আগমন করিয়াছিলেন; হরি অভ্যাগত সেই সকল মুনি-বৃন্দের নিকট বলিলেন,—"আপনারা কোনস্থান হইতে উপস্থিত হইলেন? কাহার ভয়ে আপনারা ভীত? সে ব্যক্তি সুরপতি হইলেও আমি তাহাকে সংহার করিব ॥ ৪—৬

হরির এই কথা শুনিয়া তাঁহাদের আনন্দের পরিসীমা রহিল না। তখন তাঁহারা প্রভুসকাশে রাক্ষসী নিকুম্ভনন্দিনীর কথা বলিতে প্রবৃত্ত হইলেন ॥ ৭

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মুনয় উচুঃ।

শৃণু বিষ্ণুযশঃ-পুত্র! কুম্ভকর্ণাত্মজাত্মজা।
কুথোদরীতি বিখ্যাতা গগনার্দ্ধ-সমুত্থিতা ॥ ৮
কালকঞ্জস্থ মহিষী বিকঞ্জজননী চ সা।
হিমালয়ে শিরঃ কৃত্বা পাদৌ চ নিষধাচলে।
শেতে স্তনং পায়য়ন্তী বিকঞ্জপ্রস্থিতস্তনী ॥ ৯
তস্যা নিশ্বাসবাতেন বিবশা বয়মাগতাঃ।
দৈবেনৈব সমানীতাঃ সংপ্রাপ্তাস্ত্বৎপদাস্পদম্।
মুনয়ো রক্ষণীয়াস্তে রক্ষঃসু চ বিপৎসু চ ॥ ১০
ইতি তেষাং বচঃ শ্রুত্বা কল্কিঃ পরপুরঞ্জয়ঃ।
সেনাগণৈঃ পরিবৃতো জগাম হিমবদ্গিরিম্ ॥ ১১
উপত্যকাং সমাসাদ্য নিশামেকাং নিনায় সঃ ॥
প্রাতর্জ্জিগমিষুঃ সৈন্যৈর্দ্দদৃশে ক্ষীরনি গায়ম্ ॥ ১২

মুনিবৃন্দ বলিলেন,—ভগবান্! অবধান করুন। কুম্ভকর্ণনন্দন নিকুম্ভের কুথোদরী নামে একটি কন্যা আছে; তাহার দেহের উচ্চতা গগনমণ্ডলের অর্দ্ধাংশ পর্য্যন্ত উন্নত ॥ ৮ ॥ কালকঞ্জ-নামক রাক্ষস তাহার পতি। বিকঞ্জ নামে সেই রাক্ষসীর একটি পুত্রও আছে। কুথোদরী হিমাচলে শিরঃপ্রদেশ এবং নিষধপর্ব্বতে পদস্থাপন পূর্ব্বক বিকঞ্জসকাশে স্তন রাখিয়া শয়ান রহিয়াছে; পুত্র তাহার স্তন্যপান করিতেছে ॥ ৯

আমরা সেই রাক্ষসীর নিশ্বাসানিলে অবশ হইয়া এইস্থানে উপস্থিত হইয়াছি। দৈবই আমাদিগকে আনয়ন করিয়াছে, তাহাতেই আমরা ভবদীয় পদলাভ করিলাম। বিপদে রাক্ষসের হস্ত হইতে আমাদিগের উদ্ধারসাধনই আপনার কর্ত্তব্য ॥ ১০

ঋষিবৃন্দের এই কথা শ্রবণমাত্র কল্কি সেনাগণ সমভিব্যাহারে হিমাচলে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শঙ্খেন্দুধবলাকারাং ফেনিলাং বৃহতীং দ্রুতম্।
চলন্তীং বীক্ষ্য তে সর্ব্বে স্তম্ভিতা বিস্ময়ান্বিতাঃ॥ ১৩
সেনাগণগজাশ্বাদিরথযোধৈঃ সমাবৃতঃ।
কল্কিস্তু ভগবাংস্তত্র জ্ঞাতার্থেঽপি মুনীশ্বরান্॥ ১৪
পপ্রচ্ছ কা নদী চেয়ং কথং দুগ্ধবহাভবৎ।
তে কল্কেস্তু বচঃ শ্রুত্বা মুনয়ঃ প্রাহুরাদরাৎ॥ ১৫
শৃণু কল্কে পয়স্বত্যাঃ প্রভাবং হিমবদ্গিরৌ।
সময়ে তাঃ কুথোদর্য্যাঃ স্তনপ্রস্রবণাদিব॥ ১৬
ঘটিকাসপ্তকৈশ্চান্যা পয়ো যাস্যতি বেগিতম্।
হীনসারা তটাকারা ভবিষ্যতি মহামতে॥ ১৭
ইতি শ্রুত্বা মুনীনাস্তু বচনং সৈনিকৈঃ সহ।
অহো কিমস্যা রাক্ষস্যাঃ স্তনাদেকা ত্বিয়ং নদী ১৮

উপস্থিত হইলেন॥ ১১॥ এক রাত্রি হিমগিরির উপত্যকায় অতিবাহিত হইল। প্রভাতে সৈন্যগণ সহ গমনোদ্যত হইবামাত্র একটি দুগ্ধনদী কল্কির নেত্রপথে নিপতিত হইল। ঐ নদী শঙ্খবৎ ও চন্দ্রমাবৎ শ্বেতবর্ণ ও বৃহৎ। উহার সমস্তাৎ ফেনরাশি বিরাজিত। ঐ তটিনীর দুগ্ধ মহাবেগে প্রবাহিত হইতেছে। দুগ্ধনদী দর্শনে সেনাগণের হৃদয় বিস্মিত ও স্তম্ভিত হইল॥ ১২—১৩॥ তৎপরে যোদ্ধৃগণবেষ্টিত কল্কি উহার কারণ জ্ঞাত থাকিয়াও মহর্ষি-বৃন্দের নিকট জিজ্ঞাসা করিলেন,—"এ নদীর নাম কি? ইহাতে দুগ্ধই বা প্রবাহিত হইতেছে কেন?" কল্কির এই কথা শুনিয়া মুনিবৃন্দ বলিলেন,—"প্রভু! এই নদীর উৎপত্তি-বৃত্তান্ত বলিতেছি, শ্রবণ করুন্। কুথোদরী রাক্ষসীর একটি স্তনের দুগ্ধ এই হিমাচলে নিপাতিত হওয়াতে তাহাই নদী রূপ ধারণ করিয়াছ॥ ১৪—১৬॥ সপ্তঘটিকা অতীত হইলে আরও একটি দুগ্ধনদী প্রবাহিত হইবে। পরে এই নদী নির্জ্জল ও তটবৎ হইয়া যাইবে॥১৭

ঋষিগণপ্রমুখাৎ এই কথা শুনিয়া কল্কি ও তদীয় সেনাবৃন্দ বলিতে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

একং স্তনং পায়য়তি বিকঞ্জং পুত্রমাদারাৎ।
ন জানেঽস্যাঃ শরীরস্য প্রমাণং কতি বা ভবেৎ ॥ ১৯
বলং বাস্যা নিশাচর্য্যা ইত্যূচুর্বিস্ময়ান্বিতাঃ।
কল্কিঃ পরাত্মা সন্নহ্য সেনাভিঃ সহসা যযৌ ॥ ২০
মুনিদর্শিতমার্গেণ যত্রাস্তে সা নিশাচরী।
পুত্রং স্তনং পায়য়ন্তী গিরিমূর্দ্ধি ঘনোপমা ॥ ২১
শ্বাসবাতাতিবাতেন দূরক্ষিপ্তবনদ্বিপাঃ।
যস্যাঃ কর্ণবিলাসং প্রসুপ্তাঃ সিংহসঙ্কুলাঃ ॥ ২২
পুত্রপৌত্ররিবৃতা গিরিগহ্বরবিভ্রমাঃ।
কেশমূলমুপালম্ব্য হরিণাঃ শেরতে চিরম্।
যূকা ইব ন চ ব্যগ্রা লুব্ধজাতঙ্কয়া ভৃশম্ ॥ ২৩

লাগিলেন,—"অহো! কি আশ্চর্য্য! রাক্ষসীর স্তনদুগ্ধে এই মহানদীর উৎপত্তি হইয়াছে ॥ ১৭—১৮ ॥ সেই রাক্ষসী একটি স্তন পুত্র বিকঞ্জকে সাদরে পান করায়; ইহার দেহ পরিমাণ করা বুদ্ধির অসাধ্য ॥ ১৯

অহো! এই রাক্ষসীর বলই বা কত!" বিস্মিত হৃদয়ে সকলে এই কথা বলিলেন,—প্রভু কল্কি সজ্জিত হইয়া সেনাবৃন্দ সহ নিশাচরীসকাশে উপস্থিত হইলেন ॥ ২০ ॥ যেখানে নিশাচরী অবস্থিত আছে, মহর্ষিগণ তাহার পথ নির্দ্দেশ করিয়া দিলেন। যথাস্থলে সকলে উপস্থিত হইয়া দেখিলেন, জলদসন্নিভা রাক্ষসী পর্ব্বত-শিখরে বসিয়া পুত্রকে স্তন্যদান করিতেছে ॥ ২১

আরণ্যগজগণ তদীয় নিশ্বাসপবনে আহত হইয়া দূরে নিক্ষিপ্ত হইতেছে, সিংহগণ তাহার শ্রবণ-বিবরে প্রবেশ করিয়া সুখে নিদ্রিত রহিয়াছে ॥ ২২

মৃগকুল পর্ব্বত-কন্দরভ্রমে পুত্রপৌত্র সহ তদীয় রোমকূপে শয়ান হইয়া রহিয়াছে। তাহারা ব্যাধভয় বিসর্জ্জন-পূর্ব্বক যুক (উকুন) বৎ রোমকূপে সংলগ্ন রহিয়াছে ॥ ২৩

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তামালোক্য গিরের্মূর্দ্ধি, গিরিবৎ পরমাদ্ভুতাম্ ॥ ২৪
কল্কিঃ কমলপত্রাক্ষঃ সর্ব্বাংস্তানাহ সৈনিকান্।
ভয়োদ্বিগ্নান্ বুদ্ধিহীনান্ ত্যক্তোত্তমপরিচ্ছদান্ ॥ ২৫

কল্কিরুবাচ।

গিরিদুর্গে বহ্নিদুর্গং কৃত্বা তিষ্ঠন্তু মামকাঃ।
গজাশ্বরথযোধা যে সমায়ান্তু ময়া সহ ॥ ২৬
অহং স্বল্পেন সৈন্যেন যাম্যস্যাঃ সম্মুখং শনৈঃ।
প্রহর্ত্তুং বাণসন্দোহৈঃ খড়্গাশক্তিপরশ্বধৈঃ ॥ ২৭
ইত্যুক্ত্বা স্থাপ্য পশ্চাৎ তান্ বাণৈস্তামহনদ্বলী।
সা ক্রুধোত্থায় সহসা ননর্দ্দ পরমাদ্ভুতম্ ॥ ২৮
তেন নাদেন মহতা বিত্রস্তাশ্চাভবন্ জনাঃ।
নিপেতুঃ সৈনিকাঃ সর্ব্বে মূর্চ্ছিতা ধরণীতলে ॥ ২৯

পুণ্ডরীকাক্ষ কল্কি পর্ব্বতশিখরে দ্বিতীয় ভূধরের ন্যায় সেই রাক্ষসীকে নেত্রগোচর করিয়া ভয়বিহ্বল, হতবুদ্ধি এবং অস্ত্রশস্ত্রাদি পরিত্যাগে সমুদ্যত সৈনিকবৃন্দকে বলিতে আরম্ভ করিলেন ॥ ২৪—২৫

কল্কি বলিলেন,—"এই গিরিদুর্গে তোমরা বহ্নি দ্বারা দুর্গ নির্ম্মাণ পূর্ব্বক অবস্থান কর। হস্ত্যারোহী, তুরগারোহী এবং রথারোহী যে সমস্ত যোদ্ধা আছে, তাহারা মৎসমভিব্যাহারে আগমন কর ॥ ২৬

আমি স্বল্পমাত্র সৈন্য লইয়া শর, অসি, শক্তি ও পরশু দ্বারা প্রহারার্থ উহার পুরোভাগে ক্রমে উপস্থিত হইতেছি ॥ ২৭

এই বলিয়া এবং তাহাদিগকে পশ্চাদ্ভাগে রাখিয়া কল্কি রাক্ষসীর প্রতি শরবর্ষণ করিতে আরম্ভ করিলেন। রাক্ষসীও রোষপ্রজ্বলিত হইয়া অকস্মাৎ বিকট চীৎকার করিয়া উঠিল ॥ ২৮

সেই ভীষণ ধ্বনিতে সকলেরই ভয়সঞ্চার হইল। সেনাপতিবৃন্দ মূর্চ্ছিত হইয়া ধরাশায়ী হইতে লাগিল ॥ ২৯

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সা রথাংশ্চ গজাংশ্চাপি বিবৃতাস্যা ভয়ানকা।
জঘান প্রশ্বাসবাতৈঃ সমানীয় কুথোদরী॥ ৩০
সেনাগণাস্তদুদরং প্রবিষ্টাঃ কল্কিনা সহ।
যথর্ক্ষমুখবাতেন প্রবিশন্তি পিপীলিকাঃ॥ ৩১
তচ্ছ্রুত্বা দেবগন্ধর্ব্বা হাহাকারং প্রচক্রিরে।
তত্রস্থা মুনয়ঃ শেপুর্জ্জেপুশ্চান্যে মহর্ষয়ঃ॥ ৩২
নিপেতুরন্যে দুঃখার্ত্তা ব্রহ্মণা ব্রহ্মবাদিনঃ।
রুরুদুঃ শিষ্টযোধা যে জহৃষুস্তন্নিশাচরাঃ॥ ৩৩
জগতাং কদনং দৃষ্ট্বা সস্মারাত্মানমাত্মনা।
কল্কিঃ কমলপত্রাক্ষঃ সুরারাতিনিসূদনঃ॥ ৩৪
বাণাগ্নিং চেলচর্ম্মাভ্যাং রথনৈর্যাণদারুভিঃ।
প্রজ্বাল্যোদরমধ্যেন করবালং সমাদদে॥ ৩৫

তখন সেই বিকটকায়া কুথোদরী বদন ব্যাদন পূর্ব্বক প্রশ্বাস দ্বারা রথ, গজ ও তুরঙ্গাদি আকর্ষণ করিয়া গ্রাস করিতে আরম্ভ করিল॥ ৩০

ভল্লুক যেমন বদনানিল দ্বারা আকর্ষণ করিলে পিপীলিকাপুঞ্জ তদীয় মুখবিবরে প্রবেশ করে; সেইরূপ সেনাবৃন্দও কল্কির সহিত রাক্ষসীর জঠর-মধ্যে প্রবিষ্ট হইল॥ ৩১॥ তদ্দর্শনে সুরগণ ও গন্ধর্ব্বেরা হাহাকার করিতে আরম্ভ করিলেন, ঋষিরা অভিশাপ দিতে লাগিলেন এবং কোন কোন মুনি কল্কির মঙ্গলাভিলাষে মন্ত্রজপে প্রবৃত্ত হইলেন॥ ৩২॥ অপরাপর বেদবিৎ দ্বিজগণ বিষণ্ণ হইয়া তথায় পতিত রহিলেন, প্রভুভক্ত যোদ্ধৃবৃন্দ ক্রন্দন করিতে লাগিল। নিশাচরগণের আনন্দের পরিসীমা রহিল না॥ ৩৩

সুরশত্রুনাশন কল্কি এই প্রকারে জগতের দুরবস্থা দেখিয়া আপনি আপনাকে স্মরণ করিলেন॥ ৩৪॥ তখন সেই অন্ধকারাবৃত জঠরাভ্যন্তরে শরদ্বারা বহ্নি প্রস্তুত করিলেন এবং বসন, চর্ম্ম ও রথকাষ্ঠাদি দ্বারা সেই বহ্নিকে প্রজ্বলিত করিয়া অসি উত্তোলন করিলেন॥ ৩৫

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তেন খড়্গেন মহতা দাক্ষ্যং নির্ভিদ্য বন্ধুভিঃ।
বলিভির্ভ্রাতৃভির্বাহৈর্বৃতঃ শস্ত্রাস্ত্রপাণিভিঃ॥ ৩৬
বহির্বভূব সর্ব্বেশঃ কল্কিঃ কল্কবিনাশনঃ।
সহস্রাক্ষো যথা বৃত্রকুক্ষিং দম্ভোলি-নেমিন্য॥ ৩৭
যোনিরন্ধ্রাদ্গজরথাশ্বরগাশ্চাভবন্ বহিঃ।
নাসিকাকর্ণবিবরাৎ কেঽপি তস্যা বিনির্গতাঃ॥ ৩৮
তে দুর্গতাস্ততস্তস্যাঃ সৈনিকা রুধিরোক্ষিতাঃ।
তাং বিব্যধুর্নিক্ষিপন্তীং তরসা চরণৌ করৌ॥ ৩৯
মমার সা ভিন্নদেহা ভিন্নকুক্ষিশিরোধরা।
নাদয়ন্তী দিশোদ্যোঃ খং চূর্ণয়ন্তী চ পর্ব্বতান্॥ ৪০
বিকঞ্জোঽপি তথা বীক্ষ্য মাতরং কাতরোঽভবৎ।
স বিকঞ্জঃ ক্রুধা ধাবন্ সেনামধ্যে নিরায়ুধঃ॥ ৪১

ইন্দ্র যেমন বজ্রপাতে বৃত্তের কুক্ষিবিদীর্ণ করিয়া নিষ্ক্রান্ত হইয়াছিলনে; সর্ব্বেশ্বর পাপহারী কল্কিও তদ্রূপ সেই বৃহৎ অসি দ্বারা রাক্ষসীর দক্ষিণ কুক্ষি বিদারণ পূর্ব্বক মহাবল অস্ত্রশস্ত্রযুক্ত বন্ধুবৃন্দ ও ভ্রাতৃগণ সমভিব্যাহারে নির্গত হইলেন॥ ৩৬—৩৭

সেই নিশাচরীর অধোদ্বার দিয়াও কতকগুলি গজ, অশ্ব, রথ ও পদাতি বহির্গত হইল॥ ৩৮॥ তখন রুধিরলিপ্তদেহ সৈনিকবৃন্দ বহির্গত হইয়া দেখিল নিশাচরী করপদ বিক্ষেপ করিতেছে; তদ্দর্শনে সকলে আশু শর দ্বারা তাহাকে বিদ্ধ করিতে প্রবৃত্ত হইল॥ ৩৯

বাণ দ্বারা তদীয় জঠর মস্তক প্রভৃতি অঙ্গপ্রত্যঙ্গ ছিন্নভিন্ন হইলে দশদিক্ প্রতিনাদিত ও আস্ফালন দ্বারা গিরি বিদারণ পূর্ব্বক নিশাচরী প্রাণ বিসর্জ্জন করিল॥ ৪০॥ বিকঞ্জ জননীর তাদৃশী দুরবস্থা দর্শনে দুঃখিত হইল এবং রোষভরে বিনা অস্ত্রেই সৈন্যসাগরে ঝম্প প্রদান করিল॥ ৪১

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গজামালাকুলং বক্ষো বাজিরাজিবিভূষণঃ।
মহাসর্পকৃতোষ্ণীষঃ কেশরিমুদ্রিতাঙ্গুলিঃ॥ ৪২
মমর্দ্দ কল্কিসেনাং তাং মাতুর্ব্যসনকর্ষিতঃ।
স কল্কিস্তং ব্রহ্মমন্ত্রং রামদত্তং জিঘাংসা॥ ৪৩
ধনুষা পঞ্চবর্ষীয়ং রাক্ষসং শস্ত্রমাদদে।
তেনাস্ত্রেণ শিরস্তস্য ছিত্বা ভূমাবপাতয়ৎ॥ ৪৪
রুধিরাক্তং ধাতুচিত্রং গিরিশৃঙ্গমিবাদ্ভুতম্॥
সপুত্রাং রাক্ষসীং হত্বা মুনীনাং বচনাদ্বিভুঃ॥ ৪৫
গঙ্গাতীরে হরিদ্বারে নিবাসং সমকল্পয়ৎ।
দেবানাং কুসুমাসারৈর্মুনিস্তোত্রৈঃ সুপূজিতঃ॥ ৪৬
নিনায় তাং নিশাং তত্র কল্কিঃ পরিজনাবৃতঃ।
প্রাতর্দর্দর্শ গঙ্গায়াস্তীরে মুনিগণান্ বহূন্।
তস্যাঃ স্নানব্যাজবিষ্ণোরাত্মনো দর্শনাকুলান্॥ ৪৭

তাহার বক্ষে গলরাজি মাল্যরূপে, সর্ব্বাঙ্গে তুরগরাজি বিভূষণরূপে, শিরঃপ্রদেশে সর্প উষ্ণীষরূপে এবং হস্তাঙ্গুলিতে সিংহগণ অঙ্গুরীয়করূপে বিদ্যমান॥৪২॥ সে জননীশোকে বিহ্বল হইয়া কল্কির সেনাবৃন্দকে প্রপীড়িত করিতে আরম্ভ করিল। কল্কিকেও সেই পঞ্চবর্ষীয় রাক্ষসের সংহারার্থ ভৃগুরামদত্ত ব্রহ্মাস্ত্র সন্ধান করিলেন এবং তদ্দ্বারা তদীয় শিরশ্ছেদন পূর্ব্বক তাহাকে ধরাশায়ী করিলেন॥ ৪৩—৪৪

ঋষিগণের বাক্যানুসারে কল্কি গৈরিকাদিচিত্রিত পর্ব্বতশৃঙ্গের ন্যায় অত্যদ্ভুত, রক্তাক্ত, সাপত্য নিশাচরীকে সংহার করিলেন॥ ৪৫

সুরবৃন্দ কুসুমবর্ষণে ও ঋষিগণ স্তুতিবাদে প্রবৃত্ত হইলেন। অনন্তর কল্কি তথা হইতে হরিদ্বারস্থ সুরধনীতটে উপস্থিত হইয়া শিবির সন্নিবেশ করিলেন॥ ৪৬॥ হরি-অবতার কল্কি আত্মীয়জন সহ সেই নিশা তথায় যাপন পূর্ব্বক প্রভাতে দেখিলেন, ঋষিগণ গঙ্গাস্নানচ্ছলে সমাগত হইয়া তাঁহাকে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হরিদ্বারে গঙ্গাতটনিকটপিণ্ডারকবনে।
বসন্তং শ্রীমন্তং নিজগণবৃতং তং মুনিগণাঃ।
স্তবৈঃ স্তুত্বা স্তুত্বা বিধিবদুদিতৈর্জহ্নুতনয়াম্।
প্রপশ্যন্তং কল্কিং মুনিজনগণা দ্রষ্টুমগমন্॥ ৪৮

ইতি শ্রীকল্কিপুরাণেঽনুভাবতে ভবিষ্যে তৃতীয়াংশে কুথোদরী-
বধানন্তরং মুনিদর্শনং নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ॥ ২

তৃতীয়োঽধ্যায়ঃ

—০:*:০—

সূত উবাচ।

সুখাগতান্ মুনীন্ দৃষ্ট্বা কল্কিঃ পরমধর্ম্মবিৎ।
পূজয়িত্ব চ বিধিবৎ সুখাসীনানুবাচ তান্॥ ১

কল্কিরুবাচ।

কে যূয়ং সূর্য্যসঙ্কাশা মম ভাগ্যাদুপস্থিতাঃ।
তীর্থাটনোৎসুকা লোকত্রয়াণামুপকারকাঃ॥ ২

দর্শন করিবার জন্য উৎকণ্ঠিতভাবে আগমন করিতেছেন ॥৪৭॥ হরিদ্বারে সুরধুনীকূলে আত্মীয়জন সহ কল্কি অবস্থান করিতেছেন এবং জহ্নুনন্দীকে দর্শন করিতেছেন, ইত্যবসরে মুনিবৃন্দ উপস্থিত হইয়া তাঁহাকে নেত্রগোচর করিয়া বিধিবিহিত স্তবদ্বারা মুহুর্মুহু তদীয় প্রীতিসাধনে প্রবৃত্ত হইলেন॥ ৪৮

ইতি কুথোদরী বধ নামক দ্বিতীয় অধ্যায় সমাপ্ত।

সূত বলিলেন,—মুনিগণ সুখে আসন গ্রহণ করিলে ভগবান্ ধর্ম্মশীল কল্কি তাঁহাদিগের পূজা করিয়া বলিতে আরম্ভ করিলেন॥ ১

কল্কি বলিলেন,—মূর্ত্তিমান্ আদিত্যবৎ মহাতেজা, তীর্থভ্রমণে সমুৎসুক,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বয়ং লোকে পুণ্যবন্তো ভাগ্যবন্তো যশস্বিনঃ।
যতঃ কৃপাকটাক্ষেণ যুষ্মাভিরবলোকিতাঃ॥ ৩
ততস্তে বামদেবোঽত্রির্বশিষ্ঠো গালবো ভৃগুঃ।
পরাশরো নারদোঽশ্বত্থামা রামঃ কৃপস্ত্রিতঃ॥ ৪
দুর্ব্বাসা দেবলঃ কণ্বো বেদপ্রমিতিরঙ্গিরাঃ।
এতে চান্যে চ বহবো মুনয়ঃ সংশিতব্রতাঃ॥ ৫
কৃত্বাগ্রে মরুদেবাপী চন্দ্রসূর্য্যকুলোদ্ভবৌ।
রাজানৌ তৌ মহাবীর্য্যৌ তপস্যাভিরতৌ চিরম্॥ ৬
উচুঃ প্রহৃষ্টমনসঃ কল্কিং কল্কবিনাশনম্।
মহোদধেস্তীরগতং বিষ্ণুং সুরগণা যথা॥ ৭

মুনয় উচুঃ।

জয়াশেষ জগন্নাথ বিদিতাখিলমানস।
সৃষ্টিস্থিতিলয়াধ্যক্ষ! পরমাত্মন্! প্রসীদ নঃ॥ ৮

ত্রিভুবনের হিতার্থনিরত আপনারা কে? মদীয় সৌভাগ্যবশেই অদ্য এস্থানে আপনাদের আগমন হইয়াছে॥ ২॥ কেননা, আপনারা অদ্য করুণাদৃষ্টিতে আমাদিগের প্রতি নেত্রপাত করিতেছেন॥ ৩

তদনন্তর বামদেব, ত্রিত, বশিষ্ঠ, গালব, ভৃগু, পরাশর, নারদ, অশ্বত্থমা, ভৃগুরাম, কৃপাচার্য্য, দুর্ব্বাসা, দেবল, কণ্ব, বেদপ্রমিতি ও অঙ্গিরা প্রভৃতি ঋষিবৃন্দ এবং অপরাপর অসংখ্য ব্রতধারী মুনিগণ, চন্দ্রসূর্য্য বংশজ মহাবল তপঃপরায়ণ মরুনৃপতি ও দেবাপিকে পুরোবর্ত্তী করিয়া পাপহারী ভগবান্ কল্কিকে বলিতে আরম্ভ করিলেন। যেরূপ পুলকিতচিত্ত সুরগণ মহাসমুদ্রের কূলবর্ত্তী হরিকে বলিয়াছিলেন, তদ্রূপ ঋষিবৃন্দ কল্কিসমীপে বলিতে লাগিলেন॥ ৪—৭

মুনিগণ কহিলেন,—"হে সর্ব্ববিজয়িন্! হে জগন্নাথ! তুমি সর্ব্বভূতের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কালকর্ম্মগুণাবাস প্রসারিতনিজক্রিয় ।
ব্রহ্মাদিনুতপাদাব্জ পদ্মনাথ প্রসীদ নঃ ॥ ৯
ইতি তেষাং বচঃ শ্রুত্বা কল্কিঃ প্রাহ জগৎপতিঃ ।
কাবেতৌ ভবতামগ্রে মহাসত্ত্বৌ তপস্বিনৌ ॥ ১০
কথমত্রাগতৌ স্তুত্বা গঙ্গাং মুদিতমানসৌ ।
কা বা স্তুতিস্তু জাহ্নব্যা যুবয়োর্নামনী চ কে ॥ ১১
তয়োর্ম্মরুঃ প্রমুদিতঃ কৃতাঞ্জলিপুটঃ কৃতী ।
আদাবুবাচ বিনয়ী নিজবংশানুকীর্ত্তনম্ ॥ ১২

মরুরুবাচ ।

সর্ব্বং বেৎসি পরাত্মাপি অন্তর্যামিন্ হৃদিস্থিতঃ ।
তবাজ্ঞয়া সর্ব্বমেতৎ কথয়ামি শৃণু প্রভো ॥ ১৩

অন্তর্যামী ! হে পরাত্মন্ তুমি ব্রহ্মাণ্ডের সৃষ্টিস্থিতিলয়কর্ত্তা, আমাদিগের প্রতি প্রসন্ন হও ॥ ৮ ॥ হে পদ্মাপতে। তুমি কালস্বরূপ, বিশ্বের গুণকর্ম্ম তোমাতেই অবস্থিত ; ব্রহ্মাদি সুরবৃন্দও ত্বদীয় চরণাব্জের স্তুতিবাদ করেন, তুমি আমাদের প্রতি প্রসন্ন হও ॥ ৯

ঋষিগণের এই প্রকার স্তব শুনিয়া জগন্নাথ কল্কি কহিলেন,—"হে মুনি-বৃন্দ ! তোমাদিগের পুরোভাগে এই যে মহাবীর্য্যশালী তপোনিষ্ঠ দুইজনকে নেত্রগোচর করিতেছি, ইঁহারা কে ? ১০ ॥ ইঁহারা কি জন্য জাহ্নবীর স্তুতিবাদ করিয়া প্রফুল্ল-হৃদয়ে এখানে উপস্থিত হইয়াছেন ?" কল্কি এই বলিয়া সেই দুই ব্যক্তির প্রতি নেত্রপাত পূর্ব্বক কহিলেন,—"তোমরা গঙ্গাস্তব করিতেছ কেন ? তোমরা কে, তোমাদের নামই বা কি ? ১১

কল্কির এই কথা শুনিয়া সেই দুই ব্যক্তির মধ্যে কার্য্যদক্ষ মরু প্রীতচিত্তে করপুটে দাঁড়াইয়া বিনয়গর্ভবাক্যে স্বীয় বংশানুকীর্ত্তনে প্রবৃত্ত হইলেন ॥ ১২

মরু কহিলেন,—আপনিই হৃদয়বাসী পরমাত্মা, আপনি সর্ব্বভূতের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তব নাভেরভূদ্‌ব্রহ্মা মরীচিস্তৎস্ুতোঽভবৎ।
ততো মনুস্তৎস্ুতোঽভূদিক্ষ্বাকুঃ সত্যবিক্রমঃ ॥ ১৪
যুবনাশ্ব ইতি খ্যাতো মান্ধাতা তৎস্ুতোঽভবৎ।
পুরুকুৎসস্তৎস্ুতোঽভূদনরণ্যো মহামতিঃ ॥ ১৫
ত্রসদস্যুঃ পিতা তস্মাৎ হর্য্যশ্বস্ত্র্যরুণস্ততঃ।
ত্রিশঙ্কুস্তৎস্ুতো ধীমান্ হরিশ্চন্দ্রঃ প্রতাপবান্ ॥ ১৬
হরিতস্তৎস্ুতস্তস্মাদ্ ভরুকস্তৎস্ুতো বৃকঃ।
তৎস্ুতঃ সগরস্তস্মাদসমঞ্জাস্ততোঽংশুমান্ ॥ ১৭
ততো দিলীপস্তৎপুত্রো ভগীরথ ইতি স্মৃতঃ।
যেনানীতা জাহ্নবীয়ং খ্যাতা ভাগীরথী ভুবি।
স্তুতা নুতা পূজিতেয়ং তব পাদসমুদ্ভবা ॥ ১৮
ভগীরথৎ স্ুতস্তস্মান্নভস্তস্মাদভূদ্‌বলী।
সিন্ধুদ্বীপঃ স্ুতস্তস্মাৎ অযুতায়ুস্ততোঽভবৎ ॥ ১৯

অন্তর বিদিত আছেন। হে বিভো! আপনার আদেশে সমস্ত বলিতেছি, অবধান করুন ॥ ১৩ ॥ ভবদীয় নাভি হইতে ব্রহ্মার উৎপত্তি হয়। ব্রহ্মা হইতে মরীচি, মরীচি হইতে মনু, মনু হইতে সত্যবিক্রম ইক্ষ্বাকু, ইক্ষ্বাকু হইতে যুবনাশ্ব, যুবনাশ্ব হইতে মান্ধাতা, মান্ধাতা হইতে পুরুকুৎস, পুরুকুৎস হইতে অনরণ্য, অনরণ্য হইতে ত্রসদস্যু, ত্রসদস্যু হইতে হর্য্যশ্ব, হর্য্যশ্ব হইতে ত্র্যরুণ, ত্র্যরুণ হইতে ত্রিশঙ্কু, ত্রিশঙ্কু হইতে হরিশ্চন্দ্র, হরিশ্চন্দ্র হইতে হরিত, হরিত হইতে ভরুক, ভরুক হইতে বৃক, বৃক হইতে অসমঞ্জা, অসমঞ্জা হইতে অংশুমান্, অংশুমান্ হইতে দিলীপ ও দিলীপ হইতে ভগীরথের উৎপত্তি হয়। ভগীরথ গঙ্গা আনয়ন করাতেই সুরধুনী ভাগীরথী নামে বিখ্যাত হইয়াছেন। ভবদীয় পাদপদ্মনিঃসৃত বলিয়াই সকলে গঙ্গার স্তব, নমস্কার ও অর্চ্চনা করে ॥ ১৪—১৮

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ঋতুপর্ণস্তৎসুতোঽভূৎ সুদাসস্তৎসুতোঽভবৎ।
সৌদাসস্তৎসুতো ধীমানশ্মকস্তৎসুতো মতঃ ॥ ২০
মূলকাৎ স দশরথস্তস্মাদেড়বিড়স্ততঃ।
রাজা বিশ্বসহস্তস্মাৎ খট্বাঙ্গো দীর্ঘবাহুকঃ ॥ ২১
ততো রঘুরজস্তস্মাৎ সুতো দশরথঃ কৃতী।
তস্মাদ্রামো হরিঃ সাক্ষাদাবির্ভূতো জগৎপতিঃ ॥ ২২
রামাবতারমাকর্ণ্য কল্কিঃ পরমহর্ষিতঃ।
মরুং প্রাহ বিস্তরেণ শ্রীরামচরিতং বদ ॥ ২৩

মরুরুবাচ।

সীতাপতেঃ কর্ম্ম বক্তুং কঃ সমর্থোঽস্তি ভূতলে।
শেষঃ সহস্রবদনৈরপি লালায়িতো ভবেৎ ॥ ২৪
তথাপি সেমুষী মেঽস্তি বর্ণয়ামি তবাজ্ঞয়া।
রামস্য চরিতং পুণ্যং পাপতাপপ্রমোচনম্ ॥ ২৫

ভগীরথ হইতে নাভ, নাভ হইতে সিন্ধুদ্বীপ, সিন্ধুদ্বীপ হইতে অযুতায়ু, অযুতায়ু, হইতে ঋতুপর্ণ, ঋতুপর্ণ হইতে সুদাস, সুদাস হইতে সৌদাস, সৌদাস হইতে অশ্মক, অশ্মক হইতে মূলক, মূলক হইতে দশরথ, দশরথ হইতে এড়বিড়, এড়বিড় হইতে বিশ্বসহ, বিশ্বসহ হইতে খট্বাঙ্গ, খট্বাঙ্গ হইতে দীর্ঘবাহু, দীর্ঘবাহু হইতে রঘু, রঘু হইতে অজ, অজ হইতে দশরথ এবং দশরথ হইতে জগন্নাথ রামরূপী হরির উৎপত্তি হয় ॥ ১৯—২২

রামাবতারের বিষয় শ্রবণ করিয়া কল্কির আনন্দের অবধি রহিল না। তিনি মরুকে রামচরিত সবিস্তার কীর্ত্তন করিতে বলিলেন ॥ ২৩

মরু বলিলেন,—প্রভো! জানকীনাথের লীলা সম্যক্ বর্ণনে জগতীতলে কেহই সমর্থ নহে; অধিক কি, সহস্রানন অনন্তেরও সাধ্য নাই ॥ ২৪

তথাপি ভবদীয় আদেশে নিজ বুদ্ধি অনুসারে শ্রীরামের পবিত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অজাদিবিবুধার্থিতোঽজনি চতুর্ভিরংশৈঃ কুলে।
রবেরজসুতাদজো জগতি যাতুধানক্ষয়ঃ।
শিশুঃ কুশিকজাধ্বরক্ষয়করক্ষয়ো যো বলাদ্-
বলী ললিতকন্ধরো জয়তি জানকীবল্লভঃ॥ ২৬
মুনেরনু সহানুজো নিখিলশস্ত্রবিদ্যাতিগো
যযাবতিবলপ্রভো জনকরাজরাজৎসভাম্।
বিধায় জনমোহনদ্যুতিমতীব কামদ্রুহঃ।
প্রচণ্ডকরচণ্ডিমা ভবনভঞ্জনে জন্মনঃ॥ ২৭
তমপ্রতিমতেজসং দশরথাত্মজং সানুজং।
মুনেরনু যথাবিধেঃ শশিবদাদিদেবং পরম্।
নিরীক্ষ্য জনকো মুদা ক্ষিতিসুতাপতিং সম্মতম্।
নিজোচিতপণক্ষমঃ মনসি ভর্ৎসয়ন্নাযযৌ॥ ২৮

পাপতাপনাশন অদ্ভুত চরিত্র কীর্ত্তন করিতেছি॥ ২৫॥ পুরাকালে ব্রহ্মাদি সুরবৃন্দের প্রার্থনায় সূর্য্যকুলে চতুর্ভাগে দশরথ হইতে রক্ষঃকুলান্তক সীতাপতি রামের আবির্ভাব হয়। যিনি শৈশবে বিশ্বামিত্রযজ্ঞে যজ্ঞবিঘাতক নিশাচরগণকে সবলে সংহার করিয়া উৎকর্ষ প্রকাশ করেন, যাঁহার মহিমায় কামনাপূর্ণ সংসারে পুনরাগমন করিতে হয় না, যিনি মহাবলবান্ ও মহাপ্রভাব, সেই নিখিলশস্ত্র-বিশারদ রামচন্দ্র সর্ব্বজনমোহন রূপ পরিগ্রহ পূর্ব্বক লক্ষ্মণের সহিত ঋষি সমভিব্যাহারে জনক-নৃপতির সভায় উপস্থিত হইলেন॥ ২৬—২৭

চন্দ্র যেরূপ বিধাতার পশ্চাদ্ভাগে উপবেশন করেন, সেইরূপ মহাতেজা সলক্ষ্মণ রামচন্দ্র বিশ্বামিত্র ঋষির পশ্চাদ্দিকে যথাযথস্থানে সমাসীন হইলেন। মহারাজ জনক আদিদেব পরমপদার্থকে প্রত্যক্ষ নেত্রগোচর করিয়া জানকীর উপযুক্ত বর বিবেচনা করিলেন এবং নিজকৃত পণকে অযোগ্যজ্ঞানে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স ভূপপরিপূজিতো জনকজেক্ষিতৈরর্চ্চিতঃ।
করালকঠিনং ধনুঃ করসরোরুহে সংহতিম্॥
বিভজ্য বলবদ্দৃঢ়ং জয় রঘূদ্বহেত্যুচ্চকৈ-
র্ধ্বনিং ত্রিজগতীগতং পরিবিধায় রামো বভৌ॥ ২৯
ততো জনকভূপতির্দশরথাত্মজেভ্যো দদৌ
চতস্র উষতীর্মুদা বরচতুর্ভ্যো উদ্বাহনে।
স্বলঙ্কৃতনিজাত্মজাঃ পথি ততো বলং ভার্গব-
শ্চকার উররী নিজং রঘুপতৌ মহোগ্রং ত্যজন্॥
ততঃ স্বপুরমাগতো দশরথস্তু সীতাপতিম্।
নৃপং সচিবসংযুতো নিজবিচিত্রসিংহাসনে।
বিধাতুমমলপ্রভং পরিজনৈঃ ক্রিয়াকারিভিঃ।
সমুত্থতমতিং তদাং দ্রুতমবারয়ৎ কেকয়ী॥ ৩১

মনে মনে আপনাকে ধিক্কার প্রদান করিতে করিতে রামসকাশে উপস্থিত হইলেন॥ ২৮

অনন্তর দাশরথি জনকের আদরে ও জানকীর কটাক্ষ দ্বারা সম্পূজিত হইয়া করে দুর্ভেদ্য মহাধনু গ্রহণপূর্ব্বক অবলীলাক্রমে দ্বিধা ভগ্ন করিলেন। তৎক্ষণাৎ চারিদিকে "রামের জয়" এই উচ্চধ্বনি সমুত্থিত হইল; সুতরাং তৎকালে রামের শোভার পরিসীমা থাকিল না॥ ২৯

তৎপরে রাজর্ষি জনক রামাদি ভ্রাতৃচতুষ্টয়কে যথাবিধি বরণ করিয়া সালঙ্কারা কন্যাচতুষ্টয় সম্প্রদান করিলেন। তদনন্তর অযোধ্যায় প্রত্যাগমন কালে পথিমধ্যে ভৃগুরাম রামচন্দ্রের প্রতি স্বীয় উগ্রপরাক্রম প্রদর্শন করিলেন॥ ৩০॥ অতঃপর রাজা দশরথ নিজনগরী অযোধ্যাতে প্রত্যাবৃত্ত হইয়া মন্ত্রিগণ সহ মন্ত্রণা করিয়া মহাতেজা রামচন্দ্রকে সিংহাসনে অভিষেক করিতে বাসনা করিলেন। তৎকালে কৈকেয়ী সহসা উপস্থিত হইয়া পরিজন-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ততো গুরুনিদেশতো জনকরাজকন্যাযুতঃ।
প্রয়াণমকরোৎ সুধীর্যদনুজগঃ সুমিত্রাসুতঃ।
বনং নিজপণং ত্যজন্ গুহগৃহে বসন্নাদরাৎ।
বিসৃজ্য নৃপলাঞ্ছনং রঘুপতির্জটাচীরধৃক্ ॥ ৩২
প্রিয়ানুজযুতস্ততো মুনিমতো বনে পুজিতঃ।
স পঞ্চবটিকাশ্রমে ভরতমাতুরং সঙ্গতম্।
নিবার্য্য মরণং পিতুঃ সমবধার্য্য দুঃখাতুর-
স্তপোবনগতোঽবসদ্রঘুপতিস্ততস্তাঃ সমাঃ ॥ ৩৩
দশাননসহোদরাং বিষমবাণবেধাতুরাং
সমীক্ষ্য বররূপিণং প্রহসতীং সতীং সুন্দরীম্।
নিজাশ্রয়মভীপ্সিতং জনকজাপতির্লক্ষ্মণাৎ।
করালকরবালতঃ সমকরোদ্বিরূপাং ততঃ ॥ ৩৪

পরিবৃত উদ্‌যোগবান্ দশরথকে নিষেধ করিল ॥ ৩১ ॥ তৎপরে পিতার আদেশে শ্রীরামচন্দ্র লক্ষ্মণ এবং জানকী সহ বনবাসে প্রস্থান করিলেন। পুরবাসিগণ কিয়দ্দূর তাঁহার অনুগমন করিল। শ্রীরামচন্দ্র তাহাদিগকে পরিত্যাগ পূর্ব্বক গুহকালয়ে উপস্থিত হইয়া রাজপরিচ্ছদ পরিত্যাগপূর্ব্বক জটাবল্কল ধারণ করিলেন ॥ ৩২

তৎপরে পত্নী ও ভ্রাতার সহিত বনবাস অবলম্বন পূর্ব্বক ঋষিবৎ ব্যবহার করিতে লাগিলেন। বনমধ্যে সকলেই তাঁহার সৎকার করিল। অবশেষে তিনি পঞ্চবটীতে আশ্রয় নির্ম্মাণপূর্ব্বক অবস্থান করিলে, ভরত বিষন্নচিত্তে তথায় উপস্থিত হইলেন। রাম তাঁহাকে নিষেধ করিয়া ও পিতৃমরণ নিশ্চয় করিয়া শেষে বর্ষগুলি তপোবনেই অতিবাহিত করিলেন ॥ ৩৩

অনন্তর মদনশরপীড়িতা, সুবেশধারিণী রূপবতী, হাস্যমুখী এবং আপনার প্রতি সকামা দশাননভগিনী সূর্পণখাকে দেখিয়া সৌমিত্রিকে ইঙ্গিত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সমাপ্য পথি দানবং খরশরৈঃ শনৈর্নাশয়ন্।
চতুর্দ্দশসহস্রকং সমনহৎ খরং সানুগম্॥
দশাননবশানুগং কনকচারু-চঞ্চন্মৃগম্।
প্রিয়াপ্রিয়করো বনে সমবধীদ্ বলাদ্রাক্ষসম্॥ ৩৫
ততো দশমুখস্ত্বরংস্তমভিবীক্ষ্য রামং রুষা।
ব্রজন্তমনুলক্ষ্মণং জনকজাং জহারাশ্রমে॥
ততো রঘুপতিঃ প্রিয়াং দলকুটীরসংস্থাপিতাম্।
ন বীক্ষ্য তু বিমূর্চ্ছিতো বহু বিলপ্য সীতেতি তাম্॥ ৩৬
বনে নিজগণাশ্রমে নগতলে জলে পল্বলে।
বিচিত্য পতিতং খগং পথি দদর্শ সৌমিত্রিণা॥
জটায়ু-বচনাৎ ততো দশমুখাহৃতাং জানকীম্।
বিবিচ্য কৃতবান্ পিতরি বহ্নিকৃত্যং প্রভুঃ॥ ৩৭
প্রিয়া বিরহকাতরোঽনুজপুরঃসরো রাঘবো।
ধনুর্দ্ধরধুরন্ধরো হরিবলং নবালাপিনম্॥

করিবামাত্র তিনিও শাণিত করবাল দ্বারা নিশাচরীকে বিরূপ করিয়া ফেলিলেন॥ ৩৪॥ তৎপরে রাম পথিমধ্যে দানবসংহার পূর্ব্বক চতুর্দ্দশসহস্র সৈন্যের অধিনায়ক রাবণের বশীভূত খরদূষণকে বধ করিলেন। অবশেষে জানকীর প্রীতি-সাধনার্থ চপলস্বর্ণমৃগরূপী রাক্ষসকেও সংহার করেন॥ ৩৫॥ এদিকে পথে রামলক্ষ্মণ গমন করিতেছেন দেখিয়া রাবণ আশু আশ্রম হইতে জানকীকে হরণ করিল। দাশরথি পর্ণকুটীরে ফিরিয়া আসিয়া প্রিয়তমাকে দেখিতে না পাইয়া 'হা সীতা' বলিয়া বিলাপ করিতে করিতে মূর্চ্ছিত হইলেন॥ ৩৬॥ তদনন্তর ঋষিবৃন্দের আশ্রমে, গিরিকন্দরে, সলিলে, গর্ত্তে, সকল স্থানে জানকীর অনুসন্ধান করিয়া পথিমধ্যে মৃতকল্প বিহঙ্গরাজ জটায়ুকে নেত্রগোচর করিলেন এবং তৎসকাশে সীতাহরণ-বৃত্তান্ত পরিজ্ঞাত হইয়া পিতৃতুল্য সেই বিহগপতির মরণান্তে তদীয় ঔর্দ্ধদেহিক ক্রিয়াকলাপ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দদর্শ ঋষভাচলাদ্রবিজবালিরাজানুজ-
প্রিয়ং পবননন্দনং পরিণতং ততঃ প্রেষিতম্ ॥ ৩৮
ততস্তদুদিতং মতং পবনপুত্রসুগ্রীবয়ো-
স্তৃণাধিপতিভেদনং নিজনৃপাসনস্থাপিতম্ ॥
বিবিচ্য ব্যবসায়কৈর্নিজসখাপ্রিয়ং বালিনং।
নিহত্য হরি ভূর্পতিং নিজসখং স রামোঽকরোৎ ॥ ৩৯
অথোত্তরমিমং হরির্জনকজাং সমন্বেষয়ন্।
জটায়ুবিহগোদিতৈর্জলনিধিং তরন্ বায়ুজঃ ॥
দশাননপুরং বিশন্ জনকজাং সমানন্দয়ন্।
অশোকবনিকাশ্রমে রঘুপতিং পুনঃ প্রাযযৌ ॥ ৪০
ততো হনুমতা বলাদমিতরক্ষসাং নাশনম্।
জ্বলজ্জ্বলনসংকুলজ্বলিতদগ্ধলঙ্কাপুরম্।
বিবিচ্য রঘুনায়কো জলনিধিং রুষা শোষয়ন্।
ববন্ধ হরিযূথপৈঃ পরিবৃতো নগৈরীশ্বরঃ ॥

সম্পাদন করিলেন ॥ ৩৭ ॥ পত্নীবিরহ-কাতর সানুজ, ধনুর্দ্ধারাগ্রণী রামচন্দ্র ঋষভাচলে বালিরাজানুজের যুদ্ধপ্রিয় এবং তৎকর্ত্তৃক প্রেরিত পবনাত্মজ হনুমানকে দর্শন করিলেন ॥ ৩৮ ॥ তৎপর সুগ্রীব ও হনুমানের প্রার্থনায় সপ্তপাতাল-ভেদ শরদ্বারা বালিকে সংহার করিয়া সুগ্রীবের সহিত বন্ধুত্ব স্থাপন করিলেন; তাঁহার কৃপায় সুগ্রীব কপিরাজাধিপতি হইলেন ॥ ৩৯

তৎপরে পবননন্দন হনুমান্ সীতার অন্বেষণ করিতে করিতে জটায়ুর কথানুসারে সাগরলঙ্ঘন পূর্ব্বক লঙ্কানগরীতে প্রবেশ করিয়া অশোক-কাননে সীতার সহিত সাক্ষাৎ করিলেন এবং তাঁহার সহিত কথোপকথন দ্বারা তাঁহার প্রীতিসাধন পূর্ব্বক পুনর্ব্বার রামচন্দ্রসকাশে প্রত্যাগত হইলেন ॥ ৪০ ॥ হনুমান সবলে রাক্ষসসংহার এবং লঙ্কাদাহন করিয়াছিলেন; রামচন্দ্র রোষে গিরিদ্বারা সাগরবন্ধন পূর্ব্বক কপিকটক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বভঞ্জ পুরপত্তনং বিবিধসর্গদুর্গক্ষমম্।
নিশাচরপতেঃ ক্রুধাঃ রঘুপতিঃ কৃতী সদ্গতিঃ ॥ ৪১
ন্ততোঽনুজযুতো যুধি প্রবলচণ্ডকোদণ্ডভৃৎ।
শরৈঃ খরতরৈঃ ক্রুধা গজরথাশ্বহংসাকুলে ॥
করালকরবালতঃ প্রবলকালজিহ্বাগ্রতো।
নিহত্য বররাক্ষসান্ নরপতির্বভৌ সানুগঃ ॥ ৪২
ততোঽতিবলবানরৈর্গিরিমহীরুহোচ্চৎকরৈঃ।
করালতরতাড়নৈর্জ্জনকজারুষা নাশিতান্ ॥
নিজঘ্নুরমরার্দ্দনানতিবলান্ দশাস্যানুগান্।
নলাঙ্গদহরীশ্বরাশুগসুতর্ক্ষরাজাদয়ঃ ॥ ৪৩
ততোঽতিবললক্ষ্মণস্ত্রিদশনাথশত্রুং রণে।
জঘান ঘনঘোষণানুগগণৈরসৃক্প্রাশনৈঃ ॥
প্রহস্ত-বিকটাদিকানপি নিশাচরান্ সঙ্গতান্।
নিকুম্ভ-মকরাক্ষকান্ নিশিতখড়্গপাতৈঃ ক্রুধা ॥ ৪৪

সহ লঙ্কাপুরীতে উপস্থিত হইলেন এবং রাক্ষসনাথের পুর, প্রাচীর, দুর্গ প্রভৃতি ভগ্ন করিয়া ফেলিলেন ॥ ৪১ ॥ তদনন্তর সসৌমিত্রি রাম সমরে সুবৃহৎ কার্ম্মুক গ্রহণ করিয়া গজবাজি-রথাদিসঙ্কুল রণক্ষেত্রে শাণিত শর ও ভীষণ করবাল দ্বারা প্রবল রাক্ষসবৃন্দকে নিপাতিত করিয়া করালকালের জিহ্বাগ্রের ন্যায় বিরাজ করিতে লাগিলেন ॥ ৪২

এদিকে নল, অঙ্গদ, কপিপতি সুগ্রীব, মারুতি, জাম্বুবান্ ও অপরাপর মহাবীর্য্যশালী কপিগণ তরুনিক্ষেপ দ্বারা, গিরিক্ষেপ দ্বারা ও ভীষণ আঘাত দ্বারা, সীতার রোষভরে পূর্ব্বেই নষ্টপ্রায় মহাবলিষ্ঠ সুরশত্রু দশাননানুচর রাক্ষসদিগকে বিনাশ করিলেন ॥ ৪৩

মহাবল লক্ষ্মণের হস্তে বিকটশব্দকারী, রক্তপায়ী, অনুচরবৃন্দবেষ্টিত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ততো দশমুখো রণে গজরথাশ্বপত্তীশ্বরৈঃ-
রলজ্ঘ্যগণকোটিভিঃ পরিবৃতো যুযোধায়ুধৈঃ।
কপীশ্বরচমূপতেঃ পতিমনন্তদিব্যায়ুধং।
রঘূদ্বহমনিন্দিতং সপদি সঙ্গতো দুর্জ্জয়ঃ॥ ৪৫
দশাননমরিং ততো বিধিবরস্ময়াবর্দ্ধিতং।
মহাবলপরাক্রমং গিরিমিবাচলং সংযুগে॥
জঘান রঘুনায়কো নিশিতসায়কৈরুদ্ধতম্।
নিশাচরচমূপতিং প্রবলকুম্ভকর্ণং ততঃ॥ ৪৬
তয়োঃ খরতরৈঃ শরৈর্গগনমাচ্ছাদিতম্।
বভৌ ঘনঘটাসমং মুখরমত্তড়িদ্বহ্নিভিঃ॥
ধনুর্গুণমহাশনিধ্বনিরাবৃতং ভূতলং
ভয়ঙ্করনিরন্তরং রঘুপতেশ্চ রক্ষঃপতে॥ ৪৭

ইন্দ্রজিৎ নিহত হইল। অনন্তর লক্ষ্মণ সরোষে প্রহস্ত, নিকুম্ভ, মকরাক্ষ, বিকট প্রভৃতি রাক্ষসদিগকে সুতীক্ষ্ণ অসিপ্রহারে শমনগৃহে প্রেরণ করিলেন॥ ৪৪

তদনন্তর দুর্দ্ধর্ষ রাবণ অপরাজেয় কোটি হস্ত্যারূঢ়, রথারূঢ়, তুরগারূঢ় ও পদাতি সৈন্যগণে পরিবেষ্টিত হইয়া রণাঙ্গনে কপিসেনার অধীশ্বর সুগ্রীবের প্রভু বহুদিব্যাস্ত্রধারী মহাযশা রামচন্দ্রের নিকট উপস্থিত হইয়া অস্ত্ররাজি দ্বারা সংগ্রাম করিতে আরম্ভ করিল॥ ৪৫

তখন রঘুপতি রামচন্দ্র, পদ্মযোনিপ্রদত্ত বরে সংবর্দ্ধিত, মহাবলশালী, পরাক্রমবান্, রণক্ষেত্রে অচলবৎ অচল, উদ্ধত, প্রবলবৈরি রাক্ষসসেনার অধিপতি রাবণ ও মহাবীর্য্যশালী কুম্ভকর্ণকে তীক্ষ্ণ বাণপুঞ্জ দ্বারা বিদ্ধ করিলেন॥ ৪৬॥ ক্রমে রাম ও রাবণের শাণিত বাণরাশি দ্বারা নভোমার্গ সমাবৃত হইল; বোধ হইতে লাগিল যেন, নিবিড়জলদজালে গগনমণ্ডল সমাকীর্ণ হইয়াছে। বাণপুঞ্জের পরস্পর সংঘর্ষে সশব্দ বহ্নিকণা বিনিঃসৃত হইয়া শব্দায়মান তাড়িতের ন্যায় শোভিত হইল।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ততো ধরণিজারুষা বিবিধরামবাণৌজসা।
পপাত ভুবি রাবণস্ত্রিদশনাথবিদ্রাবণঃ॥
ততোঽতিকুতুকী হরিজ্জ্বলনরক্ষিতাং জানকীম্।
সমর্প্য রঘুপুঙ্গবে নিজপুরিং যযৌ হর্ষিতঃ॥ ৪৮
পুরন্দরকথাদরঃ সপদি তত্র রক্ষঃপতিম্।
বিভীষণমভীষণং সমকরোৎ ততো রাঘবঃ॥ ৪৯
হরীশ্বরগণাবৃতোঽবনিসুতাযুতঃ সানুজো।
রথে শিবসখেরিতে সুবিমলে লসৎপুষ্পকে।
মুনীশ্বরগণার্চ্চিতো রঘুপতিস্ত্বযোধ্যাং যযৌ।
বিবিচ্য মনিলাঞ্ছনং গুহগৃহেঽতিসখ্যং স্মরন্॥ ৫০
ততো নিজগণাবৃতো ভরতমাতুরং স্যান্ত্বয়ন্।
স্বমাতৃগণবাক্যতঃ পিতৃ-নিজাসনে ভূপতিঃ॥

অশনিধ্বনি সদৃশ বাদ্যশব্দ দ্বারা ধরাতল সমাচ্ছন্ন হইয়া পড়িল। ফলকথা, তখন রণভূমি মহাভীমমূর্ত্তি পরিগ্রহ করিল॥ ৪৭॥ অবশেষে দেবরাজেরও ভয়াবহ দশানন জানকীকোপদ্বারা, রামের অস্ত্রতেজ দ্বারাও নিহত হইলে মারুতি প্রফুল্লচিত্তে বহ্নিশুদ্ধা সীতাকে রঘুপতিসকাশে প্রদান পূর্ব্বক নিজ নগরীতে প্রতিগমন করিল॥ ৪৮॥ ইন্দ্রের অনুরোধে রঘুনাথ বিভীষণকে লঙ্কারাজ্যের আধিপত্য প্রদান করিলেন॥ ৪৯

তদনন্তর রঘুনাথ কপিশ্রেষ্ঠগণে পরিবেষ্টিত হইয়া লক্ষ্মণ ও জানকী সমভিব্যাহারে কুবের প্রেরিত দ্রব্য পুষ্পকরথে আরূঢ় হইয়া অযোধ্যায় প্রস্থান করিলেন। গমনসময়ে পথিমধ্যে কাননপ্রবেশকালীন স্বীয় মুনিবেশ ও গুহচণ্ডাল সহ মৈত্রীভাব স্মরণ করিলেন। তৎপরে ঋষিগণ আগমনপূর্ব্বক তাঁহার সৎকার করিলেন॥ ৫০

তখন রঘুপতি অপুজীবিবৃন্দে পরিবেষ্টিত হইয়া মনোদুঃখে কাতর

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বশিষ্ঠমুনিপুঙ্গবৈঃ কৃতনিজাভিষেকো বিভুঃ।
সমস্তজনপালকঃ সুরপতির্যথা সংবভৌ ॥ ৫১
নরা বহুধনাকরা দ্বিজবরাস্তপস্তৎপরাঃ।
স্বধর্ম্মকৃতনিশ্চয়াঃ স্বজনসঙ্গতা নির্ভয়াঃ ॥
ঘনাঃ সুবহুবর্ষিণো বসুমতী সদা হর্ষিতা।
ভবত্যতিবলে নৃপে রঘুপতাবভূৎ সজ্জগৎ ॥ ৫২
ততোঽযুতসমাঃ প্রিয়ৈর্নিজগুণৈঃ প্রজারঞ্জয়ন্।
নিজাং রঘুপতিং প্রিয়াং নিজমনোভবৈর্মোহয়ন্ ॥
মুনীন্দ্রগণসংযুতোঽপ্যযজদাদিদেবান্মখৈ-
র্ধনৈর্ব্বিপুলদক্ষিণৈরতুলবাজিমেধৈস্ত্রিভিঃ ॥ ৫৩
ততঃ কিমপিকারণং মনসি ভাবয়ন্ ভূপতি-
র্জ্জহৌ জনকজাং বনে রঘুবরস্তদা নির্ঘৃণঃ।

ভরতকে প্রবোধ প্রদান করিতে প্রবৃত্ত হইলেন। তিনি জননীগণের আদেশে পিতৃসিংহাসনে আরোহণপূর্ব্বক রাজ্যশাসন করিতে লাগিলেন। বশিষ্ঠাদি ঋষিবৃন্দ কর্ত্তৃক তাঁহার অভিষেকক্রিয়া সম্পাদিত হইল। তিনি সুরপতির ন্যায় সর্ব্বজনাধীশ্বর হইয়া বিরাজ করিতে লাগিলেন ॥ ৫১

ক্রমে প্রজাপুঞ্জ সম্পত্তিশালী হইয়া উঠিল, বিপ্রগণ তপস্যায় মনোনিবেশ করিলেন, সকলেই আত্মীয়স্বজন সহ সমবেত হইয়া নির্ভীকহৃদয়ে ধর্ম্মাচরণে প্রবৃত্ত হইল; জলদজাল যথাসময়ে বারিবর্ষণ করাতে ধরা সতী পুলকিতা হইলেন; নিখিল জগৎ সৎপথে দণ্ডায়মান হইল ॥ ৫২

এই প্রকারে গুণাভিরাম রামচন্দ্র স্বীয় গুণরাজি দ্বারা প্রজাবৃন্দের ও কামনাপূরণ দ্বারা সীতার চিত্তরঞ্জন করিয়া অযুত বৎসর অতিবাহিত করিলেন। তিনি বিপুলদক্ষিণ বহুযজ্ঞ ও অশ্বমেধত্রয় দ্বারা সুরগণেরও তৃপ্তি বিধান করিলেন ॥ ৫৩ ॥ তৎপরে তিনি নির্দ্দয় হইয়া কোন কারণে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ততো নিজমতং স্মরন্ সমনয়ৎ প্রচেতঃসুতো
নিজাশ্রমমুদারথী রঘুপতেঃ প্রিয়াং দুঃখিতাম্ ॥ ৫৪
ততঃ কুশলবৌ সুতৌ প্রসুষুবে ধরিত্রীসুতা।
মহাবলপরাক্রমৌ রঘুপতের্যশোগায়নৌ ॥
স তামপি সুতান্বিতাং মুনিবরস্তু রামান্তিকে।
সমর্পয়দনিন্দিতাং সুরবরৈঃ সদা বন্দিতাম্ ॥ ৫৫
ততো রঘুপতিস্তু তাং সুতযুতাং রুদন্তীং পুরো-
জগাদ দহনে পুনঃ প্রবেশি শোধনায়াত্মনঃ ॥
ইতীরিতনবেক্ষ্য সা রঘুপতেঃ পদাব্জে নতা।
বিবেশ জননীযুতা মণিগণোজ্জ্বলং ভূতলম্ ॥ ৫৬
নিরীক্ষ্য রঘুনায়কো জনকজাপ্রয়াণাং স্মরন্।
বশিষ্ঠগুরুযোগতোঽনুজযুতোঽগমৎ স্বং পদম্ ॥
পুরঃস্থিতজনৈঃ স্বকৈঃ পশুভিরীশ্বরঃ সংস্পৃশন্।
মুদা সরযূজীবনং রথবরৈঃ পরীতো বিভুঃ ॥ ৫৭

সীতাকে বনবাসে প্রেরণ করিলে উদারমনা বাল্মীকি সীতাকে আপনার আশ্রমে আনয়ন করিলেন ॥ ৫৪

যথাকালে বাল্মীকির আশ্রমে সীতার গর্ভে কুশ ও লব নামে দুইটি বলবীর্য্যশালী কুমার জন্মগ্রহণ করিলেন। ইঁহারা রামচরিত্র যশোগাথা গান করেন। বাল্মীকি সপুত্রা সীতাকে রামসকাশে আনয়ন করিলে রঘুনাথ জানকীকে কহিলেন,—"তুমি আত্মশুদ্ধ্যর্থ পুনরায় বহ্নিপ্রবেশ কর।" রামচন্দ্রের এই কথা শুনিয়া জানকী জননী বসুমতীর সহিত রসাতলে প্রবিষ্ট হইলেন ॥ ৫৫—৫৬ ॥ তখন রামচন্দ্র কুলগুরু বশিষ্ঠ, অনুজগণ, পুরবাসীগণ ও পশুবৃন্দের সহিত প্রফুল্লমনে সরযূ-সলিল স্পর্শ করিয়া দিব্যযানে আরোহণ পূর্ব্বক বৈকুণ্ঠধামে প্রস্থান করিলেন ॥ ৫৭

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যে শৃণ্বন্তি রঘূদ্বহস্য চরিতং কর্ণামৃতং সাদরাৎ।
সংসারার্ণবশোষণঞ্চ পঠতামামোদদং মোক্ষদম্॥
রোগাণামিহ শান্তয়ে ধনজনস্বর্গাদিসম্পত্তয়ে।
বংশানামপি বৃদ্ধয়ে প্রভবতি শ্রীশঃ পরেশঃ প্রভুঃ॥ ৫৮

ইতি শ্রীকল্কিপুরাণেঽনুভাগবতে শ্রীরামচরিতবর্ণনং নাম তৃতীয়োঽধ্যায়ঃ॥ ৩

চতুর্থোঽধ্যায়ঃ

—০:*:০—

রামাৎ কুশোঽভূদতিথিস্ততোঽভূন্নিষধান্নভঃ।
তস্মাদভূৎ পুণ্ডরীকঃ ক্ষেমধন্বাভবৎ ততঃ॥ ১
দেবানীকস্ততো হীনঃ পারিপাত্রেঽথ হীনতঃ।
বলাহকস্তোঽর্কশ্চ রাজদাভস্ততোঽভবৎ॥ ২

আদর সহকারে এই কর্ণামৃত রঘুপতি-চরিত শ্রবণ করিলে সংসার পীড়ার উপশান্তি হয়, বংশবৃদ্ধি হয় ও অর্থসম্পত্তি, লোকসম্পত্তি ও স্বর্গাদিসম্পত্তি লাভ হইয়া থাকে। ইহা অধ্যয়ন করিলে চিত্তক্ষেত্র হর্ষসাগরে ভাসমান হয়, ভবসমুদ্র শুষ্ক হইয়া যায় এবং প্রভু শ্রীপতিপ্রসাদাৎ মোক্ষপদ-প্রাপ্ত হইতে পারে॥ ৫৮

ইতি শ্রীরামচরিত-বর্ণন নামক তৃতীয় অধ্যায় সমাপ্ত।

শ্রীরাম হইতে কুশ, কুশ হইতে অতিথি, অতিথি হইতে নিষেধ, নিষেধ হইতে নভ, নভ হইতে পুণ্ডরীক ও পুণ্ডরীক হইতে ক্ষেমধন্বা উৎপন্ন হইয়াছেন। অনন্তর ক্ষেমধন্বা হইতে দেবানীক, দেবানীক হইতে হীন, হীন হইতে পরিপাত্র, পরিপাত্র হইতে বলাহক, বলাহক হইতে অর্ক,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

খগণাদ্বিধৃতস্তস্মাদ্ধিরণ্যনাভসংজ্ঞিতঃ।
ততঃ পুষ্পো ধ্রুবস্তস্মাৎ স্যন্দনোঽথাগ্নিবর্ণকঃ॥ ৩
তস্মাৎ শীঘ্রোঽভবৎ পুত্রঃ পিতা মেঽতুলবিক্রমঃ।
তস্মান্মরুং মাং কেঽপীহ বুধঞ্চাপি সুমিত্রকম্॥ ৪
কলাপগ্রামমাসাদ্য বিদ্ধি সত্তপসি স্থিতম্।
তবাবতারং বিজ্ঞায় ব্যাসাৎ সত্যবতীসুতাৎ॥ ৫
প্রতীক্ষ্য কালং লক্ষাব্দং কলেঃ প্রাপ্তস্তবান্তিকম্।
জন্মকোট্যংহসাং রাশের্নাশনং ধর্ম্মশাসনম্।
যশঃকীর্ত্তিকরং সর্ব্বকামপূরং পরাত্মনঃ॥ ৬

কল্কিরুবাচ।

জ্ঞাতস্তবান্বয়ং ত্বাঞ্চ সূর্য্যবংশসমুদ্ভবম্।
দ্বিতীয়ঃ কোঽপরঃ শ্রীমান্ মহাপুরুষলক্ষণঃ॥ ৭

অর্ক হইতে রাজনাভ, রাজনাভ হইতে খগণ, খগণ হইতে বিধৃত, বিধৃত হইতে হিরণ্যনাভ, হিরণ্যনাভ হইতে পুষ্প, পুষ্প হইতে ধ্রুব, ধ্রুব হইতে স্যন্দন, স্যন্দন হইতে অগ্নিবর্ণ, এবং অগ্নিবর্ণ হইতে শীঘ্র সম্ভূত হন। ইতি সাতিশয় প্রতাপশালী। ইঁহা হইতেই আমার জন্মলাভ হইয়াছে। আমার নাম মরু, কিন্তু কোন কোন ব্যক্তি আমাকে বুধ এবং কেহ বা সুমিত্রও বলিয়া থাকেন॥ ১৪॥ আমি এ যাবৎকাল কলাপগ্রামে থাকিয়া তপস্যা করিতেছিলাম। সম্প্রতি সত্যবতীতনয় ভগবান্ ব্যাসের নিকট আপনার অবতার-কথা জানিতে পারিয়া কলির লক্ষ-বৎসরকাল অতিবাহিত করিয়া আপনার সমীপে উপস্থিত হইলাম। আপনি পরমাত্মা; অতএব আপনার নিকট আসিলে জীবের কোটিজন্মার্জ্জিত পাপরাশি বিনষ্ট হয়; ধর্ম্ম, যশঃ ও কীর্ত্তি বৃদ্ধিপ্রাপ্ত হয় এবং সকল প্রকার মনোভিলাষ পূর্ণ হইয়া থাকে॥ ৫—৬

কল্কি কহিলেন,—হে মরো! এক্ষণে আমি তোমার বংশপরম্পরা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইতি কল্কিবচঃ শ্রুত্বা দেবাপির্ম্মধুরাক্ষরাম্।
বাণীং বিনয়সম্পন্ন প্রবক্তুমুপচক্রমে॥ ৮

দেবাপিরুবাচ।

প্রলয়ান্তে নাভিপদ্মাৎ তবাভূচ্চতুরাননঃ।
তদীয়তনয়াদত্রেশ্চন্দ্রস্তস্মাৎ ততো বুধঃ॥ ৯
তস্মাৎ পুরূরবা যজ্ঞে যযাতির্নহুষস্ততঃ।
দেবযান্যাং যযাতিস্তু যদুং তুর্ব্বসুমেব চ॥ ১০
শর্ম্মিষ্ঠায়াং তথা দ্রুহ্যুঞ্চানুং পুরুঞ্চ সৎপতে।
জনয়ামাস ভূতাদিভূ্র্তানীব সিসৃক্ষয়া॥ ১১
পুরোর্জ্জন্মেজয়স্তস্মাৎ প্রাচিন্বানভবৎ ততঃ।
প্রবীরস্তন্মনস্যুর্ব্বৈ তস্মাচ্চাভয়দোঽভবৎ॥ ১২

শ্রবণ করিয়া জানিলাম, তুমি সূর্য্যবংশসম্ভূত রাজা; পরন্তু তোমার সহিত আগত মহাপুরুষলক্ষাণান্বিত এই শ্রীমান্ দ্বিতীয় ব্যক্তি কে?

কল্কির এই বাক্য শ্রবণে দেবাপি বিনীতভাবে বলিতে লাগিলেন॥ ৮

দেবাপি কহিলেন,—হে প্রভো! প্রলয়ের শেষসময়ে আপনার নাভিপদ্ম হইতে চতুরানন ব্রহ্মা উৎপন্ন হইয়াছিলেন। তদীয় তনয় অত্রি হইতে চন্দ্র, চন্দ্র হইতে বুধ, বুধ হইতে পুরূরবা, পুরূরবা হইতে নহুষ এবং নহুষ হইতে যযাতি জন্মগ্রহণ করেন। যযাতির ঔরসে এবং দেবযানির গর্ভে যদু ও তুর্ব্বসু নামে দুই পুত্র উৎপন্ন হয়॥ ৯—১০

পরে ঐ যযাতি শর্ম্মিষ্ঠাতে দ্রুহ্যু, অনু ও পুরু নামক তিনটি পুত্র উৎপাদন করেন। হে জগৎপতে! সৃষ্টিকালে অহঙ্কার প্রভৃতি ভূতাদি যেমন পঞ্চভূতকে উৎপাদন করে, তদ্রূপ যযাতিও ঐ পঞ্চতনয়কে উৎপাদন করিলেন॥ ১১

অনন্তর পুরু হইতে জন্মেজয়, জন্মেজয় হইতে প্রাচিন্বান্, প্রাচিন্বান্ হইতে প্রবীর, প্রবীর হইতে মনস্যু, মনস্যু হইতে অভয়দ, তাঁহা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

উরুক্ষয়াচ্চ ত্র্যরুণিস্ততোঽভূৎ পুষ্করারুণিঃ।
বৃহৎক্ষেত্রাদভূদ্ধস্তী যন্নাম্না হস্তিনাপুরম্॥ ১৩
অজমীঢ়োঽহিমীঢ়শ্চ পুরমীঢ়স্তু তৎসুতাঃ।
অজমীঢ়াদভূদৃক্ষস্তস্মাৎ সংবরণাৎ কুরুঃ॥ ১৪
কুরোঃ পরীক্ষিৎ সুধনুর্জ্জহ্নু র্নিষধ এব চ।
সুহোত্রোঽভূৎ সুধনুষশ্চ্যবনাচ্চ ততঃ কৃতী॥ ১৫
ততো বৃহদ্রথস্তস্মাৎ কুশাগ্রাদৃষভোঽভবৎ।
ততঃ সত্যজিতঃ পুত্রঃ পুষ্পবান্নহুষস্ততঃ॥ ১৬
বৃহদ্রথান্যভার্য্যায়াং জরাসন্ধঃ পরন্তপঃ।
সহদেবস্ততস্তস্মাৎ সোমাপির্যৎ শ্রুতশ্রবাঃ॥ ১৭
সুরথাদ্‌বিদূরথস্তস্মাৎ সার্ব্বভৌমোঽভবৎ ততঃ।
জয়সেনাদ্রথানীকোঽভূদ্‌যুতায়ুশ্চ কোপনঃ॥ ১৮

হইতে উরুক্ষয়, তাঁহা হইতে ত্র্যরুণি, তাঁহা হইতে পুষ্করারুণি, তাঁহা হইতে বৃহৎক্ষেত্র ও বৃহৎক্ষেত্র হইতে হস্তী উৎপন্ন হন। ইঁহার নামানুসারে, হস্তিনাপুরী নির্ম্মিত হয়॥ ১২—১৩

ইঁহার অজমীঢ়, অহিমীঢ় এবং পুরমীঢ় নামে তিনটি পুত্র জন্মে। অজমীঢ় হইত ঋক্ষ, ঋক্ষ হইতে সংবরণ, তাঁহা হইতে কুরু, কুরু হইতে পরীক্ষিৎ, পরীক্ষিৎ হইতে সুধনু, জহ্নু ও নিষধের উৎপত্তি হয়; তন্মধ্যে সুধনু হইতে সুহোত্র, সুহোত্র হইতে চ্যবন, চ্যবন হইতে বৃহদ্রথ, বৃহদ্রথ হইতে কুশাগ্র, কুশাগ্র হইতে ঋষভ, ঋষভ হইতে সত্যজিৎ, সত্যজিৎ হইতে পুষ্পবান্ এবং পুষ্পবান্ হইতে নহুষ উৎপন্ন হয়॥ ১৪—১৫

পূর্ব্বোক্ত বৃহদ্রথের অন্য ভার্য্যার গর্ভে পরন্তপ জরাসন্ধ জন্মগ্রহণ করেন। ঐ জরাসন্ধ হইতে সহদেব, সহদেব হইতে সোমাপি, সোমাপি হইতে শ্রুতশ্রবা, শ্রুতশ্রবা হইতে সুরথ, সুরথ হইতে বিদূরথ, বিদূরথ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তস্মাদ্দেবাতিথিস্তস্মাদৃক্ষস্তস্মাদ্দিলীপকঃ।
তস্মাৎ প্রতীপকস্তস্য দেবাপিরহমীশ্বর ॥ ১৯
রাজ্যং শান্তনবে দত্ত্বা তপস্যেকধিয়া চিরম্।
কলাপগ্রামমাসাদ্য ত্বাং দিদৃক্ষুরিহাগতঃ ॥ ২০
মরুণানেন মুনিভিরেভিঃ প্রাপ্য পদাম্বুজম্।
তব কালকরালাস্যাদ্মাস্যাম্যাত্মবিদাং পদম্ ॥ ২১
তয়োরেবং বচঃ শ্রুত্বা কল্কিঃ কমললোচনঃ।
প্রহস্য মরুদেবাপী সমাশ্বাস্য সমব্রবীৎ ॥ ২২

কল্কিরুবাচ।

যুবাং পরমধর্ম্মজ্ঞৌ রাজানৌ বিদিতাবুভৌ।
মদাদেশকরৌ ভূত্বা নিজরাজ্যং ভরিষ্যথঃ ॥ ২৩

হইতে সার্ব্বভৌম সার্ব্বভৌম হইতে জয়সেন, জয়সেন হইতে রথানীক এবং রথানীক হইতে অত্যন্ত কোপনপ্রকৃতি যুতায়ুর উৎপত্তি হয় ॥ ১৬—১৮

যুতায়ু হইতে দেবাতিথি, দেবাতিথি হইতে ঋক্ষ, ঋক্ষ হইতে দিলীপ ও দিলীপ হইতে প্রতীপক উৎপন্ন হন। হে ঈশ্বর! আমি প্রতিপকের পুত্র। আমার নাম দেবাপি ॥ ১৯

আমি শান্তনুকে স্বীয় রাজ্য দান করিয়া কলাপগ্রামে থাকিয়া একমনে বহুকাল তপস্যা করিতেছি। সম্প্রতি আপনাকে দেখিবার জন্য এই স্থানে আসিয়াছি ॥ ২০ ॥ আমি এই মরু ও মুনিগণের সহিত আপনার পাদপদ্ম প্রাপ্ত হইয়া আত্মবিদ্গণের পরধামে গমন করিব। আর আমাকে কালের করালবদনে পতিত হইতে হইবে না ॥ ২১

নলিননয়ন কল্কি তাঁহাদের এইরূপ বাক্য শ্রবণ করিয়া মরু ও দেবাপিকে হাস্যপূর্ব্বক আশ্বাসবাক্যে বলিতে লাগিলেন ॥ ২২

কল্কি কহিলেন,—জানি তোমরা দুইজনেই পরমধার্ম্মিক রাজা। সম্প্রতি তোমরা আমার আদেশে স্ব স্ব দেশে গমন পূর্ব্বক নিজ নিজ রাজ্য

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মরো ত্বামভিষেক্ষ্যামি নিজাযোধ্যাপুরেঽধুনা।
হত্বা ম্লেচ্ছানধর্ম্মিষ্ঠান্ প্রজাভূতবিহিংসকান্ ॥ ২৪
দেবাপে তব রাজ্যে ত্বাং হস্তিনাপুরপত্তনে।
অভিষেক্ষ্যামি রাজর্ষে হত্বা পুক্কশকান্ রণে ॥ ২৫
মথুরায়ামহং স্থিত্বা হরিষ্যামি ভুবো ভয়ম্।
শয্যাকর্ণানুষ্ট্রমুখান্ একজঙ্ঘান্ বিলোদরান্ ॥ ২৬
হত্বা কৃতং যুগং কৃত্বা পালয়িষ্যাম্যহং প্রজাঃ।
তপোবেশং ব্রতং ত্যক্ত্বা সমারুহ্য রথোত্তমম্ ॥ ২৭
যুবাং শস্ত্রাস্ত্রকুশলৌ সেনাগণপরিচ্ছদৌ।
ভূত্বা মহারথৌ লোকে ময়া সহ চরিষ্যথঃ ॥ ২৮
বিশাখযূপভূপালস্তনয়াং বিনয়ান্বিতাম্।
বিবাহে রুচিরাপাঙ্গীং সুন্দরীং ত্বাং প্রদাস্যতি ॥ ২৯

প্রতিপালন কর ॥ ২৩ ॥ হে মরো! অধুনা আমি প্রজাপীড়ক অধার্ম্মিক ম্লেচ্ছদিগকে বিনাশ করিয়া তোমাকে তোমার নিজপুরী অযোধ্যাতে অভিষিক্ত করিব ॥ ২৪

হে রাজর্ষে দেবাপে! আমি সমরে দুরন্ত পুক্কশদিগকে বিনাশ করিয়া তোমাকেও তোমার নিজরাজ্য হস্তিনাপুরে অভিষিক্ত করিব ॥ ২৫

আমি মথুরানগরীতে থাকিয়া তোমাদের ভয় হরণ করিব। আমি শর্য্যাকর্ণ, উষ্ট্রমুখ, একজঙ্ঘ ও বিলোদরদিগের বিনাশ করিয়া কৃতযুগ সংস্থাপন পূর্ব্বক প্রজাদিগকে পালন করিব। তোমরা দুইজনেই শস্ত্র এবং অস্ত্রপ্রয়োগে বিলক্ষণ পটু, অতএব তপস্বিবেশ পরিত্যাগ করিয়া সেনা-পরিচ্ছদ সমন্বিত হইয়া শত্রুদিগকে উন্মুলন করিবার জন্য আমার সহিত রথে আরোহণ করিয়া ভূমণ্ডলে বিচরণ কর। হে মরো! রাজা বিশাখযূপ তাঁহার অসামান্য রূপলাবণ্যবতী বিনীতা তনয়ার সহিত তোমার বিবাহ দিবেন। তুমি রাজা হইয়া লোকসমূহের কুশলের নিমিত্ত আমার বচন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মরুো ভূপাল লোকানাং স্বস্তয়ে কুরু মে বচঃ।
রুচিরাশ্বসুতাং শান্তাং দেবাপে ত্বং সমুদ্বহ ॥ ৩০
ইত্যাশ্বাসকথাঃ কল্কেঃ শ্রুত্বা তৌ মুনিভিঃ সহ।
বিস্ময়াবিষ্টহৃদয়ৌ মেনাতে হরিমীশ্বরম্ ॥ ৩১
ইতি ব্রুবত্যভয়দে আকাশাৎ সূর্য্যসন্নিভৌ।
রথৌ নানামণিব্রাত-ঘটিতৌ কামগৌ পুরঃ।
সমাযাতৌ জ্বলদ্দিব্য-শাস্ত্রাস্ত্রৈঃ পরিবারিতৌ ॥ ৩২
দদৃশুস্তে সদোমধ্যে রিশ্বকর্ম্মবিনির্ম্মিতৌ।
ভূপা মুনিগণাঃ সভ্যাঃ সহর্ষাঃ কিমিতীরিতাঃ ॥ ৩৩

কল্কিরুবাচ।

যুবামাদিত্যসোমেন্দ্র-যমবৈশ্রবণাঙ্গজৌ।
রাজানৌ লোকরক্ষার্থমাবির্ভূতৌ বিদন্ত্যমী ॥ ৩৪
কালেনাচ্ছাদিতাকারৌ মম সঙ্গাদিহোদিতৌ।
যুবাং রথাবারুহতাং শক্রদত্তং মমাজ্ঞয়া ॥ ৩৫

প্রতিপালন কর। হে দেবাপে! তুমিও শান্তানাম্নী রুচিরাশ্বতনয়ার পাণিগ্রহণ কর ॥ ২৬—৩০ ॥ দেবাপি ও মুনিগণ কল্কির এইরূপ কথা শ্রবণ করিয়া বিস্মিতহৃদয়ে তাঁহাকেই জগদীশ্বর হরি বলিয়া মনে করিলেন ॥ ৩১

কল্কি এই প্রকার নির্ভয়বাক্য কহিতেছেন, এমত সময়ে রাজগণ, মুনিসকল ও সভ্যগণ সহসা আকাশমার্গ হইতে সূর্য্যসদৃশ তেজঃসম্পন্ন নানাবিধ মণিমাণিক্য খচিত, বিশ্বকর্ম্মানির্ম্মিত, দিব্য অস্ত্র শস্ত্রে পরিপূর্ণ দুইখানি কামগামী রথ আসিতে দেখিয়া, সহর্ষমনে 'ইহা কি'? এইরূপ বলিয়া বিস্ময়ান্বিত হইলেন ॥ ৩২—৩৩

কল্কি কহিলেন,—সকলেরই জানা আছে যে, তোমরা দুইজনই রাজা এবং এই ভূমণ্ডল পরিরক্ষণের নিমিত্ত সূর্য্য, চন্দ্র, যম ও কুবেরের অংশে জন্মগ্রহণ করিয়াছ। তোমরা এতকাল প্রচ্ছন্নভাবে রহিয়াছ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এবং বদতি বিশ্বেশে পদ্মানাথে সনাতনে।
দেব ববর্ষুঃ কুসুমৈস্তুষ্টুবুর্ম্মুনয়োঽগ্রতঃ ॥ ৩৬
গঙ্গাবারিপরিক্লিন্ন-শিরোভূতিপরাগবান্।
শনৈঃ পর্ব্বতজাসঙ্গশিববৎ পবনো ববৌ ॥ ৩৭
তত্রায়াতঃ প্রমুদিততনুস্তপ্তচামীকরাভো।
ধর্ম্মাবাসঃ সুরুচিরজটাচীরভৃদ্দণ্ডহস্তঃ ॥
লোকাতীতো নিজতনুমরুন্নাশিতাকর্ম্মসংঘ-
স্তেজোরাশিঃ সনকদৃশো মস্করী পুষ্করাক্ষঃ ॥ ৩৮
ইতি শ্রীকল্কিপুরাণেঽনুভাগবতে ভবিষ্যে তৃতীয়াংশে চন্দ্র-
সূর্য্যবংশানুকীর্ত্তনং নাম চতুর্থোঽধ্যায়ঃ ॥ ৪

সম্প্রতি (আমার অবতারশ্রবণে) আমার সহিত সাক্ষাৎ করিবার নিমিত্ত এই স্থানে আসিয়াছ। এক্ষণে তোমরা আমার আদেশক্রমে এই ইন্দ্রদত্ত রথে আরোহণ কর ॥ ৩৪—৩৫ ॥ সেই জগৎপাতা ভগবান্ রমাপতি কল্কি এইরূপ কহিলে, দেবগণ আকাশ হইতে পুষ্পবৃষ্টি করিতে লাগিলেন এবং মুনিগণ সমীপবর্ত্তী হইয়া নানাবিধ স্তব করিতে আরম্ভ করিলেন ॥ ৩৬

মন্দাকিনী সলিলসিক্ত, মহাদেবের শিরস্থিত বিভূতির পরাগযুক্ত, পার্ব্বতীর অঙ্গসঙ্গে কুশলময়, অতিপাবন পবন মৃদুমন্দভাবে প্রবাহিত হইতে লাগিল ॥ ৩৭ ॥ অতঃপর তথায় সনকতুল্য তেজস্বী কমল-নয়ন একটি ভিক্ষু আসিলেন ; ইঁহার শরীর সততই আহ্লাদময় ; বর্ণস্বর্ণ কান্তি ; ইনি ধর্ম্মের একমাত্র আবাসস্থান, পরিধান সুন্দর চীর, মস্তকে জটাভার এবং হস্তে দণ্ড। ইনি অলোকসামান্যমূর্ত্তি ॥ ইঁহার শরীরবায়ুতে অধর্ম্ম দূরীভূত হয় ॥ ৩৯

ইতি চতুর্থ অধ্যায় সমাপ্ত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পঞ্চমোঽধ্যায়ঃ

—:০:—

সূত উবাচ।

অথ কল্কিঃ সমালোক্য সদসাম্পতিভিঃ সহ।
সমুত্থায় ববন্দে তং পাদ্যার্ঘ্যাচমনাদিভিঃ॥ ১
বৃদ্ধং সংবেশ্য তং ভিক্ষুং সর্ব্বাশ্রমনমস্কৃতম্।
পপ্রচ্ছ কো ভবানত্র মম ভাগ্যাদিহাগতঃ॥ ২
প্রায়শো মানবা লোকে লোকানাং তারণেচ্ছয়া।
চরন্তি সর্ব্বসুহৃদঃ পূর্ণা বিগতকল্মষাঃ॥ ৩

মস্কর্য্যুবাচ।

অহং কৃতযুগং শ্রীশ তবাদেশকরং পরম্।
তবাবির্ভাববিভবপ্রেক্ষণার্থমিহাগতম্॥ ৪
নিরুপাধির্ভবান্ কালঃ সোপাধিত্বমুপাগতঃ।
ক্ষণদণ্ডলবাদ্যঙ্গৈর্ম্মায়য়া রচিতং ত্বয়া॥ ৫

সূত বলিলেন,—ভগবান্ কল্কি সেই ভিক্ষুকে দেখিবামাত্র সভ্যসমূহের সহিত দণ্ডায়মান হইয়া পাদ্য, অর্ঘ্য ও আচমনাদির দ্বারা তাঁহার পূজা করিলেন॥ ১॥ পরে সকল আশ্রমের মাননীয় সেই বৃদ্ধ ভিক্ষুকে উপবেশন করাইয়া জিজ্ঞাসা করিলেন,—মহাশয়! আপনি আমার শুভাদৃষ্টক্রমে এখানে উপস্থিত হইলেন। আপনি কে? ॥ ২॥ সর্ব্বজনসুহৃদ্ পুণ্যবান্‌গণ প্রায়ই লোকদিগের উদ্ধারকামনায় ভূমণ্ডলে বিচরণ করিয়া থাকেন॥ ৩

মস্করী বলিলেন,—হে শ্রীপতে! আমি আপনার একমাত্র অনুগত কৃতযুগ। আপনার অবতার ও বিভুত্ব দেখিবার জন্য এই স্থানে আসিয়াছি॥ ৪॥ আপনি উপাধিহীন কাল, কিন্তু সম্প্রতি ক্ষণ, দণ্ড, লব

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পক্ষাহোরাত্রমাসর্ত্তু-সংবৎসরযুগাদয়ঃ ॥
তবেক্ষয়া চরন্ত্যেতে মনবশ্চ চতুর্দ্দশ ॥ ৬
স্বায়ম্ভুবস্তু প্রথমস্ততঃ স্বারোচিষো মনুঃ।
তৃতীয় উত্তমস্তস্মাচ্চতুর্থস্তামসঃ স্মৃতঃ ॥ ৭
পঞ্চমো রৈবতঃ ষষ্ঠশ্চাক্ষুষঃ পরিকীর্ত্তিতঃ।
বৈবস্বতঃ সপ্তমো বৈ ততঃ সাবর্ণিরষ্টমঃ ॥ ৮
নবমো দক্ষসাবর্ণির্ব্রহ্মসাবর্ণিকস্ততঃ।
দশমো ধর্ম্মসাবর্ণিরেকাদশঃ স উচ্যতে ॥ ৯
রুদ্রসাবর্ণিকস্তত্র মনুর্বৈ দ্বাদশঃ স্মৃতঃ।
ত্রয়োদশমনুর্ব্বেদসাবর্ণির্লোকবিশ্রুতঃ ॥ ১০
চতুর্দ্দশেন্দ্রসাবর্ণিরেতে তব বিভূতয়ঃ।
যান্ত্যায়ান্তি প্রকাশন্তে নামরূপাদিভেদতঃ ॥ ১১
দ্বাদশাব্দসহস্রেণ দেবানাঞ্চ চতুর্যুগম্।
চত্বারি ত্রীণি দ্বে চৈকং সহস্রগণিতং মতম্ ॥ ১২

প্রভৃতি অঙ্গদ্বারা নিজ মায়ারচিত উপাধি প্রাপ্ত হইয়াছেন। আপনার সান্নিধ্যহেতু পক্ষ, দিন, যামিনী, মাস, ঋতু, সংবৎসর, যুগাদি ও চতুর্দ্দশ মনু যথানিয়মে বিচরণ করিতেছে ॥ ৫—৬

প্রথম স্বায়ম্ভুব মনু, দ্বিতীয় স্বারোচিষ, তৃতীয় উত্তম, চতুর্থ তামস, পঞ্চম রৈবত, ষষ্ঠ চাক্ষুষ, সপ্তম বৈবস্বত, অষ্টম সাবর্ণি, নবম দক্ষসাবর্ণি, দশম ব্রহ্মসাবর্ণি, একাদশ ধর্ম্মসাবর্ণি, দ্বাদশ রুদ্রসাবর্ণি, ত্রয়োদশ লোক-বিশ্রুত বেদসাবর্ণি ও চতুর্দ্দশমনু ইন্দ্রসাবর্ণি নামে কথিত হইয়াছেন। এই মনুগণ আপনারই বিভূতিমাত্র; ইহারা কেবল নাম রূপ ভেদে যাইতেছেন, আসিতেছেন এবং প্রকাশিত হইতেছেন ॥ ৭—১১

দেবগণের দ্বাদশসহস্র বৎসরে চারিটি যুগ হয়। এইরূপ চারিসহস্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তাবৎ শতানি চত্বারি ত্রীণি দ্বে চৈকমেব হি।
সন্ধ্যাক্রমেণ তেষান্তু সন্ধ্যাংশোঽপি তথাবিধঃ॥ ১৩
একসপ্ততিকং তত্র যুগং ভুঙ্‌ক্তে মনুর্ভুবি।
মনুনামপি সর্ব্বেষামেবং পরিণতির্ভবেৎ।
দিবা প্রজাপতেস্তত্তু নিশা সা পরিকীর্ত্তিতা॥ ১৪
অহোরাত্রঞ্চ পক্ষস্তে মাসসংবৎসরর্ত্তবঃ।
সত্বুপাধিকৃতঃ কালো ব্রহ্মণো জন্মমৃত্যুকৃৎ॥ ১৫
শতসংবৎসরে ব্রহ্মা লয়ং প্রাপ্নোতি হি ত্বয়ি।
লয়ান্তে ত্বন্নাভিমধ্যাদুত্থিতঃ সৃজতি প্রভুঃ॥ ১৬
তত্র কৃতযুগং তেঽহং কালং সদ্ধর্ম্মপালকম্।
কৃতকৃত্যাঃ প্রজা যত্র তন্নাম্না মাং কৃতং বিদুঃ॥ ১৭

বৎসরে সত্যযুগ, তিনসহস্রবৎসরে ত্রেতাযুগ, দুইসহস্রবৎসরে দ্বাপর যুগ এবং একসহস্র বৎসরে কলিযুগ হইয়া থাকে। এই চারিযুগের পূর্ব্বসন্ধ্যার পরিমাণ ক্রমান্বয়ে চারি শত, তিন শত, দুই শত ও এক শত বৎসর এবং শেষসন্ধ্যার মানও ঐরূপ॥১২—১৩

এই পৃথিবীতে এক এক মনু একসপ্ততিযুগ ভোগ করেন। সকল মনুরই এই পরিণাম ঘটে; চতুর্দ্দশ মনুর অধিকার সমাপ্ত হইলে, ব্রহ্মার একদিন এবং তত্তুল্যকালে একরাত্রি হয়॥ ১৪॥ এই ভাবে দিন, রাত্রি, পক্ষ, মাস, ঋতু, সংবৎসর ও কালাদি উপাধিযুক্ত হইয়া ব্রহ্মার জন্ম ও মৃত্যু বিধান করে॥ ১৫॥ ব্রহ্মার আয়ুষ্কাল শতবৎসর, এই শতবৎসরের পর তিনি আপনাতে লয় পাইয়া থাকেন। প্রলয়াবসানে ভগবান্ ব্রহ্মা (বিষ্ণুরূপী) আপনার নাভিপদ্ম হইতে উৎপন্ন হইয়া থাকেন॥ ১৬॥ এই সমুদয়ের মধ্যে আমি কৃতযুগ। আমার অধিকৃত স্থানে সদ্ধর্ম্ম রক্ষিত হইয়া থাকে এবং আমার প্রজাগণ ধর্ম্ম-পরায়ণ ও কৃতকৃত্য; এজন্য আমি কৃতযুগ নামে অভিহিত হইয়াছি॥ ১৭

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitization by eGangotri

ইতি তদ্‌বচ আশ্রুত্য কল্কির্নিজজনাবৃতঃ।
প্রহর্ষমতুলং লব্ধ্বা শ্রুত্বা তদ্‌বচনামৃতম্ ॥ ১৮
অবিহিত্থামুপালক্ষ্য যুগস্যাহ জনান্ হিতান্!
যোদ্ধুকামঃ কলেঃ পুর্য্যাং হৃষ্টো বিসশনে প্রভুঃ ॥ ১৯
গজরথতুরগান্নরাংশ্চ যোধান্, কনকবিচিত্রবিভূষণাচিতাঙ্গান্।
ধৃতবিবিধবরাস্ত্রশস্ত্রপূগান, যুধি নিপুণান্ গণয়ধ্বমানয়ধ্বম্ ॥ ২০
ইতি শ্রীকল্কিপুরাণেঽনুভাগবতে ভবিষ্যে তৃতীয়াংশে
মন্বাদিবর্ণনং নাম পঞ্চমোঽধ্যায়ঃ ॥ ৫

ষষ্ঠোঽধ্যায়ঃ

—০:*:০—

সূত উবাচ।

ইতি তৌ মরুদেবাপী শ্রুত্বা কল্কের্ব্বচঃ পুরঃ।
কৃতোদ্‌বাহৌ রথারূঢ়ৌ সমায়াতৌ মহাভুজৌ ॥ ১

নিজ অনুচরবর্গে পরিবৃত কল্কি সত্যযুগের এইরূপ বাক্য শ্রবণে যৎপরোনাস্তি আনন্দানুভব করিলেন। অনন্তর প্রভু কল্কি সত্যযুগের আগমন দর্শনে কলির বিশসন নামক পুরীতে যুদ্ধকামনায় অনুচরদিগকে বলিলেন,—হে অনুচরবর্গ! তোমরা বিবিধ অস্ত্রশস্ত্রধারী বিচিত্রভূষণান্বিত সংগ্রামনিপুণ আশ্বারোহী, গজারোহী ও পাদচারী সৈন্যদিগকে আনয়ন কর এবং কত আছে, তাহার সংখ্যা কর ॥ ১৮—২০

ইতি মন্বন্তরাদিবর্ণন নামক পঞ্চম অধ্যায় সমাপ্ত।

সূত বলিলেন,—অতঃপর রথারূঢ় মহাভুজ মরু এবং দেবাপি কল্কির বাক্য শ্রবণে বিবাহক্রিয়া সম্পাদন করিয়া তাঁহার সমীপে আসিয়া উপস্থিত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নানায়ুধধরৈঃ সৈন্যৈরাবৃতৌ শূরমানিনৌ
বদ্ধগোধাঙ্গুলিত্রাণৌ দংশিতৌ বদ্ধহস্তকৌ ॥ ২
কাঞ্চায়ষশিরস্ত্রাণৌ ধনুর্দ্ধরধুরন্ধরৌ।
অক্ষৌহিণীভিঃ ষড়্ভিস্তু কম্পয়ন্তৌ ভুবং ভরৈঃ ॥ ৩
বিশাখযূপভূপস্তু গজলক্ষৈঃ সমাবৃতঃ।
অশ্বৈঃ সহস্রনিযুতৈঃ রথৈঃ সপ্তসহস্রকৈঃ ॥ ৪
পদাতিভির্দ্বিলক্ষৈশ্চ সন্নদ্ধৈর্ধৃতকার্ম্মুকৈঃ।
বাতোদ্ধুতোত্তরোষ্ণীষৈঃ সর্ব্বতঃ পরিবারিতঃ ॥ ৫
রুধিরাশ্বসহস্রাণাং পঞ্চাশদ্ভির্ম্মহারথৈঃ।
গজৈর্দ্দশশতৈর্ম্মত্তৈর্নবলক্ষৈর্বৃতো বভৌ ॥ ৬
অক্ষৌহিণীভির্দ্দশভিঃ কল্কিঃ পরপুরঞ্জয়ঃ।
সমাবৃতস্তথা দেবৈরেবমিন্দ্রো দিবি স্বরাট্ ॥ ৭
ভ্রাতৃপুত্রসুহৃদ্ভিশ্চ মুদিতঃ সৈনিকৈর্বৃতঃ।
যযৌ দিগ্বিজয়াকাঙ্ক্ষী জগতামীশ্বরঃ প্রভুঃ ॥ ৮

হইলেন ॥ ১ ॥ ইঁহারা দুইজনই শূরাভিমানী ও ধনুর্ধরদিগের অগ্রগণ্য। ইঁহাদের সমভিব্যাহারে নানাস্ত্রধারী অসংখ্য সৈন্য রহিয়াছে। ইঁহাদের সৈন্যভরে পৃথিবী কম্পিত হইতে লাগিল ॥ ২—৩ ॥ রাজা বিশাখযূপ একলক্ষ হস্তী, শতলক্ষ অশ্ব ও সপ্তসহস্র রথদ্বারা পরিবৃত রহিয়াছেন। ইঁহার সমভিব্যাহারী দুইলক্ষ অস্ত্রধারী পাদচারী সৈন্যের উত্তরীয় বস্ত্র ও মস্তকের উষ্ণীষ বায়ু দ্বারা পরিচালিত হইতে লাগিল। এতদ্ভিন্ন ইনি আরও পঞ্চাশৎ-সহস্র রক্তবর্ণ অশ্ব, দশসহস্র মত্ত গজ, অসংখ্য মহারথ ও নবলক্ষ সৈন্য দ্বারা পরিবেষ্টিত রহিয়াছেন ॥ ৪—৬

পর পুরঞ্জয় জগদীশ্বর কল্কি এইরূপ দশ অক্ষৌহিণী সৈন্য, ভ্রাতৃপুত্র, সুহৃদ্গণ এবং অন্যান্য বহুসংখ্যক সৈন্য-সমূহে পরিবৃত হইয়া স্বর্গস্থিত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কালে তস্মিন্ দ্বিজো ভূত্বা ধর্ম্মঃ পরিজনৈঃ সহ।
সমাজগাম কলিনা বলিনাপি নিরাকৃতঃ॥ ৯
ঋতং প্রসাদমভয়ং সুখং মুদমথ স্বয়ম্।
যোগমর্থং ততোঽহদর্পং স্মৃতিং ক্ষেমং প্রতিশ্রয়ম্॥ ১০
নরনারায়ণৌ চোভৌ হরেরংশৌ তপোব্রতৌ।
ধর্ম্মস্তেতান্ সমাদায় পুত্রান্ স্ত্রীশ্চাগতস্ত্বরন্॥ ১১
শ্রদ্ধা মৈত্রী দয়া শান্তিস্তুষ্টিঃ পুষ্টিঃ ক্রিয়োন্নতিঃ।
বুদ্ধির্ম্মেধা তিতিক্ষা চ হ্রীর্ম্মূর্ত্তির্ধর্ম্মপালকাঃ॥ ১২
এতাস্তেন সহায়াতা নিজবন্ধুগণৈঃ সহ।
কল্কিমালোকিতুং তত্র নিজকার্য্যং নিবেদিতুম্॥ ১৩
কল্কির্দ্বিজং সমাসাদ্য পূজয়িত্বা যথাবিধি।
প্রোবাচ বিনয়াপন্নঃ কস্ত্বং কস্মাদিহাগতঃ॥ ১৪
স্ত্রীভিঃ পুত্রৈশ্চ সহিতঃ ক্ষীণপুণ্য ইব গ্রহঃ।
কস্য বা বিষয়াদ্রাজ্ঞস্তত্ত্বং বদ তত্ত্বতঃ॥ ১৫

দেবগণ পরিবৃত দেবরাজ ইন্দ্রের ন্যায় প্রফুল্লচিত্তে দিগ্বিজয় করিবার অভিলাষে গমন করিতেছেন, এইরূপ সময়ে ধর্ম্ম, বলশালী কলি কর্ত্তৃক নিরাকৃত হইয়া ব্রাহ্মণবেশ ধারণ-পূর্ব্বক তথায় উপস্থিত হইলেন॥ ৭-৯॥ ঐ সময়ে ঋত, প্রসাদ, অভয়, সুখ, প্রীতি, যোগ, অহঙ্কার, স্মৃতি, ক্ষেম, প্রতিশ্রয়, হরির অংশ তপস্বী নরনানায়ণ, ধর্ম্মের স্ত্রী ও পুত্র এবং শ্রদ্ধা, মৈত্রী, দয়া, শান্তি, তুষ্টি, পুষ্টি, ক্রিয়া, উন্নতি, বুদ্ধি, মেধা, তিতিক্ষা, লজ্জা ও ধর্ম্মপালক-গণ ইঁহারা সকলেই নিজ নিজ বন্ধুগণ সমভিব্যাহারে কল্কিকে দর্শন ও স্বীয়কার্য্য নিবেদন করিবার জন্য ধর্ম্মের সহিত আসিয়াছিলেন॥ ১০—১৩

ভগবান্ কল্কি ব্রাহ্মণকে দেখিয়া বিনীতভাবে তাঁহার পূজা করিয়া জিজ্ঞাসা করিলেন,—মহাশয়! আপনি কে? এবং কি নিমিত্তই বা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পুত্রাঃ স্ত্রিয়শ্চ তে দীনাঃ হীনস্ববলপৌরুষাঃ।
বৈষ্ণবাঃ সাধবো যদ্বৎ পাষণ্ডৈশ্চ তিরস্কৃতাঃ॥
কল্কেরিতি বচঃ শ্রুত্বা ধর্ম্মঃ শর্ম্ম নিজং স্মরন্।
প্রোবাচ কমলানাথং অনাথস্ত্বতিকাতরঃ॥ ১৭
পুত্রৈঃ স্ত্রীভির্নিজজনৈঃ কৃতাঞ্জলিপুটৈর্হরিম্।
স্তুত্বা নত্বা পূজয়িত্বা মুদিতং তং দয়াপরম্॥ ১৮

ধর্ম্ম উবাচ।

শৃণু কল্কে মমাখ্যানং ধর্ম্মোঽহং ব্রহ্মরূপিণঃ।
তব বক্ষঃস্থলাজ্জাতঃ কামদঃ সর্ব্বদেহিনাম্॥ ১৯
দেবানামগ্রণীর্হব্যকব্যানাং কামধুগ্ বিভুঃ।
তবাজ্ঞয়া চরাম্যেব সাধুকীর্ত্তিকৃদন্বহম্॥ ২০

ক্ষীণপুণ্য গ্রহের ন্যায় স্ত্রী ও পুত্রের সহিত কোন্ রাজরে দেশ হইতে এখানে আসিলেন, ইহা আমার নিকট যথার্থরূপে বলুন॥ ১৪—১৫

পাষণ্ডগণ কর্ত্তৃক তিরস্কৃত বিষ্ণুভক্ত সাধুগণ যেরূপ বলহীন ও পৌরুষশূন্য হন, আপনার স্ত্রী ও পুত্রগণ ঠিক তদ্রূপ হইয়াছেন॥ ১৬॥ কমলাপতি কল্কির এই কথা শুনিয়া অনাথ এবং অতি বিষণ্ণ ধর্ম্ম স্বীয় কল্যাণার্থ বলিতে উদ্যত হইলেন॥ ১৭॥ তিনি সর্ব্বাগ্রে পুত্র-কলত্র ও অনুচরবৃন্দের সহিত করযোড়ে আনন্দময় প্রভুকে অর্চ্চনা ও প্রণাম করিয়া তাঁহার স্তুতিবাদ করিতে আরম্ভ করিলেন॥ ১৮

ধর্ম্ম বলিলেন,—হে কল্কে! আমার আখ্যান শ্রবণ করুন। পিতামহরূপী ভবদীয় বক্ষঃপ্রদেশ হইতে আমার উদ্ভব হইয়াছে। আমার নাম ধর্ম্ম। আমি জীবকুলের মনোরথ পূর্ণ করি॥ ১৯॥ আমি সুরগণের শ্রেষ্ঠ। আমি যজ্ঞে হব্যকব্যের অংশ প্রাপ্ত হই। আমি যজ্ঞফল অর্পণপূর্ব্বক সাধুবৃন্দের অভিলষিত সিদ্ধ করি। আমি ভবদীয় আদেশে সর্ব্বদা সাধুগণের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সোঽহং কালেন বলিনা কলিনাপি নিরাকৃতঃ।
শককাম্বোজশবরৈঃ সর্ব্বৈরাবাসবাসিনা ॥ ২১
অধুনা তেঽখিলাধার! পদামূলমুপাগতঃ।
যথা সংসারকালাগ্নিসন্তপ্তাঃ সাববোঽর্দ্দিতাঃ ॥ ২২
ইতি বাগ্‌ভিরপূর্ব্বাভির্ধর্ম্মেণ পরিতোষিতঃ।
কল্কিঃ কল্কহরঃ শ্রীমানাহ সংহর্ষয়ন্ শনৈঃ ॥ ২৩
ধর্ম্ম! কৃতযুগং পশ্য মরুৎ চণ্ডাংশুবংশজম্।
মাং জানাসি যথা জাতং ধাতৃ-প্রার্থিতবিগ্রহম্ ॥ ২৪
কীটকে বৌদ্ধদলনমিতি মত্বা সুখী ভব।
অবৈষ্ণবানামন্যেষাং তবোপদ্রবকারিণাম্।
জিঘাংসুর্যামি সেনাভিশ্চর গাং ত্বং বিনির্ভয়ঃ ॥ ২৫

কার্য্য করিয়া ভ্রমণ করি ॥ ২০ ॥ অধুনা শক, কম্বোজ, শবর প্রভৃতি ম্লেচ্ছগণ কলির অধীনে অবস্থিতি করিতেছেন। সেই মহাবল কলি কালসহকারে আমাকে পরাভব করিয়াছে ॥ ২১

হে অখিলাধার! সম্প্রতি সাধুবৃন্দ সংসাররূপ কালানলে পরিতপ্ত হইয়া একান্ত নিপীড়িত হইয়াছেন; সেই হেতুই আমি ভবদীয় পাদমূলে শরণ গ্রহণ করিলাম ॥ ২২

পাপহারী শ্রীমান্ কল্কি ধর্ম্মের এই বিচিত্র কথায় প্রীত হইয়া সকলেব আনন্দবর্দ্ধন পূর্ব্বক শনৈঃ শনৈঃ বলিলেন,—"হে ধর্ম্ম! এই দেখ, সত্যযুগের আবির্ভাব হইয়াছে। ইনি সূর্য্যবংশীয় নরপতি মরু। আমি পিতামহের প্রার্থনায় যে প্রকারে দেহধারণ করিয়াছি, তাহা তোমার অবিদিত নাই ॥ ২৩—২৪

কীটকদেশবাসী বৌদ্ধেরা মৎকর্ত্তৃক নিয়ন্ত্রিত হইয়াছে, ইহা জানিলে তুমি আনন্দ লাভ করিবে। যাহারা বৈষ্ণব নহে, যাহারা তোমার প্রতি দৌরাত্ম্য প্রকাশ করে, আমি তাহাদের বিনাশার্থ সেনাবৃন্দ সহ গমন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কা ভীতিস্তে ক্ক মোহোঽস্তি যজ্ঞদানতপোব্রতৈঃ।
সহিতঃ সঞ্চর বিভো! ময়ি সত্যে ব্যুপস্থিতে ॥ ২৬
অহং যামি ত্বয়া গচ্ছ স্বপুত্রৈর্বান্ধবৈঃ সহ।
দিশাং জয়ার্থং ত্বং শক্রনিগ্রহার্থং জগৎপ্রিয় ॥ ২৭
ইতি কল্কের্বচঃ শ্রুত্বা ধর্ম্মঃ পরমহর্ষিতঃ।
গন্তুং কৃতমতিস্তেন আধিপত্যমমুং স্মরন্ ॥ ২৮
সিদ্ধাশ্রমে নিজজনানবস্থাপ্য স্ত্রিয়শ্চ তাঃ ॥ ২৯
সন্নদ্ধঃ সাধুসৎকারৈর্বেদব্রহ্মমহারথঃ।
নানাশাস্ত্রান্বেষণেষু সংকল্পবরকার্ম্মুকঃ ॥ ৩০
সপ্তস্বরাশ্বো ভূদেবসারথির্ব্বহ্নিরাশ্রয়ঃ।
ক্রিয়াভেদবলোপেতঃ প্রযযৌ ধর্ম্মনায়কঃ ॥ ৩১

করিতেছি। অধুনা তুমি নির্ভয়ান্তঃকরণে ধরাধামে পরিভ্রমণ কর ॥ ২৫ ॥ যখন সত্যযুগের আবির্ভাব হইয়াছে, যখন আমি উপস্থিত হইয়াছি, তখন আর তোমাকে ভীত হইতে হইবে না। তুমি মোহমুগ্ধ হইতেছ কেন? অধুনা তুমি যজ্ঞ, দান, তপ ও ব্রতের সহিত সুখে বিহার কর ॥ ২৬

হে ধর্ম্ম! জগতের সকলেই তোমাকে ভালবাসে। তুমি পুত্রবৃন্দের ও বন্ধুবর্গের সহিত দিগ্বিজয়ার্থ অরিদমনার্থ যাত্রা কর, আমিও ত্বৎসমভি-ব্যাহারে গমন করিতেছি ॥ ২৭

কল্কির এই কথা শুনিয়া ধর্ম্মের আনন্দের পরিসীমা রহিল না। তিনি স্বীয় আধিপত্য স্মরণ করিয়া কল্কি সমভিব্যাহারে গমনোদ্যত হইলেন ॥ ২৮

গমনসময়ে তদীয় কলত্রবৃন্দ ও অনুচরগণ সিদ্ধাশ্রমে রহিল ॥ ২৯ ॥ ধর্ম্মের সমরযাত্রাকালে সাধুগণের সৎকায় তদীয় রণবেশ, বেদ ও ব্রহ্ম মহারথ বিবিধশাস্ত্রান্বেষণবিষয়ক সঙ্কল্প শরাসন, বেদের সপ্তস্বর রথের সপ্তাশ্ব, ব্রাহ্মণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যজ্ঞদানতপঃপাত্রৈর্যমৈশ্চ নিয়মৈর্বৃতঃ।
খশকাম্বোজকান্ সর্ব্বান্ শবরান্ বর্ব্বরানপি ॥ ৩২

জেতুং কল্কির্যযৌ যত্র কলেরাবাসমীপ্সিতম্।
ভূতবাসবলোপেতং সারমেয়বরাকুলম্ ॥ ৩৩

গোমাংসপূতিগন্ধাঢ্যং কাকোলুকশিবাবৃতম্।
স্ত্রীণাং দুর্দ্দ্যূতকলহবিবাদব্যসনাশ্রয়ম্ ॥ ৩৪

ঘোরং জগদ্ভয়করং কামিনীস্বামিনং গৃহম্।
কলিঃ শ্রুত্বোদ্যমং কল্কেঃ পুত্রপৌত্রবৃতঃ ক্রুধা ॥ ৩৫

পুরাদ্বিশসনাৎ প্রায়াৎ পেচকাক্ষরথোপরি।
ধর্ম্মঃ কলিং সমালোক্য ঋষিভিঃ পরিবারিতঃ ॥ ৩৬

সারথী ও বহ্নি আসনস্বরূপ হইল। এই প্রকারে ধর্ম্মরূপ সেনানী নানা-ক্রিয়ানুষ্ঠানরূপ মহাবলে পরিবেষ্টিত হইয়া রণযাত্রা করিলেন ॥ ৩০—৩১

এই প্রকারে ভগবান্ কল্কি যজ্ঞ, দান, তপ, যম, নিয়ম প্রভৃতি পাত্র-বৃন্দে পরিবেষ্টিত হইয়া খশ, কাম্বোজ, শবর, বর্ব্বর প্রভৃতি ম্লেচ্ছদিগকে পরাস্ত করিবার জন্য কলির প্রিয়তম স্থানে উপস্থিত হইলেন। কলির গৃহ ভূতনিকেতন স্বরূপ হওয়াতে দৃঢ়ীভূত হইয়াছিল। উহার সমন্তাৎ সার-মেয়গণ অবস্থিত ॥ ৩২—৩৩

তথায় নিয়ত গোমাংসের দুর্গন্ধ নিঃসৃত হইতেছে। তত্রত্য সমগ্র ভূমি বায়সকুল ও উলূকগণে সমাকীর্ণ। ঐ স্থান রমণীজনের কলহ, নানারূপ ব্যসন ও দ্যূতক্রীড়ার আস্পদ ॥ ৩৪

সেই স্থান বিশ্বের ভয়াবহ ও ঘোরাকার। তথায় যাহারা বাস করে, তাহারা সকলেই রমণীগণের আজ্ঞাধীন। কল্কি যুদ্ধার্থ উপস্থিত হইয়াছেন শুনিয়া, কলি রোষভরে পুত্রপৌত্রগণে পরিবেষ্টিত হইয়া পেচকধ্বজ রথে আরোহণ পূর্ব্বক বিশসন নগর হইতে বিনিষ্ক্রান্ত হইল। কলিকে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যুযুধে তেন সহসা কল্কিবাক্যপ্রচোদিতঃ।
ঋতেন দম্ভঃ সংগ্রামে প্রসাদো লোভমাহ্বয়ৎ ॥ ৩৭
সময়াদভয়ং ক্রোধো ভয়ং সুখমুপাযযৌ।
নিরয়ো মুদমাসাদ্য যুযুধে বিবিধায়ুধৈঃ ॥ ৩৮
আধির্যোগেন চ ব্যাধিঃ ক্ষেমেন চ বলীয়সা।
প্রশ্রয়েন তথা গ্লানির্জরা স্মৃতিমুপাহ্বয়ৎ ॥ ৩৯
এবং বৃত্তো মহাঘোরো যুদ্ধঃ পরমদারুণঃ।
তং দ্রষ্টুমাগতা দেবা ব্রহ্মাদ্যাঃ খে বিভূতিভিঃ ॥ ৪০
মরুঃ খশৈশ্চ কাম্বোজৈর্যুযুধে ভীমবিক্রমৈঃ।
দেবাপিঃ সমরে চৈনৈর্ব্বর্ব্বরৈ স্তদ্‌গণৈরপি ॥ ৪১
বিশাখযূপভূপালঃ পুলিন্দৈঃ শ্বশচৈঃ সহ।
যুযুধে বিবিধৈঃ শস্ত্রৈরস্ত্রৈর্দিব্যৈর্মহাপ্রভৈঃ ॥ ৪২

নেত্রগোচর করিয়া ধর্ম্ম মুনিবৃন্দ সমভিব্যাহারে কল্কির আদেশে সমরে প্রবৃত্ত হইলেন। ঋতের সহিত দম্ভের, প্রসাদের সহিত লোভের, অভয়ের সহিত রোষের এবং সুখের সহিত ভয়ের যুদ্ধ হইতে লাগিল। নিরয় প্রীতির সম্মুখবর্ত্তী হইয়া নানারূপ অস্ত্রশস্ত্র দ্বারা সংগ্রাম করিতে লাগিল ॥ ৩৫-৩৮

যোগের সহিত আধির, মহাবল ক্ষেমের সহিত ব্যাধির, প্রশ্রয়ের সহিত গ্লানির এবং স্মৃতির সহিত জরার যুদ্ধ হইতে লাগিল ॥ ৩৯ ॥ ক্রমে যুদ্ধ মহাঘোর হইয়া উঠিল। সেই যুদ্ধদর্শনার্থ ব্রহ্মাদি সুরবৃন্দ নিজ নিজ বিভূতি সহ গগনমার্গে উপস্থিত হইলেন ॥ ৪০

এদিকে মহাবীর্য্যশালী খশ ও কাম্বোজগণের সহিত মরু নৃপতির যুদ্ধ হইতে লাগিল। চীন (চোল), বর্ব্বর, ও তাহাদিগের অনুজীবিগণের সহিত দেবাপি সমরে প্রবৃত্ত হইলেন ॥ ৪১

রাজা বিশাখযূপ নানারূপ তেজঃসম্পন্ন দিব্যাস্ত্রশস্ত্র দ্বারা পুলিন্দ ও শ্বপচ-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কল্কিঃ কোকবিকোকাভ্যাং বাহিনীভির্ব্বরায়ুধৈঃ।
তৌ তু কোকবিকোকৌ চ ব্রহ্মণোবরদর্পিতৌ ॥ ৪৩
ভ্রাতরৌ দানবশ্রেষ্ঠৌ মত্তৌ যুদ্ধবিশারদৌ।
একরূপৌ মহাসত্ত্বৌ দেবানাং ভয়বর্দ্ধনৌ ॥ ৪৪
পদাতিকৌ গদাহস্তৌ বজ্রাঙ্গৌ জয়িনৌ দিশাম্।
শূরৈঃ পরিবৃতৌ মৃত্যুজিতাবেকত্র যোধনৌ ॥ ৪৫
তাভ্যাং স যুযুধে কল্কিঃ সেনাগণসমন্বিতঃ।
শুভানাং কল্কিসৈন্যানাং সমরস্তুমুলোঽভবৎ ॥ ৪৬
হ্রেষিতৈর্বৃংহিতৈর্দ্দন্তশব্দৈষ্টঙ্কারনাদিতৈঃ।
শূরোৎক্রুষ্টৈর্ব্বাহুবেগৈঃ সংশব্দস্তলতাড়নৈঃ ॥ ৪৭

(চণ্ডাল) গণের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥ ৪২ ॥ ভগবান্ কল্কি সৈন্যবৃন্দে পরিবেষ্টিত হইয়া নানারূপ দিব্যাস্ত্র দ্বারা ব্রহ্মদত্তবরে দর্পিত কোক ও বিকোকের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥ ৪৩ ॥ ঐভ্রাতৃদ্বয় দানবকুলের অগ্রগণ্য, মহা উন্মত্ত ও রণদক্ষ। তাহারা পরস্পর একাত্মস্বরূপ মহাবলপরাক্রান্ত ও সুরগণেরও ভয়াবহ ॥ ৪৪

উহাদের দেহ অশনিবৎ দুর্ভেদ্য; উহারা দিগ্বিজয়ী। উভয়ে মিলিত হইয়া রণে প্রবৃত্ত হইলে উহারা মৃত্যুকে পরাস্ত করিতে সক্ষম। উহারা মহাবল সৈন্যবৃন্দে পরিবেষ্টিত হইয়া গদাহস্তে পাদচারে সমরে প্রবৃত্ত হইল ॥ ৪৫

কল্কি সৈন্যসামন্তে পরিবেষ্টিত হইয়া কোক ও বিকোকের সহিত মহারণে প্রবৃত্ত হইলেন। তদীয় প্রধান প্রধান যোদ্ধবৃন্দ তুমুলরণে উন্মত্ত হইয়া উঠিল ॥ ৪৬

হস্তীযূথের বৃংহিত দ্বারা, তুরগরাজির হ্রেষিত দ্বারা, দশনশব্দ দ্বারা, কার্ম্মুকের টঙ্কার দ্বারা, বীরবৃন্দের বাহ্বাস্ফোট, মুষ্টাঘাত ও চপেটাঘাত দ্বারা রণস্থলে ভীমশব্দ উত্থিত হইতে লাগিল ॥ ৪৭

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সংপূরিতা দিশঃ সর্ব্বা লোকা নো শর্ম্ম লেভিরে।
দেবাশ্চ ভয়সন্ত্রস্তা দিবি ব্যস্তপথা যযুঃ॥ ৪৮
পাশৈর্দণ্ডৈ খড়্গশক্ত্যৃষ্টিশূলৈ-
র্গদাঘাতৈর্ব্বাণপাতৈশ্চ ঘোরৈঃ।
যুদ্ধে শূরাশ্ছিন্নবাহ্বঙ্‌ঘ্রি মধ্যা-
পেতুঃ সংখ্যে শতশঃ কোটিশশ্চ॥ ৪৯
ইতি শ্রীকল্কিপুরাণেঽনুভাগবতে ভবিষ্যে তৃতীয়াংশে
কল্কিসেনাসংগ্রামো নাম ষষ্ঠোঽধ্যায়ঃ॥ ৬

সপ্তমোঽধ্যায়ঃ

—০:০:০—

সূত উবাচ।

এবং প্রবৃত্তে সংগ্রামে ধর্ম্মঃ পরমকোপনঃ।
কৃতেন সহিতো ঘোরং যুযুধে কলিনা সহ॥

তদ্দারা ক্রমে দশদিক্ প্রপূরিত হইল। তৎকালে কেহই নির্বৃতিলাভে সমর্থ হইল না। সুরগণ ভয়বিহ্বল হইয়া গগনমণ্ডলে বিপর্য্যস্তমার্গে গমন করিতে আরম্ভ করিলেন॥ ৪৮॥ এই যুদ্ধে পাশ, দণ্ড, অসি, শক্তি, ঋষ্টি, শূল, গদা ও ভীষণ বাণজাল দ্বারা অসংখ্য অসংখ্য বীরের বাহু, পদ ও কটিদেশ ছিন্নভিন্ন হইয়া সমরক্ষেত্র ব্যাপ্ত করিয়া ফেলিল॥ ৪৯

ইতি কল্কিসেনা নামক ষষ্ঠ অধ্যায় সমাপ্ত।

সূত কহিলেন,—এই প্রকার মহাযুদ্ধ ঘটিলে ধর্ম্ম সত্যযুগের সহিত মিলিত হইয়া, ক্রোধভরে কলির সহিত ঘোররণে প্রবৃত্ত হইলেন॥ ১

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কলিস্ত্বমিত্রবাণৌঘৈর্ধর্ম্মস্যাপি কৃতস্য চ।
পরাভূতঃ পুরী প্রায়াৎ ত্যক্ত্বা গর্দ্দভবাহনম্ ॥ ২
বিচ্ছিন্নপেচকরথঃ স্রবদ্রক্তাঙ্গসঞ্চয়ঃ।
ছুছুগন্ধঃ করালাস্যঃ স্ত্রীস্বামিকমগাদ্‌গৃহম্ ॥ ৩
দম্ভঃ সন্তোগরহিতোদ্ধৃতবাণগণাহতঃ।
ব্যাকুলঃ স্বকুলাঙ্গারো নিঃসারঃ প্রাবিশদ্‌গৃহম্ ॥ ৪
লোভঃ প্রাসাদাভিহতো গদয়া ভিন্নমস্তকঃ।
সারমেয়রথং ছিন্নং ত্যক্ত্বাগাদ্রুধিরং বমন্ ॥ ৫
অভয়েন জিতঃ ক্রোধঃ কষায়ীকৃতলোচনঃ।
গন্ধাখুবাহং বিছিন্নং ত্যক্ত্বা বিশসনং গত ॥ ৬
ভয়ং সুখতলাঘাতাদ্গতাসুর্ন্যপতদ্‌ভুবি।
নিরয়ো মুদমুষ্টিভ্যাং পীড়িতো যমমাযযৌ ॥ ৭

তাঁহাদিগের শরজালে বিদ্ধ হইয়া কলি গর্দ্দভবাহন পরিত্যাগ পূর্ব্বক নিজপুরীতে প্রবিষ্ট হইল ॥ ২ ॥ তদীয় পেচকধ্বজ রথ ছিন্নভিন্ন হইয়া গেল, তাহার দেহ রুধিরাক্ত হইল, গাত্রে ছুঁচার গন্ধ সঞ্চারিত হইল এবং বদন মহাভীমমূর্ত্তি ধারণ করিল। কলি এই প্রকার অবস্থায় স্ত্রীস্বামিক গৃহে প্রবেশ করিল ॥ ৩

এদিকে কুলাঙ্গার অন্তঃসারহীন দম্ভ সন্তোগরহিতের শরজালে বিদ্ধ হইয়া কাতরহৃদয়ে স্বগৃহে প্রবেশ করিল ॥ ৪ ॥ প্রসাদের হস্তে লোভ পরাভূত হইল, গদাঘাতে তদীয় মস্তক চূর্ণ বিচূর্ণ হইয়া গেল। তাহার কুক্কুরধ্বজ রথ চূর্ণ বিচূর্ণ হওয়াতে সে তাহা পরিত্যাগপূর্ব্বক রক্তবমন করিতে করিতে পলায়ন করিল ॥ ৫ ॥ অভয়ের সহিত যুদ্ধে ক্রোধের পরাজয় হইল, তদীয় লোচনযুগল আরক্তভাব ধারণ করিল ; তদীয় দুর্গন্ধপূর্ণ মূষিকধ্বজ রথ চূর্ণ বিচূর্ণ হওয়াতে সে তাহা পরিত্যাগ পূর্ব্বক বিশসন নগরের মধ্যে প্রবেশ করিল ॥ ৬

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আধিব্যাধ্যাদয়ঃ সর্ব্বে ত্যক্ত্বা বাহমুপাদ্রুবন্ ।
নানাদেশান্ ভয়োদ্বিগ্নাঃ কৃতবাণপ্রপীড়িতাঃ ॥ ৮
ধর্ম্মঃ কৃতেন সহিতো গত্বা বিশসনং কলেঃ ।
নগরং বাণদহনৈর্দ্দদাহ কলিনা সহ ॥ ৯
কলির্ব্বিপ্লুষ্টসর্ব্বাঙ্গো মৃতদারো মৃতপ্রজঃ ।
জগামৈকো রুদন্ দীনো বর্ষান্তরমলক্ষিতঃ ॥ ১০
মরুস্তু শককাম্বোজান্ জঘ্নে দিব্যাস্ত্রতেজসা ।
দেবাপিঃ শবরাংশ্চোলান্ বর্ব্বরাংস্তদ্গণানপি ॥ ১১
দিব্যাস্ত্রশস্ত্রসম্পাতৈরর্দ্দয়ামাস বীর্য্যবান্ ।
বিশাখযূপভূপালঃ পুলিন্দান্ পুক্কশানপি ॥ ১২
জঘান বিমলপ্রজ্ঞঃ খড়্গপাতেন ভূরিণা ।
নানাস্ত্রশস্ত্রবর্ষৈস্তে যোধা নেশুরনেকধা ॥ ১৩

সুখের চপেটাঘাতে ভয়ের প্রাণবিয়োগ হইল; প্রীতির মুষ্ট্যাঘাতে নিরয়ও ইহলোক পরিত্যাগ করিল ॥ ৭ ॥ সত্যযুগের বাণজালে সম্যক্‌রূপে বিদ্ধ হইয়া অধিব্যাধি প্রভৃতি সকলে স্ব স্ব বাহন পরিত্যাগ পূর্ব্বক ভয়বিহ্বল হৃদয়ে দিগদিগন্তে প্রস্থান করিল ॥ ৮

তৎপের ধর্ম্ম সত্যযুগের সহিত সমবেত হইয়া কলির প্রধান রাজধানী বিশসন নগরে প্রবেশ পূর্ব্বক বাণাগ্নি দ্বারা ঐ নগর দগ্ধ করিলেন; কলিও তৎসহ দগ্ধভূত হইল ॥ ৯ ॥ তদীয় পুত্রকলত্রাদি সকলেই শমনগৃহে প্রয়াণ করিল। সে একাকী দীনচিত্তে অশ্রুবিসর্জ্জন করিতে করিতে বর্ষান্তরে পলায়ন করিল ॥ ১০

এদিকে শক এবং কাম্বোজেরাও মরুপ্রক্ষিপ্ত দিব্যাস্ত্রতেজে পরাহত হইল। দেবাপিও শবর, চোল ও বর্ব্বরগণের উচ্ছেদসাধন করিলেন ॥ ১১

মহাতেজা রাজা বিশাখযূপ দিব্যাস্ত্রপ্রক্ষেপ দ্বারা পুলিন্দ ও পুকশগণকে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কল্কিঃ কোকবিকোকাভ্যাং গদাপাণির্য্যুধাং পতিঃ।
যুযুধে বিন্যাসবিজ্ঞো লোকানাং জনয়ন্ ভয়ম্॥ ১৪
বৃকাসুরস্য পুত্রৌ তৌ নপ্তারৌ শকুনের্হরিঃ।
তয়োঃ কল্কিঃ স যুযুধে মধুকৈটভয়োর্যথা॥ ১৫
তয়োর্গদাপ্রহারেণ চূর্ণিতাঙ্গস্য তৎপতেঃ।
করাৎ চ্যুতাপদ্ভূমৌ দৃষ্ট্বাচুরিত্যহো জনাঃ॥ ১৬
ততঃ পুনঃ ক্রুধা বিষ্ণুর্জগজ্জিষ্ণুর্মহাভুজঃ।
ভল্লকেন শিরস্তস্য বিকোকস্যাচ্ছিনৎ প্রভুঃ॥ ১৭
মৃতো বিকোকঃ কোকস্য দর্শনাদুত্থিতো বলী।
তদ্দৃষ্ট্বা বিস্মিতা দেবাঃ কল্কিশ্চ পরবীরহা॥ ১৮

পরাভূত করিলেন॥ ১২॥ বিমলমতি বিশাখযূপ অসিপ্রহারে এবং বিবিধ অস্ত্রশস্ত্রবর্ষণে বিপক্ষদিগকে বধ করিতে লাগিলেন। এই প্রকারে শত্রুপক্ষের অধিকাংশই রণশায়ী হইলেন॥ ১৩

গদাযুদ্ধবিশারদ মহাবীর কল্কি গদা করে লইয়া সকলের ভীতি উৎপাদনপূর্ব্বক কোক-বিকোকের সহিত সমরে প্রবৃত্ত হইলেন॥ ১৪॥ ঐ ভ্রাতৃদ্বয়ের পিতা বৃকাসুর এবং পিতামহ শকুনি। ভগবান্ শ্রীহরি পূর্ব্বে যেরূপ মধু-কৈটভের সহিত যুদ্ধ করিয়াছিলেন, তদ্রূপ এই বীরদ্বয়ের সহিত রণে প্রবৃত্ত হইলেন॥ ১৫॥ তদনন্তর বীরদ্বয়ের গদাঘাত দ্বারা কল্কির দেহ চূর্ণ-বিচূর্ণ হইল। তদীয় গদা হস্তস্খলিত হইয়া গেল। তদ্দর্শনে সকলেই বিস্ময়াপন্ন হইল॥ ১৬॥ তৎপরে ত্রিভুবনজয়ী মহাবাহু জগন্নাথ হরি রোষাবিষ্ট হইয়া পুনরায় ভল্লাস্ত্র দ্বারা বিকোকের শিরশ্ছেদন করিলেন॥ ১৭

বীরবর বিকোক প্রাণত্যাগ করিল বটে, কিন্তু তদীয় ভ্রাতা তাহার মৃতদেহের দিকে নেত্রপাত করিবামাত্র সে পুনর্জ্জীবিত হইয়া উঠিল; তাহা দেখিয়া সুরবৃন্দ ও বিপক্ষবীরঘাতী কল্কির বিস্ময়ের পরিসীমা রহিল না॥ ১৮

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রতিকর্ত্তুর্গদাপাণেঃ কোকস্যাপ্যচ্ছিনচ্ছিরঃ।
মৃতঃ কোকো বিকোকস্য দৃষ্টিপাতাৎ সমুত্থিতঃ ॥ ১৯
পুনস্তৌ মিলিতৌ তেন যুযুধাতে মহাবলৌ।
কামরূপধরৌ বীরৌ কালমৃত্যু ইবাপরৌ ॥ ২০
খড়্গচর্ম্মধরৌ কল্কিং প্রহরন্তৌ পুনঃ পুনঃ।
কল্কিঃ ক্রুধা তয়োস্তদ্বদ্‌বাণেন শিরসী হৃতে ॥ ২১
পুনর্লগ্নে সমালোক্য হরিশ্চিন্তাপরোঽভবৎ।
বিশসন্তাবথালোক্য তুরগস্তাবতাড়য়ৎ ॥ ২২
কালকল্কৌ দুরাধর্ষৌ তুরগেণার্দ্দিতৌ ভৃশম্।
কল্কেস্তং জঘ্নতুর্ব্বাণৈরমর্ষাতাম্রলোচনৌ ॥ ২৩
তয়োর্ভুজান্তরং সোঽশ্বঃ ক্রুধা সমদশদ্‌ভৃশম্ ॥
তৌ তু প্রভিন্নাস্থিভুজৌ বিশস্তাঙ্গদকার্ম্মুকৌ।
পুচ্ছং জগৃহতুঃ সপ্তের্গোপুচ্ছং কালকাবিব ॥ ২৪

গদাধারী কোক বিকোকের প্রাণলাভের কারণ হওয়াতে ভগবান্ তাহারও শিরশ্ছেদন করিলেন; কিন্তু বিকোকের নেত্রপাতমাত্র গতাসু কোক পুনর্জ্জীবিত হইল ॥ ১৯ ॥ কামরূপ মহাবল ভ্রাতৃদ্বয় দ্বিতীয় কাল ও মৃত্যুর ন্যায় পুনরায় কল্কির সহিত সংগ্রামে প্রবৃত্ত হইল ॥ ২০ ॥ তাহারা অসিচর্ম্ম ধারণপূর্ব্বক মুহুর্ম্মুহুঃ ভগবান্‌কে আঘাত করিতে লাগিল; তখন ভগবান্ ক্রুদ্ধ হইয়া উভয়েরই শিরশ্ছেদন করিলেন; কিন্তু পুনরায় উভয়ের ছিন্নমস্তক দেহলগ্ন হইল। তদ্দর্শনে ভগবান্ একান্ত চিন্তাকুল হইলেন। কোক ও বিকোক ভগবান্‌কে প্রহার করিতেছে দেখিয়া প্রভুর অশ্ব তাহাদিগকে আঘাত করিতে আরম্ভ করিল ॥ ২১—২২

দুর্জ্জয় ভ্রাতৃদ্বয় ক্রোধে লোহিতলোচন হইয়া সেই অশ্বকে বাণজালে বিদ্ধ করিতে লাগিল ॥ ২৩ ॥ তখন অশ্বও রোষান্ধ হইয়া কোক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ধৃতপুচ্ছৌ তু তৌ জ্ঞাত্বা সপ্তিঃ পরমকোপনঃ।
পশ্চাৎ পদ্ভ্যাং দৃঢ়ং জঘ্নে তয়োর্ব্বক্ষসি বজ্রবৎ॥ ২৫
ত্যক্তপুচ্ছৌ মূর্চ্ছিতৌ তৌ তৎক্ষণাৎ পুনরুত্থিতৌ।
পুরতঃ কল্কিমালোক্য বভাষাতে স্ফুটাক্ষরৌ॥ ২৬
ততো ব্রহ্মা তমভ্যেত্য কৃতাঞ্জলিপুটঃ শনৈঃ।
প্রোবাচ কল্কিং নৈবামূ শস্ত্রাস্ত্রৈর্ব্বধমর্হতঃ॥ ২৭
করাঘাতাদেককালে উভয়োর্নির্ম্মিতো বধঃ।
উভয়োর্দ্দর্শনাদেব নোভয়োর্ম্মরণং ক্কচিৎ।
বিদিত্বেতি কুরুষ্বাত্মন্ যুগপচ্চানয়োর্ব্বধম্॥ ২৮
ইতি ব্রহ্মবচঃ শ্রুত্বা ত্যক্তশস্ত্রাস্ত্রবাহনঃ।
তয়োঃ প্রহরতোঃ স্বৈরং কল্কির্দ্দানবয়োঃ ক্রুধা।
মুষ্টিভ্যাং ব্রজকল্পাভ্যাং বভঞ্জ শিরসী তয়োঃ॥ ২৯

বিকোকের বাহুমূলে দংশন করাতে বাহুর অস্থি চূর্ণবিচূর্ণ হইয়া গেল, তাহাদের অঙ্গদ ও কার্ম্মুকও ভগ্ন হইয়া পড়িল। তদনন্তর বালক যেরূপ গোপুচ্ছ ধারণ করে, সেইরূপ তাহারা সেই তুরঙ্গবরের পুচ্ছদেশ ধারণ করিল॥ ২৪॥ তখন ঘোটক ক্রুদ্ধ হইয়া পশ্চাৎপদযুগল দ্বারা দৃঢ়রূপে অশনিবৎ তাহাদিগের বক্ষঃপ্রদেশে গুরুতর প্রহার করিল॥ ২৫

বীরদ্বয় মূর্চ্ছিত হইয়া পুচ্ছ পরিত্যাগপূর্ব্বক ভূপতিত হইল বটে, কিন্তু তৎক্ষণাৎ পুনরুত্থিত হইয়া কল্কিকে রণে আহ্বান করিল॥ ২৬

ইত্যবসরে পদ্মযোনি ব্রহ্মা কল্কি-সকাশে উপস্থিত হইয়া করপুটে কহিলেন,—প্রভো! অস্ত্রশস্ত্রে ইহাদিগকে বধ করিতে পারিবেন না॥ ২৭

এককালে করাঘাতে ইহাদিগকে সংহার করিতে হইবে। ইহাদের একজনের দর্শনে অপরে পুনর্জ্জীবিত হইবে॥ ২৮

পদ্মযোনি ব্রহ্মার এই কথা শুনিয়া কল্কি বাহন ও অস্ত্রশস্ত্র বিসর্জ্জন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তৌ তত্র ভগ্নমস্তিষ্কৌ ভগ্নশৃঙ্গাবগাবিব ।
পেততুর্দ্দিবি দেবানাং ভয়দৌ ভুবি বাধকৌ ॥ ৩০
তদ্দৃষ্ট্বা মহদাশ্চর্য্যং গন্ধর্ব্বাপ্সরসাং গণাঃ ।
ননৃতুর্জ্জগুস্তুষ্টুবুশ্চ মুনয়ঃ সিদ্ধচারণাঃ ।
দেবাশ্চ কুসুমাসারৈর্ব্ববৃষুর্হর্ষমানসাঃ ॥ ৩১
দিবি দুন্দুভয়ো নেদুঃ প্রসন্নাশ্চাভবন্ দিশঃ ।
তয়োর্ব্বধপ্রমুদিতঃ কবির্দ্দশসহস্রকান্ ।
সাশ্বান্ মহারথান্ সাক্ষাদহনদ্ দিব্যশায়কৈঃ ॥ ৩২
প্রাজ্ঞঃ শতসহস্রাণাং যোধানাং রণমূর্দ্ধনি ।
ক্ষয়ং নিন্যে সুমন্তুস্তু রথিনাং পঞ্চবিংশতিম্ ॥ ৩৩
এবমন্যে গার্গ্যভর্গ্য-বিশালাদ্যা মহারথান্ ।
নিজঘ্নুঃ সময়ে ক্রুদ্ধা নিষাদান্ ম্লেচ্ছবর্ব্বরান্ ॥ ৩৪

পূর্ব্বক সরোষে এককালে বজ্রবৎ কঠোর মুষ্টিদ্বয়প্রহারে উভয়ের শিরোদেশ চূর্ণ করিয়া ফেলিলেন ॥ ২৯

সুরগণের ভীতিজনক, সর্ব্বজন অহিতকারী দানবদ্বয় ভগ্নশৃঙ্গ হইয়া ভগ্নসানু গিরিদ্বয়ের ন্যায় ধরাশায়ী হইল ॥ ৩০

এই অদ্ভুত ব্যাপার অবলোকন করিয়া গন্ধর্ব্বেরা গান, অপ্সরারা নৃত্য, মুনিগণ স্তব এবং দেব, সিদ্ধ ও চারণেরা পুলকিতচিত্তে কুসুমবর্ষণ করিতে লাগিলেন ॥ ৩১

কোকবিকোকের পতন দর্শনে কল্কির আনন্দের পরিসীমা রহিল না। তিনি দিব্যাস্ত্রপ্রয়োগ দ্বারা অশ্বরথাদিসহ অযুতবীরের প্রাণসংহার করিলেন ॥ ৩২ ॥ প্রাজ্ঞের হস্তেও একলক্ষ এবং সুমন্তুর হস্তে পঞ্চবিংশতি রথী নিপাতিত হইল ॥ ৩৩

গার্গ্য, ভর্গ্য, বিশাল প্রভৃতি বীরবৃন্দও রোষান্বিত হইয়া ম্লেচ্ছবর্গ ও নিষাদবৃন্দকে সংহার করিলেন ॥ ৩৪

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এবং বিজিত্য তান্ সর্ব্বান্ কল্কির্ভূপগণৈঃ সহ।
শয্যাকর্ণৈশ্চ ভল্লাটনগরং জেতুমাযযৌ ॥ ৩৫
নানাবাদ্যৈর্লোকসংঘৈর্বরাস্ত্রৈঃ, নানাবস্ত্রৈর্ভূষণৈর্ভূষিতাঙ্গৈঃ।
নানাবাহৈশ্চামরৈর্ব্বীজ্যমানো, যাতো যোদ্ধুং কল্কিরত্যুগ্রসেনঃ ॥৩৬
ইতি শ্রীকল্কিপুরাণেঽনুভাগবতে ভবিষ্যে তৃতীয়াংশে কোকবিকো-
কাদীনাং বধো নাম সপ্তমোঽধ্যায়ঃ ॥ ৭

অষ্টমোঽধ্যায়ঃ

—:০:—

সূত উবাচ।

সেনাগণৈঃ পরিবৃতঃ কল্কির্নারায়ণঃ প্রভুঃ।
ভল্লাটনগরং প্রয়াৎ খড়্গধৃক্ সপ্তবাহথঃ ॥ ১
স ভল্লাটেশ্বরো যোগী জ্ঞাত্বা বিষ্ণুং জগৎপতিম্।
নিজসেনাগণৈঃ পূর্ণো যোদ্ধুকামো হরিং যযৌ ॥ ২

এই প্রকারে কল্কি নৃপতিবৃন্দের সহিত সমবেত হইয়া শত্রুকুল পরাজয় পূর্ব্বক শয্যাকর্ণদিগের অধিকৃত ভল্লাটনগরাভিমুখে যাত্রা করিলেন ॥ ৩৫

তৎকালে নানারূপ বাদ্যধ্বনিতে চারিদিক্ প্রতিধ্বনিত হইল। নানাবিধ দিব্যাস্ত্রধারী, বিবিধ পরিচ্ছদ ও ভূষণে ভূষিতাঙ্গ, অসংখ্য লোক, অসংখ্য যানবাহন কল্কির অনুগমন করিল এবং তাঁহার চারিদিকেই চামরব্যজন হইতে লাগিল ॥ ৩৬

ইতি কোকবিকোকাদিবধ নামক সপ্তম অধ্যায় সমাপ্ত।

সূত বলিলেন,—ভগবান্ কল্কি অশ্বারোহণে অসিহস্তে সেনাগণ সমভিব্যাহারে ভল্লাটনগরে উপস্থিত হইলেন ॥ ১ ॥ মহাযোগী ভল্লাটেশ্বর কল্কিকে জগদীশ্বর হরির পূর্ণাবতার জানিয়া যুদ্ধার্থ সসৈন্যে বহির্গত হইলেন ॥ ২

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স হর্ষোৎপুলকঃ শ্রীমান্ দীর্ঘাঙ্গঃ কৃষ্ণভাবনঃ।
শশিধ্বজো মহাতেজা গজাযুতবলঃ সুধীঃ ॥ ৩
তস্য পত্নী মহাদেবী বিষ্ণুব্রতপরায়ণা।
সুশান্তা স্বামিনং প্রাহ কল্কিনা যোদ্ধুমুদ্যতম্।
নাথ কান্তং জগন্নাথং সর্ব্বান্তর্যামিনং প্রভুম্ ॥ ৪
কল্কিং নারায়ণং সাক্ষাৎ কথং ত্বং প্রহরিষ্যসি ॥ ৫

শশিধ্বজ উবাচ।

সুশান্তে পরমো ধর্ম্মঃ প্রজাপতিবিনির্ম্মিতঃ।
যুদ্ধে প্রহারঃ সর্ব্বত্র গুরৌ শিষ্যে হরেরিব ॥ ৬
জীবতো রাজভোগঃ স্যাৎ মৃতঃ স্বর্গে প্রমোদতে।
যুদ্ধে জয়ো বা মৃত্যুর্ব্বা ক্ষত্রিয়াণাং সুখাবহঃ ॥ ৭

আনন্দভরে তদীয় সর্ব্বাঙ্গ পুলকিত হইল। তিনি স্বভাবতঃ কৃষ্ণচিন্তা-পরায়ণ; তাঁহার নাম শশিধ্বজ। তিনি মহাবুদ্ধি, শ্রীমান্ দীর্ঘদেহ ও মহাতেজস্বী ॥ ৩ ॥ শশিধ্বজ নৃপতির মহিষী সুশান্তা হরিব্রতপরায়ণা ছিলেন। তিনি স্বামীকে কল্কির সহিত সংগ্রামে প্রবৃত্ত হইতে দেখিয়া বলিলেন,—নাথ! কল্কি মূর্ত্তিমান্ জগদীশ্বর, জগতের প্রার্থনীয়, সর্ব্বান্তর্য্যামী হরি; আপনি কি প্রকারে তাঁহার দেহে আঘাত করিবেন? ॥ ৪—৫

রাজা কহিলেন,—দেবী সুশান্তে! যুদ্ধে হরির ন্যায় গুরুজনের দেহে বা শিষ্যের দেহে আঘাত করিলে দোষ নাই। পদ্মযোনি এই বিধি নির্দ্দিষ্ট করিয়া রাখিয়াছেন ॥ ৬

প্রাণ লইয়া রণক্ষেত্র হইতে প্রত্যাগত হইতে পারিলে, অখণ্ড রাজ্যভোগ হয়, আর পতন হইলে সুরপুরে দিব্যানন্দ ভোগ করিতে পারে; অতএব সংগ্রামে মৃত্যু বা জয়, উভয়ই ক্ষত্রিয়জাতির পক্ষে মঙ্গলের কারণ ॥ ৭

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সুশান্তোবাচ।

দেবত্বং ভূপতিত্বং বা বিষয়াবিষ্টকামিনাম্।
উন্মদানাং ভবেদেব ন হরেঃ পাদসেবিনাম্॥ ৮
ত্বং সেবকঃ স চাপীশস্ত্বং নিষ্কামঃ স চাপ্রদঃ।
যুবয়োর্যুদ্ধমিলনং কথং মোহাদ্‌ভবিষ্যতি॥ ৯

শশিধ্বজ উবাচ।

দ্বন্দ্বাতীতে যদি দ্বন্দ্বমীশ্বরে সেবকে তথা।
দেহাবেশাল্লীলয়ৈব সা সেবা স্যাত্তথা মম॥ ১০
দেহাবেশাদীশ্বরস্য কামাদ্যা দৈহিকা গুণাঃ।
মায়াঙ্গা যদি জায়ন্তে বিষয়াশ্চ ন কিং তথা॥ ১১
ব্রহ্মতো ব্রহ্মতেশস্য শরীরত্বে শরীরিতা।
সেবকস্যাভেদদৃশস্ত্বেবং জন্মলয়োদয়াঃ॥ ১২

সুশান্তা বলিলেন,—বিষয়াসক্ত, বিষয়োন্মত্ত, কামীর পক্ষেই যুদ্ধে জয় হইলে অখণ্ডরাজ্যভোগ এবং পরাজয় হইলে দেবত্বলাভ, এই উভয় পুরুষার্থরূপে পরিগণিত হইতে পারে ; কিন্তু হরিপাদসেবিগণের পক্ষে উহা নিরতিশয় তুচ্ছ। নাথ! আপনি সেবক, আর কল্কি প্রভু ; আপনি নিষ্কাম এবং তিনি ফলদাতা। এরূপ স্থলে মোহের কার্য্য যুদ্ধসংঘটন অসম্ভব॥ ৮-৯

রাজা কহিলেন,—দেবি! সুখদুঃখাদিরূপ দ্বন্দ্বাতীত ঈশ্বর ও সেবক, উভয়ে শরীরধারণবশতঃ মায়াহেতু যদি ঐ দ্বন্দ্বের আরোপ হয়, তবে যুদ্ধাদি আমার পক্ষে লীলা-নিবন্ধন সেবায় মধ্যেই পরিগণিত হইতেছে॥ ১০

ঈশ্বরে দেহাধ্যান-নিবন্ধন মায়াঙ্গ কামরোষ প্রভৃতি দৈহিক গুণারাজি তাঁহাতে আরোপিত হইলে, বিষয় সমূহ আরোপিত না হইবে কেন? ১১

সচ্চিদানন্দ ঈশ্বরের যে সময় ব্রহ্মতা থাকে, তখন তিনি ব্রহ্ম, আর যে সময় দেহিত্ব থাকে, তখন তিনি দেহী। যে সেবকের ভেদজ্ঞান অন্তর্হিত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সেব্যসেবকতা বিষ্ণোর্ম্মায়া সেবেতি কীর্ত্তিতা।
দ্বৈতাদ্বৈতস্য চেষ্টৈষা ত্রিবর্গজনিকা সতাম্॥ ১৩
অতোঽহং কল্কিনা যোদ্ধুং যামি কান্তে স্বসেনয়া।
ত্বং তং পূজয় কান্তেঽদ্য কমলাপতিমীশ্বরম্॥ ১৪

সুশান্তোবাচ

কৃতার্থোঽহং ত্বয়া বিষ্ণুসেবাসংমিলিতাত্মনা।
স্বামিন্নিহ পরত্রাপি বৈষ্ণবী প্রথিতা গতিঃ॥ ১৫
ইতি তস্যা বল্গুবাগ্‌ভিঃ প্রণতায়াঃ শশিধ্বজঃ।
আত্মানং বৈষ্ণবং মেনে সাশ্রুনেত্রো হরিং স্মরন্॥ ১৬
তমালিঙ্গ্য প্রমুদিতঃ শূরৈর্ব্বহুভিরাবৃতঃ।
বদন্নাম স্মরন্ রূপং বৈষ্ণবৈর্যোদ্ধুমাযযৌ॥ ১৭

হইয়াছে, তদীয় জন্ম, লয় ও বৃদ্ধিও এই প্রকার, উপাধিভেদ-নিবন্ধনই সেবকের নামভেদ হয়॥ ১২

সেব্য, সেবকভাব ও সেবা, ইহা কেবল বৈষ্ণবী মায়ার কার্য্য। এই দ্বৈতাদ্বৈতচেষ্টা সাধুগণের পক্ষে ধর্ম্মাদি ত্রিবর্গপ্রদ॥ ১৩

দেবি! এই জন্যই আমি কল্কির সহিত যুদ্ধার্থ উদ্যত হইতেছি। তুমি অদ্য সেই কমলাপতির অর্চ্চনা কর॥ ১৪

সুশান্তা বলিলেন,—নাথ! আপনি হরিসেবা দ্বারা হরিতেই মিলিত হওয়াতে আমি কৃতার্থতা লাভ করিলাম। বিষ্ণু ভিন্ন কি ইহলোক, কি পরলোক কুত্রাপি অন্য উপায় নাই॥ ১৫॥ সুশান্তা প্রণামপূর্ব্বক এইরূপ মধুরবাক্য বলিলে নরপতি শশিধ্বজ সাশ্রুনেত্রে হরিকে স্মরণ ও আপনাকে পরম বৈষ্ণব জ্ঞান করিতে লাগিলেন॥ ১৬

অনন্তর তিনি প্রফুল্লচিত্তে মহিষীকে আলিঙ্গন পূর্ব্বক অসংখ্য বৈষ্ণবী বীর সহ হরিনাম উচ্চারণ ও হরিরূপ ধ্যান করিতে করিতে সমর-যাত্রা করিলেন॥ ১৭

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গত্বা তু কল্কিসেনায়াং বিদ্রাব্য মহতীং চমূম্।
শয্যাকর্ণগণৈর্বীরৈঃ সন্নদ্ধৈরুদ্যতায়ুধৈঃ॥ ১৮
শশিধ্বজসুতঃ শ্রীমান্ সূর্য্যকেতুর্ম্মহাবলঃ।
মরুভূপেন যুযুধে বৈষ্ণবো ধন্বিনাং বরঃ॥ ১৯
তস্যানুজো বৃহৎকেতুঃ কান্তঃ কোকিলনিস্বনঃ।
দেবাপিনা স যুযুধে গদাযুদ্ধবিশারদঃ॥ ২০
বিশাখযূপভূপস্তু শশিধ্বজনৃপেন চ।
যুযুধে বিবিধৈঃ শাস্ত্রৈঃ করিভিঃ পরিবারিতঃ॥ ২১
রুধিরাশ্বো ধনুর্দ্ধারী লঘুহস্তঃ প্রতাপবান্।
রাজন্যনেন যুযুধে গার্গ্যঃ শান্তেন ধন্বিনা॥ ২২
শূলৈঃ পাশৈর্গদাঘাতৈর্ব্বাণশক্ত্যৃষ্টিতোমরৈঃ।
ভল্লৈঃ খড়্গৈর্ভূর্ষুণ্ডীভিঃ কুন্তৈঃ সমভবদ্রণঃ ২৩

অনন্তর নরপতি শশিধ্বজ রণক্ষেত্রে প্রবেশ পূর্ব্বক কল্কির মহতী সেনাকে শ্রেণীভঙ্গ করিয়া দিলেন। মহাবল সন্নদ্ধ শয্যাকর্ণগণ অস্ত্রশস্ত্র উদ্যত করিয়া নৃপতিসহ সমবেত হইয়া রণে প্রবৃত্ত হইল॥ ১৮

মহাধনুর্দ্ধর, মহাবীর, হরিপরায়ণ, শশিধ্বজনন্দন শ্রীমান্ সূর্য্যকেতু সূর্য্যবংশাবতংস মরুর সহিত সংগ্রামে প্রবৃত হইলেন॥ ১৯

সূর্য্যকেতুর কনিষ্ঠ ভ্রাতার নাম বৃহৎকেতু। তিনি দিব্যমূর্ত্তি, কোকিল-কণ্ঠ ও গদাযুদ্ধবিশারদ। তিনি দেবাপিব সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন॥ ২০॥ রাজা বিশাখযুপ হস্তি সমূহে পরিবেষ্টিত হইয়া নানারূপ অস্ত্রশস্ত্র দ্বারা নৃপবর শশিধ্বজের সহিত সংগ্রাম করিতে লাগিলেন॥ ২১

রক্তবর্ণ তুরগারূঢ়, ক্ষিপ্রহস্ত, ধনুর্দ্ধর, মহাপ্রতাপ গার্গ্য ধূলিরাশির মধ্যে মহাধনুর্দ্ধর শান্তের সহিত দ্বন্দ্বযুদ্ধে প্রবৃত্ত হইলেন॥ ২২

এই প্রকারে শূল, পাশ, গদা, শক্তি, ঋষ্টি, তোমর, ভল্ল ও অসি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পতাকাভির্ধ্বজৈশ্চিহ্নৈস্তোমরৈশ্ছত্রচামরৈঃ।
প্রোদ্ধূতধূলিপটলৈরন্ধকারো মহানভূৎ॥ ২৪
গগনেঽম্বুঘনা দেবাঃ কে বা বাসং ন চক্রিরে।
গন্ধর্ব্বৈঃ সাধুসন্দর্ভৈর্গীয়নৈরমৃতায়নৈঃ॥ ২৫
দ্রষ্টুং সমাগতাঃ সর্ব্বে লোকাঃ সমরমদ্ভুতম্।
শঙ্খদুন্দুভিসন্নাদৈরাস্ফোটৈর্বৃংহিতৈরপি॥ ২৬
হ্রেষিতৈর্যোধনোৎক্রুষ্টৈর্লোকা মূকা ইবাভবন্।
রথিনো রথিভিঃ শাকং পাদাতাশ্চ পদাতিভিঃ॥ ২৭
হয়া হয়ৈরিভাশ্চেভৈঃ সমরোঽমরদানবৈঃ।
যথাভবৎ স তু ঘনো যমরাষ্ট্রবিবর্দ্ধনঃ॥ ২৮
শশিধ্বজচমূনাথৈঃ কল্কিসেনাধিপৈঃ সহ।
নিপেতুঃ সৈনিকা ভূমৌ চ্ছিন্নবাহ্বঙ্ঘ্রিকন্ধরাঃ॥ ২৯

দ্বারা মহাযুদ্ধ হইতে লাগিল॥ ২৩॥ পতাকা ধ্বজ, নৃপতিদিগের নিজ নিজ চিহ্ন, তোমর, ছত্র, চামর ও সমুত্থিত ধূলিপুঞ্জ দ্বারা রণভূমি যেন অন্ধকার হইয়া পড়িল॥ ২৪

সুরবৃন্দ মেঘের অন্তরালে থাকিয়া সেই ভীষণ যুদ্ধ দর্শন করিতে লাগিলেন। গন্ধর্ব্বেরা সাধু সন্দর্ভ দ্বারা মধুর গান করিতে করিতে রণক্ষেত্রে উপস্থিত হইলেন॥ ২৫॥ ক্রমে ক্রমে সকল লোকই যুদ্ধদর্শনার্থ উপস্থিত হইল। শঙ্খদুন্দুভিধ্বনি যোদ্ধৃবৃন্দের আস্ফোট, হস্তিগণের বৃংহিত অশ্ববৃন্দের হ্রেষারব এবং অস্ত্রের পরস্পর সংঘর্ষ দ্বারা রণক্ষেত্র পরিব্যপ্ত হওয়াতে কেহই কাহারও কোন কথা শ্রবণগোচর করিতে সমর্থ না হওয়াতে মূকবৎ অনুমিত হইতে লাগিল। রথী রথীর সহিত, অশ্বারোহী অশ্বারোহীর সহিত, হস্তী হস্তীর সহিত ও পদাদি পদাতির সহিত যুদ্ধ করিতে লাগিল। ক্রমে সেই ভীষণ যুদ্ধ দেবাসুর যুদ্ধের ন্যায় কৃতান্তের প্রজাসংখ্যা বৃদ্ধি করিতে লাগিল॥ ২৬-২৮॥ শশিধ্বজের ও কল্কির সেনাপতিগণ ও অপরাপর

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ধাবন্তোঽভিদ্রুবন্তশ্চ বিক্লবন্তোঽস্থগুক্ষিতাঃ।
উপর্য্যুপরি সংচ্ছন্না গজাশ্বরথমর্দ্দিতাঃ॥ ৩০
নিপেতুঃ প্রধনে বীরাঃ কোটি কোটি সহস্রশঃ।
ভূতেশানন্দসন্দোহঃ স্রবন্তো রুধিরোদকম্॥ ৩১
উষ্ণীষহংসাঃ সংছিন্নগজরোধোরথপ্লবাঃ।
করোরুমীনাভরণা অসিকাঞ্চনবালুকাঃ॥ ৩২
এবং প্রবৃত্তাঃ সংগ্রামে নদ্যঃ সদ্যোঽতিদারুণাঃ॥ ৩৩
সূর্য্যকেতুস্তু মরুণা সহিতো যুযুধে বলী।
কালকল্পো দুরাধর্ষো মরুং বাণৈরতাড়য়ৎ।
মরুস্তু তত্র দশভির্ম্মার্গণৈরহনদ্ভৃশম্॥ ৩৪

সৈনিকেরা ছিন্নভূজ, ছিন্নচরণ ও ছিন্নশির লইয়া ভূপতিত হইল॥ ২৯॥ কেহ কেহ অস্ত্রাহত হইয়া ধাবিত হইতেছে; কেহ কেহ চীৎকার করিতেছে, কেহ কেহ বিকৃতস্বরে উচ্চনাদ করিতেছে, কাহারও দেহ রুধিরাক্ত হইতেছে, কেহ কেহ উপর্য্যুপরি নিপতিত হওয়াতে রণভূমি সমাকীর্ণ হইতেছে, কেহ কেহ বা করি তুরঙ্গপদে ও রথচক্রে মর্দ্দিত ও নিষ্পেষিত হইতেছে॥ ৩০॥ এই প্রকারে সেই যুদ্ধে সহস্র সহস্র কোটী কোটি বীরের পতন হইল। রুধিরদনীতে রণভূমি প্লাবিতহইয়া পড়িল। শোণিতনদী দর্শনে পিশাচ, রাক্ষস, শৃগাল ও গৃধ্র প্রভৃতির আনন্দের পরিসীমা রহিল না॥ ৩১॥ সেই রুধিরপ্রবাহে উষ্ণীব সকল নিপাতিত হওয়াতে উহা হংসবৎ অনুমিত হইতে লাগিল। পতিত হস্তিগণ উহার পুলিনস্বরূপ রথসমূহ নৌকাস্বরূপ, ছিন্নকরপদাদি মীনস্বরূপ এবং অসিসমূহ স্বর্ণবালুকাস্বরূপ বোধ হইতে লাগিল॥ ৩২॥ এইরূপে রণক্ষেত্রে ঘোরা নদী প্রবাহিতা হইল॥৩৩॥ মহাবল সূর্য্যকেতুর সহিত মরুর যুদ্ধ হইতে লাগিল। কৃতান্ততুল্য দুর্জ্জয় সূর্য্যকেতু বাণজাল দ্বারা মরুকে সমাবৃত করিলে, মরুও দশবাণে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মরুবাণাহতো বীরঃ সূর্য্যকেতুরমর্ষিতঃ।
জঘান তুরগান্ কোপাৎ পদোদ্‌ঘাতেন তদ্রথম্ ॥ ৩৫
চূর্ণয়িত্বাথ তেনাপি তস্য বক্ষস্যতাড়য়ৎ।
গদাঘাতেন তেনাপি মরুর্মূর্চ্ছামবাপহ ॥ ৩৬
সারথিস্তমপোবাহ রথেনান্যেন ধর্ম্মবিৎ।
বৃহৎকেতুশ্চ দেবাপিং বাণৈঃ প্রাচ্ছাদয়দ্‌বলী ॥ ৩৭
ধনুর্বিকৃষ্য তরসা নীহারেণ যথা রবিম্।
স তু বাণময়ং বর্ষং পরিবার্য্য নিজায়ুধৈঃ ॥ ৩৮
বৃহৎকেতুং দৃঢ়ং জঘ্নে কঙ্কপত্রৈঃ শিলাশিতৈঃ।
ভিন্নং শূলমথালোক্য ধনুর্গৃহ্য পতত্রিভিঃ ॥ ৩৯
শিতধারৈঃ স্বর্ণপুঙ্খৈর্গৃধ্রপত্রৈরয়োমুখৈঃ।
দেবাপিমাশুগৈর্জ্জঘ্নে বৃহৎকেতুঃ সসৈনিকম্ ॥ ৪০

সূর্য্যকেতুকে সংবিদ্ধ করিলেন ॥ ৩৪ ॥ মরুর শরে বিদ্ধ হইয়া মহাবীর সূর্য্যকেতু ক্রুদ্ধ হইলেন এবং মরুর অশ্বগুলিকে সংহার করিয়া গদাঘাতে তদীয় রথও চূর্ণ করিয়া ফেলিলেন, মরু ধরাতলে মূর্চ্ছিত হইলেন ॥ ৩৫—৩৬

তখন ধর্ম্মনিষ্ঠ সারথি স্বীয় প্রভু মরুকে অপর একখানি রথে উঠাইয়া লইলেন। এদিকে মহাবল বৃহৎকেতু বাণজালে দেবাপিকে সমাবৃত করিলেন ॥ ৩৭ ॥ নীহার দ্বারা যেরূপ আদিত্যদেব সমাচ্ছন্ন হন, সেইরূপ বানাচ্ছন্ন দেবাপি আশু কার্ম্মুক গ্রহণ পূর্ব্বক স্বীয় বাণপুঞ্জ দ্বারা বিপক্ষের শরবর্ষণ নিবারণ করিলেন ॥ ৩৮

অনন্তর তিনি শিলাশিত কঙ্কপত্র দ্বারা বৃহৎকেতুকে আঘাত করিলেন। বৃহৎকেতুও স্বীয় শূলাস্ত্র ভগ্ন হইল দেখিয়া পুনরায় কার্ম্মুক গ্রহণপূর্ব্বক তাহাতে শরসন্ধান করিলেন ॥ ৩৯

তৎপরে বৃহৎকেতু কাঞ্চনপুঙ্খগৃধ্রপক্ষশোভিত লৌহমুখ তীক্ষ্ণবাণজাল

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দেবাপিস্তদ্ধনুদ্দিব্যং চিচ্ছেদ নিশিতৈঃ শরৈঃ।
ছিন্নধন্বা বৃহৎকেতুঃ খড়্গপাণির্জ্জিঘাংসয়া ॥ ৪১
দেবাপেঃ সারথিং সাশ্বং জঘ্নে শূরো মহাযোধে।
স দেবাপির্ধনুস্ত্যক্ত্বা তলেনাহত্য তং রিপুম্ ॥ ৪২
ভুজয়োরন্তরানীয় নিষ্পিপেষ স নির্দ্দয়ম্।
তং ত্র্যষ্টবর্ষং নিষ্ক্রান্তং মূর্চ্ছিতং শক্রণাদ্দিতম্ ॥ ৪৩
অনুজং বীজ্য দেবাপিং মূর্দ্ধ্নি সূর্য্যধ্বজোঽবধীৎ।
মুষ্টিনা বজ্রপাতেন সোঽপতন্মুর্চ্ছিতো ভুবি।
মূর্চ্ছিতস্য রিপুঃ ক্রোধাৎ সেনাগণমতাড়য়ৎ ॥ ৪৪
শশিধ্বজঃ সর্ব্বজগন্নিবাসং, কল্কিং পুরস্তাদভিসূর্য্যবর্চ্চসম্।
শ্যামং পিষঙ্গাম্বরমম্বুজেক্ষণং, বৃহদ্ভুজং চারুকিরীটভূষণম্ ॥ ৪৫

দ্বারা দেবাপিকে আঘাত করিলেন ॥ ৪০ ॥ দেবাপিও শাণিত শরনিকর দ্বারা বৃহৎকেতুর সেই দিব্য কার্ম্মুক ছেদন করিয়া ফেলিলেন। অনন্তর তিনি দেবাপিকে সংহার করিবার কামনায় অসি গ্রহণ করিলেন ॥ ৪১ ॥ তৎপরে সেই বীরবর সেই মহাযুদ্ধে দেবাপির অশ্ব ও সারথিকে সংহার করিলে, দেবাপি কার্ম্মুক পরিত্যাগ পূর্ব্বক শত্রুকে এক চপেটাঘাত করিলেন এবং তাহাকে বাহুদ্বয়াভ্যন্তরে আনয়ন পূর্ব্বক নিষ্ঠুররূপে নিষ্পেষিত করিতে লাগিলেন। চতুর্বিংশতিবর্ষবয়স্ক বৃহৎকেতু বিপক্ষকর্ত্তৃক নিষ্পেষিত হইয়া তৎক্ষণাৎ মূর্চ্ছিত ও মৃতকল্প হইলেন ॥ ৪২—৪৩

সূর্য্যকেতু সহোদরের তাদৃশী দুরবস্থা দর্শন পূর্ব্বক অশনিপাততুল্য মুষ্ট্যাঘাত দ্বারা দেবাপির মস্তক আহত করিলে, দেবাপিও হতসংজ্ঞ হইয়া ধরাশায়ী হইলেন। দেবাপিকে হতচেতন দেখিয়া সূর্য্যকেতু রোষভরে তদীয় সেনাসমূহের প্রতি নিষ্ঠুরাঘাত করিতে প্রবৃত্ত হইলেন ॥ ৪৪

ইত্যবসরে রণক্ষেত্র মধ্যে ভগবান কল্কি নরপতি শশিধ্বজের নেত্রপথে নিপতিত হইলেন। প্রভু কল্কির বর্ণ শ্যামল, তাঁহার তেজ সূর্য্যের ন্যায়,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নানামণিব্রাতচিতাঙ্গশোভয়া, নিরস্তলোকেক্ষণহৃত্তমোময়ম্।
বিশাখযূপাদিভিরাবৃতং প্রভুং, দদর্শ ধর্ম্মেন কৃতেন পূজিতম্ ॥ ৪৬

ইতি শ্রীকল্কিপুরাণেঽনুভাগবতে ভবিষ্যে তৃতীয়াংশে শশিধ্বজ-
কল্কিসেনয়োর্যুদ্ধং নাম অষ্টমোঽধ্যায়ঃ ॥ ৮

নবমোঽধ্যায়ঃ

—০:*:০—

স্যুত উবাচ।

হৃদি ধ্যানাস্পদং রূপং কল্কের্দৃষ্ট্বা শশিধ্বজঃ।
পূর্ণং খড়্গধরং চারু তুরগারূঢ়মব্রবীৎ ॥ ১

তিনি নিখিল ব্রহ্মাণ্ডের আধার, তাঁহার নেত্রদ্বয় পদ্মসদৃশ, পরিধান পিঙ্গল বসন, তিনি আজানুলম্বিতবাহু। তাঁহার শিরোদেশে দিব্যকিরীট বিরাজিত ॥ ৪৫ ॥ তিনি নানারূপ মণিরাজিতে বিরাজিত অঙ্গের শোভা দ্বারা নিখিল লোকের নেত্র ও চিত্তের অন্ধকার দূর করিতেছেন। বিশাখযূপ প্রভৃতি নৃপতিবৃন্দ ই হার চতুর্দ্দিকে পরিবেষ্টন পূর্ব্বক অবস্থিত রহিয়াছেন। ধর্ম্ম ও কৃতযুগ ইঁহারা উভয়ে প্রভুর পূজা করিতেছেন ॥ ৪৬

ইতি শশিধ্বজ সেনা ও কল্কিসেনার যুদ্ধ নামক অষ্টম অধ্যায় সমাপ্ত।

স্যুত কহিলেন,—নরপতি শশিধ্বজ, ধ্যানাস্পদ, দিব্যাশ্বারূঢ়, অসিধারী পূর্ণাবতার কল্কির মনোহর রূপ দেখিয়া বলিতে আরম্ভ করিলেন ॥ ১

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ধনুর্ব্বাণধরং চারু বিভূষণবরাঙ্গকম্।
পাপতাপবিনাশার্থমুদ্যতং জগতাং পরম্॥ ২
প্রাহ তং পরমাত্মানং হৃষ্টরোমা শশিধ্বজঃ।
এ হ্যেহি পুণ্ডরীকাক্ষ! প্রহারং কুরু মে হৃদি॥ ৩
অথবাত্মন্! বাণভিয়া তমোঽন্ধে হৃদি মে বিশ।
নির্গুণস্য গুণজ্ঞত্বমদ্বৈতস্যাস্ত্রতাড়নম্॥ ৪
নিষ্কামস্য জয়োদ্যোগসহায়ং যস্য সৈনিকম্।
লোকাঃ পশ্যন্তু যুদ্ধে মে দ্বিরথে পরমাত্মনঃ॥ ৫
পরবুদ্ধির্যদি দৃঢ়ং প্রহর্ত্তা বিভবে ত্বয়ি।
শিববিষ্ণোর্ভেদকৃতে লোকং যস্যামি সংযুগে॥ ৬
ইতি রাজ্ঞো বচঃ শ্রুত্বা অক্রোধঃ ক্রুদ্ধবদ্ বিভুঃ।
বাণৈরতাড়য়ৎ সংখ্যে ধৃতায়ুধমরিন্দমম্॥ ৭

এই জগন্নাথ কল্কি শরাসন ধারণপূর্ব্বক দিব্যালঙ্কারে অলঙ্কৃত হইয়া পাপতাপ বিদূরণে সমুদ্যত হইয়াছেন ॥ ২ ॥ শশিধ্বজ পুলকিত হইয়া সেই পরমাত্মাকে বলিলেন,—"হে পদ্মপলাশলোচন! আইস, আমার বক্ষঃপ্রদেশে প্রহার কর ॥ ৩ ॥ কিংবা হে পরমাত্মন্! মদীয় শরপাতভয়ে তমোরাশি দ্বারা অন্ধীকৃত মদীয় হৃদয়ে প্রবেশ পূর্ব্বক লুক্কায়িত হও। নির্গুণ হইয়া যিনি গুণবেত্তা, অদ্বয় হইয়াও যিনি অস্ত্রপ্রয়োগে সমুদ্যত, কামনারহিত হইয়াও যিনি জয়োদ্যোগের জন্য সেনার সহায়তা গ্রহণ করিয়াছেন, আমি সেই পরমাত্মার সহিত দ্বন্দ্বযুদ্ধ করিব, সকলে প্রত্যক্ষ করুক ॥ ৪—৫

হে ভগবন্! তুমি বিভু, আমি তোমাকে কঠিনরূপে আঘাত করিব। পরন্তু আঘাতকালে যদি আমার পরমজ্ঞান হয়, তাহা হইলে হরহরিভেদ-জ্ঞানকারীর গন্তব্য হীনলোকে যেন আমার গতি হয় ॥ ৬

অরিন্দম অস্ত্রধারী পরপতি শশিধ্বজের এই কথা শুনিয়া ভগবান্

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শশিধ্বজস্তৎপ্রহারমগণয্য বরায়ুধৈঃ।
তং জঘ্নে বাণবর্ষেণ ধারাভিরিব পর্ব্বতম্ ॥ ৮
তদ্‌বাণবর্ষভিন্নাঙ্গঃ কল্কিঃ পরমকোপনঃ।
দিব্যৈঃ শস্ত্রাস্ত্রসংঘাতৈস্তয়োর্যুদ্ধমবর্ত্তত ॥ ৯
ব্রহ্মাস্ত্রস্য চ ব্রহ্মাস্ত্রৈর্ব্বায়ব্যস্য চ পার্ব্বতৈঃ।
আগ্নেয়স্য চ পার্জ্জন্যৈঃ পান্নগস্য চ গারুড়ৈঃ ॥ ১০
এবং নানাবিধৈরস্ত্রৈরন্যোন্যমভিজঘ্নতুঃ।
লোকাঃ সপালাঃ সন্ত্রস্তা যুগান্তমিব মেনিরে ॥ ১১
দেবা বাণাগ্নিসন্ত্রস্তা অগমন্ খগমাঃ কিল ॥
ততোঽতিবিতথোদ্‌যোগৌ বাসুদেবশশিধ্বজৌ ॥ ১২
নিরস্ত্রৌ বাহুযুদ্ধেন যুযুধাতে পরস্পরম্।
পদাঘাতৈস্তলাঘাতৈর্মুষ্টিহরণৈস্তথা ॥ ১৩

কল্কি শান্তপ্রকৃতি হইয়াও ক্রুদ্ধবৎ লক্ষণ প্রদর্শন পূর্ব্বক রণাঙ্গনে বাণজাল দ্বারা তাঁহাকে প্রহার করিতে আরম্ভ করিলেন ॥ ৭ ॥ শশিধ্বজ ভূপতি সে প্রহারকে তুচ্ছজ্ঞান করিলেন। ফলতঃ জলদ যেমন গিরির উপর বারিবর্ষণ করে, তদ্রূপ তিনি নানারূপ অস্ত্রবর্ষণে প্রবৃত্ত হইলেন ॥ ৮ ॥ সেই শরবর্ষণ দ্বারা দেহ ছিন্নভিন্ন হওয়াতে কল্কি একান্ত ক্রুদ্ধ হইয়া উঠিলেন। তদনন্তর দিব্যাস্ত্রশস্ত্ররাজি দ্বারা তাঁহাদের উভয়ের মহাসংগ্রাম চলিতে লাগিল ॥ ৯

ব্রহ্মাস্ত্র দ্বারা ব্রহ্মাস্ত্র, পার্ব্বত্যাস্ত্র দ্বারা বায়ব্যাস্ত্র, পর্জ্জনাস্ত্র দ্বারা আগ্নেয়াস্ত্র এবং গরুড়াস্ত্র দ্বারা পন্নগাস্ত্র নিরারিত হইতে লাগিল ॥ ১০ ॥ কল্কি ও শশিধ্বজ পরস্পর এই প্রকারে নানাপ্রকার দিব্যাস্ত্র দ্বারা আঘাত করিতে প্রবৃত্ত হইলেন। সেই ভীষণ যুদ্ধ দেখিয়া প্রলয়কাল উপস্থিত জ্ঞানে লোকসমূহ ও লোকপালবৃন্দ একান্ত ভীত হইলেন ॥ ১১ ॥ যে সমস্ত দেবতা রণসন্দর্শনার্থ গমনমার্গে উপস্থিত হইয়াছিলেন, বাণাগ্নি দর্শনে তাঁহাদের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নিযুদ্ধকুশলৌ বীরৌ মুমুদাতে পরস্পরম্।
বরাহোদ্ধৃতশব্দেন তং তলেনাহনদ্ধরিঃ ॥ ১৪
স মূর্চ্ছিতো নৃপঃ কোপাৎ সমুত্থায় চ তৎক্ষণাৎ।
মুষ্টিভ্যাং বজ্রকল্পাভ্যামবধীৎ কল্কিমোজসা।
স কল্কিস্তৎপ্রহারেণ পপাত ভুবি মূর্চ্ছিতঃ ॥ ১৫
ধর্ম্মঃ কৃতশ্চ তং দৃষ্ট্বা মূর্চ্ছিতং জগদীশ্বরম্।
সমাগতৌ তমানেতুং কক্ষে তৌ জগৃহে নৃপঃ ॥ ১৬
কল্কিং বক্ষস্যুপাদায় লব্ধার্থঃ প্রযযৌ গৃহম্।
যুদ্ধে নৃপাণামন্যেষাং পুত্রৌ দৃষ্ট্বা সুদুর্জ্জয়ৌ ॥ ১৭

হৃদয় ভয়বিহ্বল হইল। অনন্তর উভয়ে শরত্যাগ পূর্ব্বক বাহুযুদ্ধ আরম্ভ করিলেন। তখন পদাঘাত চপটাঘাত ও মুষ্ট্যাঘাত দ্বারা যুদ্ধ হইতে লাগিল ॥ ১২—১৩

উভয়েই মহাবীর এবং যুদ্ধ বিশারদ ; পরস্পরের রণনৈপুণ্য দেখিয়া উভয়ে প্রীতিলাভ করিলেন। সৃষ্টির প্রাক্কালে বরাহদেব যখন ধরণী উদ্ধার করেন, সেই সময় যেরূপ শব্দ হইয়াছিল, তদ্রূপ ভীষণশব্দ করিয়া কল্কি চপেটাঘাত করিলেন, নরপতি শশিধ্বজ হতসংজ্ঞ হইয়া পড়িলেন, কিন্তু তৎক্ষণাৎ পুনরুত্থিত হইয়া রোষভরে সবলে বজ্রমুষ্টির দ্বারা কল্কির দেহে আঘাত করিলেন। সেই আঘাতেই প্রভু মূর্চ্ছিত হইয়া পড়িলেন ॥ ১৪-১৫

জগন্নাথ কল্কিকে অচেতন দেখিয়া ধর্ম্ম কৃতযুগ উভয়ে তাঁহাকে আনয়নার্থ নিকটবর্ত্তী হইলেন। তখন নরপতি শশিধ্বজ ধর্ম্ম ও কৃতযুগকে দুই কক্ষে ধারণ করিলেন ॥ ১৬

তদনন্তর তিনি কল্কিকে বক্ষঃপ্রদেশে ধারণপূর্ব্বক আপনাকে কৃতার্থম্মন্য জ্ঞান করিয়া স্বীয় গৃহাভিমুখে প্রস্থান করিলেন। তাঁহার মনে মনে এইরূপ ধারণা হইল যে, অন্য কোন নরপতিই সংগ্রামে তাঁহার পুত্রযুগলকে পরাজয় করিতে সক্ষম হইবেন না ॥ ১৭

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কল্কিং স্বরাধিপপতিং প্রধনে বিজিত্য।
ধর্ম্মং কৃতঞ্চ নিজকক্ষযুগে নিধায়॥
হর্ষোল্লসদ্ধৃদয় উৎপুলকঃ প্রমাথী।
গত্বা গৃহং হরিগৃহে দদৃশে সুশান্তাম্॥ ১৮
দৃষ্ট্বা তস্যাঃ সুললিতমুখং বৈষ্ণবীনাঞ্চ মধ্যে-
গায়ন্তীনাং হরিগুণকথাস্তামথ প্রাহ রাজা॥ ১৮
দেবাদীনাং বিনয়বচসা শম্ভলে জন্মবানা-
বিদ্যালাভং পরিণয়বিধিং ম্লেচ্ছপাষণ্ডনাশম্॥ ১৯
কল্কিঃ স্বয়ং হৃদি মমায়মিহাগতোঽদ্ধা-
মূর্চ্ছাচ্ছলেন তব ভক্তিসমীক্ষণার্থম্।
ধর্ম্মং কৃতঞ্চ মম কক্ষযুগে সুশান্তে-
কান্তে বিলোকয় সমর্চ্চয় সংবিধেহি॥ ২০

এই প্রকারে নরপতি শশিধ্বজ স্বরাধীশ্বর কল্কিকে সমরে পরাভূত করিয়া ধর্ম্ম ও কৃতযুগ উভয়কে উভয় কক্ষে লইয়া আনন্দিত মনে হৃষ্টচিত্তে ও পুলকিততনু হইয়া সৈন্যগণকে প্রপীড়িত ও মর্দ্দিত করিতে করিতে স্বীয় আলয়ে উপস্থিত হইলেন। দেখিলেন, মহিষী সুশান্তা হরিমন্দিরে উপবিষ্টা রহিয়াছেন॥ ১৮

বৈষ্ণবীরা তাঁহার চতুর্দ্দিক্ পরিবেষ্টন পূর্ব্বক হরিগুণ গান করিতেছে। সুশান্তার মনোহর বদনকমলের দিকে নেত্রপাত করিয়া নরপতি কহিলেন, যিনি অমরবৃন্দের বিনয় বাক্যে শম্ভলগ্রামে জন্মগ্রহণ করিয়াছেন, তিনিই ইনি। ইনি এই প্রকারে বিদ্যালাভ, এই প্রকারে বিবাহ এবং এই প্রকারে পাষণ্ড ও ম্লেচ্ছদিগের উচ্ছেদসাধন করিয়াছেন॥ ১৯

দেবী! যে কল্কি হৃদয়ে অধিষ্ঠান করেন, তিনি মূর্চ্ছাচ্ছলে এখানে আগমন করিয়াছেন। ধর্ম্ম ও কৃতযুগও আমার কক্ষদেশে অবস্থিত। তুমি ইঁহাদের অর্চ্চনা কর॥ ২০

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইতি নৃপবচসা বিনোদপূর্ণা, হরিকৃতধর্ম্মযুতং প্রণম্য নাথম্।
সহ নিজসখিভির্ননর্ত্ত রামা, হরিগুণকীর্ত্তনবর্ত্তনা বিলজ্জা ॥ ২১

ইতি শ্রীকল্কিপুরাণেঽনুভাগবতে ভবিষ্যে তৃতীয়াংশে
ধর্ম্মকল্কিকৃতানয়নো নাম নবমোঽধ্যায়ঃ ॥ ৯

দশমোঽধ্যায়ঃ

—০:*:০—

সুশান্তোবাচ।

জয় হরেঽমরাধীশসেবিতং, তব পদাম্বুজং ভূরিভূষণম্।
কুরু মমাগ্রতঃ সাধুসংকৃতং ত্যজ মহামতে! মোহমাত্মনঃ ॥ ১
তব বপুর্জ্জগদ্রূপসম্পদা, বিরচিতং সতাং মানসে স্থিতম্।
রতিপতের্ম্মনোমোহদায়কং, কুরু বিচেষ্টিতং কামপূরণম্ ॥ ২

নরপতির এই কথা শুনিয়া সুশান্তা সানন্দে হরি, ধর্ম্ম, কৃতযুগ ও স্বীয় পতিকে প্রণাম করিয়া লজ্জা পরিহারপূর্ব্বক সখীবৃন্দ সহ হরিগুণগান ও প্রদক্ষিণ করিতে করিতে নৃত্য আরম্ভ করিলেন ॥ ২১

ইতি ধর্ম্ম-কল্কিকৃতানয়ন নামক নবম অধ্যায় সমাপ্ত।

সুশান্তা বলিলেন,—হে হরে! তোমার জয় হউক। তুমি স্বীয় মোহভাব ত্যাগ কর। হে মহাবুদ্ধে! সাধুবৃন্দ ও দেবরাজ তোমার যে পাদপদ্ম সেবা করেন, তোমার সেই ভূষণভূষিত পাদপদ্ম মদীয় পুরোভাগে স্থাপন কর ॥ ২ ॥ ত্বদীয় এই কলেবর ব্রহ্মাণ্ডের উৎকৃষ্ট রূপ সম্পত্তি দ্বারা গঠিত; তোমার এইরূপ সাধুগণের অন্তরে নিরন্তর জাগরূক রহিয়াছে। তোমার এই রূপ দেখিলে কন্দর্পেরও মোহ জন্মে। সম্প্রতি যাহাতে আমার

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তব যশো জগচ্ছোকনাশনং, মৃদুকথামৃতপ্রীতিদায়কম্।
স্মিতসুধোক্ষিতং চন্দ্রবন্মুখং, তব করোত্বলং লোকমঙ্গলম্ ॥ ৩
মম পতিস্ত্বয়ং সর্ব্বদুর্জ্জয়ো, যদি তবাপ্রিয়ং কর্ম্মণা চরেৎ।
জহি তদাত্মনঃ শত্রুমুদ্যতং, কুরু কৃপাং নচেদীদৃগীশ্বরঃ ॥ ৪
মহদহংযুতং পঞ্চমাত্রয়া, প্রকৃতিজায়য়া নির্ম্মিতং বপুঃ।
তব নিরীক্ষণাল্লীলয়া জগৎ, স্থিতিলয়োদয়ং ব্রহ্মকল্পিতম্ ॥ ৫
ভূ-বিয়ন্মরুদ্বারিতেজসাং, প্রচিতিভিঃ শরীরেন্দ্রিয়াশ্রিতৈঃ।
ত্রিগুণয়া স্বয়া মায়য়া বিভো, কুরু কৃপাং ভবৎসেবার্থিনাম্ ॥ ৬
তব ত্রিগুণালয়ং নাম পাবনং কলিমলাপহং কীর্ত্তয়ন্তি যে।
ভবভয়ক্ষং তাপতাপিতা, মুহুরহো জনাঃ সংসরন্তি নো ॥ ৭

মনোরথ সিদ্ধ হয়, তাহা কর ॥ ২ ॥ তোমার কীর্ত্তিগান শ্রুতিবিবরে প্রবিষ্ট হইলে ব্রহ্মাণ্ডের শোক বিদূরিত হয়। ত্বদীয় এই চন্দ্রবদন মৃদু-বাণীরূপ সুধাবর্ষণ দ্বারা সকলের চিত্তরঞ্জন করে। আহা! ত্বদীয় এই বদন মৃদুহাসামৃতে অভিষিক্ত। তোমার এই মুখপদ্ম যাহাতে বিশ্বের হিতকর হয় তাহা কর ॥ ৩ ॥ আমার এই পতি সকলের পক্ষেই দুর্দ্ধর্ষ। যদি ইঁহা তোমার কোন অপ্রিয়াচরণ হইয়া থাকে, তাহা হইলে তুমি শত্রুভাব বিসর্জ্জন পূর্ব্বক করুণা প্রকাশ কর, নতুবা তোমাকে জগতে দয়াময় বলিয়া ডাকিবে কেন? ৪

ত্বদীয় প্রকৃতিরূপা ভার্য্যা হইতে উদ্ভূত মহতত্ত্ব, অহঙ্কারতত্ত্ব, পঞ্চতন্মাত্র প্রভৃতি দ্বারা দেহ গঠিত হইয়াছে। ত্বদীয় ঈক্ষণ ও লীলানিবন্ধন ব্রহ্মে পরিকল্পিত এই জগতের সৃষ্টি, স্থিতি ও প্রলয় সংঘটিত হইতেছে ॥ ৫

হে ভগবান্! দেহ ও ইন্দ্রিয়াশ্রিত ভূম্যাদি পঞ্চভূতসমষ্টি দ্বারা এবং স্বীয় ত্রিগুণাত্মিকা মায়া দ্বারা ত্বদীয় সেবাপ্রার্থী ব্যক্তিগণের প্রতি কৃপা কর ॥ ৬ ॥ যাহারা ভবতাপে সন্তপ্ত হইয়া কলিকলুষহারী, সংসারভয়নাশক, নানাগুণাস্পদ পরম পবিত্র ভবদীয় নাম কীর্ত্তন করে, এই সংসারে তাহা-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তব জন্মঃ সতাং মানবর্দ্ধনং, দ্বিজকুলোদয়ং দেবপালকম্।
কৃতযুগার্পকং ধর্ম্মপূরকং, কলিকুলান্তকং শং তনোতু মে॥ ৮
মম গৃহং পতিপুত্রনপ্তৃকং গজরথৈর্ধ্বজৈশ্চামরৈর্ধনৈঃ।
মণিবরাসনং সৎকৃতিং বিনা, তব পদাব্জয়োঃ শোভয়ন্তি কিম্॥৯
তব জগদ্বপুঃ সুন্দরস্মিতং, মুখমনিন্দিতং সুন্দরারবম্।
যদি ন মে প্রিয়ং বল্গুচেষ্টিতে, পরিকরোত্যহো মৃত্যুরস্ত্বিহ॥১০

হয়চর ভয়হর করহরশরণ
খরতরবরশর দশবলমথন।
জয় হতপরভবভবভয়শমন
শশধরশতসমরসভরবদন॥ ১১

দিগকে আর পুনরায় দেহ ধারণ করিতে হয় না॥ ৭॥ ত্বদীয় আবির্ভাব দ্বারা সাধুবৃন্দের মানবৃদ্ধি, ব্রাহ্মণবর্গের অভ্যুদয়, অমরবৃন্দের রক্ষণ, কৃতযুগের পুনরধিকারলাভ, ধর্ম্মের বৃদ্ধি ও কলিকুলের নিধন হইতেছে। অধুনা ত্বদীয় ঐ আবির্ভাব দ্বারা আমার কল্যাণ হউক॥ ৮

মদীয় গৃহে আমার স্বামী, পুত্র, পৌত্র, গজ, রথ ধ্বজ, চামর, ঐশ্বর্য্য ও মণিময় আসন প্রভৃতি বিদ্যমান আছে, কিন্তু ত্বদীয় পাদপদ্মপূজা ব্যতীত এই সকলই বৃথা॥ ৯

হে বিশ্বাত্মন্! মনোহরস্মিতরাজিত, সর্ব্বাঙ্গসুন্দর, মনোরমবাণী বিভূষিত, রমণীয়চেষ্টাসম্পন্ন ভবদীয় এই বদন যদি মদীয় হিতানুষ্ঠানে উদ্যত না হয়, তাহা হইলে এই মুহূর্ত্তে আমার প্রাণবিয়োগ হউক॥ ১০

তুমি ঘোটকোপরি আরূঢ় হইয়া ভ্রমণ করিয়া থাক; তোমা হইতে সকলের ভয় দূর হয়, তুমি বিধি ও মহাদেবের আশ্রয়। তুমি তীক্ষ্ণ বাণজাল দ্বারা মহাবল বীরবৃন্দেকে মথিত কর। যে সমস্ত বীর যুদ্ধে পরাভূত ও হত হইয়াছে, তুমি তাহাদিগের রক্ষাবিধান করিয়া থাক, তোমা হইতে সংসারভয় দূর হয়, তোমার মুখপদ্ম শতচন্দ্রমা তুল্য সরস॥ ১১

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইতি তস্যাঃ সুশান্তায়া গীতেন পরিতোষিতঃ।
উত্তস্থৌ রণশয্যায়াঃ কল্কির্যুদ্ধস্থ-বীরবৎ॥ ১২
সুশান্তাং পুরতো দৃষ্ট্বা কৃতং বামে তু দক্ষিণে।
ধর্ম্মং শশিধ্বজং পশ্চাৎ প্রাহেতি ব্রীড়িতাননঃ॥ ১৩
কা ত্বং পদ্মপলাশাক্ষি! মম সেবার্থমুদ্যতা।
ক্বাস্তেশশিধ্বজঃ শূরো মম পশ্চাদুপস্থিতঃ॥ ১৪
হে ধর্ম্ম হে কৃতযুগ! কথমত্রাগতা বয়ম্।
রণাঙ্গনং বিহায়াস্য শত্রোরন্তঃপুরে বদ॥ ১৫
শত্রুপত্ন্যঃ কথং সাধু সেবন্তে মামরিং মুদা।
শশিধ্বজঃ শূরমানী মূর্চ্ছিতং হন্তি নো কথম॥ ১৬

সুশান্তোবাচ।

পাতালে দিবি ভূমৌ বা নরনাগসুরাসুরাঃ।
নারায়ণস্য তে কল্কে! কে বা সেবাং ন কুর্ব্বতে॥ ১৭

সুশান্তার গানে পরিতুষ্ট হইয়া কল্কি যুদ্ধস্থিত বীরের ন্যায় রণশয্যা হইতে গাত্রোত্থান করিলেন॥ ১২॥ তিনি পুরোভাগে সুশান্তাকে, বামে কৃতযুগেকে, দক্ষিণে ধর্ম্মকে এবং পশ্চাদ্‌ভাগে নরপতি শশিধ্বজকে দেখিয়া লজ্জাবনত বদনে বলিলেন,—পদ্মপলাশলোচনে! তুমি কে, কি জন্য আমার সেবার উদ্যোগ করিতেছ? বীরবর শশিধ্বজ কি নিমিত্ত আমার পশ্চাদ্ ভাগে অবস্থিতি করিতেছেন? ১৩—১৪

হে ধর্ম্ম! হে সত্যযুগ! আমরা যুদ্ধক্ষেত্র পরিত্যাগ পূর্ব্বক কি জন্য এবং কি প্রকারে এই শত্রুর অন্তঃপুরে আনীত হইলাম?॥ ১৫

আমি শত্রু, আমাকে শত্রুরমণীরা কি হেতু প্রফুল্লচিত্তে সেবা করিতেছে? আমি অচেতন হইয়াছিলাম, শূরমানী শশিধ্বজ আমাকে সংহার করে নাই কেন? ১৬

সুশান্তা বলিলেন,—পাতালে, স্বর্গে বা ভূমণ্ডলে, নর, নাগ সুরাসুর-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যৎসেবকানাং জগতাং মিত্রাণাং দর্শনাদপি।
নিবর্ত্তন্তে শত্রুভাবস্তস্য সাক্ষাৎ কুতো রিপুঃ॥ ১৮
ত্বয়া সার্দ্ধং মম পতিঃ শত্রুভাবেন সংযুগে।
যদি যোগ্যস্তদা নেতুং কিং সমর্থো নিজালয়ম্॥ ১৯
তব দাসো মম স্বামী অহং দাসী নিজা তব।
আবয়োঃ সংপ্রসাদায় আগতোঽসি মহাভুজ॥ ২০

ধর্ম্ম উবাচ।

অহং তবৈতয়োর্ভক্ত্যা নামরূপানুকীর্ত্তনাৎ।
কৃতার্থোঽস্মি কৃতার্থোঽস্মি কৃতার্থোঽস্মি কলিক্ষয়॥ ২১

কৃতযুগ উবাচ।

অধুনাহং কৃতযুগং তব দাসস্য দর্শনাৎ।
ত্বমীশ্বরো জগৎ পূজ্যঃ সেবকস্যাস্য তেজসা॥ ২২

গণের মধ্যে কোন্ ব্যক্তি হরি-অবতার কল্কির সেবা না করে? ১৭॥ জগৎ সংহার যাঁহার সেবক, জগৎ যাঁহার মিত্রস্বরূপ, যাঁহাকে দেখিলে শত্রুভাব দূর হইয়া যায়, সাক্ষাৎ সম্বন্ধে কে তাঁহার প্রতি শত্রুতাচরণ করিতে পারে?॥ ১৮॥ আমার পতি যদি শত্রুভাবে তোমার সহিত যুদ্ধ না করিতেন, তাহা হইলে কি তোমাকে নিজগৃহে আনয়ন করিতে সমর্থ হইতেন?॥ ১৯॥ আমার পতি তোমার কিঙ্কর, আমি তোমার কিঙ্করী। হে মহাবাহো! আমাদের প্রতি অনুগ্রহার্থ তুমি নিজেই এখানে উপস্থিত হইয়াছ॥ ২০

ধর্ম্ম বলিলেন,—হে কলিনাশন! ইঁহারা উভয়ে আপনার প্রতি যেরূপ ভক্তি প্রদর্শন করিতেছেন, যে প্রকার নাম কীর্ত্তন করিতেছেন, যে প্রকার স্তুতিবাদ করিতেছেন, তাহা দেখিয়া কৃতার্থ হইলাম॥ ২১

সত্যযুগ বলিলেন,—প্রভো! অদ্য আমি আপনার এই কিঙ্করকে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শশিধ্বজ উবাচ।

দণ্ড্যং মাং দণ্ডয় বিভো যোদ্ধৃত্বাহ্বাহুত্বতায়ুধম্।
যেন কামাদিরাগেণ ত্বয্যাত্মন্যপি বৈরিতা॥ ২৩
ইতি কল্কির্ব্বচস্তেষাং নিশম্য হর্ষিতাননঃ।
ত্বয়া জিতোঽস্মীতি নৃপং পুনঃ পুনরুবাচ হ॥ ২৪
ততঃ শশিধ্বজো রাজা যুদ্ধাদাহূয় পুত্রকান্।
সুশান্তায়া মতিং বুদ্ধা রমাং প্রাদাৎ স কল্কয়ে॥ ২৫
তদৈত্য মরুদেবাপী শশিধ্বজসমাহ্বতৌ।
বিশাখযুপভূপশ্চ রুধিরাশ্বশ্চ সংযুগাৎ॥ ২৬
শয্যাকর্ণনৃপেণাপি ভল্লাটং পরমাযযুঃ।
সেনাগণৈরসংখ্যাতৈঃ সা পুরী মর্দ্দিতাভবৎ॥ ২৭

দেখিয়া কৃতযুগ বলিয়া গণনীয় হইলাম। আপনিও এই কিঙ্করের তেজো দ্বারা ঈশ্বর ব্রহ্মাণ্ডপূজ্য হইলেন॥ ২২

শশিধ্বজ বলিলেন,—ভগবন্! আমি সমরে প্রবৃত্ত হইয়া ভবদীয় দেহে শরাঘাত করিয়াছি। আমিও দণ্ডার্হ, অতএব দণ্ডবিধান করুন; আপনি আমাদিগের আত্মা, আমি কামরোষাদি রাগের বশবর্ত্তী হইয়া আপনার সহিত শত্রুতাচরণ করিয়াছি॥ ২৩

ভগবান্ কল্কি এই সকল কথা শুনিয়া সহাস্যমুখে পুনঃ পুনঃ বলিলেন,—তুমিই আমাকে পরাজিত করিয়াছ॥ ২৪

তদনন্তর নরপতি শশিধ্বজ যুদ্ধক্ষেত্র হইতে পুত্রদিগকে আহ্বান পূর্ব্বক সুশান্তার অভিপ্রায়ানুসারে কল্কিকে রমানাম্নী তনয়া সম্প্রদান করিলেন॥ ২৫॥ সেই সময় মরু, দেবাপি, বিশাখযূপ, রুধিরাশ্ব ইঁহারা শশিধ্বজ রাজা কর্ত্তৃক আমন্ত্রিত হইয়া যুদ্ধক্ষেত্র হইতে শয্যাকর্ণনামক রাজার সহিত ভল্লাটনগরে উপস্থিত হইলেন। অগণ্য সেনাবৃন্দ দ্বারা সেই

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গজাশ্বরথসংবাধৈঃ পত্তিচ্ছত্ররথধ্বজৈঃ।
কল্কিনাপি রমায়াশ্চ বিবাহোৎসবসম্পদম্॥ ২৮
দ্রষ্টুং সমীয়ুস্ত্বরিতা হর্ষাৎ সবলবাহনাঃ।
শঙ্খভেরীমৃদঙ্গানাং বাদিত্রাণাঞ্চ নিস্বনৈঃ॥ ২৯
নৃত্যগীতবিধানৈশ্চ পুরস্ত্রীকৃতমঙ্গলৈঃ।
বিবাহো রময়া কল্কেরভূদতিসুখাবহঃ॥ ৩০
নৃপা নানাবিধৈর্ভোজ্যৈঃ পূজিতা বিবিশুঃ সভাম্।
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ শূদ্রাশ্চাবরজাতয়ঃ॥ ৩১
বিচিত্রভোগাভরণাঃ কল্কিং দ্রষ্টুমুপাবিশন্।
তস্যাং সভায়াং শুশুভে কল্কিঃ কমললোচনঃ॥ ৩২
নক্ষত্রগণমধ্যস্থঃ পূর্ণঃ শশধরো যথা।
রেজে রাজগণাধীশো লোকান্ সর্ব্বান্ বিমোহয়ন্॥ ৩৩

পুরী বিমর্দ্দিত হইতে লাগিল॥ ২৬—২৭॥ হস্তী, অশ্ব ও রথরাজির পরস্পর সংঘর্ষ দ্বারা পদাতি ও রথশ্রেণীর বিমর্দ্দ দ্বারা, পদাতি রথ ও ধ্বজপতাকাদি দ্বারা কল্কি ও রমার পরিণয়োৎসব সুসম্পাদিত হইল॥ ২৮

সকলে আনন্দনিবন্ধন বলবাহন সমভিব্যাহারে তাহা দেখিবার জন্য সত্বর উপস্থিত হইলেন; শঙ্খ, ভেরী, মৃদঙ্গ ও অপরাপর বাদিত্রসমূহের শব্দে, নৃত্যগীতাদিতে এবং পুরমহিলাকৃত মঙ্গলাচরণে রমা ও কল্কির পরিণয়োৎসব সংকৃত হইয়া সভায় প্রবিষ্ট হইলেন। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র ও অপরাপর জাতিরা, বিচিত্র অলঙ্কার ও বিবিধ ভোগ্য বস্তু লাভ করিয়া কল্কির দর্শনার্থ সভায় সমাসীন হইলেন। পদ্মপলাশলোচন কল্কি সেই সভায় বিরাজ করিতে লাগিলেন॥ ৩০—২২

পূর্ণচন্দ্রমা যেরূপ নক্ষত্ররাজির মধ্যে শোভা পায়, সেইরূপ নৃপতিবৃন্দের অধীশ্বর কল্কি লোকসমুহকে বিমুগ্ধ করিয়া বিরাজমান হইলেন॥ ৩৩

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রমাপতিং কল্কিমবেক্ষ্য ভূপঃ, সভাগতং পদ্মদলায়তেক্ষণম্।
জামাতরং ভক্তিযুতেন কর্ম্মণা, বিবুধ্য মধ্যে নিষসাদ তত্র হ ॥ ৩৪

ইতি শ্রীকল্কিপুরাণেঽনুভাগবতে ভবিষ্যে তৃতীয়াংশে
রমাবিবাহো নাম দশমোঽধ্যায়ঃ ॥ ১০

একাদশোঽধ্যায়ঃ

—:০:—

সূত উবাচ।

তত্রাহুস্তে সভামধ্যে বৈষ্ণবং তং শশিধ্বজম্ ॥ ১
মুনিভিঃ কথিতাশেষ-ভক্তিব্যাসক্তবিগ্রহম্।
সুশান্তাঞ্চ কৃতেনাপি ধর্ম্মেন বিধিবদ্‌যুতাম্ ॥ ২

রাজান উচুঃ।

যুবাং নারায়ণস্যাস্য কল্কেঃ শ্বশুরতাং গতৌ।
বয়ং নৃপা ইমে লোকা ঋষয়ো ব্রাহ্মণাশ্চ যে। ৩

শশিধ্বজ পদ্মপলাশনেত্র রমাপতি কল্কিকে সভায় সমাসীন দেখিয়া ভক্তিপূতচিত্তে তাঁহাকে জামাতৃজ্ঞানে তৎসমীপে উপবেশন করিলেন ॥ ৩৪

ইতি কল্কি-রমাবিবাহ-নামক দশম অধ্যায় সমাপ্ত।

সূত বলিলেন,—মহর্ষিবৃন্দ ভক্তির সীমা যেরূপ কীর্ত্তন করিয়াছেন, সেইরূপ পূর্ণ ভক্তিমান্, পরমবৈষ্ণব নরপতি শশিধ্বজকে এবং সত্যযুগ ও ধর্ম্মের সহিত মিলিতা সুশান্তাকে দেখিয়া সমাগত নৃপতিবৃন্দ ও বিপ্রগণ বলিতে আরম্ভ করিলেন ॥ ১—২

নৃপতিবৃন্দ বলিলেন,—আপনারা মূর্ত্তিমান্ নারায়ণ কল্কির শ্বশুর ও শ্বাশুরী হইলেন। অভ্যাগত এই সকল নৃপবৃন্দ, ঋষিবৃন্দ, বিপ্রবৃন্দ ও

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রেক্ষ্য ভক্তিবিতানং বাং হরৌ বিস্মিতমানসাঃ।
পৃচ্ছামস্ত্বামিয়ং ভক্তিঃ ক্ব লব্ধা পরমাত্মনঃ ॥ ৪
কস্য বা শিক্ষিতা রাজন্! কিংবা নৈসর্গিকী তব।
শ্রোতুমিচ্ছাম হে রাজন্! ত্রিজগজ্জনপাবনীম্ ॥ ৫
কথাং ভাগবতীং ত্বত্তঃ সংসারাশ্রমনাশিনীম্ ॥ ৬

শশিধ্বজ উবাচ।

স্ত্রীপুংসোরাবয়োস্তত্ত্বৎ শৃণুতামোঘবিক্রমাঃ।
বৃত্তং মজ্জন্মকর্ম্মাদি স্মৃতিং তদ্ভক্তিলক্ষণাম্ ॥ ৭
পুরা যুগসহস্রান্তে গৃধ্রোঽহং পূতিমাংসভূক্।
গৃধ্রীয়ং মে প্রিয়ারণ্যে কৃতনীড়া বনস্পতৌ ॥ ৮

বৈষ্ণবাদি অপরাপর ব্যক্তিগণের ভক্তি দর্শনে বিস্ময়াপন্ন হইয়াছি এবং অবগত হইতে বাসনা করি যে, আপনার এই পরমাত্মবিষয়িণী ভক্তি কোথা হইতে প্রাপ্ত হইলেন? ॥ ৩—৪ ॥ হে নৃপতে! আপনার এই ভক্তি কি কাহারও সকাশে শিক্ষা করিয়াছেন? কিংবা ইহা আপনাদের স্বতঃসিদ্ধ ভক্তি? হে নৃপতে! ভবৎসকাশে আমরা এই ভগবদ্বিষয়িণী ভক্তি কিরূপে লাভ করিয়াছেন, তাহা অবগত হইতে বাসনা করি। ইহা শুনিলেও ত্রিভুবনবাসিগণ পবিত্র হয়, ইহার প্রসাদে সংসারপ্রবৃত্তিরও মূলোচ্ছেদ হইয়া যায় ॥ ৫—৬

শশিধ্বজ কহিলেন,—হে বিপুলবিক্রমে নৃপতিবৃন্দ! আমাদের স্ত্রী পুরুষের যে প্রকারে জন্মকর্ম্মাদি হইয়াছে এবং যে প্রকারে ভক্তি-স্মৃতির আবির্ভাব হইয়াছে, তাহা বলিতেছি, আপনারা অবধান করুন ॥ ৭

সহস্রযুগ সমতীত হইল, আমি পূতিমাংসভোজী গৃধ্রযোনিতে জন্মগ্রহণ করিয়াছিলাম, আমার এই মহিষী সুশান্তাও গৃধ্রী ছিলেন। ইনি বনমধ্যে একটী মহাতরুর উপর কুলায় নির্ম্মাণপূর্ব্বক অবস্থিতি করিতেন ॥ ৮

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চচার কামং সর্ব্বত্র বনোপবনসংকুলে।
মৃতানাং পূতিমাংসৌঘৈঃ প্রাণানাং বৃত্তিকল্পকৌ ॥ ৯
একদা লুব্ধকঃ ক্রূরো লুলোভ পিশিতাশনৌ।
আবাং বীক্ষ্য গৃহে পুষ্টং গৃধ্রং তত্রাপ্যযোজয়ৎ ॥ ১০
তং বীক্ষ্য জাতবিশ্রম্ভৌ ক্ষুধয়া পরিপীড়িতৌ।
স্ত্রীপুংসৌ পতিতৌ তত্র মাংসলোভিতচেতসৌ ॥ ১১
বদ্ধাবাবাং বীক্ষ্য তদা হর্ষাদাগত্য লুব্ধকঃ।
জগ্রাহ কণ্ঠে তরসা চঞ্চ্বাগ্রাঘাতপীড়িতঃ ॥ ১২
আবং গৃহীত্বা গণ্ডক্যাঃ শিলায়ং সলিলান্তিকে।
মস্তিকৎ চূর্ণয়ামাস লুব্ধকঃ পিশিতাসনঃ ॥ ১৩
চক্রাঙ্কিতশিলাগঙ্গামরণাদপি তৎক্ষণাৎ।
জ্যোতির্ম্ময়বিমানেন সদ্যো ভূত্বা চতুর্ভুজৌ ॥ ১৪

ইনি বনোপবনসঙ্কুল স্থানে ইচ্ছানুসারে পরিভ্রমণ করিতেন। আমরা দুইজনেই মৃতজীবের পূতিগন্ধময় মাংসভক্ষণ দ্বারা দেহ ধারণ করিতাম ॥ ৯

একদিন কোন ক্রূরমতি ব্যাধ আমাদের দুই জনকে দেখিতে পাইয়া ধরিবার জন্য অভিলাষী লইল। সে আমাদিগকে বন্দী করিবার অভিপ্রায়ে গৃহপালিত গৃধ্রকে ছাড়িয়া দিল। তখন আমরা ক্ষুধায় একান্ত কাতর হইয়াছিলাম; সুতরাং সেই গৃহরক্ষিত গৃধ্রকে দেখিয়া বিশ্বস্তচিত্তে মাংসলোভে তথায় পতিত হইলাম ॥ ১০—১১

ব্যাধ আমাদিগকে জালবদ্ধ দর্শনে প্রফুল্ল হইয়া তথায় উপস্থিত হইল এবং সবেগে আমাদের গলদেশ ধারণ করিল। আমরাও সাধ্যানুসারে চঞ্চুপুট দ্বারা তাহাকে আঘাত করিতে প্রবৃত্ত হইলাম ॥ ১২ ॥ মাংসলোভী ব্যাধ আমাদিগকে লইয়া জাহ্নবী-সলিলসমীপে গণ্ডকীশিলায় ফেলিয়া আমাদের উভয়েরই মস্তক চূর্ণ করিল ॥ ১৩ ॥ গঙ্গায় ও চক্রাঙ্কিত শিলায়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রাপ্তৌ বৈকুণ্ঠনিলয়ং সর্ব্বলোকনমস্কৃতম্।
তত্র স্থিত্বা যুগশতং ব্রাহ্মণো লোকমাগতৌ ॥ ১৫
ব্রহ্মলোকে পঞ্চশতং যুগানামুপভুজ্য বৈ।
দেবলোকে কালবশাদ্গতং যুগচতুঃশতম্॥ ১৬
ততো ভুবিঃ নৃপাস্তাবৎ বদ্ধস্থনুরহং স্মরন্।
হরেরনুগ্রহং লোকে শালগ্রামশিলাশ্রমম্॥ ১৭
জাতিস্মরত্বং গণ্ডক্যাঃ কিং তস্যাঃ কথয়াম্যহম্।
যজ্জলস্পর্শমাত্রেণ মাহাত্ম্যং মহদদ্ভুতম্॥ ১৮
চক্রাঙ্কিতশিলাস্পর্শমরণস্যেদৃশং ফলম্।
ন জানে বাসুদেবস্য সেবয়া কিং ভবিষ্যতি ॥ ১৯
ইত্যাবাং হরিপূজাসু হর্ষবিহ্বলচেতসৌ।
নৃত্যন্তাবনুগায়ন্তৌ বিলুণ্ঠন্তৌ স্থিতাবিহ ॥ ২০

প্রাণত্যাগ হওয়াতে তৎক্ষণাৎ চতুর্ভুজমূর্ত্তি পরিগ্রহ করিয়া জ্যোতির্ম্ময় বিমানে আরোহণপূর্ব্বক স্বর্গলোকপূজ্য বৈকুণ্ঠে উপস্থিত হইলাম। তথায় শতযুগ অবস্থিতি করিয়া ব্রহ্মধামে উপস্থিত হইলাম॥ ১৪—১৫ ॥ তথায় পঞ্চশত যুগ অতীত হইল। তৎপরে দেবলোকে চারিশত যুগ অতিবাহিত করিলাম॥ ১৬ ॥ অনন্তর আমি নরলোকে জন্মগ্রহণ করিয়াছি। শালগ্রাম-শিলার স্থান ও হরির কৃপা, এ সকলই আমার স্মরণ হইতেছে॥ ১৭

গণ্ডকীতীরে প্রাণত্যাগ করিলে যে কি প্রকার অত্যাশ্চর্য্য জাতিস্মরত্ব প্রাপ্ত হওয়া যায়, তাহা আর কি কহিব? তত্রত্য সলিল স্পর্শমাত্র একটি অদ্ভুত মাহাত্ম্য হইয়া থাকে॥ ১৮ ॥ চক্রাঙ্কিত শিলাস্পর্শ পূর্ব্বক প্রাণত্যাগ করিলে যখন এরূপ ফল হইতেছে, তখন ভগবান্ হরির সেবা করিলে যে কিরূপ ফল হয় তাহা আর কি বলিব?॥ ১৯

আমরা এই প্রকার বিবেচনা করিয়া হরির অর্চ্চনাবিষয়ে একান্ত অনুরাগী থাকিয়া প্রফুল্লচিত্তে কোন সময়ে নৃত্য করিতেছি, কোন সময়ে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কল্কের্নারায়ণাংশস্য অবতারঃ কলিক্ষয়ঃ।
পুরা বিদিতবীর্য্যস্য পৃষ্টো ব্রহ্মমুখাৎ শ্রুতঃ॥ ২১
ইতি রাজসভায়াং সঃ শ্রাবয়িত্বা নিজাঃ কথাঃ।
দদৌ গজানামযুতমশ্বানাং লক্ষমাদরাৎ। ২২
রথানাং ষট্সহস্রন্তু দদৌ পূর্ণস্য ভক্তিতঃ।
দাসীনাং যুবতীনাঞ্চ রমানাথায ষট্শতম্॥ ২৩
রত্নানি চ মহার্ঘ্যাণি দত্ত্বা রাজা শশিধ্বজঃ।
মেনে কৃতার্থমাত্মানং স্বজনৈর্বান্ধবৈঃ সহ॥ ২৪
সভাসদ ইতিশ্রুত্বা পূর্ব্বজন্মদিতাঃ কথাঃ।
বিস্ময়াবিষ্টমনসঃ পূর্ণং তং মেনিরে নৃপম্॥ ২৫
কল্কিং স্তুবন্তো ধ্যায়ন্তো প্রশংসন্তো জগজ্জনাঃ।
পুনস্তমাহু রাজানং লক্ষণং ভক্তিভক্তয়োঃ॥ ২৬

হরিগুণগান করিতেছি, কোন সময়ে বা ভক্তিভাবে গদগদ হইয়া ভূতলে লুণ্ঠিত হইতেছি। এই প্রকারেই আমাদের কালাতিপাত হইতেছে॥ ২০

কলিসংহারার্থ হরির অংশে যে কল্কি অবতীর্ণ হইলেন, পদ্মযোনি প্রমুখাৎ ইহা আমি পূর্ব্বেই শ্রবণ করিয়াছিলাম। আমি তদীয় বীর্য্য সবিশেষ বিদিত আছি॥ ২১

নরপতি শশিধ্বজ এই প্রকারে সভামধ্যে নিজবৃত্তান্ত বর্ণনপূর্ব্বক রমাপতি কল্কিকে ভক্তিপূতচিত্তে সাদরে অযুত হস্তী, একলক্ষ তুরঙ্গ, ছয় সহস্র রথ, শত যুবতী দাসী ও অসংখ্য বহুমূল্য-রত্নরাজি অর্পণ করিয়া বান্ধব-বৃন্দের সহিত আপনাকে কৃতার্থন্মন্য জ্ঞান করিতে লাগিলেন॥ ২২—২৪

নৃপতির এই প্রকার পূর্ব্বজন্মবৃত্তান্ত শুনিয়া সভাসদবৃন্দ বিস্ময়াকুলচিত্তে তাঁহাকে পূর্ণ বলিয়া বিবেচনা করিতে লাগিলেন॥ ২৫

তত্রত্য সকলেই ভগবাণের স্তুতিবাদ ও ধ্যান করিতে আরম্ভ করিলেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নৃপা ঊচুঃ।

ভক্তিঃ কা স্যাদ্‌ভগবতঃ কো বা ভক্তো বিধানবিৎ।
কিং করোতি কিমশ্নাতি ক্ব বা বসতি বক্তি কিম্॥ ২৭
এতান্ বর্ণয় রাজেন্দ্র! সর্ব্বং ত্বং বেৎসি সাদরাৎ।
জাতিস্মরত্বাৎ কৃষ্ণস্য জগতাং পাবনেচ্ছয়া॥ ২৮
ইতি তেষাং বচঃ শ্রুত্বা প্রফুল্লবদনো নৃপঃ।
সাধুবাদৈঃ সমামন্ত্র্য তানাহ ব্রহ্মণোদিতম্॥ ২৯

শশিধ্বজ উবাচ।

পুরা ব্রহ্মসভামধ্যে মহর্ষিগণসংকুলে।
সনকো নারদং প্রাহ স্তবদ্ভির্যাস্তিহোদিতাঃ॥ ৩০
তেষামনুগ্রহেণাহং তত্রোষিত্বা শ্রুতাঃ কথাঃ।
যাস্তাঃ সংকথয়ামীহ শৃণুধ্বং পাপনাশনাঃ॥ ৩১

তৎপরে তাঁহারা নরপতি শশিধ্বজসকাশে ভক্তি ও ভক্তের লক্ষণ সম্বন্ধে প্রশ্ন করিলেন॥ ২৬

নৃপতিবৃন্দ কহিলেন,—ভগবদ্‌ভক্তি কি? বিধানবিৎ ভক্ত কে? ঐ ভক্ত কি করেন? কি ভোজন করেন, কোথায় থাকেন এবং কিরূপই বা বলেন? ॥ ২৭ ॥ হে রাজন্! আপনি সকলই জানেন; অতএব সাদরে এই সকল কীর্ত্তন করুন। নরপতি এই সকল কথা শুনিয়া প্রফুল্লাস্য হইলেন এবং ধন্যবাদ দিয়া তাঁহাকে সম্ভাষণ পূর্ব্বক জাতিস্মরতা হেতু কৃষ্ণনাম দ্বারা বিশ্ব পবিত্র করিবার বাসনায় পূর্ব্বে পদ্মযোনি সকাশে যাহা শ্রবণ করিয়াছিলেন, তাহা বলিতে প্রবৃত্ত হইলেন॥ ২৮—২৯

শশিধ্বজ বলিলেন,—পুরাকালে ব্রহ্মধামে ব্রহ্মসভাতলে মহর্ষিবৃন্দ উপবিষ্ট আছেন, ইত্যবসরে আপনারা আমাকে যে বিষয় প্রশ্ন করিতেছেন, সনক নারদকে তাহাই জিজ্ঞাসা করিয়াছিলেন॥ ৩০

আমিও তখন তথায় উপস্থিত ছিলাম, সুতরাং তাঁহাদের প্রসাদে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সনক উবাচ।

কা ভক্তিঃ সংস্থতিহরা হরৌ লোকনমস্কৃতা।
তামাদৌ বর্ণয় মুনে নারদাবহিতা বয়ম্॥ ৩২

নারদ উবাচ।

মনঃষষ্ঠানীন্দ্রিয়াণি সংযম্য পরয়া ধিয়া।
গুরাবপি ন্যসেদ্দেহং লোকতন্ত্রবিচক্ষণঃ॥ ৩৩
গুরৌ প্রসন্নে ভগবান্ প্রসীদতি হরিঃ স্বয়ম্।
প্রণবাগ্নিপ্রিয়ামধ্যে নমোঽর্ণং তন্নিদেশতঃ॥ ৩৪
স্মরেদনন্যয়া বুদ্ধ্যা দেশিকঃ সুসমাহিতঃ।
পাদ্যার্ঘ্যাচমনীয়াদ্যৈঃ স্নানবাসোবিভূষণৈঃ॥ ৩৫
পূজয়িত্বা বাসুদেব পাদপদ্মং সমাহিতঃ।
সর্ব্বাঙ্গসুন্দরং রম্যং স্মরেৎ হৃৎপদ্মমধ্যগম্॥ ৩৬

সমস্তই শ্রবণ করিয়াছি। হে পাপহারী সদস্যবৃন্দ! আমি যাহা যাহা শুনিয়াছি, অধুনা তৎসমুদয় বর্ণন করিতেছি, অবধান করুন॥ ৩১

সনক জিজ্ঞাসা করিলেন,—হে দেবকে! হরির প্রতি কি প্রকার ভক্তি করিলে জন্মবন্ধন হইতে মুক্ত হওয়া যায়। কি প্রকার ভক্তিই বা প্রশংসার যোগ্য? আপনি অগ্রে এই বিষয় কীর্ত্তন করুন, আমরা অবহিতচিত্তে শ্রবণ করি॥ ৩২

নারদ বলিলেন,—লোকতন্ত্র-বিশারদ সাধক পরমা বুদ্ধি দ্বারা পঞ্চ জ্ঞানেন্দ্রিয় ও মনকে সংযত করিয়া গুরুপদে দেহ সমর্পণ করিবেন॥ ৩৩

গুরু প্রসন্ন হইলে ভগবান্ হরিও প্রসন্ন হন। গুরুর আদেশে "ওঁ নমঃ স্বাহা" এই মন্ত্র হৃদয়ে স্মরণ করিবে। তদনন্তর শিষ্য সমাহিতচিত্তে পাদ্য, অর্ঘ্য ও আচমনীয়াদি এবং স্নানীয় বসন-ভূষণ দ্বারা নিবিষ্টমনে বাসুদেবের পাদাব্জ পূজা করিবেন। তদনন্তর হৃদয়পদ্মমধ্যস্থ মনোহর

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এবং ধ্যাত্বা বাক্যমনোবুদ্ধীন্দ্রিয়গণৈঃ সহ।
আত্মানমর্পয়েদ্‌বিদ্বান্ হরাবেকান্তভাববিৎ॥ ৩৭
অঙ্গানি দেবাস্তেষান্তু নামানি বিদিতান্যুত।
বিষ্ণোঃ কল্কেরনন্তস্য তান্যেবান্যন্ন বিদ্যতে॥ ৩৮
সেব্যঃ কৃষ্ণঃ সেবকোঽহমন্যে তস্যাত্মমূর্ত্তয়ঃ।
অবিদ্যোপাধয়ো জ্ঞানাদ্‌বদন্তি প্রভবাদয়ঃ॥ ৩৯
ভক্তস্যাপি হরৌ দ্বৈতং সেব্যসৈবকবত্তদা।
নান্যদ্‌বিনা তমিত্যেব ক্ব চ কিঞ্চন বিদ্যতে॥ ৪০
ভক্তঃ স্মরতি তং বিষ্ণুং তন্নামানি চ গায়তি।
তৎকর্ম্মাণি করোত্যেব তদানন্দসুখোদয়ঃ॥ ৪১
নৃত্যত্যুদ্ধতবদ্রৌতি হসতি প্রৈতি তন্মনঃ।
বিলুঠত্যাত্মবিস্মৃত্যা ন বেত্তি কিয়দন্তরম্॥ ৪২

সর্ব্বাবয়বসুন্দর বাসুদেবকে ধ্যান করিবেন॥ ৩৪—৩৬॥ তৎপরে সেই জ্ঞানবান্ ভাবজ্ঞ সাধক বাক্য, মন, বুদ্ধি ও ইন্দ্রিয়-গ্রামের সহিত আত্মাকে ভগবানে অর্পণ করিবেন॥ ৩৭॥ অপরাপর সুরমূর্ত্তি, কল্কিরূপী অনন্ত হরির অঙ্গস্বরূপ। তাঁহাদের নাম আপনারা বিদিত আছেন। তদ্ব্যতীত অন্য কিছুই না॥ ৩৮॥ কৃষ্ণ সেব্য, আমি সেবক; জীবমাত্রেই কৃষ্ণের আত্মমূর্ত্তি। জ্ঞানী ব্যক্তিরা বলিয়া থাকেন, অবিদ্যোপাধি নিবন্ধন এই সকলের উৎপত্তি হইতেছে॥ ৩৯

ভক্তের পক্ষেও সেব্যসেবকরূপ দ্বৈতভাবের উদয় হইতেছে। বস্তুতঃ কৃষ্ণ ব্যতীত অন্য কোন পদার্থ কুত্রাপি নাই॥ ৪০॥ ভক্তজনেরা সেই হরিকে স্মরণ করিয়া থাকেন, তাঁহার নামগান করেন, তাঁহার উদ্দেশে কার্য্য করেন, তাহাতেই তাঁহার আনন্দোদয় ও সুখলাভ হয়॥ ৪১

ভক্ত উদ্ধতবৎ নৃত্য করেন, ক্রন্দন করেন, হাস্য করেন, তচ্চিত্ত হইয়া গমন করেন, আত্মবিস্মরণ নিবন্ধন ভূলুণ্ঠিত হন, কুত্রাপি কোনরূপ ভেদ-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এবং বিধা ভগবতো ভক্তিরব্যভিচারিণী।
পুনাতি সহসা লোকান্ সদেবাসুরমানুষান্ ॥ ৪৩
ভক্তিঃ সা প্রকৃতিনিত্যা ব্রহ্মসম্পৎ প্রকাশিকা।
শিববিষ্ণুব্রহ্মরূপা বেদাত্মানাং বরাপি সা ॥ ৪৪
ভক্তাঃ সত্ত্বগুণাধ্যাসাৎ রজসেন্দ্রিয়লালসাঃ।
তমসা ঘোরসংকল্পা ভজন্তি দ্বৈতদৃগ্ জনাঃ ॥ ৪৫
সত্ত্বান্নির্গুণতামেতি জরসা বিষয়স্পৃহা।
তমসা নরকং যান্তি-সংসারে দ্বৈতধর্ম্মিণি ॥ ৪৬
উচ্ছিষ্টমবশিষ্টং বা পথ্যং পূতমভীপ্সিতম্।
ভক্তানাং ভোজনং বিষ্ণোর্নৈবেদ্যং সাত্বিকং মতম্ ॥ ৪৭
ইন্দ্রিয়প্রীতিজননং শুক্রশোণিতবর্দ্ধনম্।
ভোজনং রাজসং শুদ্ধমায়ুরারোগ্যবর্দ্ধনম্ ॥ ৪৮

নিরীক্ষণ করেন না ॥ ৪২ ॥ এই প্রকার অব্যভিচারিণী ভগবদ্ভক্তি সুরগণকে, দানবগণকে ও নরগণকে আশু পূত করে ॥ ৪৩ ॥ যাঁহাকে নিত্যা প্রকৃতি ও ব্রহ্মসম্পৎ বলা যায়, তিনিই ভক্তিরূপে সুপ্রকাশিত; এই ভক্তিই বেদাদির মধ্যে প্রধান। এই ভক্তিই ব্রহ্মবিষ্ণুশিবস্বরূপা বলিয়া কথিত ॥ ৪৪ ॥ দ্বৈতজ্ঞানীদিগের মধ্যে যে সমস্ত ব্যক্তিতে সত্ত্বগুণের অধ্যাস হয়, তাঁহারাই ভক্ত হইয়া থাকেন; রজোগুণের অধ্যাস হইলে ইন্দ্রিয়ব্যাপ্যরে লোলুপ হয় এবং তমোগুণের অধ্যাস হইলে ঘোর কর্ম্মে লিপ্ত হইয়া থাকে ॥ ৪৫ ॥ দ্বৈতজ্ঞানীদের মধ্যে যাঁহাদের সত্ত্বগুণের অধ্যাস হয়, তাহারা, নির্গুণত্বলাভ করেন; রজোগুণের অধ্যাস হইলে বিষয়-বাসনার উৎপত্তি হয় এবং তমোগুণের আবির্ভাব হইলে, নিরয়ে মগ্ন হইতে হয় ॥ ৪৬ ॥ যাঁহারা উচ্ছিষ্টাবশিষ্ট, সুপথ্য, বাঞ্ছিত ও পবিত্র বিষ্ণুনৈবেদ্য সেবন করেন, তাঁহাদের সেই আহারই সাত্বিক আহার বলিয়া পরিগণিত ॥ ৪৭ ॥ যাহা ইন্দ্রিয়গ্রামের সন্তুষ্টিপ্রদ, যাহা দ্বারা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অতঃপরং তামসানাং কট্বম্লোষ্ণবিদাহিকম্।
পূতিপর্য্যুষিতং জ্ঞেয়ং ভোজনং তামসপ্রিয়ম্॥ ৪৯
সাত্ত্বিকানাং বনে বাসো গ্রামে বাসস্তু রাজসঃ।
তামসং দ্যূতমদ্যাদিসদনং পরিকীর্ত্তিতম্॥ ৫০
ন দাতা স হরিঃ কিঞ্চিৎ সেবকস্তু ন যাচকঃ।
তথাপি পরমা প্রীতিস্তয়োঃ কিমিতি শাশ্বতী॥ ৫১
ইত্যেতদ্ভগবত ঈশ্বরস্য বিষ্ণো,র্গুণকথনং সনকো বিবুধ্য ভক্ত্যা।
সবিনয়বচনৈঃ স্তুরর্ষিবর্য্যং, পরিণূত্যেন্দ্রপুরং জগাম শুদ্ধঃ॥ ৫২

ইতি শ্রীকল্কিপুরাণেঽনুভাগবতে ভবিষ্যে তৃতীয়াংশে
নৃপগণ-শশিধ্বজ-সংবাদে জাতিস্মরত্বকথনং নাম
একাদশোঽধ্যায়ঃ॥ ১১

শুক্রশোণিত বৃদ্ধি পায়, যাহাতে পরমায়ুর বৃদ্ধি হয়, যাহাতে দেহ রোগশূন্য থাকে, তাদৃশ বিশুদ্ধ আহারের নাম রাজস আহার॥ ৪৮॥ যাহা কটু, ঝাল, অম্ল, উষ্ণ, দগ্ধ, দুর্গন্ধপূর্ণ ও পর্যুষিত, তাহার নাম তামস আহার; তাদৃশ আহার দ্বারা তামস ব্যক্তিরাই প্রীতিলাভ করে॥ ৪৯॥ সত্ত্বগুণাবলম্বী ব্যক্তিগণ কাননে, রজোগুণাবলম্বীরা গ্রামে এবং তমোগুণাবলম্বিগণ দ্যূতগৃহে বা শৌণ্ডিকালয়ে অবস্থিতি করেন॥ ৫০॥ হরি নিজ হস্তে করিয়া কাহাকেও কিছু প্রদান করেন না, নিষ্কাম সেবকও তৎসকাশে কিছু প্রার্থনা করেন না; তথাপি তাঁহাদিগের পরস্পর পরমপ্রীতি সর্ব্বদাই দৃষ্ট হয়, সুতরাং ইহা সামান্য ঘটনা নহে॥ ৫১

পবিত্রমনা দেবর্ষি সনক এই প্রকারে ভগবান্ সর্ব্বেশ্বর হরির গুণগাথা শ্রবণ পূর্ব্বক বিনয়গর্ভবাক্যে স্তব করিয়া অমরাবতীতে প্রস্থান করিলেন॥ ৫২

ইতি জাতিস্মরত্বকথন নামক একাদশ অধ্যায় সমাপ্ত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দ্বাদশোঽধ্যায়ঃ

—০:০:০—

শশিধ্বজ উবাচ।

এতদ্বঃ কথিতা ভূপাঃ কথনীয়োরুকর্ম্মণঃ।
কথা ভক্তস্য ভক্তেশ্চ কিমন্যৎ কথয়াম্যহম্॥

ভূপা উচুঃ।

ত্বং রাজন্ বৈষ্ণবশ্রেষ্ঠঃ সর্ব্বসত্ত্বহিতে রতঃ।
তবাবেশঃ কথং যুদ্ধরঙ্গে হিংসাদিকর্ম্মণি॥ ২
প্রায়শঃ সাধবো লোকে জীবানাং হিতকরাণিঃ।
প্রাণবুদ্ধিধনৈর্ব্বাগ্‌ভিঃ সর্ব্বেষাং বিষয়াত্মনাম্॥ ৩

শশিধ্বজ উবাচ।

দ্বৈতপ্রকাশিনী যা তু প্রকৃতিঃ কামরূপিণী।
সা সূতে ত্রিজগৎ কৃৎস্নং বেদাংশ্চ ত্রিগুণাত্মিকা॥ ৪

শশিধ্বজ বলিলেন—হে নৃপবৃন্দ! যাঁহাদিগের অলৌকিক কর্ম্ম বর্ণন করা উচিত, তাদৃশ ভক্তবৃন্দের ও ভক্তির মাহাত্ম্য বর্ণন করিলাম; অধুনা আর কি বলিব, আদেশ করুন॥ ১

নৃপতিগণ কহিলেন,—হে নৃপতে! আপনি বৈষ্ণবের অগ্রগণ্য, আপনি প্রাণিবর্গের মঙ্গলসাধনে নিরত রহিয়াছেন। আপনি হিংসাদি দোষপূর্ণ সংগ্রামাদিতে লিপ্ত হইলেন কেন? ॥ ২॥ প্রায়ই দৃষ্ট হয়, সাধুগণ প্রাণ, বুদ্ধি, ধন ও বাক্য দ্বারা জগদ্বাসী বিষয়িগণের হিতানুষ্ঠান করিয়া থাকেন॥ ৩

শশিধ্বজ বলিলেন,—ত্রিগুণময়ী প্রকৃতি হইতেই দ্বৈতভাব প্রকাশিত হইতেছে। এই প্রকৃতি সঙ্কল্পাত্মিকা; ইনিই নিখিল বেদ ও জগত্রয়-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তে বেদাস্ত্রিজগদ্ধর্ম্মশাসনাধর্ম্মনাশনাঃ।
ভক্তিপ্রবর্ত্তকা লোকে কামিনাং বিষয়ৈষিণাম্॥ ৫
বাৎস্যায়নাদিমুনয়ো মনবো বেদপারগাঃ।
বহন্তি বলিমীশস্য রেদবাক্যানুশাসিতাঃ॥ ৬
বয়ং তদনুগাঃ কর্ম্মধর্ম্মনিষ্ঠা রণপ্রিয়াঃ।
জিঘাংসন্তং জিঘাংসামো বেদার্থকৃতনিশ্চয়াঃ॥ ৭
অবধ্যস্য বধে যাবাংস্তাবান্ বধ্যস্য রক্ষণে।
ইত্যাহ ভগবান্ ব্যাসঃ সর্ব্ববেদার্থতৎপরঃ॥ ৮
প্রায়শ্চিত্তং ন তত্রাস্তি তত্রাধর্ম্মঃ প্রবর্ত্ততে।
অতোঽত্র বাহিনীং হত্বা ভবতাং যুধি দুর্জ্জয়াম্॥ ৯
ধর্ম্মং কৃতঞ্চ কল্কিস্ত সমানীয়গতা বয়ম্।
এবা ভক্তির্ম্মম মতা ভবাভিপ্রেতমীরয়॥ ১০

প্রসবিনী॥ ৪॥ বিষয়েচ্ছু কামিলোকের জন্যই বেদ জগত্রয়ের ধর্ম্মস্থাপন পূর্ব্বক অধর্ম্ম দূর করিয়া ভক্তির উৎপাদন করিতেছে॥ ৫

বেদবিচক্ষণ বাৎস্যায়নাদি মহর্ষিবৃন্দ ও মানবগণ বেদবাক্যের বশবর্ত্তী হইয়া সেই সর্ব্বেশ্বর হরির উদ্দেশে বলি অর্পণ করিয়া থাকেন॥ ৬॥ আমরা তাঁহাদের অনুগামী হইয়া ধর্ম্মানুসারে যুদ্ধ করিয়া থাকি। আমরা বেদের তাৎপর্য্য অনুসারে রণক্ষেত্রে আততায়ীর প্রাণ সংহার করি॥ ৭॥ বেদবিচক্ষণ ভগবান্ ব্যাসদেব বলিয়াছেন যে, অবধ্য ব্যক্তিকে সংহার করিলে যেরূপ পাপ হয়, বধ্যব্যক্তিকে রক্ষা করিলেও তদ্রূপ পাপে লিপ্ত হইতে হয়॥ ৮

এই প্রকার অনুষ্ঠান না করিলে এরূপ অধর্ম্ম হয় যে, কোনরূপ প্রায়শ্চিত্ত দ্বারা তাহা দূর হয় না। এই হেতুই আমি যুদ্ধে আপনাদিগের দুর্দ্ধর্ষ সেনা বধ করিয়া, ধর্ম্ম ও কৃতযুগ সহ কল্কিকে আনয়ন করিয়াছি। আমার মতে এই প্রকার ভক্তিকেই প্রকৃত ভক্তি বলা যায়। এ বিষয়ে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অহং তদনুবক্ষ্যামি বেদবাক্যানুসারতঃ।
যদি বিষ্ণুঃ স সর্ব্বত্র তদা কং হন্তি কো হতঃ॥ ১১
হন্তা বিষ্ণুর্হতো বিষ্ণুর্বধঃ কস্যাস্তি তত্র চেৎ।
যুদ্ধযজ্ঞাদিষু বধো ন বধো বেদশাসনাৎ॥ ১২
ইতি গায়ন্তি মুনয়ো মনবশ্চ চতুর্দ্দশ।
ইত্থং যুদ্ধৈশ্চ যজ্ঞৈশ্চ ভজামো বিষ্ণুমীশ্বরম্॥ ১৩
অতো ভাগবতীং মায়ামাশ্রিত্য বিধিনা যজন্।
সেব্যসেবকভাবেন সুখী ভবতি নান্যথা॥ ১৪

ভূপা উচুঃ।

নিমের্ভূপস্য ভূপাল! গুরোঃ শাপাৎ মৃতস্য চ।
তাদৃশে ভোগায়তনে বিরাগঃ কথমুচ্যতাম্॥ ১৫

আপনাদের যাহা মত হয়, প্রকাশ করুন, পরে আমি বেদবিধানে উত্তর প্রদান করিব। বিষ্ণু সর্ব্বত্রই অবস্থিত, এই সিদ্ধান্ত স্থির হইলে কে কাহাকে বিনাশ করিতে সমর্থ হয়? ৯—১১॥ সংহার কাহার হইবে? কেন না, যিনি সংহার করিতেছেন, তিনিও বিষ্ণু; যিনি হত হইতেছেন, তিনিও বিষ্ণু। বেদেও এইরূপ বিধান আছে যে, যুদ্ধে বা যজ্ঞে বধ করিলে, তাহা বধমধ্যে গণনীয় নহে॥ ১২॥ মহর্ষিবৃন্দ ও মনুগণও এই প্রকার বলিয়াছেন। আমরাও এই প্রকারে সংগ্রাম দ্বারা ও যজ্ঞানুষ্ঠানের দ্বারা সর্ব্বেশ্বর হরির অর্চ্চনা করিয়া থাকি॥ ১৩॥ এই প্রকারে ঐশ্বরী মায়া আশ্রয়পূর্ব্বক যথাবিধি সেব্যসেবকভাবে অর্চ্চনা করিয়াই সাধক সুখলাভ করেন, অন্যপ্রকারে সুখবোধ করেন না॥ ১৪

নৃপতিগণ কহিলেন,—হে নরপতে! নিমি নৃপতি গুরু বশিষ্ঠের অভিশাপে প্রাণবিসর্জ্জন করিয়াছেন। এখন জিজ্ঞাস্য এই যে, তাদৃশ ভোগায়তন দেহে তাঁহার বিরাগ জন্মিবার কারণ কি? যজ্ঞশেষে সুরগণ সন্তুষ্ট হইয়া তাঁহাকে পুনর্জ্জীবিত করিয়া শরীরে প্রবিষ্ট হইতে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শিষ্যশাপাৎ বশিষ্ঠস্য দেহাবাপ্তির্মৃতস্য চ।
শ্রূয়তে কিল মুক্তানাং জন্ম ভক্তবিমুক্ততা ॥ ২৬
অতো ভাগবতী মায়া দুর্ব্বোধ্যা বিজিতাত্মনাম্।
বিমোহয়ন্তি সংসারে নানাত্বাদিন্দ্রজালবৎ ॥ ১৭
ইতি তেষাং বচো ভূয়ঃ শ্রুত্বা রাজা শশিধ্বজঃ।
প্রোবাচ বদতাং শ্রেষ্ঠো ভক্তিপ্রবণয়া ধিয়া ॥ ১৮

শশিধ্বজ উবাচ।

বহূনাং জন্মানামন্তে তীর্থক্ষেত্রাদিযোগতঃ।
দৈবাদ্ভবেৎ সাধুসঙ্গস্তস্মাদীশ্বরদর্শনম্ ॥ ১৯
ততঃ সালোক্যতাং প্রাপ্য ভজন্ত্যাদৃতচেতসঃ।
ভুক্ত্বা ভোগাননুপামান ভক্তো ভবতি সংস্থতৌ ॥ ২০

আদেশ করিলে তিনি তাহাতে সম্মত হইলেন না কেন? ॥ ১৫ ॥ শ্রুত আছি, মহর্ষি বশিষ্ঠ উক্ত শিষ্যের অভিশাপে প্রাণ বিসর্জ্জন করিয়াছিলেন; তিনি পুনরায় শরীর ধারণ করেন। ভক্তজনের মোক্ষপ্রাপ্তি হয়; অতএব মুক্তব্যক্তি কি প্রকারে পুনরায় জন্মগহণ করেন? ॥ ১৬

ভাগবতী-মায়া জ্ঞানিগণের দুর্ব্বোধ্য। এই মায়া নানাত্বনিবন্ধন ইন্দ্রজালবৎ সংসারকে বিমুগ্ধ করে ॥ ১৭

নৃপতিবৃন্দের এই কথা শুনিয়া বাক্যবিন্যাসবিশারদ নরপতি শশিধ্বজ ভক্তিপূর্ণচিত্তে পুনরায় বলিতে প্রবৃত্ত হইলেন ॥ ১৮

শশিধ্বজ বলিলেন,—তীর্থক্ষেত্রাদি অবলোকনফলে বহুজন্মান্তে দৈবপ্রসাদে জীব সাধুসঙ্গ লাভ করে। সেই সাধুসঙ্গ হইতেই ঈশ্বর-সাক্ষাৎকার লাভ হয় ॥ ১৯ ॥ তদনন্তর বিষ্ণুধামে গমন পূর্ব্বক সাদর চিত্তে ভগবানের উপাসনা করেন। এই প্রকারে জীব অনুপম ভোগ্যদ্রব্য উপভোগ করিয়া, সংসারে ভক্ত বলিয়া গণ্য হন ॥ ২০

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রজোযুষঃ কর্ম্মপরা হরিপূজাপরাঃ সদা।
তন্নামানি প্রগায়ন্তি তদ্রূপস্মরণোৎসুকাঃ ॥ ২১
অবতারানুকরণপর্ব্বব্রতমহোৎসবাঃ।
ভগবদ্ভক্তিপূজাঢ্যাঃ পরমানন্দসংপ্লুতাঃ ॥ ২২
অতো মোক্ষং ন বাঞ্ছন্তি দৃষ্টভুক্তিফলোদয়াঃ।
মুক্তা লভন্তে জন্মানি হরিভাবপ্রকাশকাঃ ॥ ২৩
হরিরূপাঃ ক্ষেত্রতীর্থপাবনা ধর্ম্মতৎপরাঃ।
সারাসারবিদঃ সেব্যসেবকা দ্বৈতবিগ্রহাঃ ॥ ২৪
যথাবতারঃ কৃষ্ণস্য তথা তৎসেবিনামিহ।
এবং তস্য নিমিষতা লীলা ভক্তস্য লোচনে ॥ ২৫
মুক্তস্যাপি বশিষ্ঠস্য শরীর-ভজনাদয়ঃ।
এতদ্বঃ কথিতং ভূপা মহাত্ম্যং ভক্তিভক্তয়োঃ ॥ ২৬

রজোগুণাবলম্বীরা ক্রিয়ানুষ্ঠানে লিপ্ত থাকিয়া নিরন্তর হরির অর্চ্চনা করেন, নিয়ত হরিনাম কীর্ত্তন করেন এবং সতত হরিরূপ স্মরণে উদ্‌গ্রীব হইয়া থাকেন ॥ ২১ ॥ তাঁহারা প্রভুর অনুকরণ, একাদশ্যাদি ব্রত, মহোৎসব, প্রভুর প্রতি ভক্তি ও তাঁহার অর্চ্চনা, এই সকল কার্য্যেতে আনন্দলাভ করেন ॥ ২২ ॥ তাঁহারা ভোগের ফলোদয় প্রত্যক্ষ করিয়াছেন, এই হেতু মোক্ষেও তাঁহাদের অভিলাষ থাকে না। মুক্তগণও জন্মধারণ করিয়া হরিভাব প্রকাশ করিয়া থাকেন ॥ ২৩ ॥ তাহারা হরিরই রূপান্তর। তাঁহাদিগের দ্বারা ক্ষেত্র ও তীর্থসকল পবিত্র হয়, তাঁহারা ধর্ম্মে তৎপর থাকেন। সেই সকল মহাত্মা বিষয়ের সারাসারবেত্তা এবং সেব্য ও সেবক এই দ্বিবিধ মূর্ত্তিতে বিরাজ করেন ॥ ২৪ ॥ যেরূপ কৃষ্ণ অবতীর্ণ হইয়াছিলেন, তদ্রূপ তাঁহার সেবকেরাও সময়ে সময়ে অবতার গ্রহণ করেন। এই প্রকারে তিনি যে ভক্তগণের নেত্রে নিমেষ রূপে অবস্থিতি করেন, তাহা তাঁহার লীলা মাত্র ॥২৫॥ বশিষ্ঠমুনি মুক্ত হইয়াও যে দেহ ধারণে উৎসুক হইয়াছিলেন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সদ্যঃপাপহরং পুংসাং হরিভক্তিবিবর্দ্ধনম্।
সর্ব্বেন্দ্রিয়স্থদেবানামানন্দসুখসঞ্চয়ম্।
কামরাগাদিদোষঘ্নং মায়ামোহনিবারণম্॥ ২৭
সংমথ্যাতিচিরং ত্রিলোকমুনয়ো ব্যাসাদয়ো ভাবুকাঃ॥
কৃষ্ণে ভাবমনন্যমেবমমলং হৈয়ঙ্গবীনং নবং।
লব্ধ্বা সংসৃতিনাশনং ত্রিভুবনে শ্রীকৃষ্ণতুল্যায়তে॥ ২৪

ইতি শ্রীকল্কিপুরাণেঽনুভাগবতে ভবিষ্যে ভক্তিভক্তো-
মাহাত্ম্যকথনং নাম দ্বাদশোঽধ্যায়ঃ। ১২

ইহাই তাহার কারণ। হে নৃপগণ! এই আপনাদের সকাশে ভক্তি ও ভক্তের মাহাত্ম্য বর্ণন করিলাম॥ ২৬॥ ইহা শ্রুতিগোচর করিলে মনুষ্যের নিখিল পাতক আশু বিধ্বস্ত হয় এবং ইহা হইতে হরিভক্তি বৃদ্ধি পাইয়া থাকে। ইহা হইতে ইন্দ্রিয়াধিষ্ঠাতৃসুরগণের আনন্দ ও সুখরাজি বর্দ্ধিত হয়, ইহা হইতে কামাদি দোষরাশি বিনাশ পায় এবং ইহা হইতেই মায়ামোহ বিদূরিত হইয়া থাকে॥ ২৭॥ বেদব্যাসাদি ত্রিভুবনস্থ ভাবুক মুনিবৃন্দ বেদ, পুরাণ বিবিধ শাস্ত্রের বিমলব্যাখ্যারূপ সুধাসিন্ধু মন্থনপূর্ব্বক ভববন্ধন নাশক ঐকান্তিকভাবরূপ নূতন সদ্যোজাত হবিঃ প্রাপ্ত হইয়া ত্রিকোলের মধ্যে কৃষ্ণতুল্য হইয়া থাকেন॥ ২৮

ইতি ভক্তিভক্তমাহাত্ম্য বর্ণন নামক দ্বাদশ অধ্যায় সমাপ্ত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ত্রয়োদশোঽধ্যায়ঃ

—:০:—

সূত উবাচ।

ইতি ভূপঃ সভায়াং স কথয়িত্বা নিজাঃ কথাঃ।
শশিধ্বজঃ প্রীতমনাঃ প্রাহ কল্কিং কৃতাঞ্জলিঃ॥ ১

শশিধ্বজ উবাচ।

ত্বং হি নাথ! স্ত্রিলোকেশ এতে ভূপাস্ত্বদাশ্রয়াঃ।
মাং তথা বিদ্ধি রাজানং ত্বন্নিদেশকরং হরে॥ ২
তপস্তপ্তুং যামি কামং হরিদ্বারং মুনিপ্রিয়ম্।
এতে মৎপুত্রপৌত্রাশ্চ পালনীয়াস্ত্বদাশ্রয়াঃ॥ ৩
মমাপি কামং জানাসি পুরা জাম্ববতো যথা।
নিধনং দ্বিবিদস্যাপি তদা সর্ব্বং সুরেশ্বর॥ ৪
ইত্যুক্ত্বা গন্তুমুদ্যুক্তং ভার্য্যয়া সহিতং নৃপম্।
লজ্জয়াধোমুখং কল্কিং প্রাহভূ'পাঃ কিমিত্যুত॥ ৫

সূত কহিলেন,—নরপতি শশিধ্বজ প্রফুল্লচিত্তে সভাসদ্গণ সকাশে স্বীয় বৃত্তান্ত বর্ণন পূর্ব্বক করপুটে কল্কিকে বলিতে লাগিলেন॥ ১

শশিধ্বজ কহিলেন,—নাথ! হে ত্রিভুবনেশ! এই সকল নরপতি তোমারই আশ্রিত। এই নৃপবৃন্দ ও আমি ত্বদীয় আদেশ পালনে প্রস্তুত রহিয়াছি॥ ২॥ আমি সম্প্রতি ঋষিজন-প্রীতিজনক হরিদ্বারে গিয়া তপস্যা করিব। মদীয় পুত্র-পৌত্রগণ তোমারই আশ্রিত। তুমি ইহাদিগের রক্ষাবিধান করিবে॥ ৩॥ হে সুরেশ্বর! আমার মনোগত অভিলাষ তোমার অজ্ঞাত নহে। গতজন্মে তুমি যে ঋক্ষপতি জাম্ববান ও দ্বিবিদ নামক কপিকে বধ করিয়াছিলে, তাহাও তুমি বিস্মৃত হও নাই॥ ৪॥ রাজা শশিধ্বজ এই কথা বলিয়া মহিষী সমভিব্যাহারে গমনোদ্যত হইলে, কল্কি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হে নাথ! কিমনেনোক্তং যৎশ্রুত্বা ত্বমধোমুখঃ।
কতং তদ্ব্রূহি কামং নঃ কিং বা নঃ শাধি সংশয়াৎ॥ ৬

কল্কিরুবাচ।

অমূং পৃচ্ছত ভো ভূপাঃ যুষ্মাকং সংশয়চ্ছিদম্।
শশিধ্বজং মহাপ্রাজ্ঞং মদ্ভক্তিকৃতনিশ্চয়ম্॥ ৭
ইতি কল্কের্ব্বচঃ শ্রুত্বা তে ভূপাঃ প্রোক্তকারিণঃ।
রাজানং তু পুণঃ প্রাহুঃ সংশয়াপন্নমানসাঃ॥ ৮

নৃপ উচুঃ।

কিং ত্বয়া কথিতং রাজন! শশিধ্বজ মহামতে।
কথং কল্কিস্তদ্বদিদং শ্রুত্বৈবাভূদধোমুখঃ॥ ৯

শশিধ্বজ উবাচ।

পুরা রামাবতারে চ লক্ষ্মণাদিন্দ্রজিদ্বধম্।
মোক্ষঞ্চালক্ষ্য দ্বিবিদো রাক্ষসত্বাৎ স দারুণাৎ॥ ১০

লজ্জাবশে অবনত মুখ হইলেন। তখন নৃপতিবৃন্দ তাহার কারণ জানিতে ইচ্ছুক হইয়া বলিলেন,—প্রভো! নররতি শশিধ্বজ কি বলিলেন? আপনিই বা তাহা শ্রবণ করিয়া অধোমুখ হইলেন কেন?॥ ৫—৬

কল্কি কহিলেন,—হে নৃপতিবৃন্দ! আপনারা এই শশিধ্বজ নরপতি সকাশেই ইহার কারণ জিজ্ঞাসা করুন; ইনিই আপনাদের সন্দেহ দূর করিবেন এই নরপতি জ্ঞানিশ্রেষ্ঠ এবং আমার প্রতি গাঢ় ভক্তিমান্॥ ৭॥ নৃপতিবৃন্দ কল্কির এই কথা শুনিয়া তদনুসারে সন্দিগ্ধ হৃদয়ে নরপতি শশিধ্বজকে পুনর্ব্বার জিজ্ঞাসা করিলেন॥ ৮

নৃপতিবৃন্দ কহিলেন,—রাজন! আপনি মহাবুদ্ধিমান্; সম্প্রতি কি বলিলেন এবং তাহা শুনিয়া কল্কিই বা অধোমুখ হইলেন কেন?॥ ৯

শশিধ্বজ বলিলেন,—রামাবতারে লক্ষ্মণ ইন্দ্রজিৎকে বধ করিয়াছিলেন। তাহাতে ঘোর রাক্ষসভাব হইতে ইন্দ্রজিতের মুক্তিলাভ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অগ্ন্যাগারে ব্রহ্মবীরবধেনৈকাহিকো জ্বরঃ।
লক্ষ্মণস্য শরীরে তু প্রবিষ্টো মোহকারকঃ॥ ১১
তং ব্যাকুলমভিপ্রেক্ষ্য দ্বিবিদো ভিষজাং বরঃ।
অশ্বিবংশে তু সংজাতঃ শ্রবয়ামাস লক্ষ্মণম্॥ ১২
লিখিত্বা রামভদ্রস্য সংজ্ঞাপত্রীমতন্দ্রিতঃ।
লক্ষ্মণং দর্শয়ামাস উর্দ্ধস্তিষ্ঠন্ মহাভুজঃ॥ ১৩
লক্ষ্মণো বীক্ষ্য তাং পত্রীং বিজ্বরো বলবানভূৎ।
স ততো দ্বিবিদং প্রাহ বরং বরয় বানর॥ ১৪
দ্বিবিদস্তদ্বচঃ শ্রুত্বা লক্ষ্মণং প্রাহ হৃষ্টবৎ।
ত্বত্তো মে মরণং প্রার্থ্যং বানরত্বাচ্চ মোচনম্॥ ১৫
পুনস্তং লক্ষ্মণঃ প্রাহ মম জন্মান্তরে তব।
মোচনং ভবিতা কীশ! বলরাম-শরীরিণঃ॥ ১৬
সমুদ্রস্যোত্তরে তীরে দ্বিবিদো নাম বানরঃ॥ ১৭

হয়॥ ১০॥ অগ্নিগৃহে ব্রহ্মহত্যা করাতে মোহকর ঐকাহিক জ্বর লক্ষ্মণের দেহে প্রবেশ করিল॥ ১১॥ অশ্বিনীকুমারের বংশজাত চিকিৎসক-প্রবর দ্বিবিদবানর লক্ষ্মণকে একান্ত কাতর দেখিয়া একটি মন্ত্রশ্রবণ করাইল॥ ১২॥ বানর ঐ মন্ত্রটি লিখিয়া আশু রামের সন্নিধানে উর্দ্ধস্থানে রাখিয়া লক্ষ্মণকে দেখাইল॥ ১৩

লক্ষ্মণ উহা দেখিবা মাত্র বিজ্বর ও সুস্থ হইলেন। তদনন্তর লক্ষ্মণ দ্বিবিদ বানরকে বলিল,—তুমি বর গ্রহণ কর॥ ১৪

দ্বিবিদ এই কথা শুনিয়া পুলকিতচিত্তে লক্ষ্মণকে বলিল—আমি এই প্রার্থনা করি যে, আপনায় হস্তে যেন আমার প্রাণত্যাগ হয় এবং কপিভাব হইতে যেন মুক্তিলাভ করি॥ ১৫॥ তখন লক্ষ্মণ বলিলেন,—আমি জন্মান্তরে বলরামরূপে অবতীর্ণ হইলে, তুমি আমার হস্তে প্রাণত্যাগ করিয়া কপিভাব হইতে মুক্ত হইবে॥ ১৬॥ "সমুদ্রের উত্তরকূলে দ্বিবিদ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইতি মন্ত্রাক্ষরং দ্বারি লিখিত্বা তালপত্রকে।
যস্তু পশ্যতি তস্যাপি নশ্যত্যৈকাহিকো জ্বরঃ ॥ ১৮
ইতি তস্য বরং লব্ধ্বা চিরায়ুঃ সুস্থবানরঃ।
বলরামাস্ত্রভিন্নাত্মা মোক্ষমাপাকুতোভয়ম্ ॥ ১৯
তথা ক্ষেত্রে সূতপুত্রো নিহতো লোমহর্ষণঃ।
বলারামাস্ত্রযুক্তাত্মা নৈমিষেঽভূৎ স্ববাঞ্ছয়া ॥ ২০
জাম্ববাংশ্চ পুরা ভূপা বামনত্বং গতে হরৌ।
তস্যাপূর্দ্ধগতং পাদং তত্র চক্রে প্রদক্ষিণম্ ॥ ২১
মনোজবং তং নিরীক্ষ্য বামনঃ প্রাহ বিস্মিতঃ।
মত্তো বৃণু বরং কামমৃক্ষাধীশ মহাবল ॥ ২২
ইতি তং হৃষ্টবদনো ব্রহ্মাংশো জাম্ববান্মুদা।
প্রাহ ভোশ্চক্রদহনাৎ মম মৃত্যুর্ভবিষ্যতি ॥ ২৩

নানা বানর আছে" তালপত্রে এই মন্ত্র লিখিয়া যে ব্যক্তি দর্শন করিবে, তাহার ঐকাহিকজর বিনাশ পাইবে ॥ ১৭ ॥ ঐরূপ লিখিয়া দ্বারদেশে রাখিলে তাহা দেখিলেও ঐকাহিকজর বিনষ্ট ॥ ১৮

কপিবর লক্ষ্মণসকাশে এইরূপ বরপ্রাপ্ত হইয়া সুস্থদেহে বহুদিন জীবিত রহিল। অবশেষে বলরামের অস্ত্র দ্বারা তদীয় দেহ বিনষ্ট হইলে, সে মুক্তিলাভ করিল ॥ ১৯ ॥ এই প্রকার নিজ ইচ্ছাতেই সূতনন্দন রোমহর্ষণ নৈমিষকাননে বলরামের অস্ত্রে প্রাণবিসর্জ্জন করিয়াছিলেন ॥ ২০

হে নৃপবৃন্দ! বামনাবতারে ভগবান্ ত্রিপাদ দ্বারা সর্ব্বলোক আক্রমণ করিলে জাম্ববান্ তদীয় উর্দ্ধস্থ পদ প্রদক্ষিণ করেন ॥ ২১ ॥ বামন তাঁহার মনোবৎ দ্রুতবেগ দর্শনে বিস্ময়াপন্ন হইয়া বলিলেন,—হে ঋক্ষরাজ! তুমি মহাবলবান্ ও পরাক্রমশালী, তুমি মৎসকাশে বর গ্রহণ কর ॥ ২২ ॥ ইহা শুনিয়া বিধির অংশজাত জাম্ববান প্রফুল্লবদনে বলিল,—আমাকে এই বর প্রদান করুন যে, ভবদীয় চক্র দ্বারা যেন আমার প্রাণবিয়োগ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইত্যুক্তে বামনঃ প্রাহ কৃষ্ণজন্মনি মে তব।
মোক্ষশ্চক্রেণ সংভিন্নশিরসঃ সংভবিষ্যতি ॥ ২৪
মম কৃষ্ণাবতারে তু সূর্য্যভক্তস্য ভূপতেঃ।
সত্রাজিতস্তু মণ্যর্থং দুর্ব্বাদঃ সমজায়ত ॥ ২৫
প্রসেনস্য মম ভ্রাতুর্ব্বধস্তু মণিহেতুকঃ।
সিংহাৎ তস্যাপি মণ্যর্থে বধো জাম্ববতা কৃতঃ ॥ ২৬
দুর্ব্বাদভয়ভীতস্য কৃষ্ণস্যামিততেজসঃ।
মণ্যন্বেষণচিত্তস্য ঋক্ষেণাভূদ্রণে বিলে ॥ ২৭
স নিজেশং পরিজ্ঞায় তচ্চক্রগ্রস্তবন্ধনম্।
মুক্তো বভূব সহসা কৃষ্ণং পশ্যন্ সলক্ষণম্ ॥ ২৮
নবদূর্ব্বাদলশ্যামং দৃষ্ট্বা প্রাদান্নিজাত্মজাম্।
তদা জাম্ববতঃ কন্যাং প্রগৃহ্য মণিনা সহ ॥ ২৯

হয় ॥ ২৩ ॥ এই কথা শুনিয়া বামন বলিলেন,—আমি কৃষ্ণাবতারে চক্রদ্বারা তোমার শিরশ্ছেদন করিব; সেই সময়ে তোমার মোক্ষলাভ হইবে ॥ ২৪

অনন্তর কৃষ্ণাবতারে আমিই সত্রাজিৎ নামে নরপতি ছিলাম। আমি সূর্য্যোপাসনা করিতাম। তখন আমা হইতে মণির জন্য কৃষ্ণ কলঙ্কিত হন ॥ ২৫

প্রসেন আমার কনিষ্ঠসহোদর ছিল। একটি সিংহ মণির জন্য জাম্ববানের হস্তে প্রাণত্যাগ করে ॥ ২৬ ॥ মহাতেজা কৃষ্ণ কলঙ্ক ভয়ে ভীত হইয়া মণির অনুসন্ধান করিতে করিতে একটি গহ্বরমধ্যে জাম্ববানের সহিত যুদ্ধে প্রবৃত্ত হন ॥ ২৭ ॥ ঋক্ষরাজ স্বীয় প্রভুকে চিনিতে পারিলেন। কৃষ্ণের চক্রে তদীয় প্রাণবিয়োগ হইল; সুলক্ষণলক্ষিত কৃষ্ণকে দেখিয়া সে মুক্তিলাভ করিল ॥ ২৮

জাম্ববান নবদূর্ব্বাদল শ্যাম কৃষ্ণকে দেখিয়া সেই মণিসহ জাম্ববতী নাম্নী

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দ্বারকাং পুরমাগত্য সভায়াং মামুপাহ্বয়ৎ।
আহূয় মহ্যং প্রদদৌ মণিং মুনিগণার্চ্চিতম্॥ ৩০
সোঽহং তাং লজ্জয়া তেন মণিনা কন্যকাং স্বকাম্।
বিবাহেন দদাবস্মৈ লাবণ্যাজ্জগৃহে মনিম্॥ ৩১
তাং সত্যভামামাদায় মণিং ময্যর্প্য স প্রভুঃ।
দ্বারকামাগত্য পুনর্গজাহ্বয়মগাদ্বিভুঃ॥ ৩২
গতে কৃষ্ণে মাং নিহত্য শতধন্বাগ্রহীন্মণিম্।
অতোঽহমিহ জানামি পূর্ব্বজন্মনি যৎ কৃতম্॥ ৩৩
মিথ্যাভিশাপাৎ কৃষ্ণস্য নৈবাভূন্মোচনং মম।
অতোঽহং কল্কিরূপায় কৃষ্ণায় পরমাত্মনে।
দত্ত্বা রমাং সত্যভামারূপিণীং যামি সদ্গতিম্॥ ৩৪

তনয়া সম্প্রদান করিল॥ ২৯॥ কৃষ্ণ পুনরায় দ্বারকায় উপস্থিত হইয়া আমাকে আহ্বান করিলেন এবং তৎকালে তিনি মহর্ষিবর্গেরও দুষ্প্রাপ্য সেই মণি আমাকে সমর্পন করিলেন॥ ৩০॥ তখন আমার নিতান্ত লজ্জাবোধ হইল; আমি সেই মণি সহ সত্যভামানাম্নী কন্যা কৃষ্ণের করে সম্প্রদান করিলাম। উভয়ের লাবণ্য দেখিয়া প্রভু উভয়েই গ্রহণ করিলেন॥৩১

এইরূপে কিছুদিন অতীত হইল। একদা কৃষ্ণ মৎসকাশে মণি রাখিয়া সত্যভামা সহ হস্তিনাপুরে যাত্রা করিলেন॥ ৩২॥ তৎপরে শতধন্বা নামক নৃপতি আমাকে বধ করিয়া সেই মণি হরণ করিলেন। এইরূপে গতজন্মে কল্কি যে যে কার্য্যের অনুষ্ঠান করিয়াছিলেন, তৎসমস্তই আমার স্মরণ রহিয়াছে॥ ৩৩

আমি কৃষ্ণের প্রতি মিথ্যা কলঙ্কারোপ করিয়াছিলাম, সেই জন্য সে জন্মে আমি মুক্তিলাভ করিতে পারি নাই। এই কারণে আমি এই জন্মে কল্কিরূপ পরমাত্মা কৃষ্ণকে সত্যভামারূপিণী রমানাম্নী তনয়া সম্প্রদান পূর্ব্বক পরমা গতিপ্রাপ্ত হইতেছি॥ ৩৪

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সুদর্শনাস্ত্রঘাতেন মরণং মম কাঙ্ক্ষিতম্ ।
মরণেঽভূদিতি জ্ঞাত্বা রণে বাঞ্ছামি মোচনম্ ॥ ৩৫
ইত্যসৌ জগতামীশঃ কল্কিঃ শ্বশুরঘাতনম্ ।
শ্রুত্বৈবাধোমুখস্তস্থৌ হ্রিয়া ধর্ম্মভিয়া প্রভুঃ ॥ ৩৬
অত্যাশ্চর্য্যমপূর্ব্বমুত্তমমিদং শ্রুত্বা নৃপা বিস্মিতা ।
লোকাঃ সংসদি হর্ষিতা মুনিগণাঃ কল্কেগু ́ণাকর্ষিতাঃ ।
আখ্যানং পরমাদরেণ সুখদং ধন্যং যশস্যং পরং ।
শ্রীমদ্ভূপশশিধ্বজেরিতবচো মোক্ষপ্রদং চাভবৎ ॥ ৩৭
ইতি শ্রীকল্কিপুরাণেঽনুভাগবতে ভবিষ্যে শশিধ্বজবর্ণিত
চক্রমরণং নাম ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥ ১৩

আমিও কামনা করিয়াছিলাম যে, আমি যেন কৃষ্ণের সুদর্শনাঘাতে প্রাণত্যাগ করি। সংগ্রামে পতন হইলে মুক্তিলাভ করিব, এই জন্যই সেরূপ কামনা করিয়াছিলাম ॥ ৩৫

জগন্নাথ কল্কি এই প্রকারে শ্বশুরবধ-বৃত্তান্ত শুনিয়া লজ্জায় ও ধর্ম্মভয়ে অধোমুখ হইয়া রহিলেন ॥ ৩৬ ॥ অত্যদ্ভুত অপূর্ব্ব মনোরম এই আখ্যান শ্রবণ করিয়া সভাধিষ্ঠিত নৃপতিবৃন্দ বিস্ময়াপন্ন হইলেন ; সদস্যগণের আনন্দলাভ হইল ; মহর্ষিবর্গ কল্কির গুণে আকৃষ্ট হইলেন। শ্রীমান নরপতি শশিধ্বজবর্ণিত এই উপাখ্যান শ্রবণ করিলে, সুখী, ধন্য ও কীর্ত্তিমান্ হইয়া মুক্তিলাভ করিতে পারা যায় ॥ ৩৭

ইতি শশিধ্বজবর্ণিত চক্রমরণ নামক ত্রয়োদশ অধ্যায় সমাপ্ত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চতুর্দ্দশোঽধ্যায়ঃ

—০:*:০—

স্থূত উবাচ ॥

ততঃ কল্কির্ম্মহাতেজাঃ শ্বশুরং তং শশিধ্বজম্।
সমামন্ত্র্য বচশ্চিত্রৈঃ সহ ভূপৈর্যযৌ হরিঃ ॥ ১
শশিধ্বজো বরং লব্ধ্বা যথাকামং মহেশ্বরীম্।
স্তুত্বা মায়াং ত্যক্তমায়ঃ সপ্রিয়ঃ প্রযযৌ বনম্ ॥ ২
কল্কিঃ সেনাগণৈঃ সার্দ্ধং প্রযযৌ কাঞ্চনীং পুরীম্।
গিরিদুর্গাবৃতাং গুপ্তাং ভোগিভির্ব্বিষবর্ষিভিঃ ॥ ৩
বিদার্য্য দুর্গং সগণঃ কল্কিঃ পরপুরঞ্জয়ঃ।
ছিত্ত্বা বিষায়ুধান্ বাণৈস্তাং পুরীং দদৃশেঽচ্যুতঃ ॥ ৪
মণিকাঞ্চনচিত্রাঢ্যাং নাগকন্যাগণাবৃতাম্।
হরিচন্দনবৃক্ষাঢ্যাং মনুজৈঃ পবিবর্জ্জিতাম্ ॥ ৫

স্থূত বলিলেন,—অতঃপর অতি তেজস্বী কল্কি বিচিত্র বাণী দ্বারা শ্বশুর শশিধ্বজের প্রীতিসাধন ও তৎসহ সম্ভাষণ করিয়া নৃপতিবৃন্দ সমভিব্যাহারে প্রস্থান করিলেন ॥ ১ ॥ নরপতি শশিধ্বজ কল্কিসকাশে অভিমত বরপ্রাপ্ত হইয়া, মহেশ্বরী মহামায়ার স্তুতি দ্বারা মায়াজাল ছেদন পূর্ব্বক প্রণয়িনী মহিষী সহ কাননবাস আশ্রয় করিলেন ॥ ২

তদনন্তর ভগবান্ কল্কি সেনাবৃন্দে পরিবেষ্টিত হইয়া কাঞ্চননগরীতে গমন করিলেন। সেই পুরী গিরিদুর্গ দ্বারা পরিবেষ্টিত। বিষোদ্গারকারী মহাভুজঙ্গগণ উহা রক্ষা করিতেছে ॥ ৩ ॥ পরপুরঞ্জয় কল্কি স্বীয় সেনাবৃন্দ সহ সেই দুর্ভেদ্য দুর্গ ভেদ করিয়া, বাণজাল দ্বারা বিষস্রাবী ভুজঙ্গগণকে নিহত করিয়া পুরীমধ্যে প্রবেশ করিলেন। দেখিলেন, সেই পুরী নানারূপ মণি ও স্বর্ণরাজি দ্বারা সমলঙ্কৃত। তাহার স্থানে স্থানে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিলোক্য কল্কিঃ প্রহসন্ প্রাহ ভূপান্ কিমিত্যহো।
সর্পস্থেয়ং পুরী রম্যা নরাণাং ভয়দায়িনী।
নাগনারীগণাকীর্ণা কিং যাস্যামো বদন্ত্বিহ ॥ ৬
ইতিকর্ত্তব্যতাব্যগ্রং রমানাথং হরিং প্রভুম্।
ভূপাংস্তদনুরূপাংশ্চ খে বাগাহাশরীরিণী ॥ ৭
বিলোক্য নেমাং সেনাভিঃ প্রবেষ্টুং ভোস্ত্বমর্হসি।
ত্বাং বিনান্যে মরিষ্যন্তি বিষকন্যাদৃশাদপি ॥ ৮
আকাশবাণীমাকর্ণ্য কল্কিঃ শুকসহায়কৃৎ।
যযাবেকঃ খড়্গধরস্তুরগেণ ত্বরান্বিতঃ ॥ ৯
গত্বা তাং দদৃশে বীরো ধীরাণাং ধৈর্য্যনাশিনীম্।
রূপেণালক্ষ্য লক্ষ্মীশং প্রাহ প্রহসিতাননা ॥ ১০

নাগকন্যারা অবস্থিতি করিতেছে, স্থানে স্থানে কল্পতরু বিরাজিত রহিয়াছে। কিন্তু তথায় একটিও মনুষ্য নেত্রগোচর হয় না ॥ ৪—৫

এই বিস্ময়কর ব্যাপার দেখিয়া কল্কি সহাস্যে নৃপতিগণকে বলিলেন, দেখ, কি আশ্চর্য্য ব্যাপার! এটি ভুজঙ্গগণের পুরী। এই পুরী পরম রমণীয়। মানবগণের পক্ষে এ পুরী যার পর নাই ভয়াবহ। এ স্থানে কেবল নাগকন্যাই পরিদৃষ্ট হইতেছে। তোমরা বল, এই পুরীর অভ্যন্তরে যাইব কি? ॥ ৬ ॥ রমাপতি কল্কি ও নৃপতিবৃন্দ কি করিবেন, নির্ণয় করিতে না পারিয়া চিন্তা করিতেছেন, ইত্যবসরে দৈববাণী হইল যে, সেনাগণ সহ এই পুরীর অভ্যন্তরে প্রবেশ করা অনুচিত; কেননা, হে হরে! ইহার অভ্যন্তরস্থিতা বিষকন্যার নেত্রপাত দ্বারা একমাত্র আপনি ভিন্ন সকলেই মৃত্যুমুখে নিপতিত হইবে ॥ ৭—৮

দৈববাণী শুনিয়া কল্কি তৎক্ষণাৎ অসিকরে একাকী তুরঙ্গারোহণে শুকপক্ষীর সহিত পুরীমধ্যে গমন করিতে লাগিলেন ॥ ৯ ॥ কিঞ্চিদ্দূর গমন করিবামাত্র একটি অপূর্ব্ব কন্যা তাঁহার নেত্রপথে নিপতিত হইল।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিষকন্যোবাচ।

সংসারেঽস্মিন্ মম নয়নয়োর্ব্বীক্ষণক্ষীণদেহা।
লোকা ভূপাঃ কতি কতি গতা মৃত্যুমত্যুগ্রবীর্য্যাঃ॥
সাহং দীনাসুরসুরনরপ্রেক্ষণপ্রেমহীনা।
তে নেত্রাব্জদ্বয়রসসুধাপ্লাবিতা ত্বাং নমামি॥ ১১
ক্বাহং বিষেক্ষণা দীনা ক্বামৃতেক্ষণসঙ্গমঃ।
ভবেঽস্মিন্ ভাগ্যহীনায়াঃ কেনাহো তপসা কৃতঃ॥ ১২

কল্কিরুবাচ।

কাসি কল্যাণি সুশ্রোণি কস্মাদেষা গতিস্তব।
ব্রূহি মাং কর্ম্মণা কেন বিষনেত্রং তবাভবৎ॥ ১৩

তাহার রূপ দর্শন করিলে জ্ঞানিগণেরও ধৈর্য্যলোপ হয়; সেই কন্যা রূপবান্ রমাপতি কল্কিকে অবলোকন করিয়া সহাস্যবদনে বলিতে আরম্ভ করিল॥ ১০

বিষকন্যা বলিল,—এই জগতীতলে মহাবীর্য্যবান্ কত শত নরপতি ও অন্যান্য ব্যক্তি আমার নেত্রপাতে ভস্মীভূত হইয়া শমনভবনে প্রয়াণ করিয়াছে, অতএব আমার ন্যায় দুঃখিনী আর নাই। সুর, অসুর, মানব কাহারও সহিত আমার প্রেমের আশা নাই। অধুনা আমি ভবদীয় দৃষ্টিপাতরূপ সুধাধারায় আপ্লাবিত হইলাম, আপনাকে প্রণাম করি॥ ১১

বিষদৃষ্টিনিবন্ধন জগৎসংসারে আমি একান্ত দীনা ও অতীব মন্দভাগিনী, আপনার দৃষ্টি সুধাময়ী, জানিনা কোন্ তপস্যার ফলে আপনার সহিত আমার মিলন হইল?॥ ১২

কল্কি বলিলেন,—হে সুশ্রোণি! তুমি কে? কাহার নন্দিনী? তোমার এরূপ দশা ঘটাবারই বা কারণ কি? কোন্ কর্ম্মের ফলে তোমার দৃষ্টি এরূপ বিষময়ী হইয়াছে?॥ ১৩

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিষকন্যোবাচ।

চিত্রগ্রীবস্য ভার্য্যাহং গন্ধর্ব্বস্য মহামতে।
সুলোচনেতি বিখ্যাতা পত্যুরত্যন্তকামদা॥ ১৪
একদাহং বিমানেন পত্যা পীঠেন সঙ্গতা।
গন্ধমাদনকুঞ্জেষু রেমে কামকলাকুলা॥ ১৫
তত্র যক্ষমুনিং দৃষ্ট্বা বিকৃতাকারমাতুরম্।
রূপযৌবনগর্ব্বেণ কটাক্ষেণাহসং মদাৎ॥ ১৬
সোপালম্ভং মুনিঃ শ্রুত্বা বচনঞ্চ মমাপ্রিয়ম্।
শশাপ মাং ক্রুধা তত্র তেনাহং বিষদর্শনা॥ ১৭
নিক্ষিপ্তাহং সর্পপুরে কাঞ্চন্যাং নাগিনীগণে।
পতিহীনা দৈবহীনা চরামি বিষবর্ষিণী॥ ১৮
ন জানে কেন তপসা ভবদ্দৃষ্টিপথং গতা।
ত্যক্তশাপামৃতাঙ্কাহং পতিলোকং ব্রজাম্যতঃ॥ ১৯

বিষকন্যা বলিল,—মহামতে! আমার নাম সুলোচনা, চিত্রগ্রীবনামা গন্ধর্ব্ব আমার পতি। আমি নিরন্তর পতির চিত্তরঞ্জন করিতাম॥ ১৪॥ একদিন আমি পতির সহিত বিমানারোহণে গন্ধমাদন গিরির কুঞ্জমধ্যে উপস্থিত হইয়া, একটী পাষাণ-পীঠে উপবেশন পূর্ব্বক বিহারাদি করিতেছি, ইত্যবসরে তথায় যক্ষমুনি আমার নেত্রপথে নিপতিত হইলেন। তাঁহাকে বিকৃতাকার ও আতুর দর্শনে রূপযৌবনগর্ব্বে গর্ব্বিত হইয়া, আমি কটাক্ষনিক্ষেপ পূর্ব্বক উপহাস করিলাম॥ ১৫—১৬॥ আমার মুখে অবহেলা সূচক বিদ্রূপবাক্য শুনিয়া ঋষিবর রোষভরে মৎপ্রতি অভিশাপ প্রদান করিলেন। সেই অভিশাপবশেই আমার দৃষ্টি বিষময়ী হইয়াছে॥ ১৭॥ তৎপরে এই কঞ্চানীপুরীতে ভুজঙ্গীগণ মধ্যে নিক্ষিপ্তা এবং ভাগ্যহীনা ও পতিবিহীনা হইয়া আমি একাকিনীপরিভ্রমণ করি; আমার দৃষ্টিতে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অহো তেষামস্তু শাপঃ প্রসাদো মা সতামিহ।
পত্যুঃ শাপাদৃষের্ম্মোক্ষাৎ তব পাদাব্জদর্শনম্ ॥ ২০
ইত্যুক্ত্বা সা যযৌ স্বর্গং বিমানেনার্কবর্চ্চসা।
কল্কিস্তু তৎপুরাধীশং নৃপং চক্রে মহামতিম্ ॥ ২১
অনর্ষস্তৎসুতো ধীমান্ সহস্রো নাম তৎসুতঃ।
সহস্রতঃ সুতশ্চাসীদ্রাজা বিশ্রুতবানসিঃ ॥ ২২
বৃহন্নলানাং ভূপানাং সংভূতা যস্য বংশজাঃ।
তং মন্নুং ভূপশার্দ্দূলং নানামুনিগণৈর্বৃতঃ ॥
অযোধ্যায়াং চাভিষিচ্য মথুরামগমদ্ধরিঃ।
তস্যাং ভূপং সূর্য্যকেতুমভিষিচ্য মহাপ্রভম্ ॥ ২৪
ভূপং চক্রে ততো গত্বা দেবাপিং বারণাবতে।
অরিস্থলং বৃকস্থলং মাকন্দঞ্চ গজাহ্বয়ম্ ॥ ২৫

বিষবর্ষণ হয় ॥ ১৮ ॥ জানিনা, কীদৃশ তপস্যার ফলে আপনার সহিত আমার সমাগম হইল, আপনাকে দেখিবামাত্র আমি শাপবিমুক্ত হইলাম; আমার দৃষ্টি এখন সুধাবর্ষণ করিতেছে। সম্প্রতি আমি স্বামিসকাশে গমন করিব ॥ ১৯

সাধুগণের প্রসাদ অপেক্ষা শাপই কল্যাণকর, কারণ ঋষির শাপ মোচন কালে ভবদীয় পাদপদ্ম নেত্রগোচর হইল ॥ ২০

এই বলিয়া বিষকন্যা সূর্য্যবৎ তেজঃসম্পন্ন বিমানে আরূঢ় হইয়া সুরপুরে প্রস্থান করিলেন। কল্কিও মহামতি নামক নরপতিকে সেই কাঞ্চনী পুরীর আধিপত্য প্রদান করিলেন ॥ ২১ ॥ মহামতির পুত্র অনর্ষ। তাঁহার পুত্র মহামতি সহস্র। সহস্রের পুত্র অসি ॥ ২২ ॥ যে বংশে বৃহন্নলা নামক নৃপতিগণ জন্মগ্রহণ করেন, সেই রাজশ্রেষ্ঠ মন্নুকে অযোধ্যারাজ্যে প্রতিষ্ঠিত করিয়া হরি ঋষিগণ সহ মথুরায় প্রস্থান করিলেন। তদনন্তর তিনি মহাতেজা নরপতি সূর্য্যকেতুকে মথুরায় রাজপদে প্রতিষ্ঠিত করিয়া বারণাবতে গমন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পঞ্চদেশেশ্বরং কৃত্বা হরিঃ শম্ভলমাযযৌ।
শৌন্তং পৌণ্ড্রং পুলিন্দঞ্চ সুরাষ্ট্রং মগধং তথা।
কবিপ্রাজ্ঞসুমন্তুভ্যঃ প্রদদৌ ভ্রাতৃবৎসলঃ ॥ ২৬
কীকটং মধ্যকর্ণাটমন্ধ্র মোড্রং কলিঙ্গকম্।
অঙ্গং অঙ্গং স্বগোত্রেভ্যঃ প্রদদৌ জগদীশ্বরঃ ॥ ২৭
স্বয়ং শম্ভলমধ্যস্থঃ কঙ্ককেন কলাপকম্।
দেশং বিশাখযূপায় প্রাদাৎ কল্কিঃ প্রতাপবান্ ॥ ২৮
চোলবর্ব্বরকর্ব্বাখ্যান্ দ্বারকাদেশমধ্যগান্।
পুত্রেভ্যঃ প্রদদৌ কল্কিঃ কৃতবর্ম্মপুরস্কৃতান্ ॥ ২৯
পুত্রে ধনানি রত্নানি দদৌ পরমভক্তিতঃ।
প্রজাঃ সমাশ্বাস্য হরিঃ শম্ভলগ্রামবাসিনঃ ॥ ৩০
পদ্ময়া রময়া কল্কির্গৃহস্থো মুমুদে ভৃশম্।
ধর্ম্মশ্চতুষ্পদোঽভবৎ কৃতপূর্ণং জগত্ত্রয়ম্ ॥ ৩১

করিলেন। তথায় দেবাপিকে রাজপদে প্রতিষ্ঠিত করিয়া তাঁহাকে অরিস্থল, বৃকস্থল, মাকন্দ, হস্তিনাপুর ও বারণাবত এই পাঁচটি দেশের অধিপতি করিয়া তিনি সম্ভলগ্রামে উপস্থিত হইলেন। অনন্তর ভ্রাতৃবৎসল হরি, কবি, প্রাজ্ঞ ও সুমন্তুকে শৌন্ত, পৌণ্ড্র, সুরাষ্ট্র, পুলিন্দ ও মগধদেশ অর্পণ করিলেন ॥ ২৩-২৬ ॥ তৎপরে তিনি জ্ঞাতিগণকে কীটক, মধ্যকর্ণাট, অন্ধ্র, ওড্র, অঙ্গ ও বঙ্গ এই সকল রাজ্য অর্পণ করিলেন ॥ ২৭ ॥ তদনন্তর মহাপ্রতাপ কল্কি নিজে শম্ভলনগরে থাকিয়া বিশাখযূপকে কঙ্কণদেশ ও কলাপ দেশ সমর্পণ করিলেন ॥ ২৮ ॥ পরে তিনি কৃতবর্ম্মাদি পুত্রদিগকে দ্বারকার অন্তর্গত চোল, বর্ব্বর ও কর্ব্বদেশ সমর্পণ করিলেন ॥ ২৯ ॥ তিনি পরমভক্তি-সহকারে পিতাকে অসংখ্য ধনরত্ন প্রদান করিয়া, শম্ভলগ্রামবাসী প্রজাপুঞ্জকে আশ্বাসপ্রদান পূর্ব্বক গৃহস্থাশ্রমে থাকিয়াই রমা ও পদ্মাসহ পরমানন্দে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দেবা যথোক্তফলদাশ্চরন্তি ভুবি সর্ব্বতঃ।
সর্ব্বশস্যা বসুমতী হৃষ্টপুষ্টজনাবৃতা।
শাঠ্যচৌর্য্যানৃতৈর্হীনা আধিব্যাধিবিবর্জ্জিতা ॥ ৩২
বিপ্রা বেদবিদঃ সুমঙ্গলযুতা নার্য্যস্তু চার্য্যা ব্রতৈঃ।
পূজাহোমপরাঃ পতিব্রতধরা যাগোদ্যতাঃ ক্ষত্রিয়াঃ ॥
বৈশ্যা বস্তুষু ধর্ম্মতো বিনিময়ৈঃ শ্রীবিষ্ণুপূজাপরাঃ।
শূদ্রাস্তু দ্বিজসেবনাদ্ধরিকথালাপাঃ সপর্য্যাপরাঃ ॥ ৩৩

ইতি শ্রীকল্কিপুরাণেঽনুভাগবতে ভবিষ্যে তৃতীয়াংশে
বিষকন্যামোক্ষ-কৃতধর্ম্ম-প্রবৃত্তি-কথনং নাম
চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥ ১৪

দিনযাপন করিতে লাগিলেন। ত্রিভুবন সত্যযুগে বিরাজিত হইল॥ ৩০ ॥ সুরগণ যথাকথিত ফলপ্রদ হইয়া জগতীতলের সর্ব্বস্থানে ভ্রমণ করিতে আরম্ভ করিলেন। ধরণী নানাশস্যে বিরাজিত হইল। সর্ব্বত্র সকলেই হৃষ্টপুষ্ট হইল। শাঠ্য, চৌর্য্য, অনৃত, মিথ্যাব্যবহার, আধি, ব্যাধি জগৎ-সংসার পরিত্যাগ করিল ॥ ৩১—৩২ ॥ দ্বিজাতিগণ বেদাধ্যয়নে ব্যাপৃত হইলেন, নারীগণ মাঙ্গল্যকর্ম্মে রতা, সদাচাররতা, ব্রতপরায়ণা, হোমার্চ্চনাদিতে তৎপরতা, পতিরতা ও ধর্ম্মনিষ্ঠা হইল। ক্ষত্রিয়েরা যাগাদি করিতে প্রবৃত্ত হইল। বৈশ্যবৃন্দ হরিপূজারত হইয়া ন্যায়ানুসারে বস্তুজাতের বিনিময় দ্বারা জীবনযাত্রা নির্ব্বাহ করিতে প্রবৃত্ত হইল। শূদ্রেরা দ্বিজগণের শুশ্রূষায় নিবিষ্ট হইয়া হরিকথালাপ ও হরির অর্চ্চনায় দিনপাত করিতে প্রবৃত্ত হইল ॥ ৩৩

ইতি বিষকন্যামোচন নামক চতুর্দ্দশ অধ্যায় সমাপ্ত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পঞ্চদশোঽধ্যায়ঃ

—:*:—

শৌনক উবাচ।

শশিধ্বজো মহারাজঃ শ্রুত্বা মায়াং গতঃ কুতঃ।
কা বা মায়াশ্রুতিঃ সূত বদ তত্ত্ববিদাং বর।
যা ত্বৎকথা বিষ্ণুকথা বক্তব্যা সা বিশুদ্ধয়ে॥ ১

সূত উবাচ।

শৃণুধ্বং মুনয়ঃ সর্ব্বে মার্কণ্ডেয়ায় পৃচ্ছতে।
শুকঃ প্রাহ বিশুদ্ধাত্মা মায়াস্তবমনুত্তমম্॥ ২
তৎ শৃণুধ্ব প্রবক্ষ্যামি যথাধীতং যথাশ্রুতম্।
সর্ব্বকামপ্রদং নৃণাং পাপতাপবিনাশনম্॥ ৩

শুক উবাচ।

ভল্লাটনগরং ত্যক্ত্বা বিষ্ণুভক্তঃ শশিধ্বজঃ।
আত্মসংসারমোক্ষায় মায়াস্তবমলং জগৌ॥ ৪

শৌনক জিজ্ঞাসা করিলেন,—হে সূত! নরপতি শশিধ্বজ মায়াস্তুতি করিয়া কোন্ স্থানে প্রস্থান করিলেন? তুমি তত্ত্বজ্ঞানী; অতএব মায়াস্তুতি কি প্রকার, তাহা বল। তোমার কথাও হরিকথার সদৃশ, তুমি বিশুদ্ধিলাভার্থ আমাদিগের নিকট মায়ার স্তব কীর্ত্তন কর॥ ১

সূত বলিলেন,—হে ঋষিবৃন্দ! মহামুনি মার্কণ্ডেয় কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া পবিত্রাত্মা শুকদেব তৎসকাশে অত্যুত্তম মায়াস্তুতি বর্ণন করিয়াছিলেন, আমি সম্প্রতি তাহা কীর্ত্তন করিতেছি, অবধান করুন॥ ২

আমি যাহা পাঠ করিয়াছি, শ্রুত হইয়াছি, যাহা কর্ণবিবরে প্রবিষ্ট হইলে মনুষ্যগণের সমস্ত বাসনা পূর্ণ হয়, যাহার প্রসাদে নিখিল পাপতাপ দূর হইয়া যায়, সেই মায়াস্তুতি বর্ণন করি শ্রবণ করুন॥ ৩

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শশিধ্বজ উবাচ।

ওঁ হ্রীংকারাং সত্ত্বসারাং বিশুদ্ধাং ব্রহ্মাদীনাং মাতরং বেদবোধ্যাম্।
তন্বীং স্বাহাং ভূততন্মাত্রকক্ষাং, বন্দে বন্দ্যাং দেবগন্ধর্ব্বসিদ্ধৈঃ ॥ ৫
লোকাতীতাং দ্বৈতভূতাং সমীড়ে, ভূতৈর্ভব্যাং ব্যাসশাতাতপাদ্যৈঃ।
বিদ্বদ্গীতাং কালকল্লোললোলাং, লীলাপাঙ্গক্ষিপ্তসংসারদুর্গাম্ ॥ ৬
পূর্ণাং প্রাপ্যাং দ্বৈতলভ্যাং শরণ্যামাদ্যে শেষে মধ্যতো যা বিভাতি।
নানারূপৈর্দ্দেবতির্য্যঙ্‌ মনুষ্যৈ-স্তামাধারাং ব্রহ্মরূপাং নমামি ॥ ৭
যস্যা ভাসা ত্রিজগদ্ভাতি ভূতৈর্নভাত্যেতত্তদভাবে বিধাতুঃ।
কলৌ দৈবং কর্ম্ম চোপাধয়ো যে তস্যাংভাসা তাংবিশিষ্টাং নমামি ॥৮

শুকদেব বলিলেন,—হরিপরায়ণ নরপতি শশিধ্বজ ভল্লাটনগর পরিত্যাগ পূর্ব্বক সংসার মোচনার্থ মায়াস্তব করিতে প্রবৃত্ত হইলেন ॥ ৪

শশিধ্বজ বলিলেন,—যিনি হ্রীং বীজমন্ত্ররূপিণী, যিনি বিশুদ্ধসত্ত্বাত্মিকা, যিনি বিশুদ্ধস্বরূপিণী, যিনি ব্রহ্মাবিষ্ণুমহেশ্বরাদি সকলের উৎপাদয়িত্রী, যিনি নিখিলবেদের প্রতিপাদ্যা, যিনি সূক্ষ্মস্বরূপা, যিনি স্বাহাস্বরূপিণী, যাঁহার কক্ষ্যাভ্যন্তরে পঞ্চভূত পঞ্চতন্মাত্র অবস্থিত, সুরসিদ্ধি গন্ধর্ব্বেরাও যাঁহার আরাধনা করেন, সেই ভগবতীকে প্রণাম ॥ ৫ ॥ যিনি লোকাতীতা যাঁহার প্রতি দ্বৈতভাব অরোপ করা হইয়া থাকে, যিনি ব্যাসশাতাতপাদি মুনিবৃন্দ কর্ত্তৃক বন্দনীয়, জ্ঞানিগণ যাঁহার স্তুতিবাদ করেন, যিনি কালপ্রভাবে আন্দোলিত হইতেছেন, যাঁহার কটাক্ষ্যলীলায় জীবকুল ভবসাগরে নিমগ্ন হইতেছে, আমি তাঁহার স্তুতিবাদ করি ॥ ৬

যিনি পূর্ণভাবে ও দ্বৈত্যভাবেও লভ্য, যিনি আশ্রিতের পালক, সৃষ্টির পূর্ব্বে, মধ্যে ও শেষে সকল সময়েই যিনি বিদ্যমান, যিনি সুর, তির্য্যক, মানব প্রভৃতি নানা আকারে প্রকাশিত হন, যিনি সকলের আধারভূতা, যিনি বহুরূপিণী, সেই ভগবতীকে প্রণাম ॥ ৭ ॥ যাঁহার অভাসে ত্রিজগৎ পঞ্চভূত দ্বারা প্রকাশমান হইতেছে, যাঁহার আভাস

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভূমৌ গন্ধো রসতাপ্সু প্রতিষ্ঠা-রূপং তেজস্যেব বায়ৌ স্পৃশত্বম্।
খে শব্দো বা যচ্চিদাভাস্তি নানা তামভ্যেতাং বিশ্বরূপাং নমামি ॥৯
সাবিত্রী ত্বং ব্রহ্মরূপা ভবানী, ভূতেশস্য শ্রীপতেঃ শ্রীস্বরূপা।
শচী শক্রস্যাপি নাকেশ্বরস্য, পত্নী শ্রেষ্ঠা ভাসি মায়ে জগৎসু ॥ ১০
বাল্যে বালা যুবতী যৌবনে ত্বং, বার্দ্ধক্যে যা স্থবিরা কালকল্পা।
নামাকারৈর্যাগযোগৈরুপাস্যা, জ্ঞানাতীত কামরূপা বিভাসি ॥ ১১
বরেণ্যা ত্বং বরদা লোকসিদ্ধা, সাধ্বী ধন্যা লোকমান্যা সুকন্যা।
চণ্ডী দুর্গা কালিকা কালিকাখ্যা নানাদেশে রূপবেশৈর্বিভাসি ॥১২
তব চরণসরোজং দেবি! দেবাদিবন্দ্যং
যদি হৃদয়সরোজে ভাবয়ন্তীহ ভক্ত্যা।

ব্যতীত কাল, দৈব, ক্রিয়া কিছুই প্রকাশ হয় না, সেই সর্ব্বপ্রধানা সর্ব্ববিধায়িনী ভগবতীকে প্রণাম ॥ ৮

যাঁহার চিদাভাসে পৃথ্বীতে গন্ধ, সলিলে রস, তেজে রূপ, অনিলে স্পর্শ, গগনে শব্দ, ইত্যাদি বিবিধ বৈচিত্রের প্রকাশ হইতেছে, সেই বিশ্বে অনুপ্রবিষ্টা বিশ্বরূপিণী ভগবতীকে প্রণাম। ৯ ॥ তুমি পদ্মযোনির অঙ্গ-স্বরূপিণী সাবিত্রী, তুমি রুদ্রের রুদ্রাণী, বিষ্ণুর রমা, দেবরাজের প্রধানা পত্নী শচী। হে মায়ে! তুমি ব্রহ্মাণ্ডময় প্রকাশমানা হইতেছ ॥ ১০

তুমি বাল্যে বালিকা, যৌবনে যুবতী ও বার্দ্ধক্যে বৃদ্ধাস্বরূপিণী, তুমি কাল-স্বরূপিণী, নানারূপ যোগ দ্বারা সকলেই তোমার উপাসনা করে। তুমি জ্ঞানাতীতা হইয়া বিরাজ করিয়া থাক ॥১১॥ তুমি বরণা ও বরদাত্রী, তুমি সর্ব্বজনসিদ্ধি দাত্রী। তুমি সাধ্বী, ধন্যা, লোকপূজিতা, সুকন্যা, চণ্ডী, দুর্গা, কালিকা প্রভৃতি নানাপ্রকার কালিকাসংজ্ঞায় নানা স্থানে নানাপ্রকার নানাবেশে প্রকাশ হইয়া থাক ॥ ১২ ॥ হে জগৎপূজ্যে! যদি কেহ স্বীয়হৃৎপদ্মমধ্যে দেবাদিপূজ্য ত্বদীয় পাদপদ্ম ভক্তিসহকারে চিন্তা করে,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রুতিযুগকুহরে বা সংশ্রুতং ধর্ম্মসম্পৎ।
জনয়তি জগদাদ্যে সর্ব্বসিদ্ধিঞ্চ তেষাম্॥ ১৩
মায়াস্তবমিদং পুণ্যং শুকদেবেন ভাষিতম্।
মার্কণ্ডেয়াদবাপ্যাপি সিদ্ধিং লেভে শশিধ্বজঃ॥ ১৪
কোকামুখে তপস্তপ্ত্বা হরিং ধ্যাত্বা বনান্তরে।
সুদর্শনেন নিহতো বৈকুণ্ঠং শরণং যযৌ॥ ১৫

ইতি শ্রীকল্কিপুরাণেঽনুভাগবতে ভবিষ্যে তৃতীয়াংশে
মায়াস্তবো নাম পঞ্চদশোঽধ্যায়ঃ॥ ১৫

ষোড়শোঽধ্যায়ঃ

—:*:—

সূত উবাচ।

এতদ্বঃ কথিতং বিপ্রাঃ শশিধ্বজবিমোক্ষণম্।
কল্কেঃ কথামপ্রতিমাং শৃণ্বন্তু বিবুধর্ষভাঃ॥ ১

কিংবা যদি কেহ শ্রবণবিবরে তদীয় নাম শ্রবণ করে, তাহা হইলে সে আশু সর্ব্বসম্পত্তি প্রাপ্ত হয় এবং সকল বিষয়েই তাহার সিদ্ধিলাভ হইয়া থাকে॥ ১৩॥ শুকদেব এই প্রকারে পরমপবিত্রমায়াস্তুতি বর্ণন করিয়াছিলেন। নরপতি শশিধ্বজ মার্কণ্ডেয়সকাশে এই মায়াস্তুতি পাইয়া সিদ্ধিলাভ করেন॥ ১৪॥ নরপতি শশিধ্বজ বনমধ্যে কোকমুখ নামক স্থলে তপশ্চর্য্যা করিয়া হরিধ্যান পূর্ব্বক সুদর্শনে নিহত হইয়াও বৈকুণ্ঠে প্রয়ান করিলেন॥১৫

ইতি মায়াস্তব নামক পঞ্চদশ অধ্যায় সমাপ্ত।

সূত কহিলেন, হে বিপ্রবৃন্দ! আমি আপনাদিগের নিকট শশিধ্বজ রাজার মুক্তি বৃত্তান্ত বর্ণ করিলাম। এখন পুনরায় কল্কির অত্যাশ্চর্য্য

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বেদা ধর্ম্ম কৃতযুগং দেবা লোকাশ্চরাচরাঃ।
হৃষ্টাঃ পুষ্টাঃ সুসংতুষ্টাঃ কল্কৌ রাজনি চাভবন্ ॥ ২
নামাদেবাদিলিঙ্গেষু ভূষণৈর্ভূষিতেষু চ।
ইন্দ্রজালিকবদ্‌বৃত্তিকল্পকাঃ পূজকা জনাঃ ॥ ৩
ন সন্তি মায়ামোহাঢ্যাঃ পাষণ্ডাঃ সাধুবঞ্চকাঃ।
তিলকাচিতসর্ব্বাঙ্গাঃ কল্কৌ রাজনি কুত্রচিৎ ॥ ৪
শম্ভলে বসতস্তস্য পদ্মায়া রময়া সহ।
প্রাহ বিষ্ণুযশাঃ পুত্রং দেবান্ যষ্টুং জগদ্ধিতান্ ॥ ৫
তৎ শ্রুত্বা প্রাহ পিতরং কল্কিঃ পরমহর্ষিতঃ।
বিনয়াবনতো ভূত্বা ধর্ম্মকামার্থসিদ্ধয়ে ॥ ৬
রাজসূয়ৈর্ব্বাজপেয়ৈরশ্বমেধৈর্ম্মহামখৈঃ।
নানাযাগৈঃ কর্ম্মতন্ত্রৈরীজে ক্রতুপতিং হরিম্ ॥৭

কাহিনী বর্ণন করি, শ্রবণ করুন ॥ ১ ॥ তিনি রাজসিংহাসনে অধিষ্ঠিত হইলে বেদ, ধর্ম্ম, কৃতযুগ, সুরগণ, স্থাবরজঙ্গমাত্মক নিখিল জীব সকলেই হৃষ্টপুষ্ট ও সুপ্রীত হইলেন ॥ ২ ॥ পূর্ব্বযুগে পূজক দ্বিজাতিরা নানাবিধ অলঙ্কার দ্বারা অলঙ্কৃত দেবমূর্ত্তিসমূহে ইন্দ্রজালিকবৎ ব্যবহার করিয়া সকলকে মোহিত করিতেন, তাহা দূর হইল। কল্কি রাজপদে প্রতিষ্ঠিত হইলে, কুত্রাপি তিলকাঙ্কিত সর্ব্বাঙ্গ, মায়ামোহালঙ্কৃত, সাধুবঞ্চক পাষণ্ড দৃষ্ট হইত না ॥ ৩—৪ ॥ এই প্রকারে কল্কি পদ্মা ও রমার সহিত শম্ভলগ্রামে অবস্থিতি করিতে লাগিলেন। একদিন কল্কির পিতা তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন,—দেবগণ জগতের হিতকারী; তুমি তাঁহাদের উদ্দেশ্যে যজ্ঞের অনুষ্ঠান কর ॥ ৫

পিতার এই কথা শুনিয়া কল্কি পুলকিতচিত্তে সবিনয়ে বলিলেন,—আমি ধর্ম্মকামার্থসিদ্ধির জন্য কর্ম্মকাণ্ডের অন্তর্ভুক্ত রাজসূয়, অশ্বমেধ ও অপরাপর যজ্ঞ দ্বারা যজ্ঞেশ্বর হরির পূজা করিব ॥ ৬—৭

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কৃপরামবশিষ্ঠাদ্যৈর্ব্যাসধৌম্যাকৃতব্রণৈঃ।
অশ্বত্থামমধুচ্ছন্দোমন্দপালৈর্মহাত্মনঃ ॥৮
গঙ্গাযমুনয়োর্মধ্যে স্নাত্বাবভৃথমাদারাৎ।
দক্ষিণাভিঃ সমভ্যর্চ্চ ব্রাহ্মণান্ বেদপারগান্ ॥ ৯
চর্ব্ব্যৈশ্চোষ্যৈশ্চ পেয়ৈশ্চ পূপশষ্কুলিযাবকৈঃ।
সদ্যো মাংসৈর্মূলফলৈ রসৈশ্চ বিবিধৈর্দ্বিজান্ ॥ ১০
ভোজয়ামাস বিধিবৎ সর্ব্বকর্ম্মসমৃদ্ধিভিঃ।
যত্র বহ্নির্বৃতঃ পাকে বরুণো জলদো মরুৎ ॥ ১১
পরিবেষ্টা দ্বিজান্ কামৈঃ সদন্নাদ্যৈরতোষয়ৎ।
বাদ্যৈর্নৃত্যৈশ্চ গীতৈশ্চ প্রতিযজ্ঞমহোৎসবৈঃ ॥ ১২
কল্কিঃ কমলপত্রাক্ষঃ প্রহর্ষঃ প্রদদৌ বসু।
স্ত্রীবালস্থবিরাদিভ্যঃ সর্ব্বেভ্যশ্চ যথোচিতম্ ॥ ১৩

অনন্তর কল্কি, কৃপ, রাম, ব্যাস, বশিষ্ঠ, ধৌম্য, অকৃতব্রণ, অশ্বত্থামা, মধুচ্ছন্দ, মন্দপাল ইত্যাদি মুনিবৃন্দকে এবং বেদবিশারদ দ্বিজাতিবর্গকে পূজা করিয়া গঙ্গাযমুনার মধ্যে যজ্ঞে দীক্ষিত ও স্নাত হইয়া দক্ষিণা সমর্পণ করিলেন ॥ ৮—৯

অনন্তর তিনি নানাবিধ চর্ব্ব্য, চোষ্য, লেহ্য, পেয়, পূপ, শষ্কুলি, যাবক, সদ্যোমাংস, ফলমূল ও অপরাপর নানাপ্রকার দ্রব্য দ্বারা দ্বিজাতিবর্গকে যথাবিধি ভোজন করাইলেন। সেই যজ্ঞের সমস্ত অংশ সুসম্পাদিত হইল। এই যজ্ঞে স্বয়ং বহ্নি পাচক, বরুণ জলদাতা ও অনিলদেব পরিবেশন কর্ত্তা হইলেন। পদ্মপলাশলোচন কল্কি যথাভিলষিত উৎকৃষ্ট অন্ন দ্বারা, নৃত্যগীতবাদ্য দ্বারা, প্রতিযজ্ঞে অনুষ্ঠিত মহোৎসব দ্বারা সকলের হর্ষসংবর্দ্ধন করিলেন। আবালবৃদ্ধ বনিতা সকলেই তৎসকাশে প্রচুর ধন প্রাপ্ত হইল ॥ ১০—১৩

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রম্ভা তালধরো নন্দী হূহূর্গায়তি নৃত্যতি।
দত্ত্বা দানানি পাত্রেভ্যো ব্রাহ্মণেভ্যঃ স ঈশ্বরঃ॥ ১৪
উবাস তীরে রঙ্গায়াঃ পিতৃবাক্যানুমোদিতঃ।
সভায়াং বিষ্ণুযশসঃ পূর্ব্বরাজকথাঃ প্রিয়াঃ॥ ১৫
কথয়ন্তো হসন্তশ্চ হর্ষয়ন্তো দ্বিজা বুধাঃ।
তত্রাগতস্তুম্বুরুণা নারদঃ সুরপূজিতঃ॥ ১৬
তং পূজয়ামাস মুদা পিত্রা সহ যথাবিধি।
তৌ সংপূজ্য বিষ্ণুযশাঃ প্রোবাচ বিনয়ান্বিতঃ।
নারদং বৈষ্ণবং প্রীত্যা বীণাপাণিং মহামুনিম্॥ ১৭

বিষ্ণুযশা উবাচ।

অহো ভাগ্যমহো ভাগ্যং মন জন্মশতার্জ্জিতম্।
ভবদ্বিধানং পূর্ণানাং যন্মে মোহায় দর্শনম্॥ ১৮

তদীয় যজ্ঞে রম্ভা নৃত্য, নন্দী তালসহকারে বাদ্য এবং হূহূনামা গন্ধর্ব্বরাজ সঙ্গীত করিলেন। জগৎপাতা কল্কি বিপ্রগণে ও সুপাত্রবিশেষে অর্থ প্রদান পূর্ব্বক পিতার আদেশে গঙ্গাকূলে অবস্থিতি করিতে লাগিলেন। এদিকে বিষ্ণুযশার সভায় ব্রাহ্মণ পণ্ডিতেরা পূর্ব্বতন নৃপতিবৃন্দের শ্রুতিমনোরম চরিত্র বর্ণন করিয়া সকলকে প্রীত করিতেছেন, হাস্য করিতেছেন, ইত্যবসরে তুম্বুরুসহ সুরপূজিত দেবর্ষি নারদ তথায় সমাগত হইলেন॥ ১৪—১৬॥ অতি যশস্বী বিষ্ণুযশা প্রফুল্লচিত্তে সেই দুই ঋষিবরের অর্চ্চনা করিলেন। তিনি প্রকৃষ্টরূপে তাঁহাদের অর্চ্চনা করিয়া সবিনয়ান্তঃকরণে হরিপরায়ণ বীণাধারী মহর্ষি নারদকে প্রীতি-সহকারে কহিতে আরম্ভ করিলেন॥ ১৭

বিষ্ণুযশা বলিলেন,—মদীয় কি সৌভাগ্য! মদীয় শতজন্মসঞ্চিত ভাগ্য কি পরম্যাদ্ভুত! আপনারা পূর্ণ, আমার মুক্ত্যর্থ আপনাদের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অত্যাগ্নয়শ্চ সুহুতাস্তৃপ্তাশ্চ পিতরঃ পরম্।
দেবাশ্চ পরিসন্তুষ্টাস্তবাবেক্ষণপূজনাৎ॥ ১৯
যৎপূজায়াং ভবেৎ পূজ্যো বিষ্ণুর্জন্ম ন দর্শনাৎ।
পাপক্ষয়ং স্পর্শনাচ্চ কিমহো সাধুসঙ্গমঃ॥ ২০
সাধূনাং হৃদয়ো ধর্ম্মো বাচো দেবাঃ সনাতনঃ।
কর্ম্মক্ষয়ং চ কর্ম্মাণি যতঃ সাধুর্হরিঃ স্বয়ম্॥ ২১
মন্যে ন ভৌতিকো দেহো বৈষ্ণবস্য জগত্রয়ে।
যথাবতারে কৃষ্ণস্য সতো দুষ্টবিনিগ্রহে॥ ২২
পৃচ্ছামি ত্বামতো ব্রহ্মন্ মায়াসংসারবারিধৌ।
নৌকয়া বিষ্ণুভক্ত্যা চ কর্ণধারোঽসি পারকৃৎ॥ ২৩
কেনাহং যাতনাগরাৎ নির্ব্বাণপদমুত্তমম্।
লপ্স্যামীহ জগদ্বন্ধো কর্ম্মণা শর্ম্ম তদ্বদ॥ ২৪

সাক্ষাৎ প্রাপ্ত হইলাম॥ ১৮॥ আজি আপনার দর্শন ও অর্চ্চন দ্বারা মদীয় পিতৃগণ পরিতুষ্ট হইলেন। আমি বহ্নিতে যে আহুতি অর্পণ করিয়াছি, তাহা ফলবান্ হইল; আজি অমরবৃন্দ প্রীত হইলেন॥ ১৯

যাঁহার অর্চ্চনা করিলে হরির পূজা করা হয়, যাঁহার সাক্ষাৎ প্রাপ্ত হইলে পুনর্জন্ম দূর হয়, যাঁহার স্পর্শে পাপরাশি বিধ্বস্ত হয়, তাদৃশ সাধু সমাগম কি বিচিত্র॥ ২০

সাধুগণের হৃদয়ই ধর্ম্ম, তাঁহাদিগের বাণীই সনাতন দেবতা, তাঁহাদিগের কার্য্যই কর্ম্মক্ষয়ের হেতু, অতএব সাধুই স্বয়ং হরির মূর্ত্তি স্বরূপ॥ ২১॥ দুষ্টনিগ্রহার্থ কৃষ্ণাবতারে কৃষ্ণের নিত্যদেহ যেমন ভৌতিক নহে, তদ্রূপ বোধ হয় এই ত্রিভুবনে বৈষ্ণবদেহও পঞ্চভূত দ্বারা গঠিত নহে॥ ২২॥ হে ভগবন্! মায়াসঙ্কুল ভবসমুদ্রে আপনি হরিভক্তিরূপ তরী দ্বারা পারকর্ত্তা হইতেছেন। এই হেতু ভবৎসকাশে কিঞ্চিৎ জিজ্ঞাসা করিতে উদ্যত হইয়াছি॥ ২৩॥ হে বিশ্ববন্ধো! আমি কোন্ কর্ম্মের অনুষ্ঠান করিলে,

১৬

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নারদ উবাচ।

অহো বলবতী মায়া সর্ব্বাশ্চর্য্যময়ী শুভা।
পিতরং মাতরং বিষ্ণুর্নৈব মুঞ্চতি কর্হিচিৎ॥ ২৫
পূর্ণো নারায়ণো যস্য সুতঃ কলির্জ্জগৎপতিঃ।
তং বিহায় বিষ্ণুযশা মত্তো মুক্তিমভীপ্সতি॥ ২৬
বিবিচ্যার্থং ব্রহ্মসুতঃ প্রাহ ব্রহ্মযশংসুতম্।
বিবিক্তে বিষ্ণুযশসং ব্রহ্মসংপদ্বিবর্দ্ধনম্॥ ২৭

নারদ উবাচ।

দেহাববনে জীবং সা দৃষ্ট্বা দেহাবলম্বনম্।
মায়াহ কর্ত্তুমিচ্ছন্তং যন্মে তৎ শৃণু মোক্ষদম্।
বিন্ধ্যাদ্রৌ রমণী ভূত্বা মায়োবাচ যথেচ্ছয়া॥ ২৮

এই ভবসংসাররূপ যন্ত্রণাগৃহ হইতে মুক্ত হইয়া পরম কল্যাণসাধন সর্ব্বোৎকৃষ্ট নির্ব্বাণপদ প্রাপ্ত হইব, তাহা প্রকাশ করুন॥ ২৪

দেবর্ষি কহিলেন,—অহো! মায়া কি বলবতী! উহা কি আশ্চর্য্যময়ী ও শুভদাত্রী, হরি পিতামাতাকেও এই মায়া হইতে নিষ্কৃতি প্রদান করিতেছেন না॥ ২৫

পূর্ণ নারায়ণ জগদীশ্বর কল্কি যাঁহার পুত্র, সেই বিষ্ণুযশা পুত্রকে পরিত্যাগ করিয়া মৎসকাশে মুক্তি কামনা করিতেছেন॥ ২৬

ব্রহ্মনন্দন দেবর্ষি নারদ এইরূপ পর্য্যালোচনা করিয়া ব্রহ্মযশার নন্দন বিষ্ণুযশাকে বিরলে ব্রহ্মজ্ঞানপ্রদানার্থ বলিতে আরম্ভ করিলেন॥ ২৭

নারদ কহিলেন,—শরীর নষ্ট হইলে পুনরায় শরীরান্তর ধারণে বাসনা করিয়াছে দেখিয়া মায়া জীবকে যাহা বলিয়াছেন, তাহা কীর্ত্তন করিতেছি, তাহা অবধান করুন। এই মায়া-জীব-সংবাদ শ্রবণ করিলে মোক্ষপ্রাপ্তি হয়। বিন্ধ্যগিরিতে মায়া ইচ্ছাবশে নারীমূর্ত্তি পরিগ্রহ করিয়া বলিতে আরম্ভ করিলেন॥ ২৮

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মায়োবাচ।

অহং মায়া ময়া ত্যক্তঃ কথং জীবিতুমিচ্ছসি ॥ ২৯

জীব উবাচ।

নাহং জীবাম্যহং মায়ে কায়েঽস্মিন্ জীবনাশ্রয়ে।
অহমিত্যন্যথাবুদ্ধির্ব্বিনা দেহং কথং ভবেৎ ॥ ৩০

মায়োবাচ।

দেহবন্ধে যথাশ্লেষাৎ তথা বুদ্ধিঃ কথং তব।
মায়াধীনাং বিনা চেষ্টাং বিশিষ্টাং তে কুতো বদ ॥ ৩১

জীব উবাচ।

মাং বিনা প্রাজ্ঞতা মায়ে প্রকাশবিষয়স্পৃহা ॥ ৩২

মায়োবাচ।

মায়য়া জীবতি নরশ্চেষ্টতে হতচেতনঃ।
নিঃসারঃ সারবদ্ভাতি গজভুক্তকপিত্থবৎ ॥ ৩৩

মায়া বলিলেন,—আমি মায়া, আমি তোমাকে বিসর্জ্জন করিয়াছি, তুমি কি প্রকারে প্রাণধারণের বাসনা করিতেছ ? ॥ ২৯

জীব বলিলেন,—হে মায়ে ! আমি প্রাণধারণ করি না, দেহই জীবনের আশ্রয়, দেহ বিনা "অহং" ভেদবুদ্ধি কিরূপে জন্মে ? ॥ ৩০

মায়া বলিলেন,—শরীরধারণে সেই শরীর সম্পর্কে যেরূপ ভেদজ্ঞান হয়, তোমার তদ্রূপ বুদ্ধি কি প্রকার হইতেছে ? চেষ্টা মায়ার বশবর্ত্তিনী। অধুনা মায়া ব্যতীত তোমার কি প্রকার চেষ্টা হইতেছে ? ॥ ৩১

জীব বলিলেন,—মায়ে ! আমি ব্যতীত তদীয় প্রাজ্ঞতা প্রকাশ ও বিসয়বানা অসম্ভব ॥ ৩২

মায়া বলিলেন,—জীব মায়াদ্বারা যন্ত্রবৎ কার্য্য ও চেষ্টা করিয়া থাকে,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জীব উবাচ।

মম সংসর্গজাতা ত্বং নানা নামস্বরূপিণী।
মাং বিনিন্দসি কি মূঢ়ে স্বৈরিণী স্বামিনং যথা॥ ৩৪
মম ভাবে তবাভাবঃ প্রোন্থৎসূর্য্যে তমো যথা।
মামাবর্য্য! বিভাসি ত্বং রবিং নবঘনো যথা॥ ৩৫
লীলাবীজকুশূলাসি মম মায়ে জগন্ময়ে।
আদ্যন্তে মধ্যতো ভাসি নানাত্বাদিন্দ্রজালবৎ॥ ৩৬
এবং নির্ব্বিষয়ং নিত্যং মনোব্যাপারবর্জ্জিতম্।
অভৌতিকমজীবঞ্চ শরীরং বীক্ষ্য সা ত্যজৎ॥ ৩৭
ত্যক্ত্বা মাং সা দদৌ শাপমিতি লোকে তবাপ্রিয়।
ন স্থিতির্ভবিতা কাষ্ঠকুড্যোপম কথঞ্চন॥ ৩৮

মায়া দ্বারা প্রাণধারণ করে এবং নিঃসার হইয়াও গজভুক্ত কপিত্থবৎ সারবৎ অনুমিত হয়॥ ৩৩

জীব বলিলেন,—"মূর্খে! তুমি মদীয় সংসর্গে সঞ্জাতা হইয়া নানাপ্রকার নামরূপ পরিগ্রহ করিয়াছ। স্বৈরিণী যেরূপ পতির নিন্দা করে, তদ্রূপ আমার নিন্দা করিতেছ কেন?॥ ৩৪

ভানূদয়ে যেমন তিমির দূর হয়, সেইরূপ আমার অভাবে তোমার অভাব ঘটে। নবজলদ যেরূপ সূর্য্যকে আবরণ পূর্ব্বক প্রকাশমান হয়, সেইরূপ তুমি আমাকে আবরণ করিয়া বিরাজ করিতেছ॥ ৩৫

মায়ে! তুমি লীলা বীজের কুশূলা (ত্বক্‌স্বরূপা) নানাত্ব নিবন্ধন তুমি এই ব্রহ্মাণ্ডের আদি, মধ্য ও অন্তে ইন্দ্রজালবৎ বিরাজ করিতেছ॥ ৩৬

এই প্রকারে বিষয়ব্যাপাররহিত, নিত্য, মানসিকব্যাপারশূন্য, অভৌতিক, জীবনবর্জ্জিত দেহ দেখিয়া মায়া তাহা বিসর্জ্জন করিলেন॥ ৩৭

মায়া আমাকে পরিত্যাগ পূর্ব্বক এই প্রকার অভিশাপ দিলেন যে, হে প্রিয়! ইহলোকে কাষ্ঠকুড্যবৎ কদাচ তোমার স্থিতি (প্রত্যক্ষ উপলব্ধি)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সা মায়া তব পুত্রস্য কল্কের্বিশ্বাত্মনঃ প্রভোঃ।
তাং বিজ্ঞায় যথাকামং চর গাং হরিভাবনঃ ॥ ৩৯
নিরাশো নির্ম্মমঃ শান্তঃ সর্ব্বভোগেষু নিস্পৃহঃ।
বিষ্ণৌ জগদিদং জ্ঞাত্বা বিষ্ণুর্জ্জগতি বাসকৃৎ।
আত্মন্যাত্মানমাবেশ্য সর্ব্বতো বিরতো ভব ॥ ৪০
এবং তদ্বিষ্ণুযশসমামন্ত্র্য চ মুনীশ্বরৌ।
কল্কিং প্রদক্ষিণীকৃত্য জগ্মতুঃ কপিলাশ্রমম্ ॥ ৪১
নারদেরিতমাকর্ণ্য কল্কিং সুতমনুত্তমম্।
নারায়ণং জগন্নাথং বনং বিষ্ণুযশা যযৌ ॥ ৪২
গত্বা বদরিকারণ্যং তপস্তপ্ত্বা সুদারুণম্।
জীবং বৃহতি সংযোজ্য পূর্ণস্তত্যাজ ভৌতিকম্ ॥ ৪৩

হইবে না ॥ ৩৮ ॥ ত্বদীয় পুত্র বিশ্বাত্মা ভগবান্ কল্কির এই মায়া! এই মায়া বিদিত হইয়া হরিতে আত্মসমর্পণপূর্ব্বক যথেচ্ছ ভ্রমণ কর ॥ ৩৯

তুমি ফলকামনারহিত, মমতাশূন্য, শান্ত ও সর্ব্ববিধভোগে স্পৃহাশূন্য হইবে। এই জগৎ হরিতে অধিষ্ঠিত এবং হরিও এই জগতে অনুপ্রবিষ্ট হইয়া অবস্থিত আছেন, এই প্রকার জ্ঞান প্রাপ্ত হইবে। তদনন্তর জীবাত্মাকে পরমাত্মাকে সন্নিবশিত করিয়া নিখিল কর্ম্ম পরিত্যাগ করিবে ॥ ৪০

ঋষিদ্বয় এই প্রকারে বিষ্ণুযশার সহিত সম্ভাষণ পূর্ব্বক কল্কিকে প্রদক্ষিণ করিয়া কপিলাশ্রমে প্রস্থান করিলেন ॥ ৪১ ॥ তদনন্তর বিষ্ণুযশা নারদ-প্রমুখাৎ অবগত হইলেন যে, তদীয় পুত্র কল্কি জগদীশ্বর হরি, তখন তিনি সংসারে জলাঞ্জলি দিয়া কাননবাস আশ্রয় করিলেন ॥ ৪২

তিনি বদরিকাশ্রমে গিয়া কঠোর তপস্যা দ্বারা আত্মাকে পরমব্রহ্মে সংযোযিত করিলেন এবং পূর্ণত্বলাভে ভৌতিক দেহ ত্যাগ করিলেন ॥ ৪৩

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মৃতং স্বামিনমালিঙ্গ্য সুমতিঃ স্নেহবিক্লবা।
বিবেশ দহনং সাধ্বী সুরৈশৈর্দ্দিবি সংস্তুতা ॥ ৪৪
কল্কিঃ শ্রুত্বা মুনিমুখাৎ পিত্রোর্নির্ব্বাণমীশ্বরঃ।
সবাষ্পনয়নং স্নেহাৎ তয়োঃ সমকরোৎ ক্রিয়াম্ ॥ ৪৫
পদ্ময়া রময়া কল্কিঃ শম্ভলে সুরবাঞ্ছিতে।
চকার রাজ্যং ধর্ম্মাত্মা লোকবেদপুরস্কৃতঃ ॥ ৪৬
মহেন্দ্রশিখরাদ্রামস্তীর্থপর্য্যটনাদৃতঃ।
প্রায়াৎ কল্কের্দ্দর্শনার্থং শম্ভলং তীর্থতীর্থকৃৎ ॥ ৪৭
তং দৃষ্ট্বা সহসোত্থায় পদ্ময়া রময়া সহ।
কল্কিং প্রহর্ষো বিধিবৎ পূজাঞ্চক্রে বিধানবিৎ ॥ ৪৮
নানারসৈর্গুণময়ৈর্ভোজয়িত্বা বিচিত্রিতে।
পর্য্যঙ্কেঽনর্ঘ্যবস্ত্রাঢ্যে শায়য়িত্বা মুদং যযৌ ॥ ৪৯

পতিপ্রণয়িণী সতী সুমতি গতাসু পতিকে আলিঙ্গন পূর্ব্বক বহ্নিপ্রবেশ করিলেন। সুরলোকে দেবগণ তাঁহার স্তুতিবাদে প্রবৃত্ত হইলেন ॥ ৪৪

কল্কি মুনিবৃন্দপ্রমুখাৎ জনক-জননীর স্বর্গারোহণ বিবরণ শুনিয়া স্নেহ নিবন্ধন বাষ্পাকুলনেত্রে তাঁহাদের শ্রাদ্ধাদিক্রিয়া সম্পাদন করিলেন ॥ ৪৫

লৌকিকাচার ও দেবাচারনিষ্ঠ ধর্ম্মপরায়ণ কল্কি সুরগণেরও প্রার্থিত শম্ভলগ্রামে অবস্থানপূর্ব্বক রমা ও পদ্মার সহিত রাজ্যশাসন করিতে প্রবৃত্ত হইলেন ॥ ৪৬

যাঁহা দ্বারা তীর্থও পবিত্র হয়, সেই ভৃগুরাম তীর্থভ্রমণ উপলক্ষে মহেন্দ্রগিরিশিখর হইতে অবতীর্ণ হইয়া কল্কিকে দেখিবার জন্য শম্ভলগ্রামে উপস্থিত হইলেন ॥ ৪৭ ॥ বিধিবিচক্ষণ কল্কি ভৃগুরামকে দেখিবামাত্র হর্ষসহকারে পদ্মা ও রমার সহিত সিংহাসন হইতে গাত্রোত্থান করিয়া যথাবিধানে তাঁহার অর্চ্চনা করিলেন ॥ ৪৮

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তং ভুক্তবন্তং বিশ্রান্তং পাদসংবাহনৈর্গুরুম্ ।
সংতোষ্য বিনয়াপন্নঃ কল্কির্ম্মধুরমব্রবীৎ ॥ ৫০
তব প্রসাদাৎ সিদ্ধং মে গুরো ত্রৈবর্গিকঞ্চ যৎ ।
শশিধ্বজস্মুতায়াস্তু শৃণু রাম নিবেদিতম্ ॥ ৫১
ইতি পতিবচনং নিশম্য রামা নিজহৃদয়েপ্সিতপুত্রলাভমিষ্টম্ ।
ব্রতজপনিয়মৈর্যমৈশ্চ কৈর্ব্বা, মম ভবতীহ মুদাহ জামদগ্ন্যম্ ॥ ৫২

ইতি শ্রীকল্কিপুরাণেঽনুভাগবতে ভবিষ্যে তৃতীয়াংশে বিষ্ণুযশসো মোক্ষে রামদর্শনং নাম ষোড়শোঽধ্যায়ঃ ॥১৬

তিনি ভৃগুরামকে নানারসগুণপূর্ণ দ্রব্য সামগ্রী ভোজন করাইয়া বহুমূল্য পরিচ্ছদশোভিত বিচিত্র পর্য্যঙ্কোপরি শয়ন করাইলেন ॥ ৪৯

গুরু ভৃগুরাম আহারান্তে বিশ্রাম করিতেছেন, ইত্যবসরে কল্কি পদসংবাহন দ্বারা তাঁহাকে প্রীতি করিয়া বিনয়াবনতভাবে মধুরবাক্যে বলিতে লাগিলেন,—গুরুদেব ! ভবদীয় অনুগ্রহে আমার ধর্ম্ম অর্থ ও কাম এই ত্রিবর্গই সুসিদ্ধ হইয়াছে। সম্প্রতি শশিধ্বজনন্দিনীর একটি নিবেদন আছে, অবধান করুন ॥ ৫০—৫১

পতির এই কথা শুনিয়া শশিধ্বজনন্দিনী পুলকিতচিত্তে পরশুরামকে জিজ্ঞাসা করিবেন,—কি বিধানে যম, নিয়ম, জপ ও ব্রতের অনুষ্ঠান করিলে মনোমত সন্তান পাওয়া যায় ? ৫২

ইতি বিষ্ণুযশার মোক্ষ ও রামদর্শন নামক ষোড়শ অধ্যায় সমাপ্ত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সপ্তদশোঽধ্যায়ঃ

—০:০:০—

স্যুচ উবাচ।

জামদগ্ন্যঃ সমাকর্ণ্য রমাং তাং পুত্রকাঙ্ক্ষিণীম্।
কল্কেরভিমতং বুদ্ধাঽকারয়দ্রুক্মিণীব্রতম্॥ ১
ব্রতেন তেন চ রমা পুত্রাঢ্যা সুভগা সতী।
সর্ব্বভোগেন সংযুক্তা বভূব স্থিরযৌবনা॥ ২

শৌনক উবাচ।

বিধানং ব্রূহি মে সূত! ব্রতস্যাস্য চ যৎ ফলম্।
পুরা কেন কৃতং ধর্ম্ম্যং রুক্মিণীব্রতমুত্তমম্॥ ৩

সূত উবাচ।

শৃণু ব্রহ্মন্! রাজপুত্রী শর্ম্মিষ্ঠা বার্ষপর্ব্বণী।
অবগাহ্য সরোনীরং সোমং হরমপশ্যত॥ ৪

সূত কহিলেন—অতঃপর ভৃগুরাম রামকে পুত্রাকাঙ্ক্ষিণী দর্শনে কল্কির অভিপ্রায় বুঝিতে পারিয়া, রুক্মিণীব্রতের অনুষ্ঠান করাইলেন॥ ১

পতিপরায়ণা রমা সেই ব্রতপ্রসাদে পুত্রবতী, সৌভাগ্যশালিনী, সর্ব্বভোগযুক্তা ও স্থিরযৌবনসম্পন্না হইলেন॥ ২

শৌনক বলিলেন, হে সূত! এই রুক্মিণীব্রতের বিধি কি প্রকার? ফল কি প্রকার? এবং কে প্রথমে এই পরমোত্তম ধর্ম্ম ব্রতের অনুষ্ঠান করিয়াছিলেন, তাহা আমার নিকট প্রকাশ কর॥ ৩

সূত বলিলেন,—হে দ্বিজ। আমি সমস্ত বলিতেছি, অবধান করুন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সা সখীভিঃ পরিবৃতা দেবযান্যা চ সঙ্গতা।
শম্ভুভীত্যা সমুত্থায় পর্য্যধুর্ব্বসনং দ্রুতম্ ॥ ৫
তত্র শুক্রস্য কন্যায়া বস্ত্রব্যত্যয়মাত্মনঃ।
সংলক্ষ্য কুপিতা প্রাহ বসনং ত্যজ ভিক্ষুকি ॥ ৬
ততো দানবকন্যা সা দাসীভিঃ পরিবারিতা।
তাং তস্যা বাসসা বদ্ধা কূপে ক্ষিপ্ত্বা গতা গৃহম্ ॥ ৭
তাং নগ্নাং রুদতীং কূপে জলার্থী নহুষাত্মজঃ।
করে স্পৃশ্য সমুদ্ধৃত্য প্রাহ কা ত্বং বরাননে ॥ ৮
সা শুক্রপুত্রী বসনং পরিধায় হ্রিয়া ভিয়া।
শর্ম্মিষ্ঠায়াঃ কৃতং সর্ব্বং প্রাহ রাজানমীক্ষতী ॥ ৯

একদিন দৈত্যপতি বৃষপর্ব্বার কন্যা শর্ম্মিষ্ঠা সরোবরসলিলে অবগাহন করিতেছেন, এমন সময়ে সোমেশ্বর মহাদেব তাঁহার নেত্রপথে পতিত হইলেন ॥ ৪ ॥ শর্ম্মিষ্ঠা সহচরীবৃন্দে পরিবেষ্টিত হইয়া দেবযানী সহ সলিলবিহার করিতেছিলেন, মহাদেবকে দেখিবামাত্র সভয়ে গাত্রোত্থান করিয়া তৎক্ষণাৎ বসন পরিধান করিলেন ॥

তথায় দৈত্যগুরু শুক্রাচার্য্যের নন্দিনী দেবযানীর বসনও ছিল। দেবযানীর বসনপরিবর্ত্তন হওয়াতে শর্ম্মিষ্ঠা ক্রুদ্ধা হইয়া বলিলেন,—রে ভিক্ষুকি! আমার বসন পরিত্যাগ কর ॥ ৬

তদন্তর কিঙ্করীবেষ্টিতা দানব-রাজনন্দিনী শর্ম্মিষ্ঠা দেবযানীকে বসন দ্বারা বন্ধনপূর্ব্বক কূপমধ্যে ফেলিয়া দিয়া গৃহে প্রস্থান করিলেন ॥ ৭

দেবযানী কূপমধ্যে পতিত হইয়া ক্রন্দন করিতেছেন, ইত্যবসরে নহুষনন্দন যযাতি সলিলপানার্থ তথায় উপস্থিত হইলেন এবং তদীয় করধারণপূর্ব্বক তুলিয়া বলিলেন,—বরাননে তুমি কে? ॥ ৮

শুক্রনন্দিনী লজ্জা ও ভীতিবশতঃ বস্ত্র পরিধানপূর্ব্বক নৃপতির প্রতি কটাক্ষপাত করিয়া শর্ম্মিষ্ঠাকৃত সকল বৃত্তান্ত বর্ণন করিলেন ॥ ৯

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যযাতিস্তদভিপ্রায়ং জ্ঞাত্বানুব্রজ্য শোভনাম্।
আশ্বাস্য তাং যযৌ গেহং তস্যাঃ পরিণয়াদৃতঃ ॥ ১০
সা গত্বা ভবনং শুক্রং প্রাহ শর্ম্মিষ্ঠয়া কৃতম্।
তৎ শ্রুত্বা কুপিতং বিপ্রং বৃষপর্ব্বাহ সান্ত্বয়ন্॥ ১১
দণ্ড্যং মাং দণ্ডয় বিভো! কোপো যদ্যস্তি তে ময়ি।
শর্ম্মিষ্ঠাং বাপ্যপকৃতাং কুরু যন্মনসেপ্সিতম্॥ ১২
রাজানং প্রণতং পাদে পিতুর্দৃষ্ট্বা রুষাব্রবীৎ।
দেবযানী ত্বিয়ং কন্যা মম দাসী ভবত্বিতি ॥ ১৩
সমানীয় তদা রাজা দাস্যে তাং বিনিযুজ্য সঃ।
যযৌ নিজগৃহং জ্ঞানী দৈবং পরমকং স্মরন্॥ ১৪

অনন্তর যযাতি দেবযানীর অভিপ্রায় বুঝিতে পারিয়া তদীয় করপীড়নে অভিলাষ করিলেন এবং কিছুদূর সেই সুন্দরীর অনুগমন পূর্ব্বক আশ্বাস দিয়া নিজভবনে প্রস্থান করিলেন ॥ ১০

এদিকে দেবযানি গৃহে উপস্থিত হইয়া পিতৃসকাশে শর্ম্মিষ্ঠার ব্যবহার বর্ণন করিলেন। শুক্র তাহা শ্রবণমাত্র ক্রুদ্ধ হইয়া উঠিলেন। দৈত্যপতি বৃষপর্ব্বা তাঁহাকে সান্ত্বনা করিতে করিতে বলিলেন,—প্রভো! যদি মৎপ্রতি আপনার রোষোদয় হইয়া থাকে,—আমাকে দণ্ডার্হজ্ঞান করেন, কিংবা আপনার অপকারিণী শর্ম্মিষ্ঠার প্রতি রোষ হইয়া থাকে, তবে ইচ্ছামত দণ্ডবিধান করুন ॥ ১১—১২

অনন্তর দেবযানী দৈত্যনাথকে পিতা শুক্রাচার্য্যের পদতলে নিপতিত দর্শনে রোষভরে বলিলেন,—আপনার এই কন্যা আমার কিঙ্করী হউক। জ্ঞানবান্ নৃপতি দৈববলই পরমবল,—ইহা স্মরণ পূর্ব্বক তৎক্ষণাৎ কন্যাকে আনয়ন করিয়া দেবযানীর কিঙ্করীত্বে নিয়োজিত করিলেন; অনন্তর নিজগৃহে প্রস্থান করিলেন ॥ ১২—১৪

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ততঃ শুক্রস্তমানীয় যযাতিং প্রতিলোমকম্।
তস্মৈ দদৌ তাং বিধিবৎ দেবযানীং তয়া সহ॥ ১৫
দত্ত্বা প্রাহ নৃপং বিপ্রোঽপ্যেনাং রাজসুতাং যদি।
শয়নে হ্বয়সে সদ্যো জরা ত্বামুপভোক্ষ্যতি॥ ১৬
শুক্রস্যৈতদ্‌বচঃ শ্রুত্বা রাজা তাং বরবর্ণিনীম্।
অদৃশ্যাং স্থাপয়ামাস দেবযান্যনুগাং ভিয়া॥ ১৭
সা শর্ম্মিষ্ঠা রাজপুত্রী দুঃখশোকভয়াকুলা।
নিত্যং দাসীশতাকীর্ণা দেবযানীন্তু সেবতে॥ ১৮
একদা সা বনগতা রুদন্তী জাহ্নবীতটে।
বিশ্বামিত্রং মুনিং তত্র দদৃশে স্ত্রীভিরাবৃতম্॥ ১৯
ব্রতিনং পুণ্যগন্ধাভিঃ স্বরূপাভিঃ সুসেবিতম্।
কারয়ন্তং ব্রতং মাল্যধূপদীপোপহারকৈঃ॥ ২০

ইহার পর শুক্রাচার্য্য যযাতিকে আনয়ন পূর্ব্বক প্রতিলোম বিবাহবিধি অনুসারে তাঁহাকে দেবযানী সম্প্রদান করিলেন। দেবযানী সহ ত্বদীয় কিঙ্করী শর্ম্মিষ্ঠাকেও প্রদান করা হইল॥ ১৫॥ রাজনন্দিনী শর্ম্মিষ্ঠাকে দেবযানী সহ প্রদান করিয়া দৈত্যগুরু নৃপতিকে বলিলেন,—যদি তুমি এই রাজকুমারীকে কখনও শয়নে আহ্বান কর, তৎক্ষণাৎ জরাক্রান্ত হইবে॥ ১৬॥ শুক্রের এই কথা শুনিয়া নরপতি ভীতিনিবন্ধন দেবযানী-সহচরী রূপবতী শর্ম্মিষ্ঠাকে নেত্রের অগোচর স্থানে রাখিলেন॥ ১৭

অনন্তর দুঃখশোকসন্তপ্তা ভয়বিহ্বলা রাজনন্দিনী শর্ম্মিষ্ঠা প্রত্যহ শতদাসী সহ মিলিত হইয়া দেবযানীর সেবায় প্রবৃত্ত হইলেন॥ ১৮

একদা শর্ম্মিষ্ঠা বনমধ্যে সুরধুনীকূলে ক্রন্দন করিতেছেন, ইত্যবসরে দেখিলেন, ঋষিপ্রবর বিশ্বামিত্র নারীগণে পরিবেষ্টিত হইয়া রহিয়াছেন॥১৯॥ তিনি স্বয়ং ব্রতধারী সুগন্ধদ্রব্যে সমলঙ্কৃতা পুণ্যগন্ধা পরমরূপবতী নারীগণ তাঁহার চারিদিক পরিবেষ্টন পূর্ব্বক অবস্থিতি করিতেছে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নির্ম্মায়াষ্টদলং পদ্মং বেদিকায়াং সুচিহ্নিতম্।
রম্ভাপোতৈশ্চতুর্ভিস্তু চতুষ্কোণং বিরাজিতম্॥ ২১
বাসসা নির্ম্মিতগৃহে স্বর্ণপট্টৈর্ব্বিচিত্রিতে।
নির্ম্মিতং শ্রীবাসুদেবং নানারত্নবিঘট্টিতম্॥ ২২
পৌরুষেণ চ সূক্তেন নানাগন্ধোদকৈঃ শুভৈঃ।
পঞ্চামৃতৈঃ পঞ্চগব্যৈর্যথামন্ত্রৈর্দ্বিজেরিতৈঃ॥ ২৩
স্নাপয়িত্বা ভদ্রপীঠে কর্ণিকায়াং প্রপূজয়েৎ।
পঞ্চভির্দ্দশভির্ব্বাপি ষোড়শৈরুপচারকৈঃ॥ ২৪
পাদ্যমধ্বশ্রমহরং শীতলং সুমনোহরম।
পরমানন্দজনকং গৃহাণ পরমেশ্বর॥ ২৫
দূর্ব্বাচন্দনগন্ধাঢ্যমর্ঘ্যং যুক্তং প্রয়ত্নতঃ।
গৃহাণ রুক্মিণীনাথ প্রপন্নস্য মম প্রভো॥ ২৬

ঋষিবর ধূপ, দীপ, মাল্য, ও নানাপ্রকার উপহার দ্বারা ঐ সকল রমণীকে ব্রত করাইতেছেন॥ ২০

মুনিবর বেদীর মধ্যে দিব্যচিহ্নে চিহ্নিত করিয়া অষ্টদলপদ্ম নির্ম্মাণ করিয়াছেন। চতুষ্কোণে চারিটি কদলীতরু প্রোথিত হইয়াছে॥ ২১

পট্টময় গৃহাভ্যন্তরে স্বর্ণপীঠ বিরাজ করিতেছে। তদুপরি সুগঠিত বিবিধরত্নরাজিত বাসুদেবমূর্ত্তি শোভা পাইতেছে॥ ২২

পূজাপ্রণালী এই যে, পুরুষসূক্ত পাঠ করিয়া মনোহর গন্ধবারি, পঞ্চামৃত ও পঞ্চগব্য দ্বারা দ্বিজাতি কর্ত্তৃক সমুচ্চারিত যথাবিহিত মন্ত্রে বাসুদেবকে স্নান করাইয়া ভদ্রপীঠোপরি কর্ণিকাভ্যন্তরে স্থাপন পূর্ব্বক, ষোড়শোপচার, পঞ্চোপচার বা দশোপচার দ্বারা অর্চ্চনা করিবে॥ ২৩-২৪

"পাদ্যনধ্বশ্রনরহং" ইত্যাদি মন্ত্রে পাদ্য, "দূর্ব্বাচন্দনগন্ধাঢ্যং" ইত্যাদি মন্ত্রে অর্ঘ্য, "নানাতীর্থোদ্ভবং" ইত্যাদিমন্ত্রে আচমনীয়, "নানাকুসুমগন্ধ্যাঢ্যং"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নানাতীর্থোদ্ভবং বারি সুগন্ধি সুমনোহরম্।
গৃহাণাচমনীয়ং ত্বং শ্রীনিবাস শ্রিয়া সহ ॥ ২৭
নানাকুসুমগন্ধাঢ্যং সূত্রগ্রথিতমুত্তমম্।
বক্ষঃশোভাকরং চারু মাল্যং নয় সুরেশ্বর ॥ ২৮
তন্তুসন্তানসন্ধানরচিতং বন্ধনং হরে।
গৃহাণাবরণং শুদ্ধং নিরাবরণ সপ্রিয় ॥ ২৯
যজ্ঞসূত্রমিদং দেব ! প্রজাপতিবিনির্ম্মিতম্।
গৃহাণ বাসুদেব ত্বং রুক্মিণ্য রময়া সহ ॥ ৩০
নানারত্নসমাযুক্তং স্বর্ণমুক্তাবিঘট্টিতম্।
প্রিয়য়া সহ দেবেশ গৃহাণাভরণং মম ॥ ৩১
দধি-ক্ষীর গুড়ান্নাদি পূপ-লড্ডুক-খণ্ডকান্।
গৃহাণ রুক্মিণীনাথ সনাথং কুরু মাং প্রভো ॥ ৩২
কর্পূরাগুরুগন্ধাঢ্যং পরমানন্দদায়কম্।
ধূপং গৃহাণ বরদ বৈদর্ভ্যা প্রিয়য়া সহ ॥ ৩৩
ভক্তানাং গেহসক্তানাং সংসারধ্বান্তনাশনম্।
দীপমালোকয় বিভো ! জগদালোকনাদর ॥ ৩৪
শ্যামসুন্দর ! পদ্মাক্ষ ! পীতাম্বর ! চতুর্ভুজ !
প্রপন্নং পাহি দেবেশ ! রুক্মিণ্যা সহিতাচ্যুত ॥ ৩৫

ইত্যাদি মন্ত্রে মাল্য, "তন্তুসন্তানরচিতং" ইত্যাদি মন্ত্রে বস্ত্র, "যজ্ঞসূত্রমিদং" ইত্যাদি মন্ত্রে যজ্ঞসূত্র, "নানারত্নসমাযুক্তং" ইত্যাদি মন্ত্রে দধি, ক্ষীর, গুড়, অন্ন, পূপ, লড্ডুক ও খণ্ডকাদি, "কর্পূরাগুরুগন্ধাঢ্য" ইত্যাদি মন্ত্রে ধূপ ও "ভক্তানাং" ইত্যাদি মন্ত্রে দীপ প্রদান করিয়া "শ্যামসুন্দর পদ্মাক্ষ" ইত্যাদি মন্ত্রে প্রার্থনা করিবে। (রমণীগণও এই বিধানে ব্রতানুষ্ঠান করিতেছিলেন ॥ ২৫—৩৫

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইতি তাসাং ব্রতং দৃষ্ট্বা মুনিং নত্বা সুদুঃখিতা।
শর্ম্মিষ্ঠা মিষ্টবচনা কৃতাঞ্জলিরুবাচ তাঃ ॥ ৩৬

শর্ম্মিষ্ঠোউবাচ।

রাজপুত্রীং দুর্ভগাং মাং স্বামিনা পরিবর্জ্জিতাম্।
ত্রাতুমর্হথ হে দেব্যো ব্রতেমানেন কর্ম্মণা ॥ ৩৭
শ্রুত্বা তু তা বচস্তস্যাঃ কারুণ্যাচ্চ কিয়ৎ কিয়ৎ।
পূজোপকরণং দত্ত্বা কারয়ামাসুরাদরাৎ ॥ ৩৮
ব্রতং কৃত্বা তু শর্ম্মিষ্ঠা লব্ধা স্বামিনমীশ্বরম্।
সূত্বা পুত্রান্ সুসন্তুষ্টা সমভূৎ স্থিরযৌবনা ॥ ৩৯
সীতা চাশোকবনিকামধ্যে সরময়া সহ।
ব্রতং কৃত্বা পতিং লেভে রামং রক্ষসনাশনম্ ॥ ৪০
বৃহদশ্বপ্রসাদেন কৃত্বেমং দ্রৌপদী ব্রতম্।
পতিযুক্তা দুঃখমুক্তা বভূব স্থিরযৌবনা ॥ ৪১

সুদুঃখিতা শর্ম্মিষ্ঠা তদ্দর্শনে মুনিবরকে প্রণতি পূর্ব্বক কৃতাঞ্জলিপুটে মধুরবাক্যে বলিতে লাগিলেন ॥ ৩৬

শর্ম্মিষ্ঠা বলিলেন,—হে দেবীগণ! আমি অতি অভাগিনী রাজকুমারী; পতিসঙ্গবিরহিতা; আপনারা এই ব্রতোপদেশ দ্বারা আমাকে পরিত্রাণ করুন ॥ ৩৭ ॥ নারীবৃন্দ শর্ম্মিষ্ঠার এই কথা শ্রবণে দয়াবতী হইয়া কিঞ্চিৎ কিঞ্চিৎ পূজোপচার অর্পণ পূর্ব্বক সাদরে তাঁহাকে ব্রত করাইলেন ॥ ৩৮ ॥ শর্ম্মিষ্ঠা ব্রতসম্পাদন পূর্ব্বক নৃপতিকে পতি পাইয়া প্রীতিচিত্তে পুত্র-প্রসবিনী ও স্থিরযৌবনা হইলেন ॥ ৩৯

অশোক বনে জানকী সরমাসহ এই ব্রতানুষ্ঠানে রক্ষঃকুলহন্তা পতি রামকে পুনঃপ্রাপ্ত হইয়াছিলেন ॥ ৪০ ॥ বৃহদশ্বের অনুগ্রহে দ্রৌপদী এই ব্রতানুষ্ঠানে পতিরতা, দুঃখরহিতা ও স্থিরযৌবনা হইয়াছিলেন ॥ ৪১

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তথা রমা সিতে পক্ষে বৈশাখে দ্বাদশীদিনে।
জামদগ্ন্যাদ্‌ব্রতং চক্রে পুর্ণং বর্ষচতুষ্টয়ম্ ॥ ৪২
পট্টসূত্রং করে বদ্ধা ভোজয়িত্বা দ্বিজান্ বহূন্।
ভুক্তা হবিষ্যং ক্ষীরাক্তং সুমৃষ্টং স্বামিনা সহ ॥ ৪৩
বুভুজে পৃথিবীঃ সর্ব্বামপূর্ব্বাং স্বজনৈর্বৃতা।
সা পুত্রৌ সুষুবে সাধ্বী মেঘমাল-বলাহকৌ ॥ ৪৪
দেবানামুপকর্ত্তারৌ যজ্ঞদানতপোব্রতৈঃ।
মহোৎসাহৌ মহাবীর্য্যৌ সুভগৌ কল্কিসম্মতৌ ॥ ৪৫
ব্রতবরমিতি কৃত্বা সর্ব্বসম্পৎসমৃদ্ধ্যা
ভবতি বিদিততত্ত্বা পূজিতা পূর্ণকামা।
হরিচরণসরোজদ্বন্দ্বভক্ত্যেকতানা।
ব্রজতি গতিমপূর্ব্বাং ব্রহ্মবিজ্ঞৈরগম্যাম্ ॥ ৪৬
ইতি শ্রীকল্কিপুরাণেঽভাগবতে ভবিষ্যে তৃতীয়াংশে
রুক্মিণীব্রতং নাম সপ্তদশোঽধ্যায়ঃ ॥ ১৭

এই প্রকারে রমা বৈশাখমাসের শুক্লা দ্বাদশীতিথিতে পরশুরাম দ্বারা পূর্ণ চারিবর্ষ ব্রত করিয়াছিলেন ॥ ৪২ ॥ তিনি করে পট্টসূত্র বন্ধন পূর্ব্বক বহুসংখ্যক ব্রাহ্মণ ভোজন করাইলেন। অনন্তর তিনি পতির সহিত উৎকৃষ্টরূপে ক্ষীরসহ পক্ক হবিষ্যান্ন সেবন করিয়া স্বজন পরিবেষ্টিত হইয়া অখণ্ডভূতল ভোগ করিতে লাগিলেন। ক্রমে সেই সতী রমার গর্ভে মেঘমাল ও বলাহক নামে দুই পুত্র জন্মিল ॥ ৪৩—৪৪ ॥ এইপুত্রদ্বয় কল্কির প্রিয়, সৌভাগ্যবান্, মহাবীর্য্য ও মহোৎসাহী এবং উভয়েই যজ্ঞাদিদ্বারা অমরবৃন্দের প্রীতি সাধক ॥ ৪৫ ॥ ব্রতানুষ্ঠানে রমণীর সমস্ত সম্পত্তি লাভ হয়, তত্ত্বজ্ঞানের উদয় হয় এবং ইহলোকে পূজ্য ও পূর্ণকামা হইতে পারে। বিশেষতঃ ইহা দ্বারা হরিপাদপদ্মে মহতী ভক্তির সঞ্চার হওয়াতে ব্রহ্মজ্ঞানিগণেরও দুষ্প্রাপ্য বিচিত্র গতি প্রাপ্ত হওয়া যায় ॥ ৪৬

ইতি রুক্মিণীব্রত নামক সপ্তদশ অধ্যায় সমাপ্ত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অষ্টাদশোঽধ্যায়ঃ

—:০:—

সূত উবাচ।

এতদ্‌বঃ কথিতং বিপ্রা ব্রতং ত্রৈলোক্যবিশ্রুতম্।
অতঃপরং কল্কিকৃতং কর্ম্ম যৎ শৃণুত দ্বিজাঃ॥ ১
শম্ভলে বসতস্তস্য সহস্রপরিবৎসরাঃ।
ব্যতীতা ভ্রাতৃ-পুত্র-স্বজ্ঞাপিসম্বন্ধিভিঃ সহ॥ ২
শম্ভলে শুশুভে শ্রেণী সভাপণকচত্বরৈঃ।
পতাকাধ্বজ-চিত্রার্ঘ্যৈর্যথেন্দ্রস্যামরাবতী॥ ৩
যত্রাষ্টষষ্টিতীর্থানাং সম্ভবঃ শম্ভলেঽভবৎ।
মৃত্যোর্ম্মোক্ষঃ ক্ষিতৌ কল্কেরকল্কস্য পদাশ্রয়াৎ॥ ৪
বনোপবনসন্তাননানাকুসুমসংকুলৈঃ।
শোভিতং শম্ভলং গ্রামং মন্যে মোক্ষপদং ভুবি॥ ৫
তত্র কল্কিঃ পুরস্ত্রীণাং নয়নানন্দবর্দ্ধনঃ।
পদ্ময়া রময়া কামং ররাম জগতীপতিঃ॥ ৬

সূত বলিলেন,—হে বিপ্রবৃন্দ! আপনাদিগের নিকট ত্রিভুবনবিদিত রুক্মিণীব্রত বর্ণিত হইল। অনন্তর কল্কি যে যে কার্য্য করিয়াছিলেন, তাহা বর্ণন করিতেছি, অবধান করুন॥ ১॥ এই প্রকারে কল্কি ভ্রাতা, পুত্র জ্ঞাতি সম্বন্ধী ও আত্মীয়জনের সহিত শম্ভলগ্রামে সহস্রবর্ষ অবস্থিতি করিলেন॥ ২॥ অমরাবতী সদৃশ শম্ভলগ্রামে সভা, আপণ, চত্বর প্রভৃতি ধ্বজপতাকাদি দ্বারা সমলঙ্কৃত হইয়া যার পর নাই সুশোভিত হইল। এই স্থানে দেহ ত্যাগ হইলে কল্কির পাদপদ্মের আশ্রয় হেতু নিখিল পাপ দূর হয় এবং মুক্তিপদপ্রাপ্ত হইয়া থাকে॥ ৩—৪॥ বিবিধ পুষ্পরাজিসমন্বিত বনোপবন-বিরাজিত এই শম্ভল গ্রাম ভূতলে মুক্তিফলপ্রদ হইল॥ ৫

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সুরাধিপপ্রদত্তেন কামগেন রথেন বৈ।
নদীপর্ব্বতকুঞ্জেষু দ্বীপেষু পরয়া মুদা ॥ ৭
রমমাণো বিশন্ পদ্মারমাভ্যাভী রমাপতিঃ।
দিবানিশং ন বুবুধে স্ত্রৈণশ্চ কামলম্পটঃ ॥ ৮
পদ্মামুখামোদসরোজসীধু-বাসোপভোগী সুবিলাসবাসঃ।
প্রভূতনীলেন্দ্রমণিপ্রকাশে, গুহাবিশেষে প্রবিবেশ কল্কিঃ ॥ ৯
পদ্মা তু পদ্মাশতরূপরূপা, রমা চ পীযূষকলাবিলাসা।
পতিং প্রবিষ্টং গিরিগহ্বরে তে, নারীসহস্রাকুলিতে ত্বগাতাম্ ॥ ১০
পদ্মা পতিং প্রেক্ষ্য গুহানিবিষ্টং, রন্তুং মনোজ্ঞা প্রবিবেশ পশ্চাৎ।
রমাবলাযূথসমন্বিতা তৎপশ্চাদ্‌গতা কল্কিমহোগ্রকামা ॥ ১১
তত্রেন্দ্রনীলোপলগহ্বরান্তে, কান্তাভিরাত্মপ্রতিমাভিরীশম্।
কল্কিঞ্চ দৃষ্ট্বা নবনীরদাভং, ততঃ স্থিতং প্রস্তরবন্মুমোহ ॥ ১২

পুরনারীবৃন্দের নয়নপ্রীতিকর জগন্নাথ কল্কি এই শম্ভলগ্রামে পদ্মা ও রমার সহিত যথেচ্ছবিচরণ করিতে প্রবৃত্ত হইলেন ॥ ৬ ॥ তিনি ইন্দ্রদত্ত কামগামী রথে আরোহণপূর্ব্বক পুলকিতচিত্তে নদী, গিরি, কুঞ্জ ও দ্বীপসমূহে প্রবিষ্ট হইয়া রমা ও পদ্মাদি রমণীবৃন্দ সহ বিহার করিতে প্রবৃত্ত হইলেন। তৎকালে সেই কামাতুর লম্পট এবং স্ত্রৈণ রমানাথ কল্কির দিনরাত্রিজ্ঞান রহিত হইল ॥ ৭—৮

একদা পদ্মার বদনামোদরূপ পদ্মমধু-গন্ধোপভোগী বিলাসী কল্কি অসংখ্য ইন্দ্রনীলমণি দ্বারা সুশোভিত গিরিগুহাভ্যন্তরে প্রবেশ করিলেন। কমলবৎ কাঞ্চনবর্ণা, পদ্মা ও সুধাপাত্ররূপিণী রমা স্বামীকে পর্ব্বত-কন্দরে প্রবেশ করিতে দেখিয়া রমণীসহস্রে পরিবেষ্টিতা হইয়া তথায় উপস্থিত হইলেন ॥ ৯—১০ ॥ মনোরমা পদ্মা স্বামীকে গুহাবিবরে অনুপ্রবেশ করিতে দেখিয়া বিহারবাসনায় তাঁহার পশ্চাৎ পশ্চাৎ প্রবিষ্ট হইলেন ॥ ১১

পদ্মা দেখিলেন,—সেই ইন্দ্রনীলমণিময় গুহাভ্যন্তরে নবজলধরকান্তি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রমা সখীভিঃ প্রমদাভিবার্ত্তা, বিলোকয়ন্তী দিশমাকুলাক্ষী।
পদ্মাপি পদ্মাশতশোভমানা, বিষণ্ণচিত্তা ন বভৌ স্ম চার্ত্তা ॥ ১৩
ভূমৌ লিখন্তী নিজকজ্জলেন, কল্কিং শুকং তং কুচকুঙ্কুমেন।
কস্তূরিকাভিস্তু তদগ্রমগ্রে, নির্ম্মায় চাহিঙ্ঘ্য ননাম ভাবাৎ ॥ ১৪
রমা কলালাপপরা স্তুবন্তী, কামার্দ্দিতা তং হৃদয়ে নিধায়।
ধ্যাত্বা নিজান্তঃকরণৈঃ প্রপূজ্য, তস্থৌ বিষণ্ণা করুণাবসন্না ॥ ১৫
ক্ষণাৎ সমুত্থায় রুরোদ রমা, কলাপিনঃ কণ্ঠনিভং স্বনাথম্।
হৃদোপগূঢ়ং ন পুনঃ প্রলভ্য, কামার্দ্দিতেত্যাহ হরে প্রসীদ ॥ ১৬
পদ্মাপি নির্ম্মুচ্য নিজাঙ্গভূষা,-শ্চকার ধূলীপটলে বিলাসম্।
কণ্ঠঞ্চ কস্তূরিকয়াপি নীলং কামং নিহন্তুং শিবতামুপেত্য ॥ ১৭

কল্কি স্বীয় অনুরূপ রূপবতী নারীবৃন্দ সহ বিরাজ করিতেছেন। তদ্দর্শনে তিনি মোহমুগ্ধ হইয়া পাষাণবৎ নিস্পন্ন হইলেন ॥ ১২ ॥ রমাও সহচরী রমণীবৃন্দের সহিত ব্যাকুলা হইয়া আকুলনেত্রে চারিদিক্ নিরীক্ষণ করিতে লাগিলেন। শত শত পদ্মার ন্যায় শোভমানা পদ্মাও বিষাদিত-চিত্তা ও ব্যাকুলা হইয়া এককালে নিস্তেজ হইয়া পড়িলেন ॥ ১৩

পদ্মার নেত্রকজ্জলে ভূমিতে কল্কি অঙ্কিত হইলেন, স্তনকুঙ্কুম দ্বারা শুককে অঙ্কিত করিলেন এবং কস্তুরী দ্বারা অগ্রভূমি ধূসরিত করিয়া তাহাতে নিপতিত হইলেন ॥ ১৪ ॥ মিষ্টভাষিণী মদনসন্তপ্তা রমা কল্কিকে হৃদয়ে চিন্তা দ্বারা স্থাপনপূর্ব্বক স্বীয় অন্তঃকরণরূপ কুসুম দ্বারা অর্চ্চনা করিলেন এবং দুঃখভারাক্রান্তা ও বিষাদিতা হইয়া নিপতিতা হইলেন ॥ ॥ ১৫ ॥ তদনন্তর তিনি কিয়ৎক্ষণ পরে উঠিয়া ময়ূরীবৎ মুক্তকণ্ঠে রোদন করিতে লাগিলেন। তিনি স্বীয় হৃদয়ে প্রিয়বল্লভ কল্কিকে আলিঙ্গন করিতে না পাইয়া মদনশরের বশবর্ত্তিনী হইয়া বলিতে লাগিলেন,— হরে! আমার প্রতি প্রসন্ন হও ॥ ১৬ ॥ পদ্মাও স্বীয় অঙ্গ হইতে অলঙ্কার উন্মোচন পূর্ব্বক ধূলিরাশিতে বিলুণ্ঠিত হইতে লাগিলেন। তদীয়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কলাবতীনাং কলয়াকলয্য, ক্ষীণেক্ষণানাং হরিরার্ত্তবন্ধুঃ।
কামপ্রপূরায় সংসার-মধ্যে, কল্কিঃ প্রিয়াণাং সুরতোৎসবায় ॥ ১৮
তাঃ সাদরেণাত্মপতিং মনোজ্ঞাঃ, করেণবো যূথপতিং যথেয়ুঃ।
সানন্দভাবা বিশদানুবৃত্ত্যা, বনেষু রামাঃ পরিপূর্ণকামাঃ ॥ ১৯
বৈভ্রাজকে চৈত্ররথে সুপুষ্পে, সুনন্দনে মন্দরকন্দরান্তে।
রেমে স রম্ভাভিরুদারতেজা, রথেন ভাস্বৎখগমেন কল্কিঃ ॥ ২০
পদ্মামুখাব্জামৃতপানমত্তো, রমাসমালিঙ্গনবাসরঙ্গী।
বরাঙ্গনানাং কুচকুঙ্কুমাক্তো, রতিপ্রসঙ্গে বিপরীতযুক্তঃ।
মুখে বিদষ্টো রসনাবশিষ্টো, মোদঃ স কল্কির্নহি বেদ দেহম্ ॥ ২১

দেহ ধূলি-ধূসরিত ও কণ্ঠস্থল কস্তুরী দ্বারা নীলবর্ণ হওয়াতে অনুমান হইতে লাগিল যেন তিনি কন্দর্পকে সংহার করিবার জন্য শিবরূপ পরিগ্রহ করিয়াছেন ॥ ১৭

আর্ত্তসুহৃদ্ হরি কাতরনেত্রা প্রিয়তমা বিলাসিনীবৃন্দের ক্রীড়াকামনা বুঝিতে পারিয়া, তাঁহাদিগের অভিলাষপূরণার্থ ও রত্যুৎসব সাধনার্থ তাঁহাদিগের মধ্যভাগে আসিয়া উপস্থিত হইলেন ॥ ১৮

হস্তিনীগণ যেরূপ যূথপতির সহিত মিলিত হয়, তদ্রূপ সেই মনোহারিণী নারীবৃন্দ হর্ষপূর্ণচিত্তে বিমল অনুবৃত্তি দ্বারা সেই কাননাভ্যন্তরে সাদরে স্বীয় স্বামীর সহিত মিলিত হইয়া পূর্ণমনোরথ হইলেন। অনন্তর তেজস্বী কল্কি নারীগণের সহিত গগনগামী দীপ্যমান রথারোহণে দিব্যকুসুমরাজিত বৈভ্রাজকাননে, কুবেরোদ্যানে ও হর্ষপ্রদ মকরন্দরে বিহার করিতে প্রবৃত্ত হইলেন ॥ ১৯—২০ ॥ পদ্মার মুখপদ্মের মধুপানে উন্মত্ত রমাসমালিঙ্গন-জনিত পরিমললোভী বরযুবতীবৃন্দের স্তনকুঙ্কুমলিপ্ত কল্কি বিপরীতসুরতে প্রবৃত্ত হইলেন; নারীগণ তদীয় বদন দংশন করিতে লাগিল। তৎকালে তিনি প্রণয়িনী বৃন্দের বদনামৃত পানে এ প্রকার বিহ্বল হইয়া পড়িলেন যে, তদীয় দেহও নিজের আয়ত্ত রহিল না ॥ ২১

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রমাঃ সমানাঃ পুরুষোত্তমং তং, বক্ষোজমধ্যে বিনিধায় ধীরাঃ।
পরস্পরাশ্লেষণজাতহাসা, রেমুর্মুকুন্দং বিলসৎশরীরাঃ॥ ২২
ততঃ সরোবরং ত্বরা স্ত্রিয়ো যযুঃ ক্লমজ্বরাঃ।
প্রিয়েণ তেন কল্কিনা বনান্তরে বিহারিণা।
সরঃ প্রবিশ্য পদ্মযা বিমোহরূপয়া তয়া।
জলং দদুর্ব্বরাঙ্গনাঃ করেণবো যথা গজম্॥ ২৩
ইতি হ যুবতীলীলো লোকনাথঃ স কল্কিঃ।
প্রিয়যুবতিপরীতঃ প্রেমভক্ত্যেকলভ্যঃ।
নিজরমণবিনোদৈঃ শিক্ষয়ন্ লোকবর্গান্।
জয়তি বিবুধভর্ত্তা শম্ভলে বাসুদেবঃ॥ ২৪
যে শৃণ্বন্তি নরেষু ভাবচতুরা ধ্যায়ন্তি সন্তঃ সদা।
কল্কেঃ শ্রীপুরুষোত্তমস্য-চরিতং কর্ণামৃতং সাদরাঃ।

তুল্যরূপবতী ধীরা নারীগণ পুরুষশ্রেষ্ঠ হরিকে কুচযুগল মধ্যে ধরিয়া বিহার করিতে প্রবৃত্ত হইলেন। তাঁহাদিগের রোমাঞ্চিত দেহ পরস্পর আশ্লেষ হওয়াতে সকলেই হাস্য করিতে আরম্ভ করিলেন॥ ২২

তদনন্তর শ্রমার্ত্তা নারীবৃন্দ বনান্তরচারী প্রিয়বল্লভ কল্কির সহিত সত্বর সরোবরে উপস্থিত হইলেন। করীবৃন্দ যেরূপ যূথপতির দেহ জলসেচন করে, তদ্রূপ বরনারীগণ অনুপমসৌন্দর্য্যবতী পদ্মার সহিত সরোবরে অবগাহন পূর্ব্বক কল্কির দেহে সলিলবর্ষণ করিতে আরম্ভ করিলেন॥ ২৩

যুবতীবৃন্দের সহিত ক্রীড়ালুব্ধ, অমরবৃন্দের অধিপতি, বাসুদেব, অনাদিনাথ, সর্ব্বজনেশ্বর প্রেমভক্তি লভ্য কল্কির জয় হউক। তিনি শম্ভলগ্রামে স্বীয় প্রণয়িনী নারীবৃন্দের সহিত সঙ্গত হইয়া নিজকৃত বিহারাদি বিনোদন দ্বারা সকলকে উপদেশ প্রদান করিয়াছিলেন॥ ২৪

যে সমস্ত ভাবুক নরবৃন্দ সাদরে কর্ণামৃতস্বরূপ পুরুষপ্রবর কল্কির চরিত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তেষাং নো সুখয়ত্যলং মুররিপোর্দ্দাস্যাভিলাষং বিনা।
সংসারাৎ পরিমোচনঞ্চ পরমানন্দামৃতাম্ভোনিধেঃ ॥ ২৫

ইতি শ্রীকল্কিপুরাণেঽনুভাগবতে ভবিষ্যে তৃতীয়াংশে
কল্কিবর্ণনং নাম অষ্টাদশোঽধ্যায়ঃ ॥ ১৮

একোনবিংশোঽধ্যায়ঃ

—:*:—

সূত উবাচ।

তত্তো দেবগণাঃ সর্ব্বে ব্রহ্মণা সহিতা রথৈঃ।
স্বৈঃ স্বৈর্গণৈঃ পরিবৃতাঃ কল্কিং দ্রষ্টুমুপাযযুঃ ॥ ১
মহর্ষয়ঃ সগন্ধর্ব্বাঃ কিন্নরাশ্চাপ্সরোগণাঃ।
সমাজগ্মুঃ প্রমুদিতাঃ শম্ভলং সুরপূজিতম্ ॥ ২
তত্র গত্বা সভামধ্যে কল্কিং কমললোচনম্।
তেজোনিধিং প্রপন্নানাং জনানামভয়প্রদম্ ॥ ৩

শ্রবণ, কীর্ত্তন অথবা চিন্তা করিবে, তাহাদিগের পক্ষে সেই মুরারির দাস্যবাসনা ব্যতীত, পরমানন্দামৃত সমুদ্রতুল্য এই ভবসংসার হইতে মোক্ষপ্রাপ্তিও আনন্দামৃত বলিয়া অনুমিত হইবে না ॥ ২৫

ইতি কল্কিবর্ণন নামক অষ্টাদশ অধ্যায় সমাপ্ত।

সূত কহিলেন,—তদনন্তর সুরগণ ও বিপ্রবৃন্দ একত্র হইয়া স্ব স্ব অনুচরগণের সহিত রথারোহণ পূর্ব্বক কল্কিকে নিরীক্ষণ করিবার জন্য আগমন করিলেন ॥ ১ ॥ মহর্ষিবৃন্দ, গন্ধর্ব্ববৃন্দ, কিন্নরবৃন্দ ও অপ্সরোগণ পুলকিতচিত্তে সুরগণেরও স্পৃহনীয় শম্ভলগ্রামে উপস্থিত হইলেন ॥ ২
তাঁহারা সভামধ্যে প্রবিষ্ট হইয়া দেখিলেন, তেজোরাশি স্বরূপ পুণ্ডরীকাক্ষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নীলজীমূতসঙ্কাশং দীর্ঘপীবরবাহুকম্।
কিরীটেনার্কবর্ণেন স্থিরবিদ্যুন্নিভেন তম্॥ ৪
শোভমানং দ্যুমণিনা কুণ্ডলেনাতিশোভিনা।
সহর্ষালাপবিকসদ্বদনং স্মিতশোভিনম্॥ ৫
কৃপাকটাক্ষ-বিক্ষেপ-পরিক্ষিপ্ত-বিপক্ষকম্।
তারহারোল্লসদ্বক্ষশ্চন্দ্রকান্তমণিশ্রিয়া॥ ৬
কুমুদ্বতীমোদবহং স্ফুরৎশক্রায়ুধাম্বরম্।
সর্ব্বানন্দসন্দোহ-রসোল্লাসিতবিগ্রহম্॥ ৭
নানামণিগণোদ্দ্যোতদীপিতং রূপমদ্ভুতম্।
দদৃশুর্দ্দেবগন্ধর্ব্বা যে চান্যে সমুপাগতাঃ॥ ৮
ভক্ত্যা পরময়া যুক্তাঃ পরমানন্দবিগ্রহম্।
কল্কিং কমলপত্রাক্ষং তুষ্টুবুঃ পরমাদরাৎ॥ ৯

কল্কি আশ্রিত লোকসকলকে অভয় প্রদান করিতেছেন॥ ৩॥ তদীয় কান্তি নীলজলদের তুল্য। তদীয় বাহুযুগল সুদীর্ঘ ও পীবর। তদীয় শিরোদেশে স্থিরতড়িল্লতা তুল্য, ভাস্করবৎ তেজঃপুঞ্জসম্পন্ন কিরীট বিরাজ করিতেছে॥ ॥ ৪॥ তদীয় মুখমণ্ডল সূর্য্যের ন্যায় দেদীপ্যমান কুণ্ডল দ্বারা শোভা পাইতেছে। অধিকন্তু তাঁহার ঐ বদনপদ্ম সানন্দালাপে বিকসিত হইয়াছে এবং মৃদু মৃদু হাস্যে বিরাজ করিতেছে॥ ৫॥ তাঁহার করুণ কটাক্ষ প্রক্ষেপ দ্বারা বিপক্ষকুল অনুগৃহীত হইতেছে। তদীয় বক্ষঃপ্রদেশস্থ মনোরম হারমধ্যগত চন্দ্রকান্তমণির কান্তি দ্বারা কুমুদিনীর হর্ষ সংবর্দ্ধিত করিতেছে। তদীয় বস্ত্র ইন্দ্রধনুবৎ সৌন্দর্য্য বিস্তার করিতেছে॥ ৬—৭॥ তদীয় দেহ নিরন্তর নানারূপ মণিকিরণ দ্বারা সমুদ্ভাবিত হইতেছে। সুরবৃন্দ, গন্ধর্ব্ববৃন্দ ও অপরাপর উপস্থিত জনগণ কল্কিকে এই প্রকার দেখিলেন ॥ ৮॥ তাঁহারা সকলেই পরমভক্তিমান্ হইয়া সাদরে পরমহর্ষপূর্ণ দেহে পুণ্ডরীকাক্ষ কল্কিকে স্তব করিতে আরম্ভ করিলেন॥ ৯

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দেবা উচুঃ।

জয়াশেষসংক্লেশকক্ষপ্রকীর্ণানলোদ্দামসংকীর্ণাহীশ
সুরাধীশ বিশ্বেশ ভূতেশ ভাব।
তবানন্ত চান্তঃস্থিতোঽজ্ঞাপ্তরত্ন-
প্রভাভাতপাদাজিতানন্তশক্তে ॥ ১০
প্রকাশীকৃতাশেষলোকত্রয়াত্র
বক্ষঃস্থলে ভাস্বৎকৌস্তুভশ্যাম।
মেঘৌঘরাজদ্দ্বিজাধীশশরীর
ত্রাহি বিষ্ণো সাদরা বয়ং ত্বাং প্রপন্নাঃ সশেষাঃ ॥ ১১
যদ্যস্ত্যনুগ্রহোঽস্মাকং ব্রজ বৈকুণ্ঠমীশ্বর।
ত্যক্ত্বা শাসিতভূখণ্ডং সর্ব্বধর্ম্মাবিরোধতঃ ॥ ১২
কল্কিস্তেষামিতি বচঃ শ্রুত্বা পরমহর্ষিতঃ।
পাত্রমিত্রৈঃ পরিবৃতশ্চকারগমনে মতিম্ ॥ ১৩

অমরবৃন্দ বলিলেন,—হে দেবদেব! হে জগদীশ্বর! হে ভূপপতে! হে অনন্ত! ভাবপদার্থসমূহ ত্বদীয় অন্তরেই অধিষ্ঠিত রহিয়াছে। ত্বদীয় অঙ্গস্থ রত্নপ্রভা সহকারে বিরাজমান, ত্বদীয় পদ দ্বারা অনন্তশক্তি অধঃকৃত হইয়াছে; হে জগৎপতে! তুমি ক্লেশরূপতৃণপুঞ্জ প্রক্ষিপ্ত উদ্দাম অগ্নিস্বরূপ। তোমার জয় হউক ॥ ১০ ॥ তোমা হইতে নিখিল ব্রহ্মাণ্ড প্রকটিত হইতেছে। তোমার বর্ণ জলদশ্যাম। ত্বদীয় বক্ষঃপ্রদেশে কৌস্তুভমণি বিরাজ করিতেছে। তাহাতে অনুমান হইতেছে যেন, শ্যামলকান্তি জলদের মধ্যে পূর্ণচন্দ্রমা বিরাজমান রহিয়াছে। আমরা সস্ত্রীক হইয়া অনুচরবৃন্দের সহিত তোমার শরণ গ্রহণ করিলাম; হে হরে! তুমি আমাদিগকে পরিত্রাণ কর ॥ ১১ ॥ হে জগৎপতে! যদি আমাদিগের উপর তোমার দয়া থাকে, তাহা হইলে সত্যধর্ম্মের অবিরোধে শাসিত ধরামণ্ডল পরিহার পূর্ব্বক বৈকুণ্ঠধামে প্রস্থান কর ॥ ১২ ॥ কল্কি সুরবৃন্দের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পুত্রানাহূয় চতুরো মহাবলপরাক্রমান্।
রাজ্যে নিক্ষিপ্য সহসা ধর্ম্মিষ্ঠান্, প্রকৃতিপ্রিয়ান্॥ ১৪
ততঃ প্রজাঃ সমাহূয় কথয়িত্বা নিজাঃ কথাঃ।
প্রাহ তান্ নিজনির্যানং দেবানামুপরোধতঃ॥ ১৫
তৎ শ্রুত্বা তাঃ প্রজাঃ সর্ব্বা রুরুদুর্ব্বিস্ময়ান্বিতাঃ।
তং প্রাহুঃ প্রণতাঃ পুত্রা যথা পিতরমীশ্বরম্॥ ১৬

প্রজা ঊচুঃ।

ভো নাথ সর্ব্বধর্ম্মজ্ঞ নাস্মান্ ত্যক্তুমিহার্হসি।
যত্র ত্বং তত্র তু বয়ং যামঃ প্রণতবৎসল॥ ১৭
প্রিয়া গৃহা ধনান্যত্র পুত্রাঃ প্রাণাস্তবানুগাঃ।
পরত্রেহ বিশোকায় জ্ঞাত্বা ত্বাং যজ্ঞপুরুষম্॥ ১৮

এই কথা শুনিয়া পুলকিত হইলেন এবং পাত্রমিত্রসহ পরিবেষ্টিত হইয়া বৈকুণ্ঠগমনে ইচ্ছা করিলেন॥ ১৩॥ তৎপরে তিনি প্রজাপুঞ্জের প্রিয় পরমধর্ম্মনিষ্ঠ মহাবলবীর্য্যশালী মহাপরাক্রমবান্ চারিপুত্রকে সম্বোধন পূর্ব্বক তৎক্ষণাৎ রাজ্যে অভিষিক্ত করিলেন॥ ১৪

তদনন্তর তিনি প্রজাপুঞ্জকে আহ্বান পূর্ব্বক স্বীয় বিবরণ অবগত করাইয়া বলিলেন, সুরবৃন্দের অনুরোধে আমাকে বৈকুণ্ঠে গমন করিতে হইবে॥ ১৫॥ প্রজাপুঞ্জ এই কথা শুনিয়া বিস্ময়ে নিমগ্ন হইল এবং অশ্রুবিসর্জ্জন করিতে লাগিল। আত্মজন যেরূপ জনককে বলে, তদ্রূপ তাহারা সেই ঈশ্বরকে নমস্কার পূর্ব্বক বলিতে আরম্ভ করিল॥ ১৬

প্রজাবৃন্দ বলিল,—প্রভো! আপনি নিখিল ধর্ম্মই বিদিত আছেন। আমাদিগকে পরিত্যাগ করা আপনার অনুচিত। যাহারা আপনার নিকট প্রণত, আপনি তাহাদিগের প্রতি বাৎসল্য প্রদর্শন করেন; আপনি যেখানে গমন করিবেন আমরাও তথায় যাইব॥ ১৭॥ এই সংসারে পত্নী, ধন, সুত ও গৃহ সকলের পক্ষেই প্রীতিপ্রদ বটে, কিন্তু আপনি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইতি তদ্বচনং শ্রুত্বা সান্ত্বয়িত্বা সদুক্তিভিঃ।
প্রযযৌ ক্লিন্নহৃদয়ঃ পত্নীভ্যাং সহিতো বনম্॥ ১৯
হিমালয়ং মুনিগণৈরাকীর্ণং জাহ্নবীজলৈঃ।
পরিপূর্ণং দেবগণৈঃ সেবিতং মনসঃ প্রিয়ম্॥ ২০
গত্বা বিষ্ণুঃ সুরগণৈর্বৃতশ্চারুচতুর্ভুজঃ।
উষিত্বা জাহ্নবীতীরে সস্মারাত্মানমাত্মনা॥ ২১
পূর্ণজ্যোতির্ম্ময়ঃ সাক্ষী পরমাত্মা পুরাতনঃ।
বভৌ সূর্য্যসহস্রানাং তেজোরাশিসমদ্যুতিঃ॥ ২২
শঙ্খচক্রগদাপদ্মশার্ঙ্গাদ্যৈঃ সমভিষ্টুতঃ।
নানালঙ্কারণানাঞ্চ সমলঙ্করণাকৃতিঃ॥ ২৩
ববৃষুস্তং সুরাঃ পুষ্পৈঃ কৌস্তুভামুক্তকন্ধরম্।
সুগন্ধিকুসুমাসারৈর্দেবদুন্দুভিনিঃস্বনৈঃ॥ ২৪

যজ্ঞপুরুষ, আপনা হইতেই ইহ-পরলোকের শোকদুঃখ দূর হইয়া থাকে ; ইহা জানিয়া আমাদিগের প্রাণ ভবদীয় অনুগমন করিতেছে॥ ১৮

প্রজাপুঞ্জের এই কথা শুনিয়া কল্কি সদুক্তি দ্বারা তাহাদিগকে প্রবোধ প্রদান পূর্ব্বক বিষণ্ণচিত্তে ভার্য্যাদ্বয়ের সহিত কাননে প্রস্থান করিলেন॥ ১৯॥ অনন্তর তিনি মুনিবৃন্দ কর্ত্তৃক পরিবেষ্টিত জাহ্নবীজলে পরিপূর্ণ সুরবৃন্দ কর্ত্তৃক পূজিত, অন্তঃকরণের আনন্দকর হিমালয়ে গমনপূর্ব্বক সুরবৃন্দে পরিবেষ্টিত হইয়া সুরধনীকূলে উপবেশন করিলেন, এবং অপূর্ব্ব চতুর্ভুজ বিষ্ণুরূপ ধারণ করিয়া আপনাকে স্মরণ করিতে আরম্ভ করিলেন॥ ২০—২১॥ তদীয় সহস্রাদিত্যের ন্যায় তেজোরাশি প্রকাশ পাইতে লাগিল। সেই পূর্ণ জ্যোতির্ম্ময় সাক্ষিস্বরূপ সনাতন পরমাত্মা শোভা পাইতে লাগিলেন॥ ২২॥ তদীয় আকৃতি নানাপ্রকার বিভূষণের বিভূষণস্বরূপ হইল। তিনি শঙ্খ, চক্র, গদা, পদ্ম, শার্ঙ্গ ইত্যাদি কর্ত্তৃক আরাধিত হইতে লাগিলেন॥ ২৩॥ তদীয় হৃদয়ে কৌস্তুভমণি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তুষ্টুবুর্মুহুর্মুহুঃ সর্ব্বে লোকাঃ সস্থাণুজঙ্গমাঃ।
দৃষ্ট্বা রূপমরূপস্য নির্য্যাণে বৈষ্ণবং পদম্॥ ২৫
তদ্দৃষ্ট্বা মহদাশ্চর্য্যং পত্যুঃ কল্কের্ম্মহাত্মনঃ।
রমা পদ্মা চ দহনং প্রবিশ্য তমবাপতুঃ॥ ২৬
ধর্ম্মঃ কৃতযুগং কল্কেরাজ্ঞয়া পৃথিবীতলে।
নিঃসপত্নৌ সুসুখিনৌ ভূলোকং চেরতুশ্চরিম্॥ ২৭
দেবাপিশ্চ মরুঃ কামং কল্কেরাদেশকারিণৌ।
প্রজাঃ সংপালয়ন্তৌ তু ভুবং জুগুপতুঃ প্রভুঃ॥ ২৮
বিশাখযূপভূপালঃ কল্কেনির্য্যাণমীদৃশম্।
শ্রুত্বা স্বপুত্রং বিষয়ে নৃপং কৃত্বা গতো বনম্॥ ২৯
অন্যে নৃপতয়ো যে চ কল্কের্বিরহকর্ষিতাঃ।
তং ধ্যায়ান্তো জপন্তশ্চ বিরক্তাঃ স্যুন্'পাসনে॥ ৩০

বিরাজ করিতেছে। সুরবৃন্দ তাঁহার উপর সুগন্ধি পুষ্প বর্ষণ করিতে লাগিলেন। চারিদিকে দুন্দুভিধ্বনি হইতে লাগিল॥ ২৪

কল্কি যে সময়ে হরিপদে প্রবৃষ্ট হন, তখন সেই অরূপের রূপ দেখিয়া স্থাবরজঙ্গম নিখিল লোকই মুগ্ধ হইল ও স্তুতিবাদ করিতে আরম্ভ করিল॥ ২৫॥ রমা ও পদ্মা উভয়ে পতি মহাত্মা কল্কির তাদৃশ মহাদ্ভুত রূপ দেখিয়া অগ্নিপ্রবেশ পূর্ব্বক তাঁহাকে লাভ করিলেন॥ ২৬

এদিকে ধর্ম্ম ও সত্যযুগ কল্কির আদেশে ধরাতলে নিঃশত্রু হইয়া মহাসুখে চিরদিন ভূমণ্ডলে পরিভ্রমণ করিতে লাগিলেন॥ ২৭॥ দেবাপি ও মরুনামক নৃপতিযুগল ভগবান্ কল্কির আদেশে প্রজারক্ষণ ও ভূতল রক্ষা করিতে আরম্ভ করিলেন॥ ২৮॥ বিশাখযূপ রাজা কল্কির এইরূপ নির্ষাণ শুনিয়া স্বীয় পুত্রকে রাজ্যে অভিষিক্ত করিয়া কাননে প্রস্থান করিলেন॥ ২৯॥ অপরাপর যে সমস্ত নৃপতি কল্কির বিরহে কাতর

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইতি কল্কেরনন্তস্য কথাং ভুবনপাবনীম্।
কথয়িত্বা শুকঃ প্রায়াৎ নরনারায়ণাশ্রমম্ ॥ ৩১
মার্কণ্ডেয়াদয়ো যে চ মুনয়ঃ প্রশমায়নাঃ।
শ্রুত্বানুভাবং কল্কেস্তে তং ধ্যায়ন্তো জগুর্যশঃ ॥ ৩২
যস্যানুশাসনাদ্ভূমৌ নাধর্ম্মিষ্ঠাঃ প্রজা জনাঃ।
নাল্পায়ুষো দরিদ্রাশ্চ ন পাষণ্ডান হৈতুকাঃ ॥ ৩৩
নাধয়ো ব্যাধয়ঃ ক্লেশা দেবভূতাত্মসম্ভবাঃ।
নির্ম্মৎসরাঃ সদানন্দা বভূবুর্জীবজাতয়ঃ ॥ ৩৪
ইত্যেতৎ কথিতং কল্কেরবতারং মহোদয়ম্।
ধন্যং যশস্যমায়ুষ্যং স্বর্গ্যং স্বস্ত্যয়নং পরম্ ॥ ৩৫
শোকসন্তাপপাপঘ্নং কলিব্যাকুলনাশনম্।
সুখদং মোক্ষদং লোকে বাঞ্ছিতার্থফলপ্রদম্ ॥ ৩৬
তাবৎ শাস্ত্রপ্রদীপানাং প্রকাশো ভুবি রোচতে।
ভাতি ভানুঃ পুরাণাখ্যো যাবল্লোকেঽতিকানধুক্ ॥ ৩৭

হইয়াছিলেন, তাঁহারা রাজসিংহাসনে বিরত হইয়া কেবলমাত্র কল্কিনাম জপ ও কল্কিমূর্ত্তি চিন্তা করিতে লাগিলেন ॥ ৩০

শুকদেব এই প্রকারে অনন্ত কল্কির বিশ্বপাবন বৃত্তান্ত কীর্ত্তন করিয়া নরনারায়ণাশ্রমে প্রস্থান করিলেন ॥ ৩১ ॥ শান্তিগুণাশ্রয়ী মার্কণ্ডেয়াদি মুনিগণ কল্কির মাহাত্ম্য শ্রবণ করিয়া তদীয় ধ্যানে প্রবৃত্ত হইলেন ॥ ৩২

যাঁহার আদেশে ভূমণ্ডলমধ্যে কোন প্রজাই অধর্ম্মপরায়ণ, অল্পায়ু, দরিদ্র, পাষণ্ড ও কপটাচারবান্ রহিল না, জীবমাত্রেই আধিব্যাধিরহিত, ক্লেশশূন্য, মাৎসর্য্যবর্জ্জিত, অমরতুল্য, সদানন্দময় হইয়াছিল, সেই উদারাশয় কল্কির অবতার কথা এই বর্ণন করিলাম। ইহা শুনিলে বাঞ্ছিত ফলপ্রাপ্তি হয়। যাবৎ ইহধামে বাঞ্ছিত ফলপ্রদ পুরাণরূপ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রুত্বৈতদ্ ভৃগুবংশজো মুনিগণৈঃ সাকং সহর্ষো বশী
জ্ঞাত্বা সূতমমেয়বোধবিদিতং শ্রীলোমহর্ষাত্মজম্।
শ্রীকল্কেরবতারবাক্যমমলং ভক্তিপ্রদং শ্রীহরেঃ
শুশ্রূষুঃ পুনরাহ সাধুবচসা গঙ্গাস্তবং সৎকৃতঃ॥ ৩৮

ইতি শ্রীকল্কিপুরাণেঽনুভাগবতে ভবিষ্যে তৃতীয়াংশে
কল্কিনির্যানং নাম একোনবিংশোঽধ্যায়ঃ।

বিংশোঽধ্যায়ঃ

শৌনক উবাচ।

হে সূত! সর্ব্বধর্ম্মজ্ঞ যত্ত্বয়া কথিতং পুরা।
গঙ্গাং স্তুত্বা সমায়াতা মুনয়ঃ কল্কিসন্নিধিম্॥ ১
স্তবং তং বদ গঙ্গায়াং সর্ব্বপাপপ্রণাশনম্।
মোহঘ্নং শুভদং ভক্ত্যা শৃণ্বতাং পঠতামিহ॥ ২

ভাস্কর উদিত না হয়, তাবৎ এই ভূতলে অপরাপর শাস্ত্ররূপ প্রদীপের আলোক প্রকাশিত হয়॥ ৩৩—৩৭

হরিকথা শুনিয়া কৌনক, ঋষিবৃন্দেসহ আনন্দিত হইলেন এবং গঙ্গাস্তব শ্রবণে উৎসুক হইয়া পুনরায় মধুরবচনে বলিতে লাগিলেন॥ ৩৮

ইতি কল্কিনির্যাণ নামক ঊনবিংশ অধ্যায় সমাপ্ত।

শৌনক বলিলেন,—হে সর্ব্বধর্ম্মজ্ঞ সূত! ইতিপূর্ব্বে তুমি বলিলে যে, মুনিবৃন্দ গঙ্গাস্তব করিয়া কল্কি-সমীপে উপস্থিত হইলেন, সেই গঙ্গাস্তব কীর্ত্তন কর। উহা ভক্তিসহকারে শ্রবণ বা পাঠ করিলে মঙ্গললাভ হয়, মুক্তিপ্রাপ্ত হয় এবং নিখিল পাতকরাশি বিধ্বস্ত হইয়া যায়॥ ১—২

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সূত উবাচ।

শৃণুধ্বমৃষয়ঃ সর্ব্বে গঙ্গাস্তবমনুত্তমম্।
শোকমোহহরং পুংসামৃষিভিঃ পরিকীর্ত্তিতম্॥ ৩

ঋষয়ঃ ঊচুঃ।

ইয়ং সুরতরঙ্গিণী ভবনবারিধেস্তারিণী-
স্তুতা হরিপদাম্বুজাদুপগতা জগৎসংসদঃ।
সুমেরুশিখরামরপ্রিয়জলা মলক্ষালনী-
প্রসন্নবদনা শুভা ভবভয়স্য বিদ্রাবণী॥ ৪
ভগীরথমথানুগা সুরকরীন্দ্রদর্পাপহা
মহেশমুকুটপ্রভা গিরিশিরঃ পতাকা সিতা।
সুরাসুরনরোরগৈরজভবাচ্যুতৈঃ-সংস্তুতা
বিমুক্তিফলশালিনী কলুষনাশিনী রাজতে॥ ৫

সূত বলিলেন,—হে ঋষিবৃন্দ! শোকমোহহারক মুনিকথিত পরমোত্তম গঙ্গাস্তব বলিতেছি, অবধান করুন॥ ৩

মুনিগণ বলিলেন,—এই সুরনদী সকলকে ভবসমুদ্র হইতে পরিত্রাণ করেন। ইনি শ্রীহরিচরণাব্জ হইতে জগতে অবতীর্ণা হইয়াছেন। সকলেই ইঁহার স্তুতিবাদ করে। ইঁহার সলিল সুমেরুশৃঙ্গবাসী অমরগণের প্রীতিকর। ইঁহার সলিল দ্বারা পাতকপঙ্ক বিধৌত হইয়া থাকে। এই মঙ্গলময়ী দেবী প্রীতা হইলে সংসারভার অপগত হয়॥ ৪

এই সুরনদী ভগীরথের অনুগমন করিয়াছিলেন। ইঁহা দ্বারা দেবকরী ঐরাবতের দর্প চূর্ণ হইয়াছিল। ইনি মহাদেবের মুকুটের প্রভারূপিণী। ইনি হিমগিরির শিখরস্থ শ্বেতপতাকাস্বরূপ বিরাজিত। দেবগণ, দানবগণ, নরগণ, সর্পগণ এবং ব্রহ্মা-বিষ্ণু-হরাদি সকলেই ইঁহার স্তুতিবাদ করিয়া থাকেন। ইঁহা দ্বারা পাতকরাশি বিধ্বস্ত হয় এবং মুক্তিরূপ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পিতামহ মণ্ডলুপ্রভবমুক্তিবীজা লতা
শ্রুতিস্মৃতিগণস্তুতা দ্বিজকুলালবালাবৃতা।
সুমেরুশিখরাভিদা নিপতিতা ত্রিলোকাবৃতা
সুধর্ম্মফলশালিনী সুখপলাসিনী রাজতে ॥ ৬
চরদ্‌বিহগমালিনী সগরবংশমুক্তিপ্রদা
মুনীন্দ্রবরনন্দিনী দিবিনতা চ মন্দাকিনী।
সদা দুরিতনাশিনী বিমলবারিসন্দর্শন-
প্রণামগুণকীর্ত্তনাদিষু জগৎসু সংরাজতে ॥ ৭
মহাভিধসুতাঙ্গনা হিমগিরিশকূটস্তনী
সফেনজলহাসিনী সিতমরালসঞ্চারিণী।
চলল্লহরসৎকরা বরসরোজমালাধরা
রসোল্লসিতগামিনী জলধিকামিনী রাজতে ॥ ৮

ফললব্ধ হইয়া থাকে ॥ ৫ ॥ ইনি পদ্মযোনির কমণ্ডলু হইতে উৎপন্না, মুক্তি-বীজময়ী লতিকারূপিণী। ইঁহার চারিদিকে শ্রুতিস্মৃত্যাদি কর্ত্তৃক স্তূয়মান বিপ্রবৃন্দরূপ আলবাল বিদ্যমান। ইনি সুমেরুশিখর ভেদ করিয়া পতিত হইয়া ত্রিভুবন ব্যাপ্ত হইয়া রহিয়াছেন। ইঁহার সুধর্ম্মরূপ ফল ও সুখরূপ পত্র বিরাজ করিতেছে ॥ ৬ ॥ ইঁহার বিমল সলিল দেখিলে, ইঁহাকে নমস্কার করিলে এবং ইঁহার গুণ কীর্ত্তন করিলে, ব্রহ্মাণ্ডের নিখিল পাপরাশি বিনষ্ট হয়। ইঁহার কূলে ও সলিলে পক্ষিকুল পরিভ্রমণ করিতেছে। ইঁহা হইতে সগরবংশসম্ভূত রাজগণ মোক্ষপ্রাপ্ত হইয়াছিলেন। ইনি জহ্নু মুনির কন্যা। সুরলোকে ইঁহার নাম মন্দাকিনী ॥ ৭

যিনি শান্তনুনৃপতির মহিষী হইয়াছিলেন, হিমালয়শৃঙ্গ যাঁহার স্তনস্বরূপে বিরাজমান, ফেনরাশিমণ্ডিত জল যাঁহার হাস্যস্বরূপ, শুভ্রবর্ণ, মরালকুল যাঁহার গতিস্বরূপ, তরঙ্গমালা যাঁহার করস্বরূপ, বিকসিত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ক্বচিৎ কলকলস্বনা ক্বচিদধীরযাদোগণা
ক্বচিন্মুনিগণৈঃ স্তুতা ক্বচিদনন্তসংপূজিতা।
ক্বচিদ্রবিকরোজ্জ্বলা ক্বচিতুদগ্রপাতাকুলা
ক্বচিজ্জনবিগাহিতা জয়তি ভীষ্মমাতা সতী ॥ ৯

স এব কুশলো জনঃ প্রণমতীহ ভাগীরথীম্
স এব তপসাং নিধির্জপতি জাহ্নবীমাদরাৎ।
স এব পুরুষোত্তমঃ স্মরতি সাধু মন্দাকিনীম্
স এব বিজয়ী প্রভুঃ সুরতরঙ্গিণীং সেবতে ॥ ১০

ভবামলজলাচিতং খগশৃগালমীনক্ষতম্
চলল্লহরিলোলিতং রুচিরতীরজম্বালিতম্।
কদা নিজবপুর্মুদা সুরনরোরগৈঃ সংস্তুতোঽপ্যহং
ত্রিপথগামিনী প্রিয়মতীব পশ্যাম্যহো ॥ ১১

কমলদল যাঁহার মাল্যদামস্বরূপ, তিনি রসভরে উল্লাসিত গতিতে সাগরগামিনী হইয়া গমন করিতেছেন ॥ ৮

কোন স্থানে ঋষিবৃন্দ স্তবপাঠে নিযুক্ত রহিয়াছেন, কোন স্থানে অনন্তদেব অর্চ্চনা করিতেছেন, কোন স্থানে দুর্জ্জয় নক্রাদি জলজীব ভ্রমণ করিতেছে, কোন স্থান সূর্য্যকিরণে সমুদ্ভাসিত, কোন স্থানে ভীষণশব্দে বারিনিঃসৃত হইতেছে, কোন স্থানে বা মনুষ্যেরা সলিলে স্নান করিতেছে, ঈদৃশী সতী ভীষ্মমাতার জয় হউক ॥ ৯

যিনি গঙ্গাদেবীকে নমস্কার করেন, তাঁহার মঙ্গললাভ হয়। যিনি আদর সহকারে গঙ্গানাম জপ করেন, তিনিই পরমতপস্বী। যিনি সুরধুনীকে স্মরণ করেন, তিনিই পুরুষশ্রেষ্ঠ। যিনি মন্দাকিনীকে সেবা করেন, তিনি বিজয়ী ও প্রভু বলিয়া গণ্য ॥ ১০

হে ত্রিপথগে! আমি কোন্ দিন ত্বদীয় বিমলজলে প্লাবিত পক্ষী,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ত্বত্তীরে বসতিং তবামলজলস্নানং তব প্রেক্ষণম্।
ত্বন্নামস্মরণং তবোদয়কথাসংলাপনং পাবনম্।
গঙ্গে মে তব সেবনৈকনিপুণোঽপ্যানন্দিতশ্চাদৃতঃ।
স্তুত্বা ত্বোদগপাতকো ভুবি কদা শান্তশ্চরিষ্যাম্যহম্॥ ১২
ইত্যেতদৃষিভিঃ প্রোক্তং গঙ্গাস্তবমনুত্তমম্।
স্বর্গ্যং যশস্যমায়ুষ্যং পঠনাৎ শ্রবণাদপি॥ ১৩
সর্ব্বপাপহরং পুংসাং বলমায়ুর্ব্বিবর্দ্ধনম্।
প্রাতর্ম্মধ্যাহ্নসায়াহ্নে গঙ্গাসান্নিধ্যতা ভবেৎ॥ ১৪
ইত্যেতদ্গার্গবাখ্যানং শুকদেবাৎ ময়া শ্রুতম্।
পঠিতং শ্রাবিতং চাত্র পুণ্যং ধন্যং যশস্করম্॥ ১৫

শৃগাল ও মীন কর্ত্তৃক অর্দ্ধভক্ষিত, চঞ্চল তরঙ্গ-সম্পর্কে লোল, কূলবর্ত্তী জম্বালে সমাবৃত প্রীতিকর স্বীয় দেহ দেখিব এবং দেবগণ, মনুষ্যগণ ও সর্পগণ আমার স্তুতিবাদ করিবে॥ ১১॥ হে সুরনদি! কবে আমি ত্বদীয় তটে অবস্থিত করিব, ত্বদীয় নির্ম্মলসলিলে অবগাহন করিব, ত্বদীয় স্বচ্ছসলিল দর্শন করিয়া ত্বদীয় নাম স্মরণ করিব, ত্বদীয় পবিত্র অবতার কথার অনুশীলন করিব, একমাত্র তোমার আরাধনায় নিরত থাকিব এবং সাদরে তোমার স্তুতিবাদ করিয়া নিষ্পাপদেহে পুলকিতচিত্তে শান্তান্তঃকরণে ভূতলে ভ্রমণ করিব? ১২॥ এই মুনিকথিত পরমোত্তম গঙ্গাস্তব অধ্যয়ন করিলে বা শ্রবণ করিলে স্বর্গপ্রাপ্তি ঘটে, কীর্ত্তি বিস্তার হয় ও আয়ুর্বৃদ্ধি হইয়া থাকে॥ ১৩

প্রভাতে, মধ্যাহ্নে বা সায়াহ্নে এই স্তব অধ্যয়ন বা শ্রবণ করিলে গঙ্গাসান্নিধ্যলাভ হয়, নিখিল পাতক দূরীভূত হয় এবং বলবৃদ্ধি ও আয়ুর্বৃদ্ধি হয়॥ ১৪

আমি শুকদেব প্রমুখাৎ এই ভার্গবাখ্যান শ্রবণ করিয়াছিলাম। ইহা অধ্যয়ন ও শ্রবণ করিলে পুণ্য সঞ্চয় হয়, ধনোপার্জ্জন হয় এবং কীর্ত্তিবৃদ্ধি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অবতারং মহাবিষ্ণোঃ কল্কেঃ পরমমদ্ভুতম্ ॥
পঠতাং শৃণ্বতাং ভক্ত্যা সর্ব্বাশুভবিনাশনম্ ॥ ১৬
ইতি শ্রীকল্কিপুরাণেঽনুভাগবতে ভবিষ্যে তৃতীয়াংশে
গঙ্গাস্তবো নাম বিংশোঽধ্যায়ঃ ॥ ১৫

একবিংশোঽধ্যায়ঃ

—:০:—

সূত উবাচ।

অত্রাপি শুকসংবাদো মার্কণ্ডেয়েন ধীমতা।
অধর্ম্মবংশকথনং কলের্ব্বিবরণং ততঃ ॥ ১
দেবানাং ব্রহ্মসদনপ্রয়াণং গোভুবা সহ।
ব্রহ্মণো বচনাদ্‌বিষ্ণোর্জ্জন্ম বিষ্ণুযশোগৃহে ॥ ২
সুমত্যাং স্বাংশকৈর্ভ্রাতৃচতুর্ভিঃ শম্ভলে পুরে।
পিতুঃ পুত্রেণ সংবাদস্তথোপনয়নং হরেঃ ॥ ৩

হইয়া থাকে ॥ ১৫ ॥ এই পরমাশ্চর্য্য মহাবিষ্ণু কল্কির অবতারের বৃত্তান্ত ভক্তিসহকারে অধ্যয়ন বা শ্রবণ করিলে, নিখিল অমঙ্গল দূর হইয়া থাকে ॥ ১৬

ইতি গঙ্গাস্তব নামক বিংশ অধ্যায় সমাপ্ত।

সূত কহিলেন,—এই কল্কিসংজ্ঞক পবিত্র পুরাণে অগ্রে মহামতি মার্কণ্ডেয়ের সহিত শুকের সংবাদ, তদনন্তর যথাক্রমে অধর্ম্মবংশবৃত্তান্ত, কলির বিবরণ, গোরূপধারিণী ধরার সহিত সুরগণের ব্রহ্মধামে গমন, ব্রহ্মার বচনে বিষ্ণুযশার আলয়ে হরির জন্ম, শম্ভলগ্রামে সুমতির উদরে হরির অংশে চারিভ্রাতার জন্ম, পিতা-পুত্রসংবাদ, কল্কির যজ্ঞসূত্রধারণ,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পুত্রেণ সহ সংবাসো বেদাধ্যয়নমুত্তমম্।
শস্ত্রাস্ত্রাণাং পরিজ্ঞানং শিবসন্দর্শনং ততঃ॥ ৪
কল্কেঃ স্তবং শিবপুরো বরলাভঃ শুকাপণম্।
শম্ভলাগমনং চক্রে জ্ঞাতিভ্যো বরকীর্ত্তনম্॥ ৫
বিশাখযূপভূপেন নিজসর্ব্বাত্মবর্ণনম্।
মহাভাগাদ্ ব্রাহ্মণানাং শুকস্যাগমনং ততঃ॥ ৬
কল্কিনা শুকসংবাদঃ সিংহলাখ্যানমুত্তমম্।
শিবদত্তবরা পদ্মা তস্যা ভূপস্বয়ংবরে॥ ৭
দর্শনাৎ ভূপসংঘানাং স্ত্রীভাবপরিকীর্ত্তনম্।
তস্যা বিষাদঃ কল্কেস্ত বিবাহার্থং সমুদ্যমঃ॥ ৮
শুকপ্রস্থাপনং দৌত্যে তয়া তস্যাপি দর্শনম্।
শুকপদ্মাপরিচয়ঃ শ্রীবিষ্ণোঃ পূজনাদিকম্॥ ৯
পাদাদিদেহধ্যানঞ্চ কেশান্তং পরিবর্ণিতম্।
শুকভূষণদানঞ্চ পুনঃ শুকসমাগমঃ॥ ১০

পিতা-পুত্র-সহবাস, কল্কির বেদশিক্ষা, কল্কির অস্ত্রশস্ত্রশিক্ষা ও শিব সাক্ষাৎ, কল্কিকৃত শিবস্তুতি, শিবসকাশে কল্কির বরপ্রাপ্তি, শুকলাভ, শম্ভলগ্রামে কল্কির পুনরাগমন, জ্ঞাতিবৃন্দ সকাশে শিবদত্ত বর-বর্ণন, বিশাখযূপ রাজার বচনানুসারে কল্কির স্বস্বরূপ বর্ণন, বিপ্রমাহাত্ম্য, শুকের আগমন, কল্কিসহ শুকের সম্ভাষণ, শুককৃত সিংহলবৃত্তান্তবর্ণন, হরদত্ত বরে পদ্মার স্বয়ংবরস্থলে পদ্মার দর্শনমাত্র নৃপতিবৃন্দের নারীভাব প্রাপ্তি, পদ্মার বিষাদ, বিবাহার্থ কল্কির উদ্যম, শুককে দূতরূপে প্রেরণ, পদ্মা কর্ত্তৃক শুকদর্শন, শুক ও পদ্মার পরস্পর পরিচয়, হরিপূজাবিধি, হরির পাদ হইতে কেশ পর্য্যন্ত ধ্যান, শুকসকাশে পদ্মার অলঙ্কারদান, কল্কির সহিত পুনরায় শুকের মিলন, পদ্মাকে বিবাহার্থ কল্কির গমন,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কল্কেঃ পদ্মাবিবাহার্থং গমনং দর্শনং তয়োঃ।
জলক্রীড়াপ্রসঙ্গেন বিবাহস্তদনন্তরম্॥ ১১
পুংস্ত্বপ্রাপ্তিশ্চ ভূপানাং কল্কের্দর্শনমাত্রতঃ।
অনন্তাগমনং রাজ্ঞা সংবাদস্তেন সংসদি॥ ১২
ষণ্ডত্বাদাত্মনো জন্ম কর্ম্ম চাত্র শিবস্তবঃ।
মৃতে পিতরি তদ্বিষ্ণোঃ ক্ষেত্রে মায়াপ্রদর্শনম্॥ ১৩
অত্রাখ্যানমনন্তস্য জ্ঞানবৈরাগ্যবৈভবম্।
রাজ্ঞাং প্রয়াণং কল্কেশ্চ পদ্ময়া সহ সম্ভলে॥ ১৪
বিশ্বকর্ম্মবিধানঞ্চ বসতিঃ পদ্ময়া সহ।
জ্ঞাতিভ্রাতৃসুহৃৎপুত্রৈঃ সেনাভির্যুদ্ধনিগ্রহঃ॥ ১৫
কথিতশ্চাত্র তেষাঞ্চ স্ত্রীণাং সংযোধনাগ্রহঃ।
ততোঽত্র বালখিল্যানাং মুনীনাং স্বনিবেদনম্॥ ১৬
সপুত্রায়াঃ কুথোদর্য্যা বধশ্চাত্র প্রকীর্ত্তিতঃ।
হরিদ্বারগতস্যাপি কল্কের্ম্মুনিসমাগমঃ॥ ১৭

সলিলক্রীড়াচ্ছলে পদ্মা সহ কল্কির সাক্ষাৎ, বিবাহ, কল্কির দর্শনমাত্র নৃপতি-বৃন্দের পুরুষত্বলাভ, অনন্তের আগমন, সভায় নৃপতি-বৃন্দের সহিত অনন্তের কথোপকথন, অনন্তের ষণ্ডজন্ম-বৃত্তান্ত, শিবস্তুতি, অনন্তের পিতার পরলোকান্তে বিষ্ণুক্ষেত্রে মায়াদর্শন, অনন্তচরিত, অনন্তের জ্ঞান-বৈরাগ্যাদি, নৃপতিগণের প্রস্থান, পদ্মা সহ কল্কির শম্ভলে গমন, বিশ্বকর্ম্মা কর্ত্তৃক শম্ভলে পুরীগঠন, পদ্মা জ্ঞাতিবৃন্দ, সুহৃদ্বৃন্দ, তৎসন্তান ও সেনাবৃন্দের সহিত কল্কির বিশ্বকর্ম্ম-গঠিত গৃহে অবস্থিতি, বৌদ্ধদমন, বৌদ্ধনারীগণের রণযাত্রা, বালখিল্য-সংজ্ঞক ঋষিদের উপস্থিতি, আত্মনিবেদন পুত্রগণসহ কুথোদরী নাম্নী রাক্ষসীর সংহার, হরিদ্বারস্থ কল্কির সহিত মুনিবৃন্দের সমাগম, চন্দ্রসূর্য্য-বংশকীর্ত্তন, রামচরিত, যুদ্ধার্থ মরুদেবাপির

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সূর্য্যবংশস্য কথনং সোমস্য চ বিধানতঃ।
শ্রীরামচরিতং চারু সূর্য্যবংশানুবর্ণনে॥ ১৮
দেবাপেশ্চ মরোঃ সঙ্গো যুদ্ধায়াত্র প্রকীর্ত্তিতঃ।
মহাঘোরবনে কোক-বিকোকবিনিপাতনম্॥ ১৯
ভল্লাটগমনং তত্র শয্যাকর্ণাদিভিঃ সহ।
যুদ্ধং শশিধ্বজেনাত্র সুশান্তাভক্তিকীর্ত্তনম্॥ ২০
যুদ্ধে কল্কেরানয়নং ধর্ম্মস্য চ কৃতস্য চ।
সুশান্তায়াঃ স্তবস্তত্র রমোদ্বাহস্তু কল্কিনা॥ ২১
সভায়াং পূর্ব্বকথনং নিজগৃধ্রত্বকারণম্।
মোক্ষঃ শশিধ্বজস্যাত্র ভক্তিপ্রার্থয়িতুং বিভোঃ॥ ২২
বিষকন্যামোচনঞ্চ নৃপাণামভিষেচনম্।
মায়াস্তবঃ শম্ভলেষু নানাযজ্ঞাদিসাধনম্॥ ২৩
নারদাৎ বিষ্ণুযশসো মোক্ষশ্চাত্র প্রকীর্ত্তিতঃ।
কৃতধর্ম্মপ্রবৃত্তিশ্চ রুক্মিণীব্রতকীর্ত্তনম্॥ ২৪
ততো বিহারঃ কল্কেশ্চ পুত্রপৌত্রাদিসম্ভবঃ।
কথিতো দেবগন্ধর্ব্বগণাগমনমত্র হি॥ ২৫

মিলন, দুরন্ত কোকবিকোকসংহার, ভল্লাটনগরে কল্কির যাত্রা, শর্য্যাকর্ণাদি সহ যুদ্ধ, শশিধ্বজ নৃপতি সহ কল্কির সংগ্রাম, সুশান্তার ভক্তি, রণক্ষেত্র হইতে কল্কির ধর্ম্মের ও কৃতযুগের আনয়ন, সুশান্তাকৃত কল্কিস্তুতি; কল্কি-রমার পরিণয়, সভাতলে শশিধ্বজের পূর্ব্ব-বিবরণ বর্ণন, স্বীয় গৃধ্রত্বের হেতু, কল্কিসকাশে ভক্তিকামী শশিধ্বজের মুক্তিপ্রাপ্তি, বিষকন্যামোচন, নৃপতি-বৃন্দের অভিষেক, মায়াস্তব, শম্ভলগ্রামে বিবিধ যজ্ঞ, নারদ হইতে বিষ্ণুযশার মুক্তি, কৃতযুগ-ধর্ম্মপ্রবৃত্তি, রুক্মিণী ব্রত,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ততো বৈকুণ্ঠগমনং বিষ্ণোঃ কল্কেরিহোদিতম্।
শুকপ্রস্থানমুচিতং কথয়িত্বা কথাঃ শুভাঃ ॥ ২৬
গঙ্গাস্তোত্রমিহ প্রোক্তং পুরাণে মুনিসম্মতম্।
জগতামানন্দকরং পুরাণং পঞ্চলক্ষণম্ ॥ ২৭
সকল্কসিদ্ধিদং শ্লোকৈঃ ষট্ সহস্রং শতাধিকম্।
সর্ব্বশাস্ত্রার্থতত্ত্বানাং সারং শ্রুতিমনোহরম্ ॥ ২৮
চতুর্ব্বর্গপ্রদং কল্কিপুরাণং পরিকীর্ত্তিতম্।
প্রলয়ান্তে হরিমুখাৎ নিঃসৃতং লোকবিস্তৃতম্ ॥ ২৯
অহো ব্যাসেন কথিতং দ্বিজরূপেণ ভূতলে।
বিষ্ণোঃ কল্কের্ভগবতঃ প্রভাবাং পরমাদ্ভুতম্ ॥ ৩০

কল্কির বিহার, কল্কির পুত্রপৌত্রাদি উদ্ভব, শম্ভলগ্রামে দেবগন্ধর্ব্বাদির উপস্থিতি এবং তৎপরে কল্কির বৈকুণ্ঠে প্রস্থান, এই সকল বর্ণনান্তে শুকদেবের প্রস্থান ও তদনন্তর মুনিপ্রোক্ত গঙ্গাস্তব এই গ্রন্থে কীর্ত্তিত হইয়াছে। এই পুরাণ সর্গ, প্রতিসর্গ, বংশ, মন্বন্তর বংশানুচরিত এই পঞ্চলক্ষণবিশিষ্ট ও ইহা ব্রহ্মাণ্ডের আনন্দরাশিপ্রদ ॥ ১—২৭ ॥ যে সকল ব্যক্তি কলিকল্মষে পরিপূর্ণ, ইহা শ্রবণ করিলে তাহারা সিদ্ধিলাভ করিতে পারে। ছয় সহস্র একশত শ্লোকে এই পুরাণ রচিত। ইহাতে সর্ব্বশাস্ত্রার্থতত্ত্বের সার বর্ণিত আছে। ইহা শ্রবণ করিলে লোকের চিত্তরঞ্জন হয় ॥ ২৮ ॥ এই গ্রন্থ চতুর্ব্বর্গফলপ্রদ। প্রলয়ান্তে হরির বদনপদ্ম হইতে ইহা বিনিঃসৃত হইয়া সংসারের বিস্তৃতপ্রাপ্তি হইয়াছে ॥ ২৯

মহামতি কৃষ্ণদ্বৈপায়ন ব্রাহ্মণরূপে ধরাতলে অবতীর্ণ হইয়া এই গ্রন্থ বর্ণন করিয়াছেন। ইহাতে হরিরূপ প্রভু কল্কির পরমাশ্চর্য্য প্রভাব কীর্ত্তিত হইয়াছে ॥ ৩০

যাহারা পুণ্যক্ষেত্রে, পুণ্যতীর্থে, পুণ্যাশ্রমে অথবা সজ্জনসমাজে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যে ভক্ত্যাত্র পুরাণসারমমলং শ্রীবিষ্ণুভাবাপ্লুতম্।
শৃণ্বন্তীহ বদন্তি সাধুসদসি ক্ষেত্রে সুতীর্থাশ্রমে।
দত্ত্বা গাং তুরগং খরং গজবরং স্বর্ণং দ্বিজায়াদরাৎ।
বস্ত্রালঙ্করণৈঃ প্রপূজ্য বিধিবৎ মুক্তাস্ত এবোত্তমাঃ॥ ৩১
শ্রুত্বা বিধানং বিধিবৎ ব্রাহ্মণো বেদপারগঃ।
ক্ষত্রিয়ো ভূপতির্বৈশ্যো ধনী শূদ্রো মহান্ ভবেৎ॥ ৩২
পুত্রার্থী লভতে পুত্রং ধনার্থী লভতে ধনম্।
বিদ্যার্থী লভতে বিদ্যাং পঠনাৎ শ্রবণাদপি॥ ৩৩
ইত্যেতৎ পুণ্যমাখ্যানং লোমহর্ষণজো মুনিঃ।
শ্রবয়িত্বা মুনীন্ ভক্ত্যা যযৌ তীর্থাটনাদৃতঃ॥ ৩৪
শৌনকো মুনিভিঃ সার্দ্ধং সূতমামন্ত্র্য ধর্ম্মবিৎ।
পুণ্যারণ্যে হরিং ধ্যাত্বা ব্রহ্ম প্রাপ স যোগবিৎ॥ ৩৫

দ্বিজাতিকে সাদরে গো, অশ্ব, গর্দ্দভ, হস্তী ও কাঞ্চন দান ও বসনভূষণাদি দ্বারা যথাবিধানে বিপ্রের অর্চ্চনা করিয়া ভক্তি সহকারে হরিভাবে প্লাবিত এই বিমল পুরাণসার অধ্যয়ন বা শ্রবণ করেন, তাঁহারা নরগণের মধ্যে প্রধান এবং তাঁহাদিগেরই মুক্তিলাভ হয়॥ ৩১

এই গ্রন্থ যথাবিধানে শ্রবণ করিলে, বিপ্র বেদপারদর্শী হইতে পারেন, ক্ষত্রিয় রাজা হন, বৈশ্যের ধনসম্পত্তিলাভ হয় এবং শূদ্র মহাপুরুষ হইতে পারে॥ ৩২॥ এই গ্রন্থ অধ্যয়ন বা শ্রবণ করিলে পুত্রার্থীর পুত্র হয়, ধনার্থীর ধন হয় এবং বিদ্যার্থীর বিদ্যালাভ হইয়া থাকে॥ ৩৩

রোমহর্ষণ-নন্দন ভক্তিসহকারে ঋষিবৃন্দসকাশে এই পুণ্যজনক উপাখ্যান শ্রবণ করাইয়া তীর্থভ্রমণার্থ প্রস্থান করিলেন॥ ৩৪

যোগশাস্ত্রদর্শী ধর্ম্মবিৎ মহামুনি শৌনক ঋষিবৃন্দ সমভিব্যাহারে সূত সহ সম্ভাষণ পূর্ব্বক পবিত্র নৈমিষারণ্যে হরিকে চিন্তা করিয়া ব্রহ্মলাভ করিলেন॥ ৩৫

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

লোমহর্ষণজং সর্ব্বপুরাণজ্ঞং যতব্রতম্।
ব্যাসশিষ্যং মুনিবরং তং স্থতং প্রণমাম্যহম্॥ ৩৬
আলোক্য সর্ব্বশাস্ত্রাণি বিচার্য্য চ পুনঃ পুনঃ।
ইদমেব স্থনিষ্পন্নং ধ্যেয়ো নারায়ণঃ সদা॥ ৩৭
বেদে রামায়ণে চৈব পুরাণে ভারতে তথা।
আদাবন্তে চ মধ্যে চ হরিঃ সর্ব্বত্র গীয়তে॥ ৩৮
সজলজলদদেহো বাতবেগৈকবাহঃ।
করধৃতকরবালঃ সর্ব্বলোকৈকপালঃ।
কলিকুলবলহন্তা সত্যধর্ম্মপ্রণেতা।
কলয়তু কুশলং বঃ কল্কিরূপ স ভূপঃ॥ ৩৯

ইতি কল্কিপুরাণেঽনুভাগবতে ভবিষ্যে তৃতীয়াংশে
একবিংশোঽধ্যায়॥ ২১

আমি নিখিলপুরাণবিৎ, যতব্রত, ব্যাসশিষ্য, ঋষিপ্রবর স্থতকে নমস্কার করি॥ ৩৬॥ নিখিল শাস্ত্র অনুশীলন পূর্ব্বক পুনঃ পুনঃ বিচার করিয়া এই প্রকার স্থির হইয়াছে যে, নিরন্তর নারায়ণের ধ্যান করিবে॥ ৩৭॥ বেদ, রামায়ণ, মহাভারত ও পুরাণে আদি শেষ ও মধ্যে সর্ব্বত্রই হরিনাম বর্ণিত আছে॥ ৩৮॥ যিনি সজ্জলনীরদবৎ কান্তিমান্, যাঁহার বাহন অনিলবৎ বেগবান্, যিনি হস্ত দ্বারা তরবারি ধারণ করিয়া নিখিল লোকের রক্ষাবিধান করেন, যাঁহা দ্বারা কলির সৈন্যনিপাত ও কৃতধর্ম্মের স্থাপন হয়, সেই কল্কিরূপ রাজা তোমাদিগের মঙ্গলবিধান করুন॥ ৩৯

একবিংশ অধ্যায় সমাপ্ত

সম্পূর্ণ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিজ্ঞাপন

ন্যূনাধিক ৪৪০০ বর্ষ পূর্ব্বে ভগবান্ কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস পুণ্যভূমি ভারতবর্ষে অবতীর্ণ হইয়াছিলেন। যুগানুসারে মানবগণের ধারণাশক্তি ক্রমে ক্রমে হ্রাস হইয়া আসিতেছে দেখিয়া, তিনি বেদকে চারি অংশে বিভক্ত করিলেন এবং একটি শিষ্যকে এক এক অংশ অধ্যয়ন করাইলেন। তদবধিই বেদ সাম, ঋক্, যজু ও অথর্ব্ব এই চারিভাগে বিভক্ত হইল। ক্রমে ঐ শিষ্যরাও বেদের অংশকে বিভক্ত করেন, সুতরাং এক এক বেদ বহুসংখ্যা শাখায় বিভক্ত হইয়াছে।

বেদবিভাগ করিয়াও বেদব্যাস নিশ্চিন্ত রহিলেন না। বেদের দুর্ব্বোধ অর্থ হৃদয়ঙ্গম করা কলিকালের মনুষ্যগণের পক্ষে নিতান্ত অসাধ্য বিবেচনা করিয়া তিনি বেদের সারসঙ্কলন পূর্ব্বক উপাখ্যানচ্ছলে "পুরাণসংহিতা" নামে একখানি সরল গ্রন্থ প্রণয়ন করিলেন। ঐ পুরাণসংহিতা অবলম্বন পূর্ব্বক তদীয় তিনজন শিষ্য সাবর্ণিসংহিতা, শাংশপায়নসংহিতা ও অকৃত-ব্রণসংহিতা নামে তিনখানি গ্রন্থ প্রণয়ন করিলেন। এই চারিখানি গ্রন্থ অবলম্বন করিয়াই অষ্টাদশ মহাপুরাণ ও ষট্‌ত্রিংশৎ উপপুরাণ বিরচিত হইয়াছে। বেদব্যাস প্রণীত পুরাণসংহিতাই এই সমস্ত গ্রন্থের মূল অবলম্বন বলিয়া সমস্ত পুরাণ ও উপপুরাণই বেদব্যাস প্রণীত বলিয়া প্রসিদ্ধ হইয়াছে। ফল কথা, বেদব্যাসের শিষ্যপ্রশিষ্যরাই ইহা প্রণয়ন পূর্ব্বক গুরুর নামে প্রচারিত করিয়া গিয়াছেন।

উপপুরাণের মধ্যে কল্কিপুরাণ পরমপবিত্র, আদৃত ও শ্রেষ্ঠ বলিয়া কীর্ত্তিত। যখন সম্পূর্ণরূপে কল্কির প্রাদুর্ভাব হইবে, তখন ভগবান্ হরি কল্কিরূপে অবতীর্ণ হইয়া ম্লেচ্ছ, যবন, পাষণ্ড, বৌদ্ধ প্রভৃতিকে নিপাত করিয়া পুনরায় সত্যযুগের সৃষ্টি করিবেন। এই সকল ঘটনা কি প্রকারে হইবে, তাহাই অতীত উপাখ্যানচ্ছলে ইহাতে বর্ণিত হইয়াছে। সিদ্ধপুরুষেরা ভবিষ্যৎ ঘটনাকেও অতীতবৎ দর্শন করেন, সুতরাং ভবিষ্যৎ ঘটনাকে অতীতরূপে বর্ণনা করায় দোষ লক্ষিত হয় না।

এই পুস্তকে আমার নাম ব্যতীত অন্য কোন স্বত্ব রহিল না। সম্পূর্ণ স্বত্ব প্রকাশকের রহিল। এক্ষণে সাধারণে সাদরে গ্রহণ করিলেই সফলপ্রযত্ন হইব; কিমধিকমিতি। ইতি তারিখ ২রা বৈশাখ, সন ১৩০৬ সাল।

শ্রীকালীপ্রসন্ন বিদ্যারত্ন

অনুবাদক।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi